Approved by the D. P. I. West Bengal, Assam
and
East Bengal Secondary Education Board, Dacca.

ব্যাকরণ কৌমুদী

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

হরলাল বন্দ্যোপাধ্যায় সম্পাদিত

Approved by the D. P. I., West Bengal, Assam and East Bengal Secondary Education Board, Dacca.

সমগ্র

ব্যাকরণ-কৌমুদী

(প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম ভাগ)

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর-প্রণীত

ও

হরলাল বন্দ্যোপাধ্যায়-সম্পাদিত

এবং

স্কটিশ চার্চ কলেজের অবসর প্রাপ্ত প্রধান সংস্কৃতাধ্যাপক, বোর্ড-নিযুক্ত সংস্কৃতের অন্যতম প্রধান পরীক্ষক **শ্রীরসময় শাস্ত্রী** এম. এ. (গোল্ড মেডালিষ্ট) কর্তৃক মধ্যশিক্ষা পর্ষতের নব প্রবর্ত্তিত পাঠ্যক্রম অনুযায়ী আদ্যোপান্ত সংশোধিত ও পরিবর্ধিত।

সংশোধিত ও পরিবর্ধিত

দ্বিচত্বারিংশত্তম সংস্করণ

১৩৬৯

চট্টোপাধ্যায় ব্রাদার্স

পুস্তক-বিক্রেতা ও প্রকাশক

১।১।১ এ-বি, বঙ্কিম চ্যাটার্জি স্ট্রীট, কলিকাতা—১২

সম্পাদকের নিবেদন

পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর-প্রণীত ব্যাকরণকৌমুদীর আজকাল অনেক সংস্করণই দেখিতে পাওয়া যায়; কিন্তু দুঃখের বিষয়, উহার একখানি অপরখানির অবিকল নকল মাত্র; এমন কি একখানিতে যে ভুল রহিয়াছে, প্রায় সমস্তগুলিতেই সেই ভুল দৃষ্ট হয়। সেই অভাব দূর করিবার জন্যই ব্যাকরণ-কৌমুদী (চারিভাগ একত্র) সম্পাদন করা হইল। সংস্কৃত সূত্র অনায়াসে কণ্ঠস্থ করা ও স্মৃতিপথে রাখা যাইতে পারে মনে করিয়া অধিকাংশ স্থলে পাণিনির সংস্কৃত সূত্র ও কাত্যায়নের বার্ত্তিক সূত্র পাদটীকায় দেওয়া হইয়াছে। অনুবাদের সুবিধার্থ প্রত্যেক বিষয়ের শেষে অনুবাদ ও অনুশীলনী দেওয়া হইয়াছে।

ছাত্র-ছাত্রীগণের বোধ-সৌকর্য্যার্থ কতিপয় নূতন বিষয় সংযোজিত হইয়াছে। প্রত্যেকগণীয় ধাতুগুলি ইংরেজী প্রতিশব্দ-সহ প্রত্যেকগণের শেষে অকারাদি ক্রমে পরস্মৈপদী, আত্মনেপদী ও উভয়পদী—এই তিন ভাগে পৃথক্ করিয়া দেওয়া হইয়াছে। পরিশিষ্টে সকল ধাতুর লিট্ ও লুঙের সমস্ত পদই সন্নিবেশিত হইয়াছে। আশা করি, বর্ত্তমান সংস্করণ ছাত্র-ছাত্রীগণের পক্ষে অধিকতর উপযোগী হইবে।

এক্ষণে ইহা দ্বারা বিদ্যার্থিগণের সংস্কৃত শিক্ষার সুবিধা হইলে শ্রম সার্থক জ্ঞান করিব।

প্রকাশকের নিবেদন

বাংলার শিক্ষাবিদ্ ও শিক্ষার্থিসমাজে সুপরিচিত ও সমাদৃত পুণ্যশ্লোক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত ও পণ্ডিত হরলাল বন্দ্যোপাধ্যায় সম্পাদিত 'ব্যাকরণ-কৌমুদীর' চত্বারিংশত্তম সংস্করণ পণ্ডিতমণ্ডলী-সমীপে উপস্থাপিত করিবার সুযোগ লাভ করিয়া নিজেদের ধন্য মনে করিতেছি।

স্কটিশ চার্চ কলেজের অবসরপ্রাপ্ত প্রধান সংস্কৃতাধ্যাপক এবং বোর্ড-নিযুক্ত সংস্কৃতের অন্যতম প্রধান পরীক্ষক, "ছাত্রসংসদি লব্ধকীর্ত্তিঃ" বৈয়াকরণপ্রবর সুপ্রসিদ্ধ পণ্ডিত শ্রীরসময় শাস্ত্রী এম. এ. (গোল্ড মেডালিষ্ট) মধ্যশিক্ষা পর্ষতের নব প্রবর্ত্তিত পাঠ্যক্রম অনুযায়ী বর্তমান সংস্করণটির সময়োপযোগী পরিবর্ত্তন সাধন করিয়া বইখানির মর্য্যাদা বৃদ্ধি করিয়াছেন।

আমাদের এই প্রচেষ্টায় বাংলার পূজনীয় আচার্য্যগণের আশীর্ব্বাদ ও শুভেচ্ছা প্রর্থনা করিতেছি।

দ্বিচত্বারিংশত্তম সংস্করণের বিজ্ঞাপন

সকলের স্নেহ ও আনুকূল্যে ব্যাকরণ-কৌমুদীর দ্বিচত্বারিংশত্তম সংস্করণ প্রকাশিত হইল। পূর্ব সংস্করণের যাহা কিছু ত্রুটি ছিল সাধ্যানুসারে তাহার সংশোধন করা হইয়াছে। এই সংস্করণটির বিশেষত্ব এই যে ইহাতে মধ্যশিক্ষা পর্ষতের মানবিকশাখার সংস্কৃত পাঠ্য তালিকায় ব্যাকরণ-অতিরিক্ত অনুবাদ, অনুচ্ছেদ রচনা, ভাব-সম্প্রসারণ, ভাব-প্রকাশন প্রভৃতি যে সমস্ত বিষয় নির্দিষ্ট হইয়াছে তাহা ও তদতিরিক্ত সার-সঙ্কলন, ভাবার্থলিখন ও পত্রলেখন প্রভৃতিও নূতন সংযোজিত করা হইয়াছে। ইহাতে গ্রন্থের আয়তন বৃদ্ধি পাইলেও ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় সমস্ত বিষয় একত্রে সম্পাদিত হওয়ায় ইহার উপযোগিতাও বৃদ্ধি পাইয়াছে।

স্বর্গীয় অধ্যাপকপ্রবর রসময় ভট্টাচার্য মহাশয়ের সুযোগ্য পুত্র কলিকাতা শেঠ আনন্দরাম জয়পুরিয়া কলেজের গ্রন্থগারিক শ্রীরামদুলাল ভট্টাচার্য এম. এ. (ডাবল), ডিপ. লিব. এস. সি. এই সংস্করণটির সম্পাদনা কার্যে যথেষ্ট সহায়তা করিয়াছেন এবং আদ্যোপান্ত প্রুফ দেখিয়া দিয়া উপকৃত করিয়াছেন। এজন্য তাঁহার নিকট কৃতজ্ঞ রহিলাম।

বিনীত—প্রকাশক

১৯৬২

সূচী

প্রথম ভাগ

দ্বিতীয় ভাগ

তৃতীয় ভাগ

চতুর্থ ভাগ

পঞ্চম ভাগ

Appendix I

Appendix 2

ব্যাকরণ-কৌমুদী

প্রথম ভাগ

বর্ণ-নির্ণয়

১। অ ই উ, ক খ গ প্রভৃতিকে **বর্ণ** বলে। বর্ণ দ্বিবিধ; **স্বর ও ব্যঞ্জন** (১)। যে সকল বর্ণ অন্য বর্ণের সাহায্য ব্যতিরেকে স্বতন্ত্রভাবে উচ্চারিত হয়, তাহাদিগকে **স্বরবর্ণ** (**অচ্**) বলে; যে সমস্ত বর্ণ স্বরবর্ণের সাহায্য বিনা উচ্চারিত হয় না, তাহাদিগকে **ব্যঞ্জনবর্ণ** (**হল্**) বলে।

---

(১)। १। **अइउण्**। २। **ऋऌक्**। ३। **एओङ्**। ४। **ऐऔच्**। ५। **हयवरट्**। ६। **लण्**। ७। **ञमङणनम्**। ८। **झभञ्**। ९। **घढधष्**। १०। **जबगडदश्**। ११। **खफछठथचटतव्**। १२। **कपय्**। १३। **शषसर्**। १४। **हल्**।

এই চতুর্দ্দশটি **মাহেশ্বর** সূত্র। ইহার মধ্যে প্রথম চারটিতে স্বরবর্ণ ও পরবর্ত্তী দশটিতে ব্যঞ্জনবর্ণ। প্রত্যেক সূত্রের শেষে একটি হসন্ত বা হলন্ত ব্যঞ্জনবর্ণ আছে, ইহারা ইৎ (অর্থাৎ থাকে না)। 'আদিরন্ত্যেন সহেতা'—আদি বর্ণ অন্ত্য বর্ণের সহিত মিলিত হইয়া নিজের এবং মধ্যস্থিত বর্ণসমূহের সংজ্ঞা হয়। সংজ্ঞা গণনা করিবার সময় ইৎ ত্যাগ করিয়া গণনা করিতে হয়। অণ্ বলিলে ণ্ ত্যাগ করিয়া অ ই উ বুঝিতে হইবে। এইরূপ অক্ বলিলে অ ই উ ঋ ঌ; এঙ্ বলিলে এ ও; এচ্ বলিলে এ ঐ ও ঔ; **অচ্** বলিলে সমস্ত স্বরবর্ণ, **হল্** বলিলে সমস্ত ব্যঞ্জনবর্ণ বুঝিতে হইবে। উপরি উক্ত চতুর্দ্দশটি সূত্র হইতে অণ্ প্রভৃতি বহু সংজ্ঞা নির্দ্দিষ্ট হইয়াছে। এজন্য পাণিনি সূত্র বুঝিবার পক্ষে এই সূত্রগুলি প্রয়োজনীয়।

স্বরবর্ণ

২। অ আ ই ঈ উ ঊ ঋ ৠ ঌ এ ঐ ও ঔ, এই ত্রয়োদশ বর্ণকে **স্বর** বলে (১)। স্বর দুই প্রকার, **হ্রস্ব** (short) ও **দীর্ঘ** (long)। অ ই উ ঋ ঌ, এই পাঁচটি **হ্রস্ব স্বর**। আ ঈ ঊ ৠ এ ঐ ও ঔ, এই আটটি **দীর্ঘ স্বর**। ঌকারের দীর্ঘ নাই।

ব্যঞ্জনবর্ণ

৩। ক্ খ্ গ্ ঘ্ ঙ্, চ্ ছ্ জ্ ঝ্ ঞ্, ট্ ঠ্ ড্ ঢ্ ণ্, ত্ থ্ দ্ ধ্ ন্, প্ ফ্ ব্ ভ্ ম্, য্ র্ ল্ ব্, শ্ ষ্ স্ হ্, ং ঃ (২) এই পঁয়ত্রিশটি ব্যঞ্জন বর্ণ (৩)। তন্মধ্যে ক্ হইতে ম্ পর্য্যন্ত পঁচিশটিকে **স্পর্শবর্ণ** বলে (৪)। স্পর্শবর্ণসকল পাঁচভাগে বিভক্ত—ক্ খ্ গ্ ঘ্ ঙ্, এই পাঁচটি **কবর্গ (কু)** ; চ্ ছ্ জ্ ঝ্ ঞ্, এই পাঁচটি **চবর্গ (চু)** ; ট্ ঠ্ ড্ ঢ্ ণ্, এই পাঁচটি **টবর্গ (টু)** ; ত্ থ্ দ্ ধ্ ন্, এই পাঁচটি **তবর্গ (তু)** ; প্ ফ্ ব্ ভ্ ম্, এই পাঁচটি **পবর্গ (পু)**। য্ র্ ল্ ব্, এই চারিটিকে **অন্তঃস্থ** বর্ণ (৫) বলে। উভয়বিধ ব-নির্দ্ধারণের

---

(১) বৈয়াকরণেরা অ ই উ ঋ এ ঐ ও ঔ এই আটটির দূরাহ্বান, গান ও রোদন-জনিত সুদীর্ঘ উচ্চারণে প্লুতসংজ্ঞা নির্দ্দেশ করিয়া ইহাদিগকে **প্লুতস্বর** নামে স্বতন্ত্র স্বর বলিয়া গণনা করেন ; তদনুসারে স্বরবর্ণের সংখ্যা একবিংশতি। কোন মতে প্লুত ঌকার আছে, তদনুসারে স্বর সমুদায়ে দ্বাবিংশতি।

(২) **অনুস্বার** ও **বিসর্গ** ণত্বকালে স্বরবর্ণের মধ্যে এবং স্বরসন্ধিকালে ব্যঞ্জন-বর্ণের মধ্যে পরিগণিত হইয়া থাকে **(স্বরতা ণত্ববিধৌ, ব্যঞ্জনতা স্বরসন্ধৌ।)** এইরূপ উভয়ধর্ম্মী বলিয়া অনেক বৈয়াকরণই ইহাদিগকে স্বরবর্ণের শেষে এবং ব্যঞ্জন-বর্ণের পূর্ব্বে পাঠ করেন।

(৩) **ক্ষ্** এক স্বতন্ত্র বর্ণ বলিয়া উল্লিখিত হইয়া থাকে। কিন্তু ক্ ও ষ্ এই দুই বর্ণ মিলিত হইয়া ক্ষ্ হয় ; এই নিমিত্ত অধিকাংশ বৈয়াকরণেরা ইহাকে এক স্বতন্ত্র বর্ণ বলিয়া পরিগণিত করেন না। বস্তুতঃ ক্ষ্ সংযুক্ত বর্ণ।

(৪) (কাদয়ো মাবসানাঃ স্পর্শাঃ।) জিহ্বার অগ্র, উপাগ্র, মধ্য ও মূল, এই কয় স্থান স্পর্শ করিয়া এই সকল বর্ণের উচ্চারণ হয়, এই নিমিত্ত ইহাদিগের নাম **স্পর্শবর্ণ**।

(৫) (য-র-ল-বা অন্তঃস্থাঃ)। স্পর্শবর্ণ ও উষ্মবর্ণ এই উভয়ের মধ্যে নির্দ্দিষ্ট আছে, এই নিমিত্ত য্ র্ ল্ ব্ ইহাদিগকে **অন্তঃস্থ** অর্থাৎ মধ্যস্থিত বর্ণ বলে।

নিয়ম যথা—

উদূঠৌ যত্র বিদ্যেতে যো বঃ প্রত্যয়সন্ধিজঃ।
অন্তঃস্থং তং বিজানীয়াৎ তদন্যো বর্গ্য উচ্যতে॥

যে ব্ স্থানে উ বা ঊ হয় [যেমন বপ্ (উপ্ত), বদ্, স্বপ্ (সুপ্ত), বহ্ (ঊঢ়) প্রভৃতি ধাতুর ব্], এবং যে ব্ সন্ধি ও প্রত্যয়জাত [যেমন (অনু+অয়) অন্বয়, ধনবৎ প্রভৃতির ব্] উহারা **অন্তঃস্থ** ব (উচ্চারণ —উঅ)। এতদ্ভিন্ন ব্ বর্গ্য। বাংলা অক্ষরে অন্তঃস্থ 'ব' ও বর্গীয় 'ব'এ পার্থক্য নাই। দেবনাগর অক্ষরে অন্তঃস্থ 'ব'=व ও বর্গীয় 'ব'=ब।

শ্ ষ্ স্ হ্, ইহাদের নাম **উষ্মবর্ণ** (১)। ং (অনুস্বার) এবং ঃ (বিসর্গ) এই দুই বর্ণকে **অযোগবাহ** (২) বর্ণ বলে (৩)।

বর্গের প্রথম, দ্বিতীয় বর্ণ, এবং শ্ ষ্ স্ (=খর্) ইহাদিগকে **অঘোষ** (surd) বর্ণ বলে। বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ এবং য্ র্ ল্ ব্ হ্ (=হশ্) ইহাদিগকে **ঘোষ** (sonant) বর্ণ বলে। বর্গের প্রথম, তৃতীয়, পঞ্চম বর্ণ এবং যঁ্ র্ ল্ ব্ কে **অল্পপ্রাণ** (Unaspirated) এবং বর্গের দ্বিতীয়, চতুর্থ বর্ণ এবং শ্ ষ্ স্ হ্ কে **মহাপ্রাণ** (Aspirated) বর্ণ বলে।

বর্ণের উচ্চারণ-স্থান

৪। অ আঁ ক্ খ্ গ্ ঘ্ ঙ্ হ, ইহাদিগের উচ্চারণ স্থান কণ্ঠ; ইহাদিগকে **কণ্ঠ্য** (Guttural) বর্ণ বলে (৪)।

---

(১) শ-ষ-স-হা উষ্মাণঃ।

(২) অ ই উ ণ্ প্রভৃতি মাহেশ্বর সূত্রে অনুস্বার ও বিসর্গের যোগ অর্থাৎ উল্লেখ নাই, এই নিমিত্ত 'অযোগ'; এবং তাহা না থাকিলেও প্রয়োগ নির্ব্বাহ করে, এই নিমিত্ত 'বাহ'। এই উভয়ধর্ম্মাক্রান্ত হইয়া অনুস্বার ও বিসর্গ 'অযোগবাহ' নাম প্রাপ্ত হইয়াছে।

(৩) বিসর্গের আর দুইটি রূপ আছে। একের নাম জিহ্বামূলীয়, অন্যের নাম উপধ্মানীয়। এতদ্ভিন্ন যম নামে আর চারিটি বর্ণ আছে, ইহারা সকলেই অযোগবাহ। কিন্তু লৌকিক ব্যবহারে তাহাদের প্রয়োগ নাই; সুতরাং এস্থলে তাহাদের উল্লেখ অনাবশ্যক।

(৪) অ-কু-হ-বিসর্জ্জনীয়ানাং কণ্ঠঃ।

৫। ই ঈ চ্ ছ্ জ্ ঝ্ ঞ্ য্ শ্, ইহাদের উচ্চারণস্থান তালু; ইহাদিগকে **তালব্য** (Palatal) বর্ণ বলে (১)।

৬। ঋ ৠ ট্ ঠ্ ড্ ণ্ র্ ষ্, ইহাদের উচ্চারণস্থান মূর্দ্ধা; ইহাদিগকে **মূর্দ্ধন্য** (Cerebral) বর্ণ বলে (২)।

৭। ঌ ত্ থ্ দ্ ধ্ ন্ ল্ স্, ইহাদের উচ্চারণস্থান দন্ত; ইহাদিগকে **দন্ত্য** (Dental) বর্ণ বলে (৩)।

৮। উ ঊ প্ ফ্ ব্ ভ্ ম্, ইহাদিগের উচ্চারণস্থান ওষ্ঠ; ইহাদিগকে **ওষ্ঠ্য** (Labial) বর্ণ বলে (৪)।

৯। এ ঐ, ইহাদের উচ্চারণস্থান কণ্ঠ ও তালু; ইহাদিগকে **কণ্ঠ-তালব্য** (Palato-guttural) বর্ণ বলে (৫)।

১০। ও ঔ, ইহাদের উচ্চারণস্থান কণ্ঠ ও ওষ্ঠ; ইহাদিগকে **কণ্ঠৌষ্ঠ্য** (Labio-guttural) বর্ণ বলে (৬)।

১১। অন্তঃস্থ ব-কারের উচ্চারণস্থান দন্ত ও ওষ্ঠ; ইহাকে **দন্তৌষ্ঠ্য** (Dento-labial) বর্ণ বলে (৭)।

১২। অনুস্বারের উচ্চারণস্থান নাসিকা; ইহাকে **অনুনাসিক** (Nasal) বর্ণ বলে (৮)।

১৩। ঃ (বিসর্গ) আশ্রয়স্থানভাগী—অর্থাৎ ইহা যখন যে স্বরবর্ণকে অবলম্বন করিয়া থাকে, তখন সেই স্বরবর্ণের উচ্চারণস্থানই ইহার উচ্চারণস্থান।*

১৪। ঙ্ ঞ্ ণ্ ন্ ম্, ইহারা জিহ্বামূলীয়, তালু প্রভৃতির ন্যায়

(১) ই-চু-য-শানান্তালু। (২) ঋ-টু-র-ষাণাং মূর্দ্ধা।
(৩) ঌ-তু-ল-সানাং দন্তাঃ। (৪) উ-পূপধ্মানীয়ানামোষ্ঠৌ।
(৫) এদৈতোঃ কণ্ঠতালু। (৬) ওদৌতোঃ কণ্ঠোষ্ঠম্।
(৭) বকারস্য দন্তোষ্ঠম্। (৮) নাসিকানুস্বারস্য।

* বহু বৈয়াকরণ বিসর্গের উচ্চারণস্থান কণ্ঠ বলিয়া থাকেন।

নাসিকাতেও উচ্চারিত হয় ; এই নিমিত্ত ইহাদিগকে **অনুনাসিক** বর্ণও বলে (১)।

Exercise

1. Define the following :—
   হ্রস্বস্বর, দীর্ঘস্বর, ঘোষবর্ণ, অঘোষবর্ণ, অন্তঃস্থবর্ণ, উষ্মবর্ণ, অযোগবাহ বর্ণ।
2. What is অন্তঃস্থবর্ণ and why is it so called ?
3. What letters are known as অল্পপ্রাণ and মহাপ্রাণ in Sanskrit ?
4. Distinguish between দীর্ঘস্বর and প্লুতস্বর।

পরিভাষা

১। **প্রকৃতি**—মূল শব্দকে প্রকৃতি বলে। প্রকৃতি দ্বিবিধ—ধাতু ও প্রাতিপদিক।

২। **ধাতু**—যাহা ক্রিয়া বুঝায়, তাহাকে ধাতু (Verbal root) বলে (২)। যথা, ভূ, স্থা, গম্, দৃশ্, হন্ ইত্যাদি।

৩। **প্রাতিপদিক**—যাহা বস্তুবাচক অথবা বস্তুর বিশেষণ-বাচক, তাহাকে প্রাতিপদিক (Nominal base) বলে (৩)। বস্তুবাচক—সূর্য্য, তরু, লতা, জল, বায়ু, গৃহ ইত্যাদি। বস্তুর বিশেষণবাচক—দৃঢ়, প্রবল, পুরাতন, মন্দ, সুন্দর ইত্যাদি।

৪। **প্রত্যয়**—ধাতু ও প্রাতিপদিকের পরে যাহা যুক্ত হয়, তাহাকে প্রত্যয় (Suffix) বলে (৪)। প্রত্যয় পঞ্চবিধ—বিভক্তি, কৃৎ, তদ্ধিত, স্ত্রী-প্রত্যয়, ধাত্ববয়ব।

৫। **ইৎ**—কোন কার্য্যের জন্য বা কোনও বিশেষ উদ্দেশ্যে যে বর্ণ উচ্চারিত হয়, কিন্তু কার্য্যকালে থাকে না, তাহাকে ইৎ বলে। যেমন ‘ক্ত’ প্রত্যয়ে ক্ ইৎ, ‘অণ্’ প্রত্যয়ে ণ্ ইৎ ইত্যাদি।

---

(১) ঞ-ম-ঙ-ণ-নানাং নাসিকা চ। (২) ভূবাদয়ো ধাতবঃ।
(৩) অর্থবদধাতুরপ্রত্যয়ঃ প্রাতিপদিকম্। (৪) প্রত্যয়ঃ। পরশ্চ।

৬। **পদ—"সুপ্‌তিঙন্তং পদম্‌"**। প্রাতিপদিক ও ধাতু বিভক্তি-যুক্ত হইলে, তাহাদিগকে পদ বলে। যথা—নরঃ, ভবতি ইত্যাদি। যাহা পদ নহে, সংস্কৃতে তাহা ব্যবহার করা যায় না।

৭। **গুণ**—ই ঈ স্থানে এ, উ ঊ স্থানে ও, ঋ ৠ স্থানে অর্‌, এবং ঌস্থানে অল্‌ হওয়াকে গুণ বলে (১)।

৮। **বৃদ্ধি**—অ স্থানে আ, ই ঈ এ স্থানে ঐ, উ ঊ ও স্থানে ঔ, ঋ ৠ স্থানে আর্‌, এবং ঌ স্থানে আল্‌ হওয়াকে বৃদ্ধি বলে (২)।

৯। **লঘু ও গুরু**—হ্রস্ব স্বরকে লঘু ও দীর্ঘ স্বরকে গুরু বলে। সংযুক্ত বর্ণ পরে থাকিলে হ্রস্ব স্বরও গুরু বলিয়া পরিগণিত হয় (৩)।

১০। **উপসর্গ**—যদি ক্রিয়ার সহিত যোগ থাকে, তাহা হইলে প্র, পরা, অপ, সম্‌, অনু, অব, নির্‌ (নিস্‌), দুর্‌ (দুস্‌), অভি, বি, অধি, সু, উদ্‌ (৪), অতি, নি, প্রতি, পরি, অপি, উপ, আ (ঙ্‌) এই বিংশতি শব্দকে উপসর্গ (Prepositional Prefix) বলে (৫)।

১১। **সবর্ণ**—সমান স্থান এবং প্রযত্ন দ্বারা উচ্চার্য্যমাণ বর্ণ সকলের সবর্ণ সংজ্ঞা হয় (৬)। যথা—অ, আ ; ই, ঈ ; উ, ঊ ; ঋ, ৠ ইত্যাদি।

১২। **টি**—স্বরের মধ্যে যেটি অন্ত্য, তদবধি সমুদায় বর্ণের টি সংজ্ঞা হয়। যথা, গম্‌, ধাতুর অম্‌, হন্‌ ধাতুর অন্‌ ইত্যাদি (৭)।

১৩। **উপধা**—অন্ত্যবর্ণের পূর্ব্ব বর্ণকে উপধা বলে। যথা—'গম্‌' এস্থলে 'ম্‌'-এর পূর্ববর্ত্তী 'অ' উপধা (৮)।

---

(১) অদেঙ্‌ গুণঃ। (২) বৃদ্ধিরাদৈচ্‌। (৩) হ্রস্বং লঘুঃ। সংযোগে গুরুঃ ; দীর্ঘঞ্চ। (৪) বৈয়াকরণেরা দকারান্ত নির্দিষ্ট করিয়া থাকেন। (৫) উপসর্গাঃ ক্রিয়াযোগে। পাণিনীয়েরা নিস্‌ আর দুস্‌ এই দুইটিকে উপসর্গের মধ্যে গণনা করেন। (৬) তুল্যাস্য-প্রযত্নং সবর্ণম্‌।

(৭) অচোঽন্ত্যাদি টিঃ। (৮) অলোঽন্ত্যাৎ পূর্ব্ব উপধা।

সন্ধি-প্রকরণ

১। দুই বর্ণ পরস্পর অত্যন্ত সন্নিহিত হইলে, উভয়ে মিলিত হয়। এই মিলনকে **সন্ধি (সংহিতা)** বলে (১)। সন্ধি তিনপ্রকার—**স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি ও বিসর্গসন্ধি**। স্বরবর্ণে স্বরবর্ণে যে সন্ধি হয়, তাহা স্বরসন্ধি; ব্যঞ্জনবর্ণে স্বরবর্ণে, অথবা ব্যঞ্জনবর্ণে ব্যঞ্জনবর্ণে যে সন্ধি হয়, তাহা ব্যঞ্জনসন্ধি; এবং বিসর্গের সহিত স্বরবর্ণের অথবা ব্যঞ্জনবর্ণের যে সন্ধি হয়, তাহা বিসর্গসন্ধি।

সংহিতৈকপদে নিত্যা নিত্যা ধাতুপসর্গয়োঃ।
নিত্যা সমাসে, বাক্যে তু সা বিবক্ষামপেক্ষতে॥

একপদে, ধাতু ও উপসর্গের মধ্যে, এবং সমাসে সন্ধি অবশ্য করণীয়, বাক্যে সন্ধি করা বা না করা ইচ্ছাধীন। যথা, (একপদে) নে+অনম্ =নয়নম্; (ধাতু ও উপসর্গের মধ্যে) প্র+অবিশৎ=প্রাবিশৎ; উৎ+হারঃ=উদ্ধারঃ; (সমাসে) সূর্য্য+উদয়ঃ=সূর্য্যোদয়ঃ; (অন্যস্থলে) হরিঃ গৃহম্ গচ্ছতি, অথবা, হরির্গৃহং গচ্ছতি।

স্বরসন্ধি

২। যদি অকার কিংবা আকারের পর অকার কিংবা আকার থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া **আকার** হয়। আকার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (২)। যথা,—

শশ+অঙ্কঃ=শশাঙ্কঃ	দয়া+অর্ণবঃ=দয়ার্ণবঃ
রত্ন+আকরঃ=রত্নাকরঃ	বিদ্যা+আলয়ঃ=বিদ্যালয়ঃ

৩। যদি ইকার কিংবা ঈকারের পর ইকার কিংবা ঈকার থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া দীর্ঘ **ঈকার** হয় (২)। ঈকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা,—

গিরি+ইন্দ্র=গিরীন্দ্রঃ	মহী+ইন্দ্রঃ=মহীন্দ্রঃ
ক্ষিতি+ঈশঃ=ক্ষিতীশঃ	লক্ষ্মী+ঈশঃ=লক্ষ্মীশঃ।

(১) পরঃ সন্নিকর্ষঃ সংহিতা। (২) অকঃ সবর্ণে দীর্ঘঃ।

৪। যদি উকার কিংবা ঊকারের পর উকার কিংবা ঊকার থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া দীর্ঘ **ঊকার** হয়। ঊকার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (১)। যথা—

বিধু+উদয়ঃ=বিধূদয়ঃ স্বয়ম্ভূ+উদয়ঃ=স্বয়ম্ভূদয়ঃ
লঘু+ঊর্ম্মিঃ=লঘূর্ম্মিঃ ভূ+ঊর্দ্ধম্=ভূর্দ্ধম্

৫। যদি ঋকারের পর ঋকার থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া দীর্ঘ ৠকার হয়। ৠকার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (১)। যথা,—

পিতৃ+ঋণম্=পিতৄণম্ ভ্রাতৃ+ঋদ্ধিঃ=ভ্রাতৄদ্ধিঃ।

৬। যদি অকার কিংবা আকারের পর ইকার কিংবা ঈকার থাকে তাহা হইলে উভয়ে মিলিয়া **একার** হয়। একার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (২)। যথা,—

দেব+ইন্দ্রঃ=দেবেন্দ্রঃ মহা+ইন্দ্রঃ=মহেন্দ্রঃ
গণ+ঈশঃ=গণেশঃ রমা+ঈশঃ=রমেশঃ।

(ক) **ব্যতিক্রম**। স্ব শব্দের পর ঈর ও ঈরিন্ শব্দ থাকিলে স্ব শব্দের আকার এবং ঈর ও ঈরিন্ শব্দের ঈকার এই উভয়ে মিলিয়া ঐকার হয়। ঐকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। (৩) যথা,—

স্ব+ঈরঃ=স্বৈরঃ স্ব+ঈরী=স্বৈরী ; স্বৈরিণী।

৭। যদি অকার কিংবা আকারের পর উ কিংবা ঊ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া **ওকার** হয়। ওকার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (২)। যথা,—

নীল+উৎপলম্=নীলোৎপলম্ এক+ঊনবিংশতিঃ=একোনবিংশতিঃ
গঙ্গা+উদকম্=গঙ্গোদকম্ মহা+ঊর্ম্মিঃ=মহোর্ম্মিঃ।

(ক) **ব্যতিক্রম**। অক্ষ শব্দের পর ঊহিনী শব্দ থাকিলে অক্ষ শব্দের অকার ও ঊহিনী শব্দের ঊকার এই উভয়ে মিলিয়া ঔকার হয়। ঔকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। (৪) যথা, অক্ষ+ঊহিনী=অক্ষৌহিণী (হস্তী, অশ্ব, রথ, পদাতি—মিলিত ২,১৮,৭০০ সৈন্য)

---

(১) অকঃ সবর্ণে দীর্ঘঃ। (২) আদ্ গুণঃ। (৩) স্বাদীরেরিণোঃ।
(৪) অক্ষাদূহিন্যামুপসংখ্যানম্।

(খ) প্র শব্দের পর ঊহ, ঊঢ়, ঊঢ়ি, এষ ও এষ্য শব্দ থাকিলে উভয়ে মিলিয়া বৃদ্ধি একাদেশ হয় (১)। যথা, প্র+ঊহ=প্রৌহঃ (principal reasoning), প্র+ঊঢ়ঃ= প্রৌঢ়ঃ (full-grown); প্র+ঊঢ়িঃ=প্রৌঢ়িঃ (audacity); প্র+এষঃ=প্রৈষঃ (sending); প্র+এষ্যঃ=প্রৈষ্যঃ (a servant).

৮। যদি অকার কিংবা আকারের পর ঋ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া **অর্‌** হয়। অর্‌-এর অকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়, র্‌ (রেফ) পরবর্ণের মস্তকে যায় (২)। যথা,—

দেব + ঋষিঃ = দেবর্ষিঃ হিম + ঋতু = হিমর্ত্তুঃ

মহা + ঋষিঃ = মহর্ষিঃ।*

ব্যতিক্রম। (ক) প্র, বৎসতর, কম্বল, বসন, ঋণ ও দশ শব্দের পর ঋণ শব্দ থাকিলে অকার ও ঋকার মিলিয়া আর্‌ হয় (৩)। যথা, প্র+ঋণম্‌=প্রার্ণম্‌ (principal debt), বৎসতর+ঋণম্‌=বৎসতরার্ণম্‌ (debt for a calf), কম্বল+ঋণম্‌=কম্বলার্ণম্‌ (debt for a blanket), বসন+ঋণম্‌=বসনার্ণম্‌ (debt for clothes), দশ+ঋণাঃ= দশার্ণাঃ. (name of a country), ঋণ+ঋণম্‌=ঋণার্ণম্‌ (debt contracted for paying off another debt)

(খ) 'ঋত' শব্দ পরে থাকিলে এবং তৃতীয়াতৎপুরুষ সমাস হইলে পূর্ব্ববর্তী অবর্ণ ও ঋকারে মিলিয়া আর্‌ হয়। (৪) যথা, (সুখেন ঋতঃ) সুখ+ঋতঃ=সুখার্তঃ (affected by joy)। তৃষ্ণা+ঋতঃ=তৃষ্ণার্ত্তঃ (thirsty); অন্যথা, (পরমম্‌ ঋতঃ) পরম+ঋতঃ পরমর্ত্তঃ (তৃতীয়া সমাস নহে)। সুখেন+ঋতঃ=সুখেনর্ত্তঃ (সমাস নাই)।

৯। যদি অকার কিংবা আকারের পর এ কিংবা ঐ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া ঐকার হয়। ঐকার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (৫)। যথা,—

অদ্য + এব = অদ্যৈব মত + ঐক্যম্‌ = মতৈক্যম্‌ সদা + এব = সদৈব

---

(১) প্রাদূহোঢ়োঢ্যেষৈষ্যেষু। (২) আদ্‌গুণঃ। উরণ্‌রপরঃ।
(৩) প্রবৎসতরকম্বল-বসনার্ণদশানাম্‌ ঋণে। (৪) ঋতে চ তৃতীয়াসমাসে।
(৫) বৃদ্ধিরেচি।

* পাণিনি মতে অর্‌ হয় বিকল্পে; সুতরাং দেবঋষিঃ, হিমঋতুঃ, মহাঋষিঃ এইরূপ সন্ধিও হইবে। পাণিনি ব্যাকরণে রকারকে 'রেফ' বলা হয়।

১০। যদি অকার কিংবা আকারের পর ও কিংবা ঔ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া ঔকার হয়। **ঔকার** পূর্ব্ববর্ণে যুক্ত হয় (১)। যথা,—

জল + ওঘঃ = জলৌঘঃ   চিত্ত + ঔদার্য্যম্ = চিত্তৌদার্য্যম্

মহা + ওষধিঃ = মহৌষধিঃ   সদা + ঔৎসুক্যম্ = সদৌৎসুক্যম্।

(ক) অকার কিংবা আকারের পর ওম্ কিংবা আ-যুক্ত ই-ধাতু থাকিলে পূর্ব্ববর্ত্তী অকার ও আকারের লোপ হয় (২)। যথা, শিবায়+ওম্+নমঃ=শিবায়োং নমঃ (adoration to Shiva), শিব+এহি (আ+ইহি)=শিবেহি (Shiva! come); অব+এহি (আ+ইহি)=অবেহি। (কিন্তু, অব+এতি=অবৈতি knows)।

১১। ই ঈ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে ই ও ঈ স্থানে য্ হয়। য্ পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর যকারে যুক্ত হয় (৩)। যথা—

যদি + অপি = যদ্যপি   অতি + আচারঃ = অত্যাচারঃ

অভি + উদয়ঃ = অভ্যুদয়ঃ   প্রতি + উহঃ = প্রত্যুহঃ (বাধা)

মুনি + ঋষভঃ = মুন্যৃষভঃ   প্রতি + একম্ = প্রত্যেকম্

মুনি + ঐক্যম্ = মুন্যৈক্যম্   পচতি + ওদনম্ = পচত্যোদনম্

অতি + ঔদার্য্যম্ = অত্যৌদার্য্যম্   নদী + অম্বু = নদ্যম্বু

দেবী + আগতা = দেব্যাগতা   সখী + উক্তম্ = সখ্যুক্তম্

শশী + ঊর্দ্ধগঃ = শশ্যূর্দ্ধগঃ   বলী + ঋষভঃ = বল্যৃষভঃ

গোপী + এষা = গোপ্যেষা   সরস্বতী + ওঘঃ = সরস্বত্যোঘঃ

১২। উ ঊ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে হ্রস্ব উ দীর্ঘ ঊ স্থানে ব্ হয়। ব্ পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর বকারে যুক্ত হয় (৩)। যথা,—

অনু + অয়ঃ = অন্বয়ঃ   সু + আগতম্ = স্বাগতম্

মধু + ইদম্ = মধ্বিদম্   সাধু + ঈহিতম্ = সাধ্বীহিতম্

মধু + ঋতে = মধ্বৃতে (মধু ভিন্ন)   অনু + এষণম্ = অন্বেষণম্

অনু + ঐক্ষিষ্ট = অন্বৈক্ষিষ্ট   পচতু + ওদনম্ = পচত্বোদনম্

দদাতু + ঔষধম্ = দদাত্বৌষধম্   সরযু + অম্বু = সরয্বম্বু

তনু + ঈশ্বরঃ = তন্বীশ্বরঃ   বধূ + ঐশ্বর্য্যম্ = বধ্বৈশ্বর্য্যম্

(১) বৃদ্ধিরেচি। (২) ওমাঙোশ্চ। (৩) ইকো যণ্ অচি।

১৩। ঋ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে ঋ স্থানে র্ হয়। র্ পূর্ব্ববর্ণে যুক্ত হয়, আর পরের স্বর রকারে যুক্ত হয় (১)। যথা,—

পিতৃ+অনুমতিঃ=পিত্রনুমতিঃ পিতৃ+আদেশঃ=পিত্রাদেশঃ
পিতৃ+ইচ্ছা=পিত্রিচ্ছা।

১৪। স্বরবর্ণ পরে থাকিলে একার স্থানে **অয়্**, ঐকার স্থানে **আয়্**, ওকার স্থানে **অব্**, এবং ঔকার স্থানে **আব্** হয়। অকার বা আকার পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর যকারে বা বকারে যুক্ত হয় (২)। যথা—

শে+অনম্=শয়নম্ শে+ঈত=শয়ীত বিনৈ+অকঃ=বিনায়কঃ
রৈ+ওঃ=রায়োঃ পো+অনঃ=পবনঃ গো+আ=গবা
নৌ+এ=নাবে ভৌ+উকঃ=ভাবুকঃ নৌ+ঔ=নাবৌ।

ব্যতিক্রম। (ক) যকারাদি প্রত্যয় পরে থাকিলে ওকার ও ঔকার স্থানে যথাক্রমে অব ও আব হয়। (৩) যথা, গো+যৎ=গব্যম্ (ঘৃত প্রভৃতি), নৌ+যৎ=নাব্যম্ (navigable).

(খ) পথপরিমাণ বুঝাইলে, যূতিঃ শব্দ পরে থাকিলে গো শব্দের ওকার স্থানে অব হয়। (৪) যথা, গো+যূতিঃ=গব্যূতিঃ (দুই ক্রোশ, distance of four miles), অন্যথা=গোযূতিঃ (yoke of oxen),

(গ) অক্ষ ও ইন্দ্র শব্দ পরে থাকিলে গো শব্দের ওকার স্থানে নিত্যই অব হয়। (৫) যথা, গো+অক্ষঃ=গবাক্ষঃ (window); গো+ইন্দ্রঃ=গবেন্দ্রঃ।

১৫। পদের অন্তস্থিত একার কিংবা ওকারের পর অকার থাকিলে, তাহার লোপ্ হয়। লোপ হইলে অকারের যে চিহ্ন (ঽ) থাকে, তাহাকে লুপ্ত অকার বলে (৬)। যথা—

কবে+অবেহি=কবেঽবেহি সখে+অর্পয়=সখেঽর্পয়
বিভো+অত্র=বিভোঽত্র প্রভো+অনুগৃহাণ=প্রভোঽনুগৃহাণ।

---

(১) ইকো যণ্ অচি। (২) এচোঽয়বায়াবঃ।
(৩) বান্তো যি প্রত্যয়ে। (৪) 'অধ্বপরিমাণে চ'।
(৫) অবঙ্ স্ফোটায়নস্য। ইন্দ্রে চ (নিত্যম্) (৬) এঙঃ পদান্তাদতি।

১৬। অকার ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে **পদের অন্তস্থিত** একার স্থানে **অ** বা **অয়্**, এবং ওকার স্থানে **অ** বা **অব্** হয়। অ পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর য়কারে বা বকারে যুক্ত হয় (১)। (২) যথা—
সখে + ঋচ্ছ = সখঋচ্ছ, সখয়ৃচ্ছ। প্রভো + এহি = প্রভ এহি, প্রভবেহি।

প্রভো + আগচ্ছ = প্রভ আগচ্ছ, প্রভবাগচ্ছ।

১৭। স্বরবর্ণ পরে থাকিলে **পদের অন্তস্থিত** ঐকার স্থানে **আ** বা **আয়্**, এবং ঔকার স্থানে **আ** বা **আব্** হয়। আ পূর্ব্ববর্ণে যুক্ত হয়, এবং পরের স্বর য়কারে বা বকারে যুক্ত হয় (১)। (৩) যথা,—

শ্রিয়ৈ + অর্থঃ = শ্রিয়া অর্থঃ, শ্রিয়ায়ার্থঃ
ভুক্ত্যৈ + ওদনম্ = ভুক্ত্যা ওদনম্, ভুক্ত্যায়োদনম্
রবৌ + অস্তমিতে = রবা অস্তমিতে, রবাবস্তমিতে
গতৌ + ইমৌ = গতা ইমৌ, গতাবিমৌ
গতৌ + ঔৎসুক্যম্ = গতা ঔৎসুক্যম্, গতাবৌৎসুক্যম্।

১৮। ধাতুর একার কিংবা ওকার পরে থাকিলে উপসর্গের অকার ও আকারের **লোপ** হয়। একার এবং ওকার উপসর্গে যুক্ত হয়। (৪) যথা,—

প্র + এজতে = প্রেজতে (কাঁপে) উপ + এষতে = উপেষতে
উপ + ওষতি = উপোষতি পরা + এজতে = পরেজতে।

১৯। এধ্ ও ই (ণ্) ধাতুর একার পরে থাকিলে উপসর্গের অকার ও আকারের লোপ হয় না (৫)। যথা,—

উপ + এধতে = উপৈধতে (বাড়ে) পরা + এধতে = পরৈধতে
অব + এতি = অবৈতি (জানে) আ + এতি = ঐতি (আসে)

---

(১) লোপঃ শাকল্যস্য। (২) অ হইলে পর আর সন্ধি হয় না।
(৩) আ হইলে পর আর সন্ধি হয় না। ন সন্ধি বিসর্গ-য-ব-লোপে।
(৪) এঙি পররূপম্। (৫) এত্যেধত্যূঠ্‌সু।

২০। যদি উপসর্গের অকার কিংবা আকারের পর ধাতুর ঋ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া **আর্** হয়। আকার উপসর্গে যুক্ত হয়, র্ পরবর্ণের মস্তকে যায় (১)। যথা,—

অপ + ঋচ্ছতি = অপার্চ্ছতি   প্র + ঋজতে = প্রার্জতে

পরা + ঋষতি = পরার্ষতি।

২১। সমাসে **ওষ্ঠ** শব্দ পরে থাকিলে, পূর্বপদের অন্তস্থিত অকার ও আকারের **বিকল্পে লোপ** হয় (২)। যথা, বিম্ব + ওষ্ঠঃ = বিম্বোষ্ঠঃ, বিম্বৌষ্ঠঃ (বিম্ব = তেলকুঁচা); উমা + ওষ্ঠঃ = উমোষ্ঠঃ, উমৌষ্ঠঃ। **সমাস না হইলে হয় না**। যথা, তব + ওষ্ঠঃ = তবৌষ্ঠঃ।

(ক) **নিপাতন সন্ধি**। শকন্ধু প্রভৃতি কতিপয় শব্দ **নিপাতনে** (irregularly) সিদ্ধ হয় (৩)। যথা,—শক + অন্ধুঃ = শকন্ধুঃ (শকজাতির কূপ), কর্ক + অন্ধুঃ = কর্কন্ধুঃ; কুল + অটা = কুলটা (harlot); সীমন্ + অন্তঃ = সীমন্তঃ (সিঁথি); মনস্ + ঈষা = মনীষা; লাঙ্গল + ঈষা = লাঙ্গলীষা (লাঙ্গলের ঈষ বা দণ্ড); সার + অঙ্গঃ = সারঙ্গঃ (হরিণ); হল + ঈষা = হলীষা; পতৎ + অঞ্জলিঃ = পতঞ্জলিঃ।

২২। প্রগৃহ্যপদের, অর্থাৎ দ্বিবচননিষ্পন্ন দীর্ঘ-**ঈকারান্ত**, দীর্ঘ-**উকারান্ত** এবং **একারান্ত** পদের সহিত পরবর্ত্তী স্বরের সন্ধিতে কোনও পরিবর্তন হয় না (৪)। যথা,—

কবী + ইমৌ = কবী ইমৌ   গিরী + এতৌ = গিরী এতৌ

সাধূ + ইমৌ = সাধূ ইমৌ   বিষ্ণে + ইমে = বিষ্ণে ইমে

লতে + এতে = লতে এতে   শেবহে + আবাম্ = শেবহে আবাম্

২৩। অদস্ শব্দের দীর্ঘ **ঈকারান্ত** বহুবচনের ও দীর্ঘ **উকারান্ত** দ্বিবচন পদের সহিত পরবর্ত্তী স্বরের সন্ধিতে কোনও পরিবর্ত্তন হয় না (৫)। যথা,—

অমী + অশ্বাঃ = অমী অশ্বাঃ   অমূ + অর্ভকৌ = অমূ অর্ভকৌ

---

(১) উপসর্গাদৃতি ধাতৌ।   (২) ওত্বোষ্ঠয়োঃ সমাসে বা।
(৩) শকন্ধ্বাদিষু পররূপং বাচ্যম্। সীমন্তঃ কেশবেশে। অন্যত্র—সীমান্তঃ
(৪) ঈদূদেদ্দ্বিবচনং প্রগৃহ্যম্। প্লুত-প্রগৃহ্যা অচি নিত্যম্ (৫) অদসো মাৎ।

২৪। ওকারান্ত কিংবা একস্বরমাত্র (অ, আ, ই, উ) অব্যয় শব্দের সহিত পরবর্ত্তী স্বরের সন্ধি হয় না (১)। যথা, অহো + অপেহি = অহো অপেহি ; অহো + আগমিষ্যতি = অহো আগমিষ্যতি ; অ + অদ্যাপি = অ অদ্যাপি ; আ + এবম্ = আ এবম্ (২) ; ই + ইন্দ্র = ই ইন্দ্র ; উ = উত্তিষ্ঠ = উ উত্তিষ্ঠ।

২৫। **প্লুতস্বরের সহিত** পরবর্ত্তী স্বরবর্ণের সন্ধি হয় না। দূর হইতে আহ্বান, গান এবং রোদনের স্বরকে প্লুতস্বর বলে (৩)। যথা—(এহি) কৃষ্ণ + অত্র = কৃষ্ণ অত্র ; হে + ঈশ = হে ঈশ।

সংক্ষিপ্ত স্বরসন্ধি

১।	**অ বা আ** + অ বা আ = আ,	দশাননঃ
২।	„ + ই বা ঈ = এ,	নরেন্দ্রঃ
৩।	„ + উ বা ঊ = ও,	সূর্য্যোদয়ঃ
৪।	„ + ঋ = অর্,	দেবর্ষিঃ
৫।	„ + এ বা ঐ = ঐ,	উপৈতি
৬।	„ + ও বা ঔ = ঔ,	জলৌঘঃ
৭।	**ই বা ঈ** + ই বা ঈ = ঈ,	গিরীন্দ্রঃ
৮।	„ + অন্য স্বরবর্ণ = য্ + পরস্বর,	যদ্যপি
৯।	**উ বা ঊ** + উ বা ঊ = ঊ,	বিধূদয়ঃ
১০।	„ + অন্যস্বরবর্ণ = ব্ + পরস্বর,	অন্বেষণম্
১১।	**ঋ** + ঋ = ৠ,	পিতৄণম্

(১) ওৎ। নিপাত একাজনাঙ্।

(২) স্মরণ অর্থে সন্ধি হয় না। সীমা, ব্যাপ্তি, অথবা ঈষদর্থ বুঝাইলে, কিংবা ক্রিয়ার সহিত যোগ হইলে অব্যয় আকারের সন্ধি হয়। (সীমা), যথা, আ + অধ্যয়নাৎ = আধ্যয়নাৎ, অধ্যয়ন পর্য্যন্ত ; (ব্যাপ্তি) যথা, আ + একদেশাৎ = ঐকদেশাৎ, একদেশ ব্যাপিয়া ; (ঈষদর্থ) যথা, আ + আলোচিতম্ = আলোচিতম্, ঈষৎ আলোচিত ; (ক্রিয়ার সহিত যোগে) আ + ইহি = এহি (come)।

(৩) প্লুতপ্রগৃহ্যা অচি নিত্যম্। দূরাহ্বানে তথা গানে রোদনে চ প্লু তো মতঃ।

১২। ঋ + অন্যস্বরবর্ণ=র্ + পরস্বর, পিত্রনুমতিঃ

১৩। এ, ঐ, ও, ঔ+স্বর্=অয়্, আয়্, অব্, আব্+স্বর, নয়নম্।

১৪। (পদান্ত) এ, ঐ ও, ঔ+স্বরবর্ণ=যথাক্রমে অ বা অয়্, আ বা আয়্, অ বা অব্, আ বা আব্+পরস্বর।

১৫। (পদান্ত) এ বা ও+অ=অ লোপ; তেঽপি, প্রভোঽত্র।

Exercise

1. Join the following citing the rules of sandhi :—বায়সী+আহ; গো+অক্ষঃ; তাদৃশী+এব; মহা+ঋষিঃ; প্রভো+এহি; মনস্+ঈষা; কবী+ইমৌ; উপ+ওষতি, শ্রিয়ৈ+এতি; যাচতে+অর্থম্; মুর+অরিঃ; অভি+ইষ্টঃ; কটু+উক্তিঃ; ভূ+উর্দ্ধম; পিতৃ+ঋণম্; গণ+ঈশঃ; গঙ্গা+উর্ম্মিঃ; হিম+ঋতুঃ; এক+একম্; তথা+এতৎ; গ্রাম+ওকঃ; শশী+উর্দ্ধগঃ; সরযূ+ওঘঃ; পিতৃ+এষণা; প্রভো+অনুগৃহাণ; প্রভো+ইহ; লতে+এতে; বিধো+উদিতে; শ্রিয়ৈ+ঋচ্ছতি; প্রভো+উহনম্; অ+এবম্; অমী+ইষবঃ; গো+ঈশঃ; উ+উত্তিষ্ঠ; যৌ+ইহ; অপ+এজতে; পরম+ঋতঃ; অদ্য+এব; অহো+ঈশ্বর; মধু+ঋতুঃ; তস্মৈ+অর্পয়; অমী+অশ্বাঃ; সখে+এহি; সখে+উচ্যতাম্; শুভে+অহনি।

2. Disjoin the following words, stating the rules of sandhi :—সর্বএব; গবাক্ষঃ; শীতার্ত্তঃ; হর্যক্ষঃ; অদ্যৈব; জলৌকাঃ; সীমন্তঃ; শ্রিয়াযুন্নতিঃ; প্রভ ঈহসে; উপোহতি; রবাঅস্তমিতে; বৃক্ষাবুৎপাটয়; ভাবুকঃ; পিত্রাদেশঃ; স্বাগতম্; তথৈতৎ; সরয্বু; মাতৄণম্; স্বশ্রিচ্ছা; সখয়াগচ্ছ; দধ্যোদনম্; সারঙ্গঃ; তেঽহম্; তবোপরি; নদ্যন্বু; অশ্বেষণম্; সখ এহি।

3. Under what circumstances is the joining of two letters in sandhi not done although they come under the general rule? Give some examples of them.

4. Define Sandhi. Point out the different ways of Sandhi.

ব্যঞ্জনসন্ধি

২৬। চ্ কিংবা ছ্ পরে থাকিলে পূর্ব্ববর্ত্তী ত্ ও দ্ স্থানে চ্ হয় (১)। যথা, মহৎ+চক্রম্=মহচ্চক্রম্, বিপদ্+চয়ঃ=বিপচ্চয়ঃ; মহৎ+ছত্রম্=মহচ্ছত্রম্; তদ্+ছবিঃ=তচ্ছবিঃ।

(১) স্তোঃ শ্চুনা শ্চুঃ।

২৭। জ্ কিংবা ঝ্ পরে থাকিলে ত্ ও দ্ স্থানে **জ্** হয় (১)।

উৎ+জ্বল=উজ্জ্বলঃ তদ্+জন্ম=তজ্জন্ম

বিপদ্+জালম্=বিপজ্জালম্ মহৎ+ঝঞ্ঝনম্=মহজ্ঝঞ্ঝনম্

২৮। জ্ কিংবা ঝ পরে থাকিলে দন্ত্য ন্ স্থানে ঞ্ হয় (১)। যথা,—

মহান্+জয়ঃ=মহাঞ্জয়ঃ ভবান্+জীবতু=ভবাঞ্জীবতু

গচ্ছন্+ঝটিতি=গচ্ছঞ্ঝটিতি

২৯। পদের অন্তস্থিত তকার কিংবা দকারের পর তালব্য শ্ থাকিলে **ত্ ও দ্ স্থানে চ্** এবং তালব্য **শ্ স্থানে ছ্** হয় (২—৩)। যথা,—

জগৎ+শরণ্যম্=জগচ্ছরণ্যম্ মহৎ+শকটম্=মহচ্ছকটম্

তদ্+শরীরম্=তচ্ছরীরম্ (৪)

৩০। পদের অন্তস্থিত নকারের পর তালব্য শ্ থাকিলে **ন্ স্থানে ঞ্** এবং তালব্য **শ্ স্থানে ছ্** হয় (৫)। যথা,—

মহান্+শব্দঃ=মহাঞ্ছব্দঃ ধাবন্+শশঃ=ধাবঞ্ছশঃ (৬),

৩১। পদের অন্তস্থিত তকার কিংবা দরকারের পর হ্ থাকিলে **ত্ স্থানে দ্** এবং **হ্ স্থানে ধ্** হয় (৭)। যথা—

উৎ+হত=উদ্ধতঃ উৎ+হরণম্=উদ্ধরণম্

বিপদ্+হেতু=বিপদ্ধেতুঃ

---

(১) স্তোঃ শ্চুনা শ্চুঃ।

(২) তালব্য শ্ চ-যুক্ত হইলে হয় না। যথা, উৎ+শ্চ্যোততি=উৎশ্চ্যোততি। (৩) শশ্ছোঽটি। (৪) বৈয়াকরণেরা পদের অন্তস্থিত তকার কিংবা দকারের পর তালব্য শ্ থাকিলে দুই পদ সিদ্ধ করেন। যথা, মহৎ+শকটম্=মহচ্ছকটম্, মহচ্‌শকটম্; তদ্+শরীরম্=তচ্ছরীরম্, তচ্‌শরীরম্,

(৫) শি তুক্। (৬) বৈয়াকরণেরা পদের অন্তস্থিত নকারের পর তালব্য শ থাকিলে চারি পদ সিদ্ধ করেন। যথা, মহান্+শব্দঃ=মহাঞ্ছব্দঃ, মহাঞ্‌চ্ছব্দঃ, মহাঞ্চ্‌শব্দঃ, মহাঞ্‌শব্দঃ। (ঞছৌ ঞচ্ছা ঞচশা ঞশাবিতি রূপচতুষ্টয়ম্)

(৭) ঝয়ো হোঽন্যতরস্যাম্। বৈয়াকরণেরা পদের অন্তস্থিত তকার কিংবা দকারের পর হ্ থাকিলে দুই পদ সিদ্ধ করেন; যথা, উৎ+হতঃ=উদ্ধতঃ, উদ্‌হতঃ; তদ্+হেয়ম্+তদ্ধেয়ম্, তদ্‌হেয়ম্।

৩২। চ বর্গের পর দন্ত্য ন্ থাকিলে ন্ স্থানে ঞ্ হয় (১)। যথা—

যাচ্ + না = যাচ্ঞা　　যজ্ + নঃ = যজ্ঞঃ

রাজ্ + নী = রাজ্ঞী

৩৩। ট্ কিংবা ঠ্ পরে থাকিলে, ত্ ও দ্ স্থানে ট্ হয় (২)। যথা,

উৎ + টলতি = উট্টলতি　　তদ্ + টিকা = তট্টিকা

সৎ + ঠকারঃ = সট্ঠকারঃ　　এতদ্ + ঠক্কুরঃ = এতট্ঠক্কুরঃ

৩৪। ড্ বা ঢ্ পরে থাকিলে, ত্ ও দ্ স্থানে ড্ হয় (২)। যথা—

উৎ + ডীনঃ = উড্ডীনঃ　　এতদ্ + ডামরঃ = এতড্ডামরঃ

উৎ + ঢৌকতে = উড্ঢৌকতে　এতদ্ + ঢক্কা = এতড্ঢক্কা

৩৫। ড্ বা ঢ্ পরে থাকিলে দন্ত্য ন্ স্থানে মূর্দ্ধন্য ণ্ হয় (২)। যথা—

মহান্ + ডামরঃ = মহাণ্ডামরঃ　　রাজন্ + ঢৌকসে = রাজণ্ঢৌকসে

৩৬। মূর্দ্ধন্য ষকারের পরস্থিত ত্ স্থানে ট্ ও থ্ স্থানে ঠ্ হয় (২)। যথা—

আকৃষ্ + তঃ = আকৃষ্টঃ　　স্রষ্ + তা = স্রষ্টা

উৎকৃষ্ + তঃ = উৎকৃষ্টঃ　　ষষ্ + থঃ = ষষ্ঠঃ

৩৭। ল্ পরে থাকিলে ত্, দ্ ও ন্ স্থানে ল্ হয় (৩)। যথা—

উৎ + লিখিতঃ = উল্লিখিতঃ　　তদ্ + লীলায়িতম্ = তল্লীলায়িতম্

বৃহৎ + ললাটম্ = বৃহল্ললাটম্　　মহান্ + লাভঃ = মহাঁল্লাভঃ (৪)

ভবান্ + লভতে = ভবাঁল্লভতে

৩৮। স্বরবর্ণ পরে থাকিলে পদের অন্তস্থিত হ্রস্বস্বরের পরবর্ত্তী ন্-এর দ্বিত্ব হয় (৫)। যথা—

ধাবন্ + অশ্বঃ = ধাবন্নশ্বঃ　　হসন্ + আগতঃ = হসন্নাগতঃ

চিন্তয়ন্ + ইহ = চিন্তয়ন্নিহ　　স্মরন্ + উবাচ = স্মরন্নুবাচ

---

(১) স্তোঃ শ্চুনা শ্চুঃ।　(২) ষ্টুনা ষ্টুঃ।　(৩) তোর্লিঃ।

(৪) নকারস্থানে জাত লকারের নকারের ন্যায় অনুনাসিক উচ্চারণ হয়। সেই উচ্চারণের সূচনার জন্য বিন্দুসহিত অর্দ্ধচন্দ্র (বা চন্দ্রবিন্দু) পূর্ব্ববর্ণে যোজিত করিতে হয়।

(৫) ঙমো হ্রস্বাদচি ঙমুণ্ নিত্যম্।

২

ন্ এর পূর্ব্বে **দীর্ঘ** স্বর থাকিলে **দ্বিত্ব হয় না**। যথা,—

মহান্ + আগ্রহঃ = মহানাগ্রহঃ কবীন্ + আহ্বয় = কবীনাহ্বয়

৩৯। চ্ কিংবা ছ্ পরে থাকিলে পদের অন্তস্থিত **ন্** স্থানে **অনুস্বার** হয় এবং **চ্** ও **ছ্** স্থানে **শ্চ্** ও **শ্ছ্** হয় (১)। যথা—

পশ্যন্ + চকিতঃ = পশ্যংশ্চকিতঃ হসন্ + চলিতঃ = হসংশ্চলিতঃ
নৃত্যন্ + চকোরঃ = নৃত্যংশ্চকোরঃ ধাবন্ + ছাগঃ = ধাবংশ্ছাগঃ

৪০। ট্ কিংবা ঠ্ পরে থাকিলে পদের অন্তস্থিত **ন্** স্থানে **অনুস্বার** হয় এবং **ট্** ও **ঠ্** স্থানে **ষ্ট্** ও **ষ্ঠ্** হয় (১)। যথা—

উদ্যন্ + টঙ্কারঃ = উদ্যংষ্টঙ্কারঃ মহান্ + ঠক্কুরঃ = মহাংষ্ঠক্কুরঃ

৪১। ত্ কিংবা থ্ পরে থাকিলে পদের অন্তস্থিত **ন্** স্থানে **অনুস্বার** হয় এবং **ত্** ও **থ্** স্থানে **স্ত্** ও **স্থ্** হয় (১)। যথা—

পতন্ + তরুঃ = পতংস্তরুঃ মহান্ + তড়াগঃ = মহাংস্তড়াগঃ
ক্ষিপন্ + থুৎকারম্ = ক্ষিপংস্থুৎকারম্

৪২। তালব্য শ্, অথবা দন্ত্য স্, কিংবা হ্ পরে থাকিলে **পদ-মধ্যস্থিত** ন্ স্থানে **অনুস্বার** হয় (২)। যথা—

দন্ + শনম্ = দংশনম্ ভ্রন্ + শতে = ভ্রংশতে
মীমান্ + সতে = মীমাংসতে জিঘান্ + সতি = জিঘাংসতি
বৃন্ + হিতম্ = বৃংহিতম্।

৪৩। দন্ত্য স্ পরে থাকিলে **পদের মধ্যস্থিত ম্** স্থানে অনুস্বার হয় (২)। যথা—

রম্ + স্যতে = রংস্যতে অযম্ + সীৎ = অযংসীৎ
নিনন্ + সতি = নিনংসতি।

৪৪। যে বর্গের বর্ণ পরে থাকে, **পদমধ্যস্থিত** ন্ স্থানে সেই বর্গের **পঞ্চমবর্ণ** হয় (৩)। যথা—

আশন্ + কতে = আশঙ্কতে আলিন্ + গতি = আলিঙ্গতি

---

(১) নশ্ছব্যপ্রশান্। (২) নশ্চাপদান্তস্য ঝলি।
(৩) অনুস্বারস্য যয়ি পরসবর্ণঃ।

বন্ + চয়তি = বঞ্চয়তি　　বান্ + ছতি = বাঞ্ছতি
রন্ + জয়তি = রঞ্জয়তি　　মন্ + ডয়তি = মণ্ডয়তি
কন্ + পতে = কম্পতে　　জৃন্ + ভতে = জৃম্ভতে

৪৫। ত্ পরে থাকিলে **পদমধ্যস্থিত** ম্ স্থানে **ন্** হয় (১)। যথা—
গম্ + তা = গন্তা　　ক্ষম্ + তব্যম্ = ক্ষন্তব্যম্
শাম্ + তম্ = শান্তম্　　ক্ষাম্ + তিঃ = ক্ষান্তিঃ
দাম্ + তঃ = দান্তঃ

৪৬। অন্তঃস্থ অথবা উষ্মবর্ণ পরে থাকিলে, **পদের অন্তস্থিত** ম্ স্থানে **অনুস্বার** হয় (২)। যথা—
সত্বরম্ + যাতি = সত্বরং যাতি　　করুণম্ + রোদিতি = করুণং রোদিতি
বিদ্যাম্ + লভতে = বিদ্যাং লভতে　　ভারম্ + বহতি = ভারং বহতি
শয্যায়াম্ + শেতে = শয্যায়াং শেতে　　কষ্টম্ + সহতে = কষ্টং সহতে
মধুরম্ + হসতি = মধুরং হসতি

৪৭। ক্ হইতে ম্ পর্যন্ত স্পর্শবর্ণ পরে থাকিলে **পদের অন্তস্থিত** ম্ স্থানে **অনুস্বার,** অথবা, যে বর্গের বর্ণ পরে থাকে, সেই বর্গের **পঞ্চম বর্ণও** হয় (৩)। যথা—
কিম্ + করোষি = কিং করোষি, কিঙ্করোষি
ক্ষিপ্রম্ + চলতি = ক্ষিপ্রং চলতি, ক্ষিপ্রঞ্চলতি
নদীম্ + তরতি = নদীং তরতি, নদীন্তরতি
চন্দ্রম্ + পশ্যতি = চন্দ্রং পশ্যতি, চন্দ্রম্পশ্যতি
মধুরম্ + ভাষতে = মধুরং ভাষতে, মধুরম্ভাষতে

(ক) **ব্যতিক্রম**—ক্বিপ্ প্রত্যয়ান্ত রাজ্ শব্দ পরে থাকিলে সম্ শব্দের ম্-স্থানে অনুস্বার হয় না (৪) যথা, সম্+রাজ্=সম্রাজ্, সম্রাট্।

(১) অনুস্বারস্য যয়ি পরসবর্ণঃ।　　(২) মোঽনুস্বারঃ।
(৩) বা পদান্তস্য।　　(৪) মো রাজি সমঃ ক্বৌ।

৪৮। স্বরবর্ণের পর ছ্ থাকিলে ছ্ স্থানে চ্ছ্ হয় (১)। যথা—

সিত + ছত্রম্ = সিতচ্ছত্রম্ পরি + ছদঃ = পরিচ্ছদঃ

অব + ছেদঃ = অবচ্ছেদঃ বৃক্ষ + ছায়া = বৃক্ষচ্ছায়া

(ক) পদান্ত দীর্ঘ স্বরের পর ছ্ থাকিলে ছ্ স্থানে বিকল্পে চ্ছ্ হয় (২)। যথা—লক্ষ্মী + ছায়া = লক্ষ্মীচ্ছায়া, লক্ষ্মীছায়া।

৪৯। উৎ উপসর্গের পরিস্থিত স্থা ও স্তম্ভ্ ধাতুর স্-এর লোপ হয় (৩)। যথা—উৎ + স্থানম্ = উত্থানম্ ; উৎ + স্তম্ভনম্ = উত্তম্ভনম্।

৫০। স্বরবর্ণ, বর্গের তৃতীয় ও চতুর্থ বর্ণ, অথবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকিলে, পদের অন্তস্থিত ক্ স্থানে গ্, চ্ স্থানে জ্, ট্ স্থানে ড্ এবং প্ স্থানে ব্ হয় (৪)। যথা—

দিক্ + অন্তঃ = দিগন্তঃ বাক্ + ঈশঃ = বাগীশঃ

দিক্ + গজঃ = দিগ্‌গজঃ বাক্ + দানম্ = বাগ্দানম্

দিক্ + ভাগঃ = দিগ্‌ভাগঃ বাক্ + রোধ = বাগ্রোধঃ

দিক্ + হস্তী = দিগ্‌হস্তী (৫) অচ্ + অন্তঃ = অজন্তঃ

সম্রাট্ + যাতি = সম্রাড্‌যাতি পরিব্রাট্ + হসতি = পরিব্রাড্ হসতি

অপ্ + ঘটঃ = অব্ ঘটঃ অপ্ + হরণম্ = অব্‌হরণম্ (৫)

৫১। স্বরবর্ণ, অথবা গ্ ঘ্ দ্ ধ্ ব্ ভ্ য্ র্ ব্ পরে থাকিলে পদের অন্তস্থিত ত্ স্থানে দ্ হয় (৪)। যথা—

জগৎ + অন্তঃ = জগদন্তঃ জগৎ + ঈশঃ = জগদীশঃ

---

(১) ছে চ। (২) দীর্ঘাৎ পদান্তাদ্বা। (৩) উদঃ স্থাস্তম্ভোঃ পূর্ব্বস্য। (৪) ঝলাং জশোঽন্তে। (৫) ঝয়ো হোঽন্যতরস্যাম্। বৈয়াকরণেরা বর্গপ্রথমের পরে হ্ থাকিলে প্রথমবর্ণ স্থানে তৃতীয়বর্ণ এবং হ্ স্থানে বিকল্পে চতুর্থবর্ণ করেন। যথা, দিক্ + হস্তী = দিগ্ ঘস্তী, দিগ্‌হস্তী ; পরিব্রাট্ + হসতি = পরিব্রাড্ ঢসতি, পরিব্রাড্ হসতি ; অপ্ + হরণম্ = অব্‌ভরণম্, অব্‌হরণম্।

ভবৎ + উক্তম্ = ভবদুক্তম্ মহৎ + ঐশ্বর্য্যম্ = মহদৈশ্বর্য্যম্
মহৎ + ঔষধম্ = মহদৌষধম্ বৃহৎ + গহনম্ = বৃহদ্গহনম্
ভবৎ + দর্শনম্ = ভবদ্দর্শনম্ মহৎ + ধনুঃ = মহদ্ধনুঃ
জগৎ + বন্ধুঃ = জগদ্বন্ধুঃ মহৎ + ভয়ম্ = মহদ্ভয়ম্
বৃহৎ + যানম্ = বৃহদ্যানম্ বৃহৎ + রথঃ = বৃহদ্রথঃ

৫২। ন্ কিংবা ম্ পরে থাকিলে, পদের অন্তস্থিত বর্গের প্রথম বর্ণ-স্থানে **পঞ্চম বর্ণ** অথবা **তৃতীয় বর্ণ** হয় (১)। যথা—

দিক্ + নাগঃ = দিঙ্নাগঃ, দিগ্নাগঃ জগৎ + নাথঃ = জগন্নাথঃ, জগদ্নাথঃ
অপ্ + নদী = অম্নদী, অব্নদী প্রাক্ + মুখঃ = প্রাঙ্মুখঃ, প্রাগ্মুখঃ

৫৩। মাত্রচ্ কিংবা ময়ট্ প্রত্যয় পরে থাকিলে, পদের অন্তস্থিত বর্গের প্রথম বর্ণ স্থানে **কেবল পঞ্চম বর্ণ** হয় (২)। যথা—

মধুলিট্ + মাত্রম্ = মধুলিণ্মাত্রম্ বাক্ + ময়ম্ = বাঙ্ময়ম্
চিৎ + ময়ম্ = চিন্ময়ম্

(ক) নবতি, নগরী ও নাম্, [নকার-যুক্ত আম্] পরে থাকিলে ট্ স্থানে পঞ্চম বর্ণ ণ্ হয়, ড্ হয় না। (৩) যথা, ষট্ + নবতিঃ = ষণ্ণবতিঃ, ষট্ + নাম্ = ষণ্ণাম্।

(খ) বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ এবং শ্, ষ্, স্ পরে থাকিলে বর্গের দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ণ স্থানে প্রথম বর্ণ হয়। (৪) যথা, বিপদ্ + কালঃ = বিপৎকালঃ ; ক্ষুধ্ + ক্ষামঃ = ক্ষুৎক্ষামঃ ; সমিধ্ + সু = সমিৎসু।

(গ) কৃ কিংবা কৃধাতু নিষ্পন্ন শব্দ পরে থাকিলে সম্ শব্দের ম্ স্থানে অনুস্বার এবং স্কার হয়। (৫) যথা, সম্ + কৃতঃ = সংস্কৃতঃ ; সম্ + কর্ত্তা = সংস্কর্ত্তা।

(ঘ) বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ পরে থাকিলে পুম্ শব্দের ম্ স্থানে অনুস্বার ও শ্ কিংবা স্ আগম হয়। (৬) যথা, পুম্ + কোকিলঃ = পুংস্কোকিলঃ ; পুম্ + চকোরঃ = পুংশ্চকোরঃ।

---

(১) যরোঽনুনাসিকেঽনুনাসিকো বা।
(২) প্রত্যয়ে ভাষায়াং নিত্যম্।
(৩) অনাম্নবতি-নগরীণামিতি বাচ্যম্।
(৪) খরি চ।
(৫) সমঃ সুটি। সংপুংকানাং সো বক্তব্যঃ।
(৬) পুমঃ খয্যম্পরে।

সংক্ষিপ্ত ব্যঞ্জনসন্ধি

১। ত্ বা দ্ + চ্ বা ছ্ = চ্ + পরবর্ণ—মহচ্চক্রম্, তচ্ছবিঃ
২। " + জ্ বা ঝ্ = জ্ + পরবর্ণ—উজ্জ্বলঃ, তজ্ঝঞ্ঝা
৩। " + ট্ বা ঠ্ = ট্ + পরবর্ণ—তট্টীকা, তট্ঠক্কুরঃ
৪। " + ড্ বা ঢ্ = ড্ + পরবর্ণ—উড্ডীনঃ, তড্ঢক্কা
৫। " + ল্ = ল্ল্ —উল্লেখঃ
৬। " + শ্ = চ্ছ্ —তচ্ছক্তিঃ
৭। " + হ্ = দ্ধ্ —উদ্ধতঃ
৮। বর্গ প্রথমবর্ণ + স্বর বা ঘোষবর্ণ = তদ্‌বর্গীয়-তৃতীয় + পরবর্ণ—দিগন্তঃ, অব্‌ঘটঃ
৯। " + ন্ বা ম্ = তদ্‌বর্গীয় পঞ্চম + পরবর্ণ—তন্নেত্রম্
১০। ন্ (পদান্ত হ্রস্বোপধ) + স্বরবর্ণ = ন্ন্ + পর স্বর—হসন্নত্র
১১। " + চ্ বা ছ = ং শ্ + পরবর্ণ—হসংশ্চলিতঃ
১২। " + জ্ বা ঝ্ = ঞ্ + পরবর্ণ—মহাঞ্জয়ঃ
১৩। " + ট্ বা ঠ্ = ং ষ্ + পরবর্ণ—মহাংষ্টঙ্কারঃ
১৪। " + ত্ বা থ্ = ং স্ + পরবর্ণ—পতংস্তরুঃ
১৫। " + শ্ = ঞ্শ্ —মহাঞ্শঙ্খঃ, ধাবঞ্শশঃ
১৬। ম্ + অন্তঃস্থ বা উষ্মবর্ণ = ং + পরবর্ণ—সংযতঃ, সংশয়ঃ
১৭। " + বর্গ্য বর্ণ = ং বা তদ্‌বর্গীয় পঞ্চমবর্ণ + পরবর্ণ—কিংকরঃ কিঙ্করঃ
১৮। স্বরবর্ণ + ছ্ = স্বরবর্ণ + চ্ছ্ —বটচ্ছায়া

বিসর্গ সন্ধি

বিসর্গ দুই প্রকার—**সজাত** ও **রজাত**। স্-স্থানে যে বিসর্গ হয়, তাহাকে **সজাত** (যথা—পয়স্ = পয়ঃ), র্-স্থানে যে বিসর্গ হয়, তাহাকে **রজাত** বিসর্গ (যথা—প্রাতর্ = প্রাতঃ) বলে।

৫৪। চ্ কিংবা ছ্ পরে থাকিলে, বিসর্গ স্থানে তালব্য **শ্** (১) হয়। যথা,—

পূর্ণঃ + চন্দ্র = পূর্ণশ্চন্দ্রঃ　　নিঃ + চিতঃ = নিশ্চিতঃ
বায়ুঃ + চলতি = বায়ুশ্চলতি　　রবেঃ + ছবি = রবেশ্ছবিঃ
তরোঃ + ছায়া = তরোশ্ছায়া।

৫৫। ট্ কিংবা ঠ্ পরে থাকিলে, বিসর্গ স্থানে মূৰ্দ্ধন্য **ষ্** (২) হয়। যথা,—

ভীতঃ + টলতি = ভীতষ্টলতি　　ধনুঃ + টঙ্কার = ধনুষ্টঙ্কারঃ
স্থিরঃ + ঠকুরঃ = স্থিরষ্ঠকুরঃ।

৫৬। ত্ কিংবা থ্ পরে থাকিলে, বিসর্গ স্থানে দন্ত্য **স্** হয় (৩)। যথা,—

উন্নতঃ + তরু = উন্নতস্তরুঃ　নদ্যাঃ + তীরম্ = নদ্যাস্তীরম্
ভূমেঃ + তলম্ = ভূমেস্তলম্　ক্ষিপ্তঃ + থুৎকারঃ (থুথু) = ক্ষিপ্তস্থুৎকারঃ

৫৭। শ্, ষ্, স্ পরে থাকিলে, বিসর্গ স্থানে বিকল্পে যথাক্রমে **শ্, ষ্, স্** হয়। (৪) যথা,—

সুপ্তঃ + শিশুঃ = সুপ্তশ্ শিশুঃ, সুপ্তঃ শিশুঃ
মত্তঃ + ষট্পদঃ = মত্তষ্ ষট্পদঃ, মত্তঃ ষট্পদঃ
প্রথমঃ + সর্গঃ = প্রথমস্ সর্গঃ, প্রথমঃ সর্গঃ।

৫৮। অকারের পরস্থিত **সজাত** বিসর্গের পর অকার থাকিলে, পূৰ্ব্ব অকার ও বিসর্গ উভয় স্থানে **ও** হয়। ওকার পূৰ্ব্ববর্ণে যুক্ত হয়, এবং পরের অকারের লোপ হয়; লুপ্ত অকারের চিহ্ন (ঽ) থাকে (৫)। যথা,—

নরঃ + অয়ম্ = নরোঽয়ম্　　নবঃ + অঙ্কুরঃ = নবোঽঙ্কুরঃ
জ্বলিতঃ + অঙ্গারঃ = জ্বলিতোঽঙ্গারঃ　বেদঃ + অধীতঃ = বেদোঽধীতঃ

৫৯। বর্গের তৃতীয়, চতুর্থ বা পঞ্চম বর্ণ কিংবা য্, র্, ল্, ব্, হ্, পরে

(১) স্তোঃ শ্চুনা শ্চুঃ।　(২) ষ্টুনা ষ্টুঃ।　(৩) বিসর্জনীয়স্য সঃ।
(৪) বা শরি।　(৫) সসজুষো রুঃ; অতো রোরপ্লুতাদপ্লুতে।

থাকিলে, অকার ও অকারের পরস্থিত সজাত বিসর্গ উভয়ে মিলিয়া **ও** হয়। ওকার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (১)। যথা,—

শোভনঃ + গন্ধঃ = শোভনো গন্ধঃ   নূতন + ঘটঃ = নূতনো ঘটঃ
সদ্যঃ + জাতঃ = সদ্যো জাতঃ   নির্ব্বাণঃ + দীপঃ = নির্ব্বাণো দীপঃ
অশ্বঃ + ধাবতি = অশ্বো ধাবতি   উন্নতঃ + নগঃ = উন্নতো নগঃ
অকুতঃ + ভয়ঃ = অকুতো ভয়ঃ   অতীতঃ + মাসঃ = অতীতো মাসঃ
কৃতঃ + যত্নঃ = কৃতো যত্নঃ   শান্তঃ + রোষঃ = শান্তো রোষঃ
শীতঃ + বায়ুঃ = শীতো বায়ুঃ   বামঃ + হস্তঃ = বামো হস্তঃ।

৬০। অকার ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, অকারের পরস্থিত সজাত **বিসর্গের লোপ** হয়। লোপের পর আর সন্ধি হয় না (২)। যথা,—

কুতঃ + আগতঃ = কুত আগতঃ   নরঃ + ইব = নর ইব
কঃ + ঈহতে = ক ঈহতে   চন্দ্রঃ + উদেতি = চন্দ্র উদেতি
রক্ত + ওষ্ঠঃ = রক্ত ওষ্ঠঃ   রাজ্ঞঃ + ঔদার্য্যম্ = রাজ্ঞ ঔদার্য্যম্

৬১। স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ অথবা পঞ্চম বর্ণ, কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকিলে, আকারের পরস্থিত সজাত **বিসর্গের লোপ** হয়। লোপের পর আর সন্ধি হয় না (২)। যথা,—

অশ্বাঃ + অমী = অশ্বা অমী   গজাঃ + ইমে = গজা ইমে
নরাঃ + এতে = নরা এতে   হতাঃ + গজাঃ = হতা গজাঃ
নির্ব্বাণাঃ + দীপাঃ = নির্ব্বাণা দীপাঃ   অশ্বাঃ + ধাবন্তি = অশ্বা ধাবন্তি
উন্নতাঃ + নগাঃ = উন্নতা নগাঃ   দৃঢ়াঃ + বন্ধাঃ = দৃঢ়া বন্ধাঃ
নরাঃ + ভীতাঃ = নরা ভীতাঃ   অতীতাঃ + মাসাঃ = অতীতা মাসাঃ
এতাঃ + রথ্যাঃ = এতা রথ্যাঃ   বাতাঃ + বান্তি = বাতা বান্তি (৩)

---

(১) হশি চ।

(২) ভোভগো অঘোঅপূর্ব্বস্য যোহশি। লোপঃ শাকল্যস্য। বৈয়াকরণেরা বিসর্গের লোপ করেন এবং বিকল্পে বিসর্গ স্থানে য় করেন। যথা, কুতঃ+আগতঃ=কুত আগতঃ, কুতয়াগতঃ; কঃ+এষঃ=ক এষঃ, কয়েষঃ।

(৩) বৈয়াকরণেরা স্বরবর্ণ পরে থাকিলে আকারের পরস্থিত বিসর্গস্থানে পক্ষান্তরে সন্ধি করেন। যথা, গজাঃ+ইমে,=গজাইমে, গজায়িমে; নরাঃ+এতে=নরা এতে, নরায়েতে।

৬২। স্বরবর্ণ বর্গের, তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকিলে, অ আ ভিন্ন স্বরবর্ণের পরস্থিত (স্‌জাত ও র্‌জাত) বিসর্গ স্থানে **র্** হয়। (১) যথা—

কবিঃ + অয়ম্ = কবিরয়ম্	সুধীঃ + অয়ম্ = সুধীরয়ম্
বধূঃ + এষা = বধূরেষা	বন্ধুঃ + আগতঃ = বন্ধুরাগতঃ
রবেঃ + উদয়ঃ = রবেরুদয়ঃ	মাতৃঃ + অর্চ্চয় = মাতৃরর্চ্চয়
তৈঃ + উক্তম্ = তৈরুক্তম্	প্রভোঃ + আদেশঃ = প্রভোরাদেশঃ
গৌঃ + অয়ম্ = গৌরয়ম্	বহিঃ + যোগঃ = বহির্যোগঃ
গুরুঃ + জয়তি = গুরুর্জয়তি	বায়ুঃ + বাতি = বায়ুর্বাতি
বিধুঃ + লীয়তে = বিধুর্লীয়তে	শিশুঃ + হসতি = শিশুর্হসতি

৬৩। স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ, কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকিলে, অকার ও আকারের পরস্থিত **র্-জাত বিসর্গ** স্থানে **র্** হয় (২)। যথা,—

পুনঃ + অপি = পুনরপি	প্রাতঃ + এব = প্রাতরেব
অন্তঃ + ধানম্ = অন্তর্ধানম্	স্বঃ + গতঃ = স্বর্গতঃ
ভ্রাতঃ + আগচ্ছ = ভ্রাতরাগচ্ছ	মাতঃ + দেহি = মাতর্দেহি
দুহিতঃ + যাহি = দুহিতর্যাহি	দ্বাঃ + এষা = দ্বারেষা

(ক)। স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকিলে **অহন্** শব্দের **ন্** স্থানে **র্** হয় (৩)। যথা, অহন্ + অহঃ = অহরহঃ ; অহন্ + গণঃ = অহর্গণঃ। কিন্তু সুবন্ত প্রত্যয় পরে থাকিলে হয় না ; যথা, অহোভিঃ।

৬৪। র্ পরে থাকিলে বিসর্গ স্থানে যে র্ হয়, তাহার **লোপ** (৪) হয় এবং **পূর্ব্বস্বর হ্রস্ব** থাকিলে **দীর্ঘ** হয় (৫)। যথা,—

পিতঃ + রক্ষ = পিতারক্ষ	নিঃ + রসঃ = নীরসঃ
বিধুঃ + রাজতে = বিধূরাজতে	মাতুঃ + রোদনম্ = মাতূরোদনম্

(১) সসজুষো রুঃ। (২) সসজুষো রুঃ ; হশি চ। (৩) অহন্। রোঽসুপি।
(৪) রো রি। (৫) ঢ্রলোপে পূর্ব্বস্য দীর্ঘোঽণঃ।

পূর্বস্বর দীর্ঘ থাকিলে কেবল **বিসর্গের লোপ** হয়। যথা,—

লক্ষ্মীঃ+রম্যা=লক্ষ্মী রম্যা

৬৫। অকার ভিন্ন স্বর, অথবা যে কোন ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে, **সঃ, এষঃ** এই দুই পদের **বিসর্গের লোপ** হয়। লোপের পরে আর সন্ধি হয় না (১)। যথা,—

সঃ+আগতঃ=স আগতঃ   সঃ+ইচ্ছতি=স ইচ্ছতি
সঃ+উবাচ=স উবাচ   সঃ+করোতি=স করোতি
সঃ+চলতি=স চলতি   সঃ+হসতি=স হসতি
এষঃ+আয়াতি=এষ আয়াতি   এষঃ+ধাবতি=এষ ধাবতি
কিন্তু—সঃ+অহম্=সোঽহম্; এষঃ+অয়ম্=এষোঽয়ম্

৬৬। স্বরবর্ণ বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকিলে, ভোঃ এই পদের **বিসর্গের লোপ** হয়। লোপের পর আর সন্ধি হয় না (২)। যথা,—

ভোঃ+অম্বরীশ=ভো অম্বরীশ   ভোঃ+ঈশান=ভো ঈশান
ভোঃ+গদাধর=ভো গদাধর   ভোঃ+জনমেজয়=ভো জনমেজয়
ভোঃ+দামোদর=ভো দামোদর   ভোঃ+মাধব=ভো মাধব

(ক) ক্ খ্ প্ ফ্ পরে থাকিলে, নিঃ, আবিঃ, বহিঃ, দুঃ, প্রাদুঃ, চতুঃ এই সকল শব্দের বিসর্গ স্থানে মূর্দ্ধন্য ষ্ হয় (৩)। যথা,—

নিঃ+কামঃ=নিষ্কামঃ   নিঃ+ফলঃ=নিষ্ফলঃ
আবিঃ+কৃতম্=আবিষ্কৃতম্   বহিঃ+কৃতঃ=বহিষ্কৃতঃ
নিঃ+খেদঃ=নিষ্‌খেদঃ   নিঃ+পীড়িতঃ=নিষ্পীড়িতঃ
দুঃ+করম্=দুষ্করম্   প্রাদুঃ+কৃতম্=প্রাদুষ্কৃতম্
চতুঃ+কোণম্=চতুষ্কোণম্   চতুঃ+পথম্=চতুষ্পথম্

---

(১) এতত্তদোঃ সুলোপোঽকোরনঞ্-সমাসে হলি।
(২) ভোভগোঅঘোঅপূর্ব্বস্য যোঽশি। হলি সর্ব্বেষাম্। (৩) সোঽপদাদৌ।

(খ) **ক্ খ্ প্ ফ্** পরে থাকিলে, হবিঃ, সর্পিঃ, আয়ুঃ, ধনুঃ, প্রভৃতির (১) **বিসর্গ স্থানে** বিকল্পে **মূর্দ্ধন্য ষ্** হয় (২)। যথা—

হবিঃ+পততি=হবিষ্পততি, হবিঃ পততি

সর্পিঃ+পিবতি=সর্পিষ্পিবতি, সর্পিঃ পিবতি

আয়ুঃ+করোতি=আয়ুষ্করোতি, আয়ুঃ করোতি

ধনুঃ+করোতি=ধনুষ্করোতি, ধনুঃ করোতি।

সমাসে নিত্য ষ্ হয়। যথা—

হবিঃ+পানম্=হবিষ্পানম্ আয়ু+কামঃ=আয়ুষ্কামঃ

ধনুঃ+পাণিঃ=ধনুষ্পাণিঃ (৩)।

(গ) তকারাদি তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে, হ্রস্ব ইকার ও হ্রস্ব উকারের পরস্থিত বিসর্গ স্থানে ষ্ হয় (৪)। যথা,—

অর্চিঃ+তম্=অর্চিষ্টম্ চতুঃ+তয়ম্=চতুষ্টয়ম্।

(ঘ) কৃ-ধাতু-নিষ্পন্ন পদ পরে থাকিলে, **নমঃ, পুরঃ, তিরঃ**—ইহাদের বিসর্গস্থানে **দন্ত্য স্** হয় (৫)। যথা—

নমঃ+করোতি=নমস্করোতি নমঃ+কারঃ=নমস্কারঃ

পুরঃ+কৃত্য=পুরস্কৃত্য তিরঃ+কার=তিরস্কারঃ।

(ঙ) কর, কার, কান্ত, কাম, কুম্ভ ও পাত্র শব্দ পরে থাকিলে অকারের পরস্থিত বিসর্গ স্থানে স্ হয় (৬)। যথা—

শ্রেয়ঃ+করঃ=শ্রেয়স্করঃ পুরঃ+কারঃ=পুরস্কারঃ

অয়ঃ+কান্তঃ=অয়স্কান্তঃ মনঃ+কামঃ=মনস্কামঃ

অয়ঃ+কুম্ভঃ=অয়স্কুম্ভঃ পয়ঃ+পাত্রম্=পয়স্পাত্রম্

---

(১) হবিঃ, সর্পিঃ, বর্হিঃ, অর্চ্চিঃ, রোচিঃ, আয়ুঃ, ধনুঃ, চক্ষুঃ ইত্যাদি।

(২) ইসুসোঃ সামর্থ্যে।

(৩) অ-সমস্ত ভ্রাতুঃ+পুত্রঃ এর বিসর্গস্থানে ষ্ হয়—ভ্রাতুষ্পুত্রঃ।

(৪) ইদুদুপধস্য চাপ্রত্যয়স্য। (৫) নমস্পুরসোর্গত্যোঃ।

(৬) অতঃ কৃ-কমি-কংস-কুম্ভ-পাত্র-কুশাকর্ণিধনব্যয়স্য।

(চ) তমঃ+কাণ্ডঃ, মেদঃ+পিণ্ডঃ, ভাঃ+করঃ, অহঃ+করঃ, বাচঃ+পতিঃ, দিবঃ+পতিঃ, অয়ঃ+কীলঃ প্রভৃতির বিসর্গ স্থানে স্ হয়। যথা, তমস্কাণ্ডঃ (mass of darkness), মেদস্পিণ্ডঃ, ভাস্করঃ, বাচস্পতিঃ, দিবস্পতিঃ (Sun), অয়স্কীলঃ (লোহার পেরেক)।

সংক্ষিপ্ত বিসর্গসন্ধি

১। ঃ+চ্ বা ছ্=শ্চ্, শ্ছ্, ঃ+ট্ বা ঠ্=ষ্ট্, ষ্ঠ্, ঃ+ত্ বা থ্=স্ত্, স্থ্—নিশ্চিতম্, ধনুষ্টঙ্কারঃ, তরোস্তলম্।

২। অ+সজাত ঃ+অ=ও —নরোঽয়ম্।

৩। " + " ঃ+অকারভিন্ন স্বর=বিসর্গ লোপ—নর আয়াতি।

৪। " + " ঃ+ঘোষবর্ণ=ও+পরবর্ণ —নরো যাতি।

৫। আ+" ঃ+স্বর বা ঘোষবর্ণ=বিসর্গ লোপ—গজা ইমে।

৬। অ আ ভিন্ন স্বর+স্বর বা ঘোষ=পূর্ব্বস্বর+র্+পরবর্ণ।

৭। রজাত ঃ+স্বর বা ঘোষ=পূর্ব্বস্বর+র্+পরবর্ণ—প্রাতরেব

৮। স্বর+রজাত বিসর্গজাত র্+র্=পূর্ব্বস্বর দীর্ঘ+পরবর্ত্তী র্।

৯। সঃ বা এষঃ+অকারভিন্ন স্বর বা ব্যঞ্জন=বিসর্গ লোপ।

Exercise

1. Join the following stating the rules of Sandhi :—গচ্ছন্+চিন্তয়তি ; মহান্+লাভঃ ; স্বঃ+গতঃ ; প্রাতঃ+রম্যম্ ; পুম্+চকোরঃ ; শ্বঃ+ভবিতা ; তৎ+শৃণু ; মহৎ+ভবেৎ ; মা কৃথাঃ+বীর ; ধাবন্+চলিতঃ ; তৎ+হিতম্ ; ধীমন্+আগতঃ ; হরিঃ+রক্ষিতঃ; বাক্+মাত্রম্; ভবান্+চরতি ; তৎ+শয্যা; সাধুঃ+আয়াতি ; পুনঃ+গতঃ ; সঃ+ইচ্ছতি ; পুনঃ+রমতে ; বাক্+ময়ঃ ; হসন্+আগতঃ ; নীড়াঃ+দৃষ্টাঃ ; তরু+ছায়া ; ভবান্+ত্রায়তাম্ ; গুরুঃ+রমতে ; প্রাণান্+ত্যজামি ; ততঃ+ভগবান্; অতঃ+উচ্যতে; তান্+শশকান্ ; রাজন্+আগচ্ছ; মহান্+আকারঃ; প্রস্তুতঃ+অয়ম্ ; মাতুঃ+দুঃখম্ ; যাদৃক্+রূপম্ ; চক্রিন্+ত্রায়স্ব; বাক্+হরিঃ ; শম্ভুঃ+রাজতে ; হসন্+চকোরঃ ; ভোঃ+অচ্যুতঃ; মনঃ+রথঃ; সম্+কারঃ ; সম্রাট্+অয়ম্ ;

অস্মিন্+অন্তরে ; ভ্রাতঃ+রমস্ব ; তৎ+শূরঃ ; তৎ+লুনাতি ; ভবান্+আগতঃ ; হরিঃ+জগাম ; মহান্+চরতি ; জগৎ+নাথঃ ; গচ্ছন্+ঝটিতি ; মহান্+ছেদঃ ; চিন্তয়ন্+ইহ ; মহান্+আগ্রহঃ ; অপ্+ময়ম্ ; শিশুঃ+হসতি , দেবাঃ+যান্তি ; সঃ+অত্র ; ভ্রাতঃ+দেহি ; এতদ্+শকাব্দীয়ম্ ; নিন্দন্+শঠঃ ; তদ্+হেয়ম্ ; এতদ্+ডামরঃ ; ক্ষিপ্রম্+চলতি ; ভবৎ+উক্তম্ ; বৃহৎ+রথঃ ; পরিব্রাট্+গচ্ছতি ; অপ্+ভক্ষ্যঃ ; অপ্+নাস্তি ; উন্নতঃ+শৈলঃ ; রবেঃ+সংক্রমঃ ; জ্বলিতঃ+অঙ্গারঃ ; প্রাতঃ+ইহ ; ইতঃ+উর্দ্ধ্বম্ ; মধুরাঃ+ঝঙ্কারাঃ ; হবিঃ+ঘ্রাণম্ ; পশ্যন্+শশঃ ; ভোঃ+ঈশ ; সঃ+গচ্ছতি ; এষঃ+এতি ; তান্+তান্ ; মহান্+চন্দ্রঃ ; বিদ্বান্+লিখতি ; অধঃ+পদম্ ; অহঃ+নিশম্ ; সঃ+কদা ; গীঃ+পতিঃ ; মুনিঃ+রম্যঃ ; নৃত্যন্+চকোরঃ ; চক্ষুঃ+রোগঃ ; তীক্ষ্ণঃ+অঙ্কুশঃ ; এষঃ+সঃ ।

2. Disjoin the following words citing the rules of Sandhi :—
স নূনম্ ; বুদ্ধির্যস্য , ভো যুক্তম্ ; ততোঽসৌ ; সর্ব্বে এব ; গায়তো রাঘবস্য ; উত্থানম্ ; উদ্ধৃতম্ ; দ্বারেষা ; দিঙ্নাগঃ ; শ্বেতচ্ছত্রম্ ; অহরহঃ ; চিন্তয়তস্তস্য , ততশ্ছিন্নে ; পুনরেতাংস্তব ; কিঞ্চিদর্থেন ; নিরুপদ্রবোঽয়ং মার্গঃ ; ততস্তন্মধ্যাদেকেন ; তেষ্বেকো বানরঃ; ভুজচ্ছায়ায়াম্ ; আচরংস্তিষ্ঠামি ; শব্দোঽস্মাভিরপ্যাকর্ণিতঃ ; বিকৃতবুদ্ধী রহস্যেবম্ ; জগদীশঃ ; বাঙ্ময়ম্ ; তন্মাত্রম্ ; শান্তঃ ; নীরোগঃ ; শ্রীরসৌ ; অহোরাত্রম্ ; হন্তব্যম্ ; স্রষ্টা ; মহাংস্তরুঃ ; শাম্যংস্তাপঃ ; বাগ্বাহুল্যম্ ; পুত্রা জাতাঃ ; কুত ঐক্যম্ ; দৃঢ়ো বন্ধঃ ; সুপ্তশ্ শিশুঃ ; গৌরয়ম্ ; মাতূরোদনম্ ; তাবন্নিশীথে ; গচ্ছতোঽস্য ; যাবন্নিষ্ক্রান্তস্তাবৎ ; নিশ্চক্রাম ।

3. Account for the double ন্ in সন্নব্রবীৎ and for the elision of অ in এতেঽস্মৎপুত্রাঃ ।

4. Rewrite the following joining words in *Sandhi* where possible :—(*a*) রবৌ অস্তমিতে সন্ধ্যা সমাগতা ; (*b*) দস্যুনা পরিব্রাট্ হতঃ ; (*c*) বিরাজতে পূর্ণঃ চন্দ্রঃ ; (*d*) দ্বাঃ এষা গৃহস্য ।

5. Disjoin the *Sandhis* and indicate each word separately :—

(*a*) ভো জ্ঞাতমেতদ্ ভবদ্ভির্যন্মমৈতে পুত্রাঃ শাস্ত্রবিমুখা বিবেকরহিতাশ্চ। তদেতান্ পশ্যতো মে মহদপি রাজ্যং ন সৌখ্যমাবহতি। (*b*) শ্লোক এবায়ং বদ্ধো নাত্র কার্য্যা বিচারণা।

৮। ওষধিবাচক ও বৃক্ষবাচক শব্দের পরস্থিত বন শব্দের দন্ত্য ন্ বিকল্পে মূর্দ্ধন্য ণ্ হয়। যথা, ওষধিবাচক—ব্রীহিবণম্, ব্রীহিবনম্; রম্ভাবণম্, রম্ভাবনম্; বৃক্ষবাচক—লোধ্রবণম্, লোধ্রবনম্; কেশরবণম্, কেশরবনম্। [ওষধি—যে গাছ ফল পাকিলে মরিয়া যায়।]

৯। শর, ইক্ষু, প্লক্ষ, আম্র, খদির, এই কয় শব্দের পরস্থিত বন শব্দের দন্ত্য ন্ নিত্য মূর্দ্ধন্য ণ্ হয় (১)। যথা, শরবণম্, ইক্ষুবণম্, প্লক্ষবণম্, আম্রবণম্, খদিরবণম্।

১০। প্র, নির্, অন্তর্, অগ্রে, এই কয় শব্দের পরস্থিত বন শব্দের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয়। যথা, প্রবণম্, নির্বণম্, অন্তর্বণম্, অগ্রেবণম্।

১১। বয়স অর্থ বুঝাইলে ত্রি ও চতুর্ শব্দের পরবর্ত্তী হায়ন (year) শব্দের দন্ত্য ন্ ণ্ হয়। যথা, ত্রিহায়ণো বৎসঃ, চতুর্হায়ণী (four years old) গৌঃ।

১২। প্র, পূর্ব্ব, অপর প্রভৃতি শব্দের পরবর্ত্তী অহ্ন শব্দের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় (২)। যথা, প্রাহ্ণঃ পূর্বাহ্ণঃ, অপরাহ্ণঃ।

১৩। পর, পার, উত্তর, চান্দ্র ও নারা শব্দের পরবর্ত্তী অয়ন শব্দের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয়। (৩) যথা, পরায়ণম্, পারায়ণম্, উত্তরায়ণম্, চান্দ্রায়ণম্, নারায়ণঃ।

১৪। অগ্র ও গ্রাম শব্দের পরবর্ত্তী নী শব্দের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় (৪)। যথা, অগ্রণীঃ, গ্রামণীঃ।

১৫। সংজ্ঞা বুঝাইলে শূর্পের পরস্থিত নখের দন্ত্য ন্ এবং প্র, রু,

---

(১) প্রনিরন্তঃশরেক্ষুপ্লক্ষাম্রকার্ষ্যখদিরপীযুক্ষাভ্যোঽসংজ্ঞায়ামপি।

(২) অহ্নোঽদন্তাৎ।

(৩) অয়নঞ্চ।

(৪) 'অগ্রগ্রামাভ্যাং নয়তের্ণো বাচ্যঃ'।

৩। পদের অন্তস্থিত দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না (১)। যথা,—নরান্, হরীন্, গুরূন্, গ্রহান্, ক্রমান্, মৃগান্ ইত্যাদি।

৪। ন্-ভিন্ন তবর্গ-যুক্ত, এবং প্ ও ভ্-যুক্ত, দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না। যথা, কৃন্ততি, গ্রন্থনম্, বৃন্দঃ, রুন্ধন্, তৃপ্নোতি, ক্ষুভ্নাতি।

৫। যদি একপদে ঋ ৠ র্ ষ্ এবং অন্যপদে দন্ত্য ন্ থাকে, তাহা হইলে প্রাপ্তি থাকিলেও ঐ দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না। যথা,—নৃ-যানম্, বৃষ-যানম্, গিরিগহনম্, শরাগ্নিঃ, রঘু-নন্দনঃ, গিরি-নন্দিনী, ত্রি-নেত্রঃ, ত্রি-নয়নঃ, বৃষবাহনঃ, সর্বনাম, চারুনেত্রী, দীর্ঘনয়না, চিত্রভানুঃ, দুর্নাম, স্বর্ভানুঃ, নরবাহনঃ, অদ্রিনাথঃ, দৌর্ভাগিনেয়ঃ, বারিনিধিঃ।

৬। যদি অন্যপদস্থিত দন্ত্য ন্ বিভক্তিস্থানে জাত, অথবা বিভক্তি-যুক্ত হয়, কিংবা স্ত্রীলিঙ্গবিহিত ঈ-প্রত্যয়ের সহিত মিলিত থাকে, তাহা হইলে বিকল্পে মূর্দ্ধন্য ণ্ হয় (২)। যথা, বিভক্তি স্থানে জাত ন্—প্রভাবেণ, প্রভাবেন ; পরিভবেণ, পরিভবেন ; অন্তর্ভাবেণ, অন্তর্ভাবেন ; বিভক্তিযুক্ত ন্—বিষপায়িণা, বিষপায়িনা ; (৩) ; ঈ-প্রত্যয়মিলিত ন্—নগরযায়িণী, নগরযায়িনী ; বিষপায়িণী, বিষপায়িনী।

৭। যদি পরপদ একস্বরবিশিষ্ট অথবা কবর্গ যুক্ত থাকে, তাহা হইলে দন্ত্য ন্ নিত্যই মূর্দ্ধন্য ণ্ হয় (৪)। যথা, একস্বরবিশিষ্ট—প্রভুণা, বৃত্রহণৌ, বৃত্রহণঃ ; কবর্গ যুক্ত—শ্রীকামেণ, দুর্গমেণ, পরিপাকেণ।

---

(১) পদান্তস্থ।

(২) শেষে বিভাষাঽকখাদাবষান্ত উপদেশে। প্রাতিপদিকান্তনুম্বিভক্তিষু চ।

(৩) যুবন্ শব্দের হয় না। যথা, নৃযুবানৌ, ক্ষত্রিয়যুবানম্।

(৪) একাজুত্তরপদে ণঃ। কুমতি চ।

6. Correct the errors in the following :—

(a) তরোর্চ্ছায়ায়ামুপবিশ ; (b) এষো ভগবান্ ভবানীপতিঃ ;
(c) হসঞ্চলতি অসৌ যুবা ; (d) সাধ্বিমৌ মুনিবালকৌ ;
(e) পুঙ্কোকিলো গায়তি ; (f) মুনীমৌ দ্বৌ তপস্যতঃ ;
(g) উভেহত্র নদ্যৌ মিলিতে , (h) দ্বে চক্ষুষ্যন্কে মম ;
(i) দ্বেহহনী সো নগরে স্থাস্যতি ; (j) সৈষো রাজা যুধিষ্ঠিরঃ ;
(k) তরোছ ায়ামুপৈতি পান্থঃ ; (l) উপৈতি জ্যোতির্মতী নিশা ;
(m) সো বনমধিতিষ্ঠতি, (n) ভবান্নন্নং ভুক্ত্বা গৃহং গচ্ছ, (o) পুনোঽসৌ বালকঃ গৃহং গচ্ছতি, (p) ভ্রাতো রক্ষ মামস্যা বিপদঃ, (q) ষড্ নবতিঃ নার্য্যো সরগচ্ছন্তি

7. Indicate with reasons the difference you notice in joining :—

(a) রামঃ+অপি and প্রাতঃ+অপি, (b) বালঃ+এব and প্রাতঃ+এব।

ণত্ব-বিধান

১। ঋ, ঋৃ, র্, ষ্, এই চারি বর্ণের পর **দন্ত্য ন্** থাকিলে মূর্দ্ধন্য ণ্ হয় (১)। যথা, নৃণাম্, তিসৃণাম্, পিতৃণাম্, ভ্রাতৃণাম্, চতুর্ণাম্, বিস্তীর্ণম্, বিকীর্ণম্, দোষ্ণা, পুষ্ণাতি।

২। **স্বরবর্ণ, কবর্গ, পবর্গ, য্ ব্ হ্ ও অনুস্বারের ব্যবধান** থাকিলেও ঋ ঋৃ র্ ও ষ্ এর পরবর্ত্তী দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় (২)। যথা, করণম্, করাণাম্, করিণা, হরিণা, গুরুণা, গুরূণাম, পরেণ, অর্কেণ, মূর্খেণ, মৃগেণ, দীর্ঘেণ, দর্পেণ, রেফেণ, গর্ভেণ, ক্রমেণ, গ্রহাণাম্, বৃংহণম্ (৩)।

---

(১) রষাভ্যাং নো ণঃ সমানপদে। (২) অট্‌কুপ্বাঙ্‌নুম্‌ব্যবায়েঽপি।

(৩) এতদ্ব্যতিরিক্ত বর্ণ ব্যবধান থাকিলে দন্ত্য ন্ মূর্দ্ধন্য হয় না। যথা—অর্চ্চনা, মূর্চ্ছনা, অর্জ্জনম্, কিরীটেন, মূঢ়েন, দৃঢ়েন, আর্ত্তেন, অর্থেন, বিমর্দ্দেন, অর্দ্ধেন, বিরলেন, স্পর্শেন, রসেন।

এবং খর ও বার্ধ্রী শব্দের পরস্থিত নসের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় (১)। যথা, শূর্পণখা (রাবণভগিনী), প্রণসঃ, দ্রুণসঃ, খরণসঃ, বার্ধ্রীণসঃ।

১৬। গিরিনদী প্রভৃতির (২) দন্ত্য ন্ বিকল্পে মূর্দ্ধন্য ণ্ হয়। (৩)। যথা, গিরিণদী, গিরিনদী ; স্বর্ণদী, স্বর্নদী।

১৭। প্র, পরা, পরি, নির্, এই চারি উপসর্গের ও অন্তর্ শব্দের পরবর্ত্তী নদ্, নম্, নশ্, নী, হন্ প্রভৃতি (৪) ধাতুর দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ হয় (৫)। যথা, নদ্—প্রণদতি ; নম্—প্রণমতি, প্রণামঃ, পরিণমতি, পরিণামঃ ; নশ্—**প্রণশ্যতি**, পরিণশ্যতি, অন্তর্ণাশঃ, **প্রণাশঃ** (৬) ; নহ্—প্রণহ্যতি, পরিণাহঃ ; নী—প্রণয়তি, প্রণীয়তে, **প্রণয়ঃ**, পরিণীতঃ, নির্ণয়ঃ ; নু—প্রণৌতি, পরিণৌতি, **প্রণবঃ** ; নুদ্—প্রণুদতি, প্রণোদঃ ; অন্—**প্রাণিতি**, প্রাণ্যাৎ, প্রাণঃ ; হন্—প্রহণ্যতে, পরিহণ্যতে, প্রহণ্যাৎ, পরাহণনম্, পরিহণনম্, নির্হণনম্, অন্তর্হণনম্ (৭)।

১৮। লোটের আনি বিভক্তির দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় (৮)। যথা, প্রভবাণি, পরাভবাণি, পরিভবাণি, নির্ভবাণি, অন্তর্ভবাণি ; প্রবহাণি, পরিবহাণি, অন্তর্ব্বহাণি ; প্রবপাণি, পরিবপাণি, অন্তর্বপাণি, নির্বপাণি।

---

(১) পূর্ব্বপদাৎ সংজ্ঞায়ামগঃ। উপসর্গাদ্ বহুলম্।

(২) গিরিনদী, স্বর্নদী, গিরিনিতম্ব, গিরিনখ, গিরিনদ্ধ, চক্রনদী, চক্রনিতম্ব, মাষোন

(৩) গিরিনদ্যাদীনাং বা।

(৪) নদ্, নম্, নশ্, নহ্, নী, নু, অন্, হন্।

(৫) উপসর্গাদসমাসেঽপি ণোপদেশস্য।

(৬) **নশেঃ ষান্তস্য**—নশ্ ধাতুর তালব্য শ্ মূর্দ্ধন্য ষ্ হইলে দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না। যথা, **প্রনষ্টঃ**, পরিনষ্টঃ, নির্নষ্টঃ, অন্তর্নষ্টঃ।

(৭) হন্ ধাতুর হ্ স্থানে ঘ্ হইলে দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না। যথা, প্রঘ্নন্তি, পরিঘ্নন্তি, প্রাঘানি, পর্যঘানি, শত্রুঘ্নঃ।

(৮) আনি লোট্।

১৯। গদ্ প্রভৃতি (১) ধাতুর পূর্ব্ববর্ত্তী নি উপসর্গের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় (২)। যথা, গদ্—প্রণিগদতি ; পত্—প্রণিপতাতি, **প্রণিপাতঃ** ; দা—প্রণিদদাতি ; ধা—প্রণিদধাতি, **প্রণিধানম্**, প্রণিহিতঃ ; হন্—**প্রণিহন্তি,** পরিণিহন্তি, নির্ণিহন্তি, অন্তর্ণিহন্তি।

২০। ধাতুর পূর্ব্বে, প্র, পরা, পরি, নির্, এই চারি উপসর্গ, অথবা অন্তর্ শব্দ থাকিলে, কৃৎ-প্রত্যয়ের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় (৩)। যথা, যা—**প্রয়াণম্**, নির্যাণম্; হা—প্রহাণম্, প্রহীণঃ;উহ—প্রোহণীয়ম্, প্রোহণম্; বপ্—প্রবপণীয়ম্, প্রবপণম্ ; বহ্—**পরিবহমাণঃ**, প্রবহণম্ ; আপ্—প্রাপণীয়ম্ ; মা—**প্রমাণম্**, পরিমাণম্ ; ঈক্ষ্—প্রেক্ষণম্।

২১। কৃৎ-প্রত্যয়ের দন্ত্য ন্ ব্যঞ্জনবর্ণে মিলিত হইলে মূর্দ্ধন্য ণ্ হয় না। যথা, প্রভগ্নঃ, পরিভগ্নঃ, প্রভুগ্নঃ, পরিভুগ্নঃ, প্রমগ্নঃ, পরিমগ্নঃ, প্রবিগ্নঃ, পরিবিগ্নঃ, নির্ব্বিগ্নঃ।

ষত্ব-বিধান

১। **অ আ ভিন্ন স্বর, ক্ র্,** এই সকল বর্ণের পরস্থিত আদেশের ও প্রত্যয়ের **দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয়** (৪)। যথা, মুনিষু, নদীষু, সাধুষু, বধূষু, ভ্রাতৃষু, নরেষু, অনৈষীৎ, গোষু, নৌষু ; দিক্ষু, চতুর্ষু (৫)।

---

(১) গদ্, পত্, দা, ধা, হন্, পদ্, দো, সো, দে, ধে, মা, যা, বা, দ্রা, প্সা, বপ্, বহ্, শম্, চি, দিহ্।

(২) নের্গদ-নদ-পত-পদ-ঘু-মা-স্যতি-হন্তি-যাতি-বাতি-দ্রাতি-প্সাতি-বপতি-বহতি-শাম্যতি-চিনোতি-দোগ্ধিষু চ।

(৩) কৃত্যচঃ।

(৪) ইণ্কোঃ। আদেশ-প্রত্যয়য়োঃ।

(৫) সাৎ-প্রত্যয়ের দন্ত্য স মূর্দ্ধন্য ষ্ হয় না। যথা, অগ্নিসাৎ, বায়ুসাৎ, ভ্রাতৃসাৎ।

অনুস্বার ও বিসর্গ ব্যবধান থাকিলেও মূর্দ্ধন্য ষ্ হয় (১)। যথা, হবীংষি, ধনূংষি, আশীঃষু, আয়ুঃষু (২)।

২। ষোপদেশ ধাতুকে (৩) অভ্যস্ত (reduplicated) করিলে যদি ধাতুর দ্বিতীয় দন্ত্য স্—ই, উ, এ, ও, এই চারিবর্ণের পরস্থিত হয়, তাহা হইলে ঐ দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয়। যথা, সিচ্—সিষেচ, সিষিচতুঃ, সিষিচুঃ (৪); সিধ্—সিষেধ; সু—সুষাব, সুষুবতুঃ; সূ—সুষুবে; সেব্—**সিষেবে**, সিষেবাতে, সিষেবিরে; স্তু—**তুষ্টাব**; স্নিহ্—সিষ্ণেহ; স্মি—সিষ্মিয়ে; স্বপ্—**সুষ্বাপ**, সুষুপতুঃ, সুষুপুঃ; স্তভ্—তুষ্টভে; সো—সেষীয়তে; সিব্—সেষেব্যতে; সু—সোষূয়তে; স্তু—তোষ্টূয়তে।

৩। ইকারান্ত (৫) ও উকারান্ত (৬) উপসর্গের পরস্থিত সু প্রভৃতি (৭) ধাতুর দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (৮)। যথা, সু—অভিষুণোতি, অনুষুণোতি (৯); সু (১০)—অপিষুবতি; অনুষুবতি; সো—অধিষ্যতি; স্তু—অভিষ্টৌতি, অনুষ্টৌতি; স্তভ্—প্রতিষ্টোভতে, অনুষ্টোভতে, স্থা—

---

(১) নুম্‌বিসর্জ্জনীয়শর্ব্যবায়েঽপি।

(২) ক্লীবলিঙ্গ শব্দের প্রথমা ও দ্বিতীয়ার বহুবচনের পদে যে অনুস্বার থাকে, তদ্ভিন্ন অনুস্বার ব্যবধানে হয় না; যথা, পুম্‌স্ শব্দের সপ্তমীর বহুবচনে পুংসু এস্থলে মূর্দ্ধন্য ষ্ হইল না।

(৩) সিচ্, সঞ্জ্, সদ্, সহ, সাধ্, সিব্, সিধ্, সু, সূ, সেব্, সো, স্তম্ভ্, স্তু, স্তভ্, স্ত্যৈ, স্থা, স্না, স্নিহ্, স্নু, স্মি, স্বঞ্জ্, স্বদ্, স্বপ্, স্বিদ্ ইত্যাদি।

(৪) যঙ্ প্রত্যয় হইলে সিচ্ ধাতুর দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় না। যথা, সেসিচ্যতে।

(৫) নি, বি, পরি, প্রতি, অপি, অভি। (৬) সু, অনু। (৭) সু, সূ, সো, স্তভ্, স্থা, সেনি, সিধ্, সিচ্, সঞ্জ্, স্বঞ্জ্, সদ্, স্তম্ভ্। (৮) উপসর্গাৎ সুনোতি-সুবতি-স্যতি-স্তৌতি-স্তোভতি-স্থা-সেনয়-সেধ-সিচ-সঞ্জ-স্বঞ্জাম্। (৯) লৃট্ ও লৃঙ্ বিভক্তি এবং স্যৎ প্রত্যয় পরে থাকিলে হয় না। যথা, লৃট্—অভিসোষ্যতি, লৃঙ্—অভ্যসোষ্যৎ, স্যৎ—অভিসোষ্যৎ। (১০) তুদাদিগণীয়।

অধিষ্ঠাস্যতি, **অনুষ্ঠাস্যতি** ; সেনি—অভিষেণয়তি ; সিধ্ (১)—প্রতিষেধতি, অনুষেধতি ; সিচ্—নিষিঞ্চতি, অনুষিঞ্চতি ; সঞ্জ্—নিষজতি, অনুষজতি ; স্বঞ্জ্—পরিষ্বজতে, অনুষ্বজতে ; সদ্—বিষীদতি, অনুষীদতি (২) ; স্তম্ভ্—অভিষ্টভ্নাতি অনুষ্টভ্নাতি (৩)। অট্-ব্যবধানেও মূর্দ্ধন্য ষ্ হয়। যথা, অভ্যষুণোৎ, অভ্যষেণয়ৎ, অভ্যষিঞ্চৎ, অন্বষজৎ, ব্যষীদৎ (৪)।

৪। পরি, নি, বি-পূর্ব্বক সেব্, সিব্, সহ্ ধাতুর দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (৫)। যথা, সেব্—পরিষেবতে, নিষেবতে, বিষেবতে ; সিব্—পরিষীব্যতি ; সহ্—পরিষহতে (৬) ; অট-ব্যবধানেও হয় ; কিন্তু সেব্ ধাতুর নিত্য, সিব্ ও সহ্ ধাতুর বিকল্পে। যথা, সেব্—পর্যষেবত ; সিব্—পর্য্যষীব্যৎ, পর্য্যসীব্যৎ ; সহ্—ন্যষহত, ন্যসহত। ণিজন্ত করিলে লুঙ্ বিভক্তিতে সিব্ ও সহ্ ধাতুর দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় না। যথা, সিব্—পর্য্যসীসিবৎ ; সহ্—পর্য্যসীসহৎ।

৫। স্বপ্ ধাতু স্থানে কৃত 'সুপ্', সু, বি, নির্, দুর্ উপসর্গের পরবর্ত্তী হইলে দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (৭)। যথা, সুষুপ্তঃ, সুষুপ্তিঃ, বিষুপ্তিঃ, নিষুপ্তঃ, দুঃষুপ্তঃ, দুঃষুষুপতুঃ, দুঃষুষুপুঃ।

---

(১) গমনার্থ সিধ্-ধাতুর হয় না ; যথা, গৃহং প্রতিসেধতি, পরিসেধতি, অভিসেধতি। দিবাদিগণীয় সিধ্ ধাতুরও হয় না। যথা, নিসিধ্যতি।

(২) প্রতি পূর্ব্বকের হয় না। যথা, প্রতিসীদতি। সদিরপ্রতেঃ।

(৩) আলম্বন ও সামীপ্য অর্থে অব-পূর্ব্বকেরও হয়। যথা, আলম্বন অর্থে—যষ্টিমবষ্টভ্য আস্তে, যষ্টিমালম্ব্য তিষ্ঠতীত্যর্থঃ, সামীপ্য অর্থে—অবষ্টব্ধা গৌঃ, গৌঃ সমীপে বর্ত্ততে ইত্যর্থঃ। প্রতিস্তব্ধ ও নিস্তব্ধ এই দুইয়ের দন্ত্য স্ মূর্ধন্য ষ্ হয় না। ণিজন্ত করিলে লুঙ্ বিভক্তিতে স্তম্ভ্-এর দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ হয় না। যথা, পর্য্যতস্তম্ভৎ। (৪) পরি, নি ও বি পূর্ব্বক স্তু ও স্বঞ্জ্ ধাতুর বিকল্পে হয় ; যথা, পর্য্যষ্টাবীৎ, পর্য্যস্তাবীৎ, পর্য্যষ্বজত, পর্যস্বজত। (৫) পরিনিবিভ্যঃ সেব-সিত-সয়-সিবু-সহ-স্থূট্-স্তু-স্বঞ্জাম্। (৬) সহ্ স্থানে সোঢ় হইলে মূর্দ্ধন্য ষ হয় না ; যথা, পরিসোঢ়া, নিসোঢ়ম্, নিসোঢ়ঃ। (৭) সুবিনির্দুর্ভ্যঃ সুপি সূতিসমাঃ।

৬। শাস্‌ধাতুস্থানে শিস্‌ ও বস্‌ ধাতু স্থানে উস্‌ হইলে দন্ত্য স্‌ মূর্দ্ধন্য ষ্‌ হয় (১)। যথা শিষ্টঃ, শিষ্যতে, উষিতঃ, উষতুঃ, উষুঃ।

৭। ঘস্‌ ধাতুর ঘ্‌ স্থানে ক্‌ হইলে দন্ত্য স্‌ মূর্দ্ধন্য ষ্‌ হয় (১)। যথা, জক্ষতুঃ, জক্ষুঃ।

৮। অগ্নি শব্দের পরবর্ত্তী স্তুৎ, স্তোম ও সোম শব্দের দন্ত্য স্‌ মূর্দ্ধন্য ষ্‌ হয়। (২) যথা, অগ্নিষ্টুৎ, অগ্নিষ্টোমঃ, অগ্নীষোমৌ।

৯। জ্যোতিস্‌ ও আয়ুস্‌ শব্দের পরবর্ত্তী স্তোম শব্দের দন্ত্য স্‌ মূর্দ্ধন্য ষ্‌ হয়। (৩) যথা, জ্যোতিষ্টোমঃ, আয়ুষ্টোমঃ।

১০। সু, বি, নির্‌, দুর্‌ উপসর্গের পরস্থিত সম্‌ শব্দের দন্ত্য স্‌ মূর্দ্ধন্য ষ্‌ হয়। যথা, সুষমঃ, বিষমঃ, নিঃষমঃ, দুঃষমঃ।

১১। সংজ্ঞা (নাম) বুঝাইলে অ আ ভিন্ন স্বরের পরস্থিত সেনা শব্দের দন্ত্য স্‌ মূর্দ্ধন্য ষ্‌ হয় (৪)। যথা, সুষেণঃ, হরিষেণঃ মধুষেণঃ। সংজ্ঞা না বুঝাইলে হয় না। যথা, কুরুসেনা, যদুসেনা, কপিসেনা।

১২। ভূমি ও দিবি শব্দের পরবর্ত্তী স্থ-শব্দের দন্ত্য স্‌ মূর্দ্ধন্য ষ্‌ হয়। যথা, ভূমিষ্ঠঃ, দিবিষ্ঠঃ।

১৩। গবি ও যুধি শব্দের পরবর্ত্তী স্থির শব্দের দন্ত্য স্‌ মূর্দ্ধন্য ষ্‌ হয় (৫)। যথা, গবিষ্ঠিরঃ, যুধিষ্ঠিরঃ।

১৪। সমাস হইলে মাতৃ ও পিতৃ শব্দের পরবর্ত্তী স্বসৃ-শব্দের প্রথম দন্ত্য স্‌ মূর্দ্ধন্য ষ্‌ হয়। (৬) যথা, মাতৃষ্বসা, পিতৃষ্বসা। বিভক্তির লোপ না হইলে বিকল্পে হয়। (৭) যথা, মাতুঃষ্বসা (মাসী), মাতুঃস্বসা; পিতুঃষ্বসা, পিতুঃস্বসা। সমাস না হইলে হয় না। যথা, মাতুঃ স্বসা, পিতুঃ স্বসা।

---

(১) শাসিবসিঘসীনাঞ্চ। (২) অগ্নেঃ স্তুৎস্তোমসোমাঃ। জ্যোতিরায়ুষঃ স্তোমঃ।
(৪) এতি সংজ্ঞায়ামগাৎ। (৫) গবিযুধিভ্যাং স্থিরঃ।
(৬) মাতৃপিতৃভ্যাং স্বসা। (৭) মাতুঃপিতুর্ভ্যামন্যতরস্যাম্‌।

Exercise

1. What are the general rules that bear upon the change of ন্ into ণ্ and স্ into ষ্? Give examples.

2. Correct or justify :—হরীণ্, তিরস্কৃতঃ, পরিস্কারঃ, গৃহগামিনা, ক্ষীরপানম্, প্রভবানি, গৃহান্, অর্চ্চনা, করেন, স্বর্ণদী, অর্থেণ, যন্ত্রণা, মাতৃস্বসা, নিসহতে, ভষ্ম, কষায়পানম্, প্রণষ্টঃ, পরির্নৌতি, পরিবপানি, অভিষিষেব্যতে, নিষসাদ, প্রণাশঃ, গোস্থ, সর্পিস্করোতি, অঙ্গুলিষঙ্গঃ, বৃত্রহনৌ।

3. Account for the cerbral ণ্ in তারস্বরেণ and নৃপেণ।

4. Account for the মূর্দ্ধন্য ষ্ in নিষেবতে and পরিষিচ্যমানঃ।

লিঙ্গ-প্রকরণ

১। লিঙ্গভেদে শব্দ তিন প্রকার—পুংলিঙ্গ (masculine) স্ত্রীলিঙ্গ (feminine), এবং ক্লীবলিঙ্গ (neuter).

২। সংস্কৃত ভাষায় কেবল অর্থদ্বারা শব্দের লিঙ্গ নির্ণীত হয় না, প্রত্যয় ও শিষ্টপ্রয়োগ দ্বারাই অধিকাংশ স্থলে লিঙ্গ নির্ণীত হইয়া থাকে। স্ত্রীবাচক 'দার' শব্দ পুংলিঙ্গ ও নিত্য বহুবচনান্ত, 'কলত্র' শব্দ ক্লীবলিঙ্গ। 'অপত্য' শব্দ পুত্র ও কন্যা উভয়কে বুঝাইলেও ক্লীবলিঙ্গ। 'মিত্র' শব্দ সূর্য্য অর্থে পুংলিঙ্গ, কিন্তু বন্ধু অর্থে ক্লীবলিঙ্গ। একার্থক হইলেও 'গ্রন্থ' শব্দ পুংলিঙ্গ ও 'পুস্তক' শব্দ ক্লীবলিঙ্গ ; 'অর্থ' শব্দ পুংলিঙ্গ ও 'ধন' শব্দ ক্লীবলিঙ্গ এবং 'অপ্' শব্দ স্ত্রীলিঙ্গ ও 'জল' শব্দ ক্লীবলিঙ্গ।

পুংলিঙ্গ—Masculine

৩। **ঘঞ্** ও **অপ্** প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ। যথা, শক্ + ঘঞ্ = শাকঃ, ত্যাগঃ, ভাবঃ, করঃ, গরঃ, ভবঃ (ভূ + অপ্)।

৪। **অচ্** প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ। যথা,—বিনয়ঃ, চয়ঃ, জয়ঃ; কিন্তু **ভয়, মুখ,** ও **পদ** শব্দ ক্লীবলিঙ্গ।

৫। **নঙ্** প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ। যথা, যজ্ঞঃ, যত্নঃ; কিন্তু যাচ্ঞা শব্দ স্ত্রীলিঙ্গ।

৬। কি-প্রত্যয়ান্ত দা ও ধা-ধাতুনিষ্পন্ন শব্দ পুংলিঙ্গ। যথা— আধিঃ (mental agony), উদধিঃ, নিধিঃ; কিন্তু ইষুধি (quiver) শব্দ পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ।

৭। **পুংস্ত্বে সভেদানুচরাঃ সপর্য্যায়াঃ সুরাসুরাঃ।**
স্বর্গযাগাদ্রি-মেঘাব্ধি-দ্রু-কালাসি-শরারয়ঃ॥
কর-গণ্ডৌষ্ঠ-দোর্দন্ত-কণ্ঠ-কেশ-নখ-স্তনাঃ।
মাসর্ত্তু-রস-বর্ণাগ্নি-শব্দ-বায়ু-নরাহয়ঃ॥

দেবতা, অসুর, স্বর্গ, যজ্ঞ, পর্ব্বত, মেঘ, সমুদ্র, বৃক্ষ, কাল, খড়্গ, শর, শত্রু, কর (hand, ray of light). গণ্ড, ওষ্ঠ, বাহু, দন্ত, কণ্ঠ, কেশ, নখ, স্তন, মাস, ঋতু, রস, বর্ণ, অগ্নি, শব্দ, বায়ু, নর এবং সর্পবাচক শব্দ পুংলিঙ্গ। যথা, **দেব**—অমরঃ, নির্জরঃ, দেবঃ, সুরঃ, বিবুধঃ, দিবৌকাঃ, ত্রিদশঃ; **অসুর**—অসুরঃ, দৈত্যঃ, দনুজঃ, দানবঃ, সুরদ্বিট্; **স্বর্গ**—স্বর্গঃ, নাকঃ, ত্রিদিবঃ; **মেঘ**—মেঘঃ, বারিবাহঃ, বলাহকঃ, জলধরঃ, বারিদঃ, অম্বুভৃৎ, জলমুক্; **যজ্ঞঃ**—যাগঃ, ক্রতুঃ, অধ্বরঃ, মখঃ; **অদ্রি**—পর্ব্বতঃ, অদ্রিঃ, গিরিঃ, গ্রাবা, অচলঃ, শৈলঃ; **সমুদ্র**—সমুদ্রঃ, সাগরঃ, অব্ধিঃ, পারাবারঃ, উদধিঃ, সিন্ধুঃ, অর্ণবঃ, জলনিধিঃ, রত্নাকরঃ, সরিৎপতিঃ; **নখ**—নখঃ, কররুহঃ; **কেশ**—কেশঃ, চিকুরঃ, কুন্তলঃ, কচঃ; **দন্ত**—দন্তঃ, দশনঃ, রদনঃ; **স্তন**—স্তনঃ, কুচঃ; **ভুজ**—ভুজঃ, বাহুঃ, দোঃ; **কণ্ঠ**—কণ্ঠঃ, গলঃ; **খড়্গ**—খড়্গঃ, অসিঃ, করবালঃ; **শর**—শরঃ, বাণঃ, বিশিখঃ, মার্গণঃ; **পঙ্ক**—পঙ্কঃ,

কর্দ্দমঃ ; **শত্রু**—শত্রুঃ, রিপুঃ, অরিঃ, বৈরী, সপত্নঃ, দ্বিষৎ, দ্বিট্, অমিত্রঃ, অরাতিঃ; **বর্ণ**—শুক্লঃ, শ্বেতঃ, শুভ্রঃ, পাণ্ডুরঃ; **গ্রহ**—রবিঃ, সোমঃ, বুধঃ, কেতুঃ ; **বৃক্ষ**—বৃক্ষঃ, তরুঃ, বিটপী, শাখী, অনোকহঃ, মহীরুহঃ, দ্রুমঃ, পাদপঃ ; কিন্তু স্বর্গবাচক ত্রিপিষ্টপ শব্দ ক্লীবলিঙ্গ এবং দিব্ শব্দ স্ত্রীলিঙ্গ ; ইষু (arrow) শব্দ পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ ; অভ্র (cloud) শব্দ ক্লীবলিঙ্গ।

৮। **দারাক্ষতলাজাসূনাং বহুত্বঞ্চ**—দার (wife), অক্ষত (আতপ চাল), লাজ (খই), প্রাণ (জীবনবাচক) ও অসু (life) শব্দ **পুংলিঙ্গ বহুবচনান্ত**। কিন্তু 'জীবন' শব্দ ক্লীবলিঙ্গ।

৯। অহ্ন ও অহ-ভাগান্ত শব্দ পুংলিঙ্গ। যথা, পূর্ব্বাহ্ণঃ (forenoon), মধ্যাহ্নঃ (noon), অপরাহ্ণঃ (afternoon), সায়াহ্ন (evening) ; সপ্তাহঃ (week).

১০। সংখ্যাবাচক শব্দ পূর্ব্বে না থাকিলে, রাত্র-ভাগান্ত শব্দ পুংলিঙ্গ। যথা, অহোরাত্রঃ (day and night), পূর্ব্বরাত্রঃ। কিন্তু পঞ্চরাত্রম্, সপ্তরাত্রম্ প্রভৃতি শব্দ ক্লীবলিঙ্গ।

স্ত্রীলিঙ্গ—Feminine

১। স্ত্রীলিঙ্গে বিহিত **আপ্** (টাপ্) ও **ঈপ্** (ঙীপ্ ও ঙীষ্) প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ। যথা, বৃদ্ধা, কৃপণা, বিদ্যা ; নদী, সিংহী, বিদুষী।

২। **মিন্যন্তঃ**—মি ও নি প্রত্যয়ান্ত ধাতুজাত শব্দ স্ত্রীলিঙ্গ। যথা, ভূমিঃ (earth), গ্লানিঃ (fatigue) ; কিন্তু বহ্নি (fire) শব্দ পুংলিঙ্গ।

৩। **ক্তিন্নন্তঃ**—ক্তিন্-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ। যথা, কৃতিঃ (action), মতিঃ (intellect), গতিঃ (motion), বুদ্ধিঃ (intellect).

৪। **য্বন্তমেকাক্ষরম্**—একাক্ষর ঈকারান্ত ও ঊকারান্ত শব্দ

স্ত্রীলিঙ্গ। যথা, শ্রীঃ (fortune, prosperity), হ্রীঃ (bashfulness); ধীঃ (intellect), ভ্রূঃ (eyebrow), ভূঃ (earth), ভীঃ (fear).

৫। **বিংশত্যাদিরানবতেঃ**—বিংশতি হইতে নবতি (ninety), পর্য্যন্ত সংখ্যাবাচক শব্দ স্ত্রীলিঙ্গ। যথা, ইয়ং বিংশতিঃ (twenty, score), ত্রিংশৎ (thirty).

৬। **তলন্তঃ**—তল্-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ। যথা, শুক্লতা, গ্রামতা (গ্রামসমূহ), দেবতা, বন্ধুতা, জনতা (crowd).

৭। **নামবিদ্যুন্নিশাবল্লীবীণাদিগ্ভূনদীহ্রিয়াম্**—বিদ্যুৎ, নিশা (night), বল্লী (creeper), বীণা, দিক্ ও পৃথিবীবাচক শব্দ স্ত্রীলিঙ্গ। যথা, বিদ্যুৎ—তড়িৎ, সৌদামিনী, চঞ্চলা, চপলা; নিশা—রাত্রি, রজনী, ক্ষপা, ক্ষণদা, ত্রিযামা; বল্লী—লতা, ব্রততি; বীণা—তন্ত্রী, বিপঞ্চী; দিক্—হরিৎ, কাষ্ঠা, ককুভ্; ভূ—পৃথিবী, বসুধা, বসুন্ধরা, ক্ষিতি, মেদিনী, সর্ব্বংসহা; নদী—তটিনী, স্রোতস্বতী, আপগা, নিম্নগা, ধুনী; হ্রী—লজ্জা, ব্রীড়া। বনিতাবাচক শব্দও স্ত্রীলিঙ্গ; যথা—বনিতা, নারী, যোষিৎ; কিন্তু কলত্র শব্দ ক্লীবলিঙ্গ।

৮। **অপ্-সুমনস্-সমা-সিকতা-বর্ষাণাং বহুত্বং চ**—অপ্ (water), সুমনস্ (flower), সমা (year), সিকতা (sandy soil) ও বর্ষা (rainy season) শব্দ **স্ত্রীলিঙ্গ** ও **নিত্য বহুবচনান্ত**। আপঃ, বর্ষাঃ ইত্যাদি।

ক্লীবলিঙ্গ—Neuter

৯। **ভাবে ল্যুডন্তঃ**—ভাববাচ্যে ল্যুট্ (অনট্) প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা, হসনম্, দর্শনম্, গমনম্, শ্রবণম্।

১০। **নিষ্ঠা চ**—ভাববাচ্যে বিহিত ক্ত-প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা, হসিতম্ (laughter), গীতম্ (song).

১১। **অদন্তপ্রত্যয়া ভাবে**—ভাব বুঝাইতে ত্ব, য প্রভৃতি অকারান্ত প্রত্যয়-নিষ্পন্ন শব্দ ক্লীবলিঙ্গ। যথা, গুরুত্বম্, গৌরবম্, শৈশবম্, মহত্ত্বম, শৈত্যম্, সখ্যম্।

১২। **অব্যয়ীভাবঃ**—অব্যয়ীভাব সমাস-নিষ্পন্ন শব্দ ক্লীবলিঙ্গ। যথা, অধিহরি, উদকুম্ভম্।

১৩। **সমাহারদ্বন্দ্ব**-সমাসান্ত শব্দ ক্লীবলিঙ্গ—যথা, পাণিপাদম্, গঙ্গাব্রহ্মপুত্রম্, গজাশ্বম্, সুখদুঃখম্।

১৪। **ছায়া বাহুল্যে**—বহুলার্থে সমাসান্ত ছায়া শব্দ ক্লীবলিঙ্গ। যথা, শরাণাং ছায়া—শরচ্ছায়ম্, ইক্ষূণাং ছায়া—ইক্ষুচ্ছায়ম্। (কিন্তু বৃক্ষস্য ছায়া বৃক্ষচ্ছায়া)।

১৫। **সমাহারদ্বিগু**-সমাস নিষ্পন্ন শব্দ কতকগুলি ক্লীবলিঙ্গ। যথা, পঞ্চপাত্রম্, চতুর্যুগম্, ত্রিভুবনম্। এতদ্ভিন্ন যাবতীয় অকারান্ত সমাহার দ্বিগুসমাসনিষ্পন্ন শব্দ স্ত্রীলিঙ্গ। যথা, পঞ্চবটী, সপ্তশতী ইত্যাদি।

১৬। **ইস্ ও উস্** ভাগান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা, হবিঃ (ghee), ধনুঃ (bow); কিন্তু অর্চিস্ (light) শব্দ ক্লীবলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ।

দ্বিহীনেঽন্যচ্চ খারণ্য-পর্ণশ্বভ্রহিমোদকম্।
শীতোষ্ণমাংসরুধির-মুখাক্ষিদ্রবিণং বলম্॥
ফলহেমতাম্রলোহং সুখদুঃখং শুভাশুভম্।
জলপুষ্পাণি লবণং ব্যঞ্জনান্যনুলেপনম্॥

আকাশ, বন, পত্র, গর্ত্ত, হিম, জল, শীল, উষ্ণ, মাংস, রক্ত, মুখ, চক্ষু, ধন, বল, ফল, স্বর্ণ, তাম্র, লৌহ, সুখ, দুঃখ, পাপ, পুণ্য, পুষ্প, লবণ, দধি, দুগ্ধ, ঘৃত এবং অনুলেপন-বাচক শব্দ ক্লীবলিঙ্গ। যথা, আকাশ—আকাশম্, নভঃ, গগনম্, খম্; অরণ্য—বনম্, বিপিনম্, গহনম্; পত্র—পত্রম্, পর্ণম্; শ্বভ্র—বিলম্, বিবরম্; হিম—হিমম্, তুহিনম্; উদক—উদকম্, জলম্, তোয়ম্, বারি; শীত—শীতম্; উষ্ণ—উষ্ণম্; মাংস—

মাংসম্, পলম্, পিশিতম্ ; রুধির—রুধিরম্, রক্তম্ ; মুখ—মুখম্, আননম্, আস্যম্, বদনম্ ; নয়ন—নয়নম্, লোচনম্, নেত্রম্, অক্ষি, চক্ষুঃ ; ধন—ধনম্, বিত্তম্, বসু ; বল—বলম্, সৈন্যম্ ; ফল—ফলম্ ; হেম—হেম, স্বর্ণম্, কাঞ্চনম্ ; তাম্র—তাম্রম্ ; লোহ—লোহম্, অয়ঃ ; সুখম্, দুঃখম্, পাপম্, পুণ্যম্, পদ্মম্, কমলম্, কুমুদম্, লবণম্, দধি, দুগ্ধম্, ঘৃতম্, চন্দনম্, কুঙ্কুমম্। কিন্তু অটবী (forest) শব্দ স্ত্রীলিঙ্গ।

১৭। ত্র-প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা, পত্রম্ (leaf), ছত্রম্ (umbrella), **মিত্রম্ (friend),** কলত্রম্ (wife), কিন্তু—যাত্রা (moving, marching), মাত্রা (quantity, measure), ভস্ত্রা (bellows), দংষ্ট্রা (fang) শব্দ স্ত্রীলিঙ্গ ; মিত্র শব্দ 'সূর্য' অর্থে পুংলিঙ্গ।

১৮। বৃক্ষ বাচক শব্দ **ফল বা ফুল বুঝাইতে** ক্লীবলিঙ্গ, কিন্তু বৃক্ষ বুঝাইতে পুংলিঙ্গ। যথা, **আম্রম্** (আম) ; কদম্বম্ (কদম ফুল) ; কিন্তু **আম্রঃ** (আম গাছ), পনসঃ (কাঁটাল গাছ)।

বিশেষ্য ও বিশেষণ

১৯। **'গুণাদিভিস্তু যদ্ভেত্তং তদ্বিশেষ্যমুদাহৃতম্'**—যাহা দ্বারা কোন ব্যক্তি, বস্তু, জাতি, গুণ বা ক্রিয়ার বোধ হয়, তাহাকে বিশেষ্য বলে। যথা, ব্যক্তিবাচক—হরিঃ, হিমালয়ঃ, ভাগীরথী ; বস্তুবাচক—ঘটঃ, শিলা, জলম্ ; জাতিবাচক—মনুষ্যঃ, পশুঃ, পক্ষী, কীটঃ ; গুণবাচক—স্থৈর্য্যম্, দৃঢ়তা, লঘুতা ; ক্রিয়াবাচক—দর্শনম্, হসনম্, গমনম্।

২০। **বিশিষ্যতে যেন তদ্ বিশেষণম্**—যাহা দ্বারা বিশেষ্যের গুণ, অবস্থা বা সংখ্যা প্রকাশিত হয়, তাহাকে বিশেষণ বলে।

বিশেষ্যস্য হি যল্লিঙ্গং বিভক্তি-বচনে চ যে॥
তানি সর্ব্বাণি যোজ্যানি বিশেষণপদেষ্বপি॥

বিশেষ্যের যে লিঙ্গ, যে বিভক্তি ও যে বচন, বিশেষণেও সেই লিঙ্গ, সেই বিভক্তি ও সেই বচন হয়। যথা, সুন্দরঃ

বালকঃ (a beautiful boy), **সুন্দরী বালিকা** (a beautiful girl), **মধুরাণি ফলানি** (sweet fruits), **দ্বে লতে** (two creepers), **নির্ম্মলং জলম্** (clear water)। বিশেষণ শব্দ অনেক, তন্মধ্যে সর্ব্বদা ব্যবহৃত কতকগুলি প্রদর্শিত হইতেছে।

অচ্ছ, অজ্ঞ, অতীত, অদ্ভুত, অধিক, অধম, অধীন, অনুরক্ত, অন্তিম, অন্ধ, অভিনব, অলস, অলীক, অল্প, অবদাত, অবহিত, অসিত, আকুল, আঢ্য, আদ্য, আধুনিক, আর্দ্র, আবিল, আসক্ত, উগ্র, উজ্জ্বল, উত্তম, উত্তুঙ্গ, উৎসুক, উদার, উদ্ধত, উন্নত, উন্মত্ত, উষ্ণ, ঋজু, একাগ্র, কটু, কঠোর, কঠিন, করুণ, কর্কশ, কর্ম্মঠ, কাণ, কুটিল, কুৎসিত, কৃতজ্ঞ, কৃপণ, কৃপালু, কোপন, কোমল, ক্রূর, ক্ষণিক, ক্ষুদ্র, খঞ্জ, খিন্ন, গভীর, গর্ব্বিত, গহন, গাঢ়, গুরু, গৃধ্র, গৌণ, গেয়, গ্রাম্য, ঘন, ঘৃণ্য, ঘোর, চকিত, চঞ্চল, চতুর, চপল, চল, চারু, জড়, তরল, তিক্ত, তীক্ষ্ণ, তুমুল, তুল্য, তুষ্ট, দয়ালু, দরিদ্র, দারুণ, দিব্য, দীন, দীর্ঘ, দুঃখিত, দুর্গম, দুর্দ্ধর্ষ, দুর্ব্বল, দুষ্কর, দুষ্ট, দৃঢ়, ধন্য, ধবল, ধার্মিক, ধীর, ধূসর, ধূর্ত্ত, নগ্ন, নম্র, নব, নব্য, নশ্বর, নিজ, নিত্য, নিপুণ, নিম্ন, নিবিড়, নিশিত, নিষ্ঠুর, নীচ, নীল, নূতন, নৃশংস, নৈশ, নৈসর্গিক, ন্যায্য, ন্যূন, পক্ব, পটু, পরুষ, পর্য্যাপ্ত, পবিত্র, পাংশুল, পাপ, পিচ্ছিল, পীত, পীন, পীবর, পুরাণ, পুরাতন, পুষ্কল, পূর্ণ, পৃথু, পেশল, পৈতৃক, প্রকৃষ্ট, প্রখর, প্রগল্ভ, প্রচুর, প্রথম, প্রফুল্ল, প্রবল, প্রভূত, প্রসুপ্ত, প্রিয়, বধির, বহু, ভঙ্গুর, ভাস্বর, ভাস্বর, ভীত, ভীরু, ভীষণ, ভূরি, ভৃশ, মত্ত, মধুর, মধ্যম, মনোরম, মন্থর, মন্দ, মলিন, মসৃণ, মহৎ, মহার্ঘ, মাংসল, মুখ্য, মূক, মূর্খ, মৃদু, মৃদুল, মেদুর, রক্ত, রমণীয়, রম্য, রিক্ত, রুক্ষ, রুগ্ণ, রুচির, রুষ্ট, লঘু, লুব্ধ, বক্র, বৎসল, বদান্য, বন্য, বশ্য, বাম, বিনীত, বিশাল, বিশুদ্ধ, বিশ্রুত, বিশ্বস্ত, বিষণ্ণ, বিস্তৃত, বিহ্বল, বৃদ্ধ, ব্যগ্র, শান্ত, শিথিল, শীতল, শুষ্ক, শুচি, শুভ, শুভ্র, শূন্য, শোভন, শ্যাম, শ্লথ, শ্লাঘ্য, শ্বেত, সকল, সঙ্কীর্ণ, সন্তুষ্ট, সকল, সম, সমর্থ, সমস্ত, সমান, সরল, সহজ, সহিষ্ণু, সাধারণ, সাধু, সামান্য, সিক্ত, সিত, সুগন্ধ, সুগম, সুন্দর, সুরভি, সুশীল, সুস্থ, সূক্ষ্ম, সৌম্য, সৌর, স্থবির, স্থাবর, হিত, হীন, হৃষ্ট, হ্রস্ব।

বিশেষণের তারতম্য

দুই-এর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে বিশেষণের উত্তর **তর** (তরপ্) ও **ঈয়স্** (ঈয়সুন্), এবং বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে **তম** (তমপ্) ও **ইষ্ঠ** (ইষ্ঠন্) প্রত্যয় হয়। যথা, রামঃ শ্যামাৎ বলবত্তরঃ বা বলীয়ান্; সিংহঃ পশুষু বলবত্তমঃ বা বলিষ্ঠঃ।

তর ও তম সকল বিশেষণের উত্তরই হয়, এবং ইহাদের যোগে শব্দের কোন পরিবর্ত্তন হয় না। যেমন—গুরুতর, গুরুতম। **ঈয়স্ ও ইষ্ঠ কেবলমাত্র গুণবাচক বিশেষণের** উত্তরই হয় ('অজাদী গুণবচনাদেব'), এবং ইহাদের যোগে অনেক শব্দের পরিবর্ত্তন হয়। এইজন্য ঈয়স্ ও ইষ্ঠ প্রত্যয়ের যোগে পরিবর্ত্তিত প্রয়োজনীয় শব্দসমূহ নিম্নে প্রদত্ত হইল :—

Positive	*Comparative*	*Superlative*
অন্তিক (near)	নেদীয়স্	নেদিষ্ঠ
অল্প (small)	অল্পীয়স্, কনীয়স্	অল্পিষ্ঠ, কনিষ্ঠ
উরু (great)	বরীয়স্	বরিষ্ঠ
কৃশ (feeble)	ক্রশীয়স্	ক্রশিষ্ঠ
ক্ষুদ্র (small)	ক্ষোদীয়স্	ক্ষোদিষ্ঠ
গুরু (heavy)	গরীয়স্	গরিষ্ঠ
দীর্ঘ (long)	দ্রাঘীয়স্	দ্রাঘিষ্ঠ
দূর (distant)	দবীয়স্	দবিষ্ঠ
দৃঢ় (strong)	দ্রঢ়ীয়স্	দ্রঢ়িষ্ঠ
পটু (clever)	পটীয়স্	পটিষ্ঠ
পৃথু (large)	প্রথীয়স্	প্রথিষ্ঠ
প্রশস্য (praiseworthy)	শ্রেয়স্, জ্যায়স্	শ্রেষ্ঠ, জ্যেষ্ঠ
প্রিয় (dear)	প্রেয়স্	প্রেষ্ঠ
বহু (many)	ভূয়স্	ভূয়িষ্ঠ
বহুল (many)	বংহীয়স্	বংহিষ্ঠ
যুবন্ (young)	যবীয়স্, কনীয়স্	যবিষ্ঠ, কনিষ্ঠ
বৃদ্ধ (old)	বর্ষীয়স্, জ্যায়স্	বর্ষিষ্ঠ, জ্যেষ্ঠ
স্থির (firm)	স্থেয়স্	স্থেষ্ঠ
স্থূল (thick)	স্থবীয়স্	স্থবিষ্ঠ

উদ্দেশ্য ও বিধেয়

১। যাহাকে উদ্দেশ করিয়া কিছু বলা যায়, তাহাকে **উদ্দেশ্য** (Subject) এবং উদ্দেশ্য সম্বন্ধে যাহা বলা যায় বা আরোপ করা যায়, তাহাকে **বিধেয়** (Predicate) বলে। যথা, বৃষ্টির্ভবতি ; বালকঃ সুন্দরঃ ; বালিকা সুন্দরী ; এখানে 'বৃষ্টিঃ', 'বালকঃ', ও 'বালিকা' উদ্দেশ্য এবং 'ভবতি', 'সুন্দরঃ' ও 'সুন্দরী' বিধেয়।

২। বিধেয় পদ বিশেষণ শব্দ হইলে উহাকে **বিধেয় বিশেষণ** (Predicative Adjective) এবং বিশেষ্য শব্দ হইলে উহাকে **বিধেয় পদ** বলা হইয়া থাকে। বিধেয় সর্ব্বদাই উদ্দেশ্যের পরে বসে। **উদ্দেশ্য ও বিধেয় এক বিভক্তিযুক্ত হয়।** যথা, **বিধাতা দয়ালুঃ।**

৩। যদি কোন বিশেষ্য পদ বিধেয়রূপে ব্যবহৃত হয়, তাহা হইলে তাহা কোন অবস্থাতেই নিজের লিঙ্গ ও বচন পরিত্যাগ করে না ; সুতরাং উদ্দেশ্য পদ যে লিঙ্গেরই হউক না কেন, বিধেয় পদটির স্বভাবতঃ যে লিঙ্গ সেই লিঙ্গই থাকে ; "উদ্দেশ্য-বিধেয়ভাবে লিঙ্গাদের্নাস্তি তন্ত্রতা।" যথা, **अविवेकः परमापदां पदम् ; जननी स्नेहाधारः ; प्रधानमसौ सचिवानाम् ; गुणाः पूजास्थानं गुणिषु ; सम्पदः पदमापदाम् ; अत्रभवन्त एव प्रमाणम् ; विवादस्य कारणमयं बालकः स्नेहपात्रं स पित्रोः ; स्नेहभाजनं शिष्याः गुरोः ; अनवधानता हि विपदो मूलम् ; राजा एव शरणं प्रजानाम् ।**

বিভক্তি ও বচন

১। প্রাতিপদিকের উত্তর সাতটি **বিভক্তি** (inflectional termination) হয় (১) ; যথা, প্রথমা (Nominative), দ্বিতীয়া (Accsuative), তৃতীয়া (Instrumental), চতুর্থী (Dative), পঞ্চমী

(১) সুপ্ প্রাতিপদিকাৎ।

(Ablative), ষষ্ঠী (Possesive, Genitive) সপ্তমী (Locative).

এক এক বিভক্তির তিন তিন বচন (Number) ; যথা, একবচন (Singular), দ্বিবচন (Dual) (১), বহুবচন (Plural) (২)। একবচনে এক সংখ্যা, এবং দ্বিবচনে দুই সংখ্যা বুঝায় ; বহুবচনে তিন অবধি পরার্দ্ধ পর্য্যন্ত সকল সংখ্যারই বোধ হয়। বচন সম্বন্ধে বিশেষ নিয়ম, যথা—

২। এক-শব্দ একবচনান্ত। যথা, একঃ বালকঃ (a boy), একা বালিকা (a girl), একং ফলম্ (a fruit); 'কেহ কেহ' অর্থে এক শব্দ বহুবচনেও প্রযুক্ত হয়। যথা, **एके वदन्ति** (some say) ; **एके मृताः** (some are dead).

৩। **দ্বি** ও **উভ** শব্দ দ্বিবচনান্ত। যথা, **द्वौ बालकौ** (two boys) ; **द्वे बालिके** (two girls) ; **द्वे फले** (two fruits) ; **उभौ भृत्यौ** (both the servants) ; **उभे नार्यौ**।

৪। উভয় শব্দ একবচন ও বহুবচনে প্রযুক্ত হয়। ইহার দ্বিবচন নাই। যথা, **उभयम् अहिनकुलम्** (bȯth the serpents and mongooses), **उभये देवमनुष्याः सुखमिच्छन्ति** (both the gods and men wish for happiness).

৫। দুই সংখ্যাবোধক **দ্বয়, যুগল, যুগ্ম, মিথুন, দ্বন্দ্ব,** তিন সংখ্যাবোধক **ত্রয়,** এবং চারি সংখ্যাবোধক **চতুষ্টয়** প্রভৃতি শব্দ ক্লীবলিঙ্গ ও একবচনান্ত। যথা, বাহ্বোঃ দ্বয়ম্ (both the hands) ; চরণয়োঃ যুগলম্ (both the feet), মুনীনাং ত্রয়ম্ (three of the sages) ; শিশুদ্বয়ং হসতি ; বালকচতুষ্টয়ং গচ্ছতি।

৬। **পাত্র, প্রমাণ, স্থান, পদ, ভাজন, শরণ, মূল, আস্পদ, প্রধান** প্রভৃতি শব্দ ক্লীবলিঙ্গ ও একবচনান্ত। যথা, **भवान् एव प्रमाणम्** (You are the authority). ইহাদিগকে **অজহল্লিঙ্গ** বলে।

(১) দ্বেকয়োর্দ্বিবচনৈকবচনে। (২) বহুষু বহুবচনম্।

৭। **বিংশতি, ত্রিংশৎ, চত্বারিংশৎ, পঞ্চাশৎ, ষষ্টি, সপ্ততি, অশীতি, নবতি** প্রভৃতি এবং এতদ্‌ভাগান্ত সংখ্যাবাচক শব্দ স্ত্রীলিঙ্গ ও একবচন। যথা, **विंशतिः बालकाः** (twenty boys), **विंशतिः बालिकाः** (twenty girls), **विंशतिः फलानि** (twenty fruits), **त्रिंशत् वृक्षाः।** ত্রিংশৎ, চত্বারিংশৎ প্রভৃতি শব্দ স্ত্রীলিঙ্গ এবং ইহাদের রূপ ভূভৃৎ শব্দের ন্যায়। ('বিংশত্যাদ্যাঃ সদৈকত্বে'।)

৮। **শত, সহস্র** প্রভৃতি সংখ্যাবাচক শব্দ ক্লীবলিঙ্গ ও একবচনান্ত। যথা, **शतं भृत्याः** (a hundred servants), **सहस्रं लताः** (one thousand creepers).

৯। **দার** (wife), **অক্ষত, লাজ, অসু, প্রাণ** (life) প্রভৃতি শব্দ পুংলিঙ্গ ও বহুবচনান্ত; **दारान् रक्षेत्** (One should protect one's wife), **प्राणांस्त्यजति वृद्धः** (The old man gives up his life).

১০। **অপ্** (water), **সমা** (year), **বর্ষা** (rains), **সুমনস্** (flower) প্রভৃতি শব্দ স্ত্রীলিঙ্গ ও বহুবচনান্ত। যথা, **वर्षासु वृष्टिर्भवति।**

১১। **কুল, গণ, বর্গ, যূথ, সার্থ** প্রভৃতি শব্দ বহুত্ব বুঝাইলেও একবচনান্ত। যথা, **वानराणां यूथः** (a troop of monkeys); **वणिजां सार्थः** (a company of merchants).

১২। পূরণবাচক শব্দ সকল একবচনান্ত। যথা, দ্বিতীয়ঃ বালকঃ।

১৩। **কতি, যতি, ও ততি** শব্দ বহুবচনান্ত এবং তিন লিঙ্গে সমান। যথা, **कति बालकाः** (how many boys), **यति बालिकाः** (as many girls), **तति नार्य्यः** (so many women).

১৪। **জাতীবেকবচনম্**—জাতি বুঝাইতে একবচন ব্যবহৃত হয়, এবং সেই শ্রেণীর সকলকে বুঝায়। যথা, **सिंहः श्वापदेषु बलिष्ठः।**

১৫। **গৌরব** (সম্মান ও আদর) বুঝাইতে একবচনের পরিবর্ত্তে

বহুবচন হয়। যথা, **অত্রভবন্তঃ প্রমাণম্** (Your honour is the authority) ; **ইতি শঙ্করাচার্যঃ** (So says revered Shankaracharya) ; কল্যাণীয়েষু।

১৬। **অস্মদো দ্বয়োশ্চ**—অস্মদ্ শব্দের প্রয়োগে অনেক স্থলে একবচন ও দ্বিবচনের পরিবর্তে বহুবচন প্রযুক্ত হয়। যথা, **বয়মপি ভবন্তং কিঞ্চিৎ পৃচ্ছামঃ** (I, too, ask you something) ; পূর্বে বিশেষণ থাকিলে হয় না। যথা, পটুঃ অহং ব্রবীমি' এস্থলে 'পটবঃ বয়ং ব্রূমঃ' এইরূপ প্রয়োগ হইবে না।

১৭। প্রদেশবাচক শব্দ সকল বহুবচনে প্রযুক্ত হইয়া থাকে। যথা, **অহং গতঃ কদাচিৎ কলিঙ্গান্** (Once I had been to Kalinga). কিন্তু দেশ, বিষয় (=দেশ) প্রভৃতি শব্দের সহিত সমাস হইলে উহারা একবচনে ব্যবহৃত হয়। যথা, অস্তি মগধদেশে চম্পকবতী নাম অরণ্যানী।

১৮। বংশ, পরিবার প্রভৃতি অর্থ বুঝাইলে ব্যক্তির নামের পর প্রত্যয়ের লোপ করিয়া বহুবচন প্রযুক্ত হয়। যথা, **ইক্ষ্বাকূণামযং বংশঃ** (This family of the Ikshvakus) ; জনকানাং পুরোহিতঃ (The family priest of the race of Janakas).

১৯। সমাহার দ্বিগু এবং সমাহার দ্বন্দ্ব-সমাস নিষ্পন্ন শব্দ নিত্য একবচনান্ত। যথা, ত্রিভুবনম্, পাণিপাদম্।

২০। ত্রি হইতে অষ্টাদশন্ পর্য্যন্ত সংখ্যাবাচক শব্দ নিত্য বহুবচনান্ত।

২১। **দ্বি** (two), **উভ, উভা** (both), ও **দম্পতি** (husband and wife), পিতরৌ (parents) শব্দ দ্বিবচনান্ত।

———

সুবন্ত প্রকরণ

সুপ্-বিভক্তির আকৃতি

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	सु (:)	औ	जस् (अः)
দ্বিতীয়া	अम्	औट् (औ)	शस् (अः)
তৃতীয়া	टा (आ)	भ्याम्	भिस् (भिः)
চতুর্থী	ङे (ए)	भ्याम्	भ्यस् (भ्यः)
পঞ্চমী	ङसि (अः)	भ्याम्	भ्यस् (भ्यः)
ষষ্ঠী	ङस (अः)	ओस् (ओः)	आम्
সপ্তমী	ङि (इ)	ओस् (ओः)	सुप् (सु)

এই সাত বিভক্তির নাম **সুপ্** (১)। সুপ্ অন্তে যুক্ত হইলে শব্দকে **সুবন্ত পদ** বলে।

শব্দরূপ। কোন্ শব্দে কোন্ বিভক্তি যোগ করিলে কিরূপ পদ হয়, তাহা যথাক্রমে প্রদর্শিত হইয়াছে। **সম্বোধনে প্রথমা** বিভক্তি হয় ; সুতরাং সম্বোধনে শব্দের রূপ প্রথমার ন্যায়। কিন্তু কোন কোন শব্দের সম্বোধনের একবচনে বিভিন্ন রূপ হইয়া থাকে ; এই নিমিত্ত সম্বোধনের পৃথক্ রূপ লিখিত হইল। সম্বোধনের একবচনকে **সম্বুদ্ধি** বলে।

(১) আদি অক্ষর **সু** ও অন্ত্য অক্ষর **প্** লইয়া বৈয়াকরণেরা শব্দবিভক্তির নাম '**সুপ্**' নির্দেশ করিয়াছেন। এইজন্য সুপ্ বলিলে এই একুশটিকে বুঝায়।

অকারান্ত—নর (Man)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	नरः	नरौ	नराः
द्वितीया	नरम्	नरौ	नरान्
तृतीया	नरेण	नराभ्याम्	नरैः
चतुर्थी	नराय	नराभ्याम्	नरेभ्यः
पञ्चमी	नरात्	नराभ्याम्	नरेभ्यः
षष्ठी	नरस्य	नरयोः	नराणाम्
सप्तमी	नरे	नरयोः	नरेषु
सम्बोधन	नर	नरौ	नराः

অংশ, অধ্যক্ষ, অনল, অব্দ (year), অমাত্য, অর্থ, আকর, (mine), আয় (income), আলয়, কট (mat), কণ্ঠ, কপোল (cheek), কম্প, কর, (hand, ray of light), কর্ণ, কর্ণধার, কলকল, কল্লোল, কাল, কিরণ, কীল (bolt, a bar of a door), কুম্ভ (কলসী), কূপ, কেশ, কোলাহল,ক্রকচ (করাত, a saw), ক্রম (order), ক্রোশ (two miles), ক্লম (fatigue), ক্ষণ (moment), ক্ষয় (destruction), ক্ষুর (a razor), খঞ্জ, খড়্গ (sword), খল, গজ, গণ, গন্ধ, গুচ্ছ, গুণ, গোপ, গ্রহ, ঘট, ঘন (cloud), ঘর্ম্ম (heat, sweat), চারণ (a bard), চূত (a mango tree), চোর, ছাগ, জন, জব (speed), জীমূত (cloud), জীব, ডিম্ব, তড়াগ (a pond), তণ্ডুল, তর্ক (discussion), তস্কর, তাপ, তুষ, দণ্ড, দন্ত, দর্পণ (mirror), দায়াদ (a kinsman), দাস, দিবস, দীপ, দূত, দেব, দোষ, দ্বীপ (island), মহানস (kitchen), মুহূর্ত, মেঘ, যব, যোধ (a warrior), রথ, রস, রসাল (the mango tree), লগুড় (মুগুর, club), ললাট (forehead), লব (particle), লুব্ধক (hunter), লেশ, লোক (ভুবন, জন), লোভ, বংশ, বর (a boon, bridegroom), বর্ণ, বল্মীক (anthill), বসন্ত, বাত (wind), বৃষ, বেগ, বেশ (dress), ব্যয় (expense), ব্যাধ, শকট, শর, শব্দ, শাবক, শিষ্য, শুক, শৃগাল, শ্রম, শ্লোক, শ্বাপদ, সংগ্রাম, সত্ত্ব, সচিব, সময়, সমুদ্র, সমূহ, সহায়, সার (strength essence), সৈনিক, সূর্য্য, প্রভৃতি প্রায় সমুদয় **পুংলিঙ্গ অকারান্ত শব্দের রূপ 'নর' শব্দের ন্যায়।**

অল্প (little), **প্রথম** (first), **চরম** (last), **অৰ্দ্ধ** (part), **কতিপয়**(some),**দ্বয়**(pair),**ত্রয়**(three-fold), **দ্বিতয়**(a couple), **ত্রিতয়** (a triad), **চতুষ্টয়** (a group of four) প্রভৃতির কেবল প্রথমার বহুবচনে (বিকল্পে 'সর্ব্ব' শব্দের ন্যায়) আর একটি রূপ হয়। যথা, **অল্পে, অল্পাঃ** ইত্যাদি। **দ্বিতীয়** ও **তৃতীয়** শব্দের কেবল চতুর্থী, পঞ্চমী ও সপ্তমীর একবচনে ('সর্ব্ব' শব্দের ন্যায়) আর একটি করিয়া রূপ হয়। যথা,

	চতুর্থী	পঞ্চমী	সপ্তমী
द्वितीय	**द्वितीयस्मै**	**द्वितीयस्मात्,**	**द्वितीयस्मिन्,**
	द्वितीयाय	**द्वितीयात्**	**द्वितीये**
तृतीय	**तृतीयस्मै,**	**तृतीयस्मात्**	**तृतीयस्मिन्,**
	तृतीयाय	**तृतीयात्**	**तृतीये**

নির্জর (god)

প্রথমা—নির্জরঃ, নির্জরৌ নির্জরসৌ, নির্জরাঃ নির্জরসঃ। দ্বিতীয়া—নির্জরম্ নির্জরসম্, নির্জরৌ নির্জরসৌ, নির্জরান্ নির্জরসঃ। তৃতীয়া—নির্জরেণ নির্জরসা, নির্জরাভ্যাম্, নির্জরৈঃ। চতুর্থী—নির্জরায় নির্জরসে, নির্জরাভ্যাম্, নির্জরেভ্যঃ। পঞ্চমী—নির্জরাৎ নির্জরসঃ, নির্জরাভ্যাম্, নির্জরেভ্যঃ। ষষ্ঠী—নির্জরস্য নির্জরসঃ, নির্জরয়োঃ, নির্জরসোঃ, নির্জরাণাম্ নির্জরসাম্। সপ্তমী—নির্জরে নির্জরসি, নির্জরয়োঃ নির্জরসোঃ, নির্জরেষু। সম্বোধন—নির্জর।

পাদ (foot)

প্রথমা—পাদঃ, পাদৌ, পাদাঃ। দ্বিতীয়া—পাদম্, পাদৌ, পাদান্ পদঃ। তৃতীয়া—পাদেন পদা, পাদাভ্যাম্, পদ্ভ্যাম্, পাদৈঃ পদ্ভিঃ। চতুর্থী—পাদায় পদে, পাদাভ্যাম্ পদ্ভ্যাম্, পাদেভ্যঃ পদ্ভ্যঃ। পঞ্চমী—পাদাৎ পদঃ, পাদাভ্যাম্, পদ্ভ্যাম্, পাদেভ্যঃ পদ্ভ্যঃ। ষষ্ঠী—পাদস্য পদঃ, পাদয়োঃ পদোঃ, পাদানাম্। সপ্তমী—পাদে পদি, পাদয়োঃ পদোঃ, পাদেষু পৎসু; সম্বোধন—পাদ।

দন্ত (tooth)

প্রথমা—দন্তঃ, দন্তৌ, দন্তাঃ। দ্বিতীয়া—দন্তম্, দন্তৌ, দন্তান্ দতঃ। তৃতীয়া—দন্তেন দতা, দন্তাভ্যাম্, দন্তৈঃ দদ্ভিঃ। চতুর্থী—দন্তায় দতে, দন্তাভ্যাম্ দদ্ভ্যাম্, দন্তেভ্যঃ দদ্ভ্যঃ। পঞ্চমী—দন্তাৎ দতঃ, দন্তাভ্যাম্ দদ্ভ্যাম্, দন্তেভ্যঃ দদ্ভ্যঃ। ষষ্ঠী—দন্তস্য দতঃ, দন্তয়োঃ দতোঃ, দন্তানাম্ দতাম্। সপ্তমী—দন্তে দতি, দন্তয়োঃ দতোঃ, দন্তেষু দৎসু। সম্বোধন—দন্ত।

মাস (month)

প্রথমা—মাসঃ, মাসৌ, মাসাঃ। দ্বিতীয়া—মাসম্, মাসৌ, মাসান্ মাসঃ। তৃতীয়া—মাসেন মাসা, মাসাভ্যাম্ মাভ্যাম্, মাসৈঃ মাভিঃ। চতুর্থী—মাসায় মাসে, মাসাভ্যাম্ মাভ্যাম্, মাসেভ্যঃ মাভ্যঃ। পঞ্চমী—মাসাৎ মাসঃ, মাসাভ্যাম্ মাভ্যাম্, মাসেভ্যঃ মাভ্যঃ। ষষ্ঠী—মাসস্য মাসঃ, মাসয়োঃ, মাসোঃ, মাসানাম্। সপ্তমী—মাসে মাসি, মাসয়োঃ মাসোঃ, মাসেষু মাঃসু। সম্বোধন—মাস।

যূষ (broth)

প্রথমা—যূষঃ, যূষৌ, যূষাঃ। দ্বিতীয়া—যূষম্, যূষৌ, যূষান্, যূষ্ণঃ। তৃতীয়া—যূষেণ যূষ্ণা, যূষাভ্যাম্ যূষভ্যাম্, যূষৈঃ যূষভিঃ। চতুর্থী—যূষায় যূষ্ণে, যূষাভ্যাম্ যূষভ্যাম্, যূষেভ্যঃ যূষভ্যঃ। পঞ্চমী—যূষাৎ যূষ্ণঃ, যূষাভ্যাম্ যূষভ্যাম্, যূষেভ্যঃ যূষভ্যঃ। ষষ্ঠী—যূষস্য যূষ্ণঃ, যূষয়োঃ যূষ্ণোঃ, যূষাণাম্। সপ্তমী—যূষে যূষ্ণি যূষণি, যূষয়োঃ যূষ্ণোঃ, যূষেষু যূষসু। সম্বোধন—যূষ।

আকারান্ত—হাহা (A Gandharva)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	হাহাঃ	হাহৌ	হাহাঃ
দ্বিতীয়া	হাহাম্	হাহৌ	হাহান্
তৃতীয়া	হাহা	হাহাভ্যাম্	হাহাভিঃ
চতুর্থী	হাহৈ	হাহাভ্যাম্	হাহাভ্যঃ
পঞ্চমী	হাহাঃ	হাহাভ্যাম্	হাহাভ্যঃ
ষষ্ঠী	হাহাঃ	হাহোঃ	হাহাম্
সপ্তমী	হাহে	হাহোঃ	হাহাসু
সম্বোধন	হাহাঃ	হাহৌ	হাহাঃ

ধাতু-নিষ্পন্ন ভিন্ন যাবতীয় পুংলিঙ্গ আকারান্ত শব্দের এই প্রকার রূপ।

ধাতু-নিষ্পন্ন আকারান্ত—বিশ্বপা (god, sun)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	विश्वपाः	विश्वपौ	विश्वपाः
द्वितीया	विश्वपाम्	विश्वपौ	विश्वपः
तृतीया	विश्वपा	विश्वपाभ्याम्	विश्वपाभिः
चतुर्थी	विश्वपे	विश्वपाभ्याम्	विश्वपाभ्यः
पञ्चमी	विश्वपः	विश्वपाभ्याम्	विश्वपाभ्यः
षष्ठी	विश्वपः	विश्वपोः	विश्वपाम्
सप्तमी	विश्वपि	विश्वपोः	विश्वपासु
सम्बोधन	विश्वपाः	विश्वपौ	विश्वपाः

সোমপা (one who quaffs the Soma juice), বলদা (strength-giver), শঙ্খধ্মা (a conch-shell-blower), ধূম্রপা (one who inhales smoke), গোপা (cowherd) প্রভৃতি **ধাতুনিষ্পন্ন যাবতীয় আকারান্ত** পুংলিঙ্গ শব্দের এই প্রকার রূপ।

ই-কারান্ত—মুনি (sage)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	मुनिः	मुनी	मुनयः
द्वितीया	मुनिम्	मुनी	मुनीन्
तृतीया	मुनिना	मुनिभ्याम्	मुनिभिः
चतुर्थी	मुनये	मुनिभ्याम्	मुनिभ्यः
पञ्चमी	मुनेः	मुनिभ्याम्	मुनिभ्यः
षष्ठी	मुनेः	मुन्योः	मुनीनाम्
सप्तमी	मुनौ	मुन्योः	मुनिषु
सम्बोधन	मुने	मुनी	मुनयः

(পতি ও সখি ভিন্ন) **সমুদয় পুংলিঙ্গ ইকারান্ত শব্দের রূপ 'মুনি' শব্দের তুল্য।** যথা, অগ্নি (fire), অতিথি (guest), অদ্রি (mountain), অব্ধি (ocean), অরাতি (enemy), অরি (enemy), অলি (bee), অসি (sword), অহি (a serpent), ঊর্মি (wave), ঋষি (sage), কপি (monkey), কবি (poet), গিরি (mountain), গ্রন্থি (joint), ধ্বনি (sound), নিধি (receptacle), পাণি (hand), বলি (offering to the gods), মৌলি (head), যতি (an ascetic), রবি (sun), রশ্মি (ray of light, a rein), বহ্নি (fire), বিধি (rule), ব্যাধি (sickness), ব্রীহি (rice, paddy grain), শালি (a kind of rice), সন্নিধি (proximity), সারথি (charioteer), সেনাপতি (commander), নৃপতি ইত্যাদি।

পতি (husband, master)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	पतिः	पती	पतयः
द्वितीया	पतिम्	पती	पतीन्
तृतीया	पत्या	पतिभ्याम्	पतिभिः
चतुर्थी	पत्ये	पतिभ्याम्	पतिभ्यः
पञ्चमी	पत्युः	पतिभ्याम्	पतिभ्यः
षष्ठी	पत्युः	पत्योः	पतीनाम्
सप्तमी	पत्यौ	पत्योः	पतिषु
सम्बोधन	पते	पती	पतयः

সমাস হইলে পতি (১) শব্দের রূপ 'মুনি' শব্দের তুল্য; যথা—নরপতি, নৃপতি, ভূপতি, মহীপতি (king, sovereign) ইত্যাদি।

সখি (male friend, companion)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	सखा	सखायौ	सखायः
द्वितीया	सखायम्	सखायौ	सखीन्
तृतीया	सख्या	सखिभ्याम्	सखिभिः

(১) **পতিঃ সমাস এব**—পতিশব্দ সমাসেই মুনিবৎ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
चतुर्थी	सख्ये	सखिभ्याम्	सखिभ्यः
पञ्चमी	सख्युः	सखिभ्याम्	सखिभ्यः
षष्ठी	सख्युः	सख्योः	सखीनाम्
सप्तमी	सख्यौ	सख्योः	सखिषु
सम्बोधन	सखे	सखायौ	सखायः

ईकारान्त—सुधी (wise)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	सुधीः	सुधियौ	सुधियः
द्वितीया	सुधियम्	सुधियौ	सुधियः
तृतीया	सुधिया	सुधीभ्याम्	सुधीभिः
चतुर्थी	सुधिये	सुधीभ्याम्	सुधीभ्यः
पञ्चमी	सुधियः	सुधीभ्याम्	सुधीभ्यः
षष्ठी	सुधियः	सुधियोः	सुधियाम्
सप्तमी	सुधियि	सुधियोः	सुधीषु
सम्बोधन	सुधीः	सुधियौ	सुधियः

[সেনানী, অগ্রণী (leader), গ্রামণী (leader or headman of a village) প্রভৃতি কতকগুলি ভিন্ন], অপস্ত্রী (shameless), দুর্ধী (silly), যবক্রী (one who buys barley), শুদ্ধধী (of pure intellect), সুশ্রী (beautiful, good-looking), স্তুতধী (a fool), প্রায় সমুদয় পুংলিঙ্গ ঈকারান্ত শব্দের এইরূপ।

সেনানী (leader of an army)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	सेनानीः	सेनान्यौ	सेनान्यः
द्वितीया	सेनान्यम्	सेनान्यौ	सेनान्यः
तृतीया	सेनान्या	सेनानीभ्याम्	सेनानीभिः

	একবচন	দ্বিবচন	বহুবচন
चतुर्थी	सेनान्ये	सेनानीभ्याम्	सेनानीभ्यः
पञ्चमी	सेनान्यः	सेनानीभ्याम्	सेनानीभ्यः
षष्ठी	सेनान्यः	सेनान्योः	सेनान्याम्
सप्तमी	सेनान्याम्	सेनान्योः	सेनानीषु
सम्बोधन	सेनानीः	सेनान्यौ	सेनान्यः

অগ্রণী প্রভৃতির এই রূপ। প্রধী (pre-eminently intelligent) প্রভৃতি কতকগুলি শব্দ আছে, তাহারা সেনানী শব্দের তুল্য; কেবল সপ্তমীর একবচনে **প্রধ্যি** এইরূপ পদ হয়, এইমাত্র বিশেষ। আর বাতপ্রমী (antelope) প্রভৃতি কতকগুলি শব্দ আছে, তাহাদের রূপ সেনানী শব্দের তুল্য; কেবল দ্বিতীয়ার একবচনে **বাতপ্রমীম্**, দ্বিতীয়ার বহুবচনে **বাতপ্রমীন্**, এবং সপ্তমীর একবচনে **বাতপ্রমী** এইরূপ পদ হয়, এইমাত্র বিশেষ।

উকারান্ত—সাধু (sage, pious man)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	साधुः	साधू	साधवः
द्वितीया	साधुम्	साधू	साधून्
तृतीया	साधुना	साधुभ्याम्	साधुभिः
चतुर्थी	साधवे	साधुभ्याम्	साधुभ्यः
पञ्चमी	साधोः	साधुभ्याम्	साधुभ्यः
षष्ठी	साधोः	साध्वोः	साधूनाम्
सप्तमी	साधौ	साध्वोः	साधुषु
सम्बोधन	साधो	साधू	साधवः

প্রায় সমুদয় পুংলিঙ্গ উকারান্ত শব্দের রূপ 'সাধু' শব্দের তুল্য। যথা—অংশু (ray of light), অণু (atom), ইক্ষু (sugar-cane), ইষু (an arrow), ঋতু (season), কারু (an artist), ক্রতু (sacrifice), গুরু (preceptor), গোমায়ু (jackal), জন্তু (animal), তন্তু (thread), তরু (tree), দস্যু (robber), ধাতু (metal), পরশু (an axe), পশু (beast), পাংশু (dust), প্রভু (master), ফেরু (a jackel), বন্ধু (friend), বাহু (arm), বিন্দু (drop), ভানু (sun), ভিক্ষু (beggar), মৃত্যু (death), রিপু (enemy), বায়ু (air), বিধু (moon), বিভু (lord, all-powerful), বিষ্ণু (the lord Vishnu), শঙ্কু (a dart, a shaft), শত্রু (an enemy), শিশু (an infant, a child), সূনু (son), সেতু (bank, bridge), হেতু (cause) ইত্যাদি।

ক্রোষ্টু (jackal)

প্রথমা—ক্রোষ্টা, ক্রোষ্টারৌ, ক্রোষ্টারঃ। দ্বিতীয়া—ক্রোষ্টারম্, ক্রোষ্টারৌ, ক্রোষ্টূন্। তৃতীয়া—ক্রোষ্টুনা ক্রোষ্ট্রা, ক্রোষ্টুভ্যাম্ ক্রোষ্টুভিঃ। চতুর্থী—ক্রোষ্টবে ক্রোষ্ট্রে, ক্রোষ্টুভ্যাম্, ক্রোষ্টুভ্যঃ। পঞ্চমী—ক্রোষ্টোঃ ক্রোষ্টুঃ, ক্রোষ্টুভ্যাম্, ক্রোষ্টুভ্যঃ। ষষ্ঠী—ক্রোষ্টোঃ ক্রোষ্টুঃ, ক্রোষ্ট্বোঃ ক্রোষ্ট্রোঃ, ক্রোষ্টূনাম্। সপ্তমী—ক্রোষ্টৌ ক্রোষ্টরি, ক্রোষ্ট্বোঃ ক্রোষ্ট্রোঃ, ক্রোষ্টুষু। সম্বোধন—ক্রোষ্টো।

উকারান্ত—প্রতিভূ (surety)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	প্রতিভূঃ	প্রতিভুবৌ	প্রতিভুবঃ
দ্বিতীয়া	প্রতিভুবম্	প্রতিভুবৌ	প্রতিভুবঃ
তৃতীয়া	প্রতিভুবা	প্রতিভূভ্যাম্	প্রতিভূভিঃ
চতুর্থী	প্রতিভুবে	প্রতিভূভ্যাম্	প্রতিভূভ্যঃ
পঞ্চমী	প্রতিভুবঃ	প্রতিভুবোঃ	প্রতিভূভ্যঃ
ষষ্ঠী	প্রতিভুবঃ	প্রতিভুবোঃ	প্রতিভুবাম্
সপ্তমী	প্রতিভুবি	প্রতিভুবোঃ	প্রতিভূষু
সম্বোধন	প্রতিভূঃ	প্রতিভুবৌ	প্রতিভুবঃ

[স্থলু, খলপূ (sweeper), বর্ষাভূ (frog), করভূ (finger-nail), দৃন্‌ভূ (snake) প্রভৃতি ভিন্ন] জিতভূ (conqueror of world),

মনোভূ (Kamadeva), অগ্নিভূ (Kartikeya), আত্মভূ (self-born), স্বভূ (Vishnu), অধিভূ (king, master), স্বয়ম্ভূ (Brahman), ইত্যাদি প্রায় সমুদয় পুংলিঙ্গ দীর্ঘ উকারান্ত শব্দ 'প্রতিভূ' শব্দের তুল্য।

সুলূ (good cutter)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সুলূঃ	সুল্বৌ	সুল্বঃ
দ্বিতীয়া	সুল্বম্	সুল্বৌ	সুল্বঃ
তৃতীয়া	সুল্বা	সুলূভ্যাম্	সুলূভিঃ
চতুর্থী	সুল্বে	সুলূভ্যাম্	সুলূভ্যঃ
পঞ্চমী	সুল্বঃ	সুলূভ্যাম্	সুলূভ্যঃ
ষষ্ঠী	সুল্বঃ	সুল্বোঃ	সুল্বাম্
সপ্তমী	সুল্বি	সুল্বোঃ	সুলূষু
সম্বোধন	সুলূঃ	সুল্বৌ	সুল্বঃ

হূহূ (name of a Gandharva)

প্রথমা—হূহূঃ, হূহ্বৌ, হূহ্বঃ। দ্বিতীয়া—হূহূম্, হূহ্বৌ, হূহূন্। তৃতীয়া—হূহ্বা, হূহূভ্যাম্, হূহূভিঃ। চতুর্থী—হূহ্বে, হূহূভ্যাম্, হূহূভ্যঃ। পঞ্চমী—হূহ্বঃ, হূহূভ্যাম্, হূহূভ্যঃ। ষষ্ঠী—হূহ্বঃ, হূহ্বোঃ, হূহ্বাম্। সপ্তমী—হূহ্বি, হূহ্বোঃ, হূহূষু।

ঋ-কারান্ত—দাতৃ (giver)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	दाता	दातारौ	दातारः
द्वितीया	दातारम्	दातारौ	दातॄन्
तृतीया	दात्रा	दातृभ्याम्	दातृभिः
चतुर्थी	दात्रे	दातृभ्याम्	दातृभ्यः
पञ्चमी	दातुः	दातृभ्याम्	दातृभ्यः
षष्ठी	दातुः	दात्रोः	दातॄणाम्
सप्तमी	दातरि	दात्रोः	दातृषु
सम्बोधन	दातः	दातारौ	दातारः

(ভ্রাতৃ প্রভৃতি কয়েকটি ভিন্ন) অধিষ্ঠাতৃ (ruler, director) কর্তৃ (doer), ক্রেতৃ (buyer), গন্তৃ (goer), ছেত্তৃ (cutter), জেতৃ (conqueror), জ্ঞাতৃ (knower), ত্বষ্টৃ (the architect of the gods), দ্রষ্টৃ (seer), দ্বেষ্টৃ (hater), ধাতৃ (creator), নপ্তৃ (grandson), বিধাতৃ (creator), শ্রোতৃ (hearer), সবিতৃ (sun), স্রষ্টৃ (creator), হর্তৃ (a thief), হোতৃ (a sacrificial priest) প্রভৃতি **প্রায় সমুদয় পুংলিঙ্গ ঋকারান্ত শব্দের রূপ 'দাতৃ' শব্দের তুল্য।**

ভ্রাতৃ (brother)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	**ভ্রাতা**	**ভ্রাতরৌ**	**ভ্রাতরঃ**
দ্বিতীয়া	**ভ্রাতরম্**	**ভ্রাতরৌ**	**ভ্রাতৄন্**
সম্বোধন	**ভ্রাতঃ**	**ভ্রাতরৌ**	**ভ্রাতরঃ**

অন্যান্য বিভক্তিতে 'দাতৃ' শব্দের ন্যায়। পিতৃ (father), জামাতৃ (son-in-law), দেবৃ (husband's brother), সব্যেষ্টৃ (charioteer), নৃ (man), এই কয়েকটি শব্দের রূপ ভ্রাতৃ শব্দের ন্যায়। **নৃ-শব্দের ষষ্ঠীর বহুবচনে দুই পদ হয়।** যথা, **নৃণাম্, নৄণাম্।**

ঐকারান্ত—রৈ (welth)

প্রথমা—রাঃ, রায়ৌ, রায়ঃ। দ্বিতীয়া—রায়ম্, রায়ৌ, রায়ঃ। তৃতীয়া—রায়া, রাভ্যাম্, রাভিঃ। চতুর্থী—রায়ে, রাভ্যাম্, রাভ্যঃ। পঞ্চমী—রায়ঃ, রাভ্যাম্, রাভ্যঃ। ষষ্ঠী—রায়ঃ, রায়োঃ, রায়াম্। সপ্তমী—রায়ি, রায়োঃ রাসু। সম্বোধন—রাঃ

ও-কারান্ত—গো (cow, bull)

প্রথমা	গৌঃ	গাবৌ	গাবঃ
দ্বিতীয়া	গাম্	গাবৌ	গাঃ
তৃতীয়া	গবা	গোভ্যাম্	গোভিঃ
চতুর্থী	গবে	গোভ্যাম্	গোভ্যঃ
পঞ্চমী	গোঃ	গোভ্যাম্	গোভ্যঃ
ষষ্ঠী	গোঃ	গবোঃ	গবাম্
সপ্তমী	গবি	গবোঃ	গোষু
সম্বোধন	গৌঃ	গাবৌ	গাবঃ

সমুদয় ওকারান্ত শব্দের এই প্রকার রূপ হয়।

ঔকারান্ত-গ্লৌ—(moon)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গ্লৌঃ	গ্লাবৌ	গ্লাবঃ
দ্বিতীয়া	গ্লাবম্	গ্লাবৌ	গ্লাবঃ
তৃতীয়া	গ্লাবা	গ্লৌভ্যাম্	গ্লৌভিঃ
চতুর্থী	গ্লাবে	গ্লৌভ্যাম্	গ্লৌভ্যঃ
পঞ্চমী	গ্লাবঃ	গ্লৌভ্যাম্	গ্লৌভ্যঃ
ষষ্ঠী	গ্লাবঃ	গ্লাবোঃ	গ্লাবাম্
সপ্তমী	গ্লাবি	গ্লাবোঃ	গ্লৌষু
সম্বোধন	গ্লৌঃ	গ্লাবৌ	গ্লাবঃ

সমুদয় পুংলিঙ্গ ঔকারান্ত শব্দের এই প্রকার রূপ।

Translation

House of Bhupati—ভূপতেরালয়ঃ। Waves of the lake—হ্রদস্য তরঙ্গাঃ। The monkeys in the hermitage of the sage—ঋষীণামাশ্রমে কপয়ঃ। To the father's brother—পিতুঃ ভ্রাতরম্। Lame of one leg—পাদেন খঞ্জঃ। Hari is the friend of Falguni—ফাল্গুনেঃ সখা হরিঃ। Many black cows—বহবঃ কৃষ্ণাঃ গাবঃ। In the house of the son-in-law—জামাতুরালয়ে। Valmiki is the first poet—বাল্মীকিরাদিঃ কবিঃ। The request of a friend—সখ্যুরনুরোধঃ। To the brother of the husband→পত্যুর্ভ্রাতরম্। Many cows of Rama's father—রামস্য পিতুর্বহবো গাবঃ।

Exercise

1. Translate into Sanskrit :—From the enemy. By faithful friends. To a powerful enemy. Kindhearted masters. Rays of the sun. Virtuous king. Hari's father. By the order of the general. Many antelopes. The rising sun. To the friend of Sreepati. High mountains.

2. Translate into English :—সুগন্ধঃ পবনঃ। শোভনশ্চন্দ্রঃ। মুনেরাশ্রমঃ। মন্দেন পবনেন। সুন্দরান্ বালকান্। চপলৌ বালকৌ। গুণেষু বিনয়ঃ শ্রেষ্ঠঃ। ব্যাধেন হতো মৃগঃ। কর্ণেন বধিরঃ বালকঃ। কুঠারেণ ছিন্নাঃ পাদপাঃ। হরের্ভ্রাতুঃ। ব্যাঘ্রাৎ

ভীতাঃ ভিক্ষবঃ। দরিদ্রায় বিপ্রায়। দৈত্যাঃ দেবানামরয়ঃ। মৃন্ময়ঃ ঘটঃ। কৃষ্ণাঃ গাবঃ। মহর্ষেঃ বাল্মীকেরাশ্রমে। পিতা পরমো গুরুঃ। গুরোরাদেশঃ পালনীয়ঃ। সংযতাঃ মুনয়ঃ।

3. Correct :—পরোপকারঃ পরমং ধর্ম্ম। কৃষ্ণ মৃগাঃ। করুণাময়েন গুরুভিঃ। দেশানাম্ অধিপত্যা নরপত্যা। সুন্দরেভ্যঃ বালকাৎ। গ্রহাণামধিপত্যা ভানুনা। নির্জ্জনে প্রদেশেষু। বশিষ্ঠস্য গাবম্। গোনাম্ আহারঃ। স্নিগ্ধা ভ্রাতারঃ। বিনীতৌ দাতরৌ।

স্বরান্ত-স্ত্রীলিঙ্গ শব্দ

আ-কারান্ত—লতা (creeper)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	লতা	লতে	লতাঃ
দ্বিতীয়া	লতাম্	লতে	লতাঃ
তৃতীয়া	লতয়া	লতাভ্যাম্	লতাভিঃ
চতুর্থী	লতায়ৈ	লতাভ্যাম্	লতাভ্যঃ
পঞ্চমী	লতায়াঃ	লতাভ্যাম্	লতাভ্যঃ
ষষ্ঠী	লতায়াঃ	লতয়োঃ	লতানাম্
সপ্তমী	লতায়াম্	লতয়োঃ	লতাসু
সম্বোধন	লতে	লতে	লতাঃ

প্রায় সমুদয় আকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ 'লতা' শব্দের তুল্য। যথা—অঙ্গনা, অধিত্যকা, অনামিকা, অর্চ্চনা, অসূয়া, আত্মজা, আশা, ইষ্টকা, কনিষ্ঠা, কন্থা, কন্যা, করুণা, কলা, কলিকা, কবিতা, কান্তা, কৃতজ্ঞতা, কৃপা, ক্ষপা, ক্ষমা, ক্ষুধা, গঙ্গা, গদা, গবেষণা, গাথা, গুহা, গোধা (গোসাপ), গ্রীবা, ঘৃণা, চিতা, চিন্তা, চূড়া, চেষ্টা, ছটা, ছায়া, প্রজ্ঞা, জটা, জনতা, জায়া, জিজ্ঞাসা, জিহ্বা, জীবিকা, জ্যা, জ্যোৎস্না, ঢক্কা, তন্দ্রা, তমিস্রা, তারা, তিতিক্ষা, তুলিকা, তৃষ্ণা, দশা, দেবতা, দ্রাক্ষা, ধরা, নিদ্রা, পত্রিকা, পরিখা, পাদুকা, পুত্তলিকা, প্রভা, প্রার্থনা, ফণা, বাধা, বালিকা, ভার্য্যা, ভাষা, মদিরা, মনীষা, মরীচিকা, মর্য্যাদা, মহিলা, মায়া, মালা, মুক্তা, মুদ্রা, মৃত্তিকা, যাচ্ঞা, রেখা, লজ্জা, ললনা, বনিতা, বসুধা, বাঞ্ছা, বার্ত্তা, বিদ্যা, শয্যা, শালা, শিক্ষা, শিখা, শিলা, শোভা, সভা, সিকতা, সুধা, সেনা প্রভৃতি।

অম্বা (mother) শব্দের সম্বোধনের একবচনে অম্ব ! এই পদ হয় এইমাত্র বিশেষ, আর সমুদয় বিভক্তিতে 'লতা' শব্দের তুল্য। যথা, হে অম্ব ! ত্রায়স্ব। হে জগদম্ব ! মাং রক্ষ। দ্বিতীয়া ও তৃতীয়া শব্দের রূপ লতা-শব্দের তুল্য। চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমীর একবচনে ইহাদের ('সর্ব্বা' শব্দের ন্যায়) আর একটি করিয়া রূপ হয়। যথা,

	চতুর্থী	পঞ্চমী	ষষ্ঠী	সপ্তমী
দ্বিতীয়া	দ্বিতীয়স্যৈ,	দ্বিতীয়স্যাঃ,	দ্বিতীয়স্যাঃ,	দ্বিতীয়স্যাম্,
	দ্বিতীয়ায়ৈ	দ্বিতীয়ায়াঃ	দ্বিতীয়ায়াঃ	দ্বিতীয়ায়াম্
তৃতীয়া	তৃতীয়স্যৈ,	তৃতীয়স্যাঃ,	তৃতীয়স্যাঃ,	তৃতীয়স্যাম্,
	তৃতীয়ায়ৈ	তৃতীয়ায়াঃ	তৃতীয়ায়াঃ	তৃতীয়ায়াম্

আর সকল বিভক্তিতে 'লতা' শব্দের তুল্য।

জরা (old age, general debility)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	जरा	जरसौ, जरे	जरसः, जराः
द्वितीया	जरसम्, जराम्	जरसौ, जरे	जरसः, जराः
तृतीया	जरसा, जरया	जराभ्याम्	जराभिः
चतुर्थी	जरसे, जरायै	जराभ्याम्	जराभ्यः
पञ्चमी	जरसः, जरायाः	जराभ्याम्	जराभ्यः
षष्ठी	जरसः, जरायाः	जरसोः, जरयोः	जरसाम्, जराणाम्
सप्तमी	जरसि, जरायाम्	जरसोः, जरयोः	जरासु
सम्बोधन	जरे	जरसौ, जरे	जरस, जराः

নাসিকা (nose)

প্রথমা—নাসিকা, নাসিকে, নাসিকাঃ। দ্বিতীয়া—নাসিকাম্, নাসিকে, নাসিকাঃ নসঃ। তৃতীয়া—নাসিকয়া নসা, নাসিকাভ্যাম্ নোভ্যাম্, নাসিকাভিঃ নোভিঃ। চতুর্থী—নাসিকায়ৈ নসে, নাসিকাভ্যাম নোভ্যাম্, নাসিকাভ্যঃ নোভ্যঃ।

পঞ্চমী—নাসিকায়াঃ নসঃ, নাসিকাভ্যাম্ নোভ্যাম্, নাসিকাভ্যঃ নোভ্যঃ। ষষ্ঠী—নাসিকায়াঃ নসঃ, নাসিকয়োঃ নসোঃ, নাসিকানাম্ নসাম্। সপ্তমী—নাসিকায়াম্ নসি, নাসিকয়োঃ নসোঃ, নাসিকাসু নঃসু। সম্বোধন—নাসিকে।

নিশা (night)

প্রথমা—নিশা, নিশে, নিশাঃ। দ্বিতীয়া—নিশাম্, নিশে, নিশাঃ নিশঃ। তৃতীয়া—নিশয়া নিশা, নিশাভ্যাম্, নিড্ভ্যাম্, নিশাভিঃ নিড্ভিঃ। চতুর্থী—নিশায়ৈ নিশে, নিশাভ্যাম্ নিড্ভ্যাম্, নিশাভ্যঃ নিড্ভ্যঃ। পঞ্চমী—নিশায়াঃ নিশঃ, নিশাভ্যাম্ নিড্ভ্যাম্, নিশাভ্যঃ, নিড্ভ্যঃ। ষষ্ঠী—নিশায়াঃ নিশঃ, নিশয়োঃ নিশোঃ, নিশানাম্ নিশাম্। সপ্তমী—নিশায়াম্ নিশি, নিশয়োঃ নিশোঃ, নিশাসু নিট্সু। সম্বোধন—নিশে।

পৃতনা (army)

প্রথমা—পৃতনা, পৃতনে, পৃতনাঃ। দ্বিতীয়া—পৃতনাম্, পৃতনে, পৃতনাঃ পৃতঃ। তৃতীয়া—পৃতনয়া পৃতা, পৃতনাভ্যাম্ পৃদ্ভ্যাম্, পৃতনাভিঃ পৃদ্ভিঃ। চতুর্থী—পৃতনায়ৈ পৃতে, পৃতনাভ্যাম্ পৃদ্ভ্যাম্, পৃতনাভ্যঃ পৃদ্ভ্যঃ। পঞ্চমী—পৃতনায়াঃ পৃতঃ, পৃতনাভ্যাম্ পৃদ্ভ্যাম্, পৃতনাভ্যঃ পৃদ্ভ্যঃ। ষষ্ঠী—পৃতনায়াঃ পৃতঃ, পৃতনয়োঃ পৃতোঃ, পৃতনানাম্ পৃতাম্। সপ্তমী—পৃতনায়াম পৃতি, পৃতনয়োঃ পৃতোঃ, পৃতনাসু পৃৎসু। সম্বোধন—পৃতনে।

ই-কারান্ত—মতি (intellect)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	मतिः	मती	मतयः
द्वितीया	मतिम्	मती	मतीः
तृतीया	मत्या	मतिभ्याम्	मतिभिः
चतुर्थी	मत्यै, मतये	मतिभ्याम्	मतिभ्यः
पञ्चमी	मत्याः, मतेः	मतिभ्याम्	मतिभ्यः
षष्ठी	मत्याः, मतेः	मत्योः	मतीनाम्
सप्तमी	मत्याम्, मतौ	मत्योः	मतिषु
सम्बोधन	मते	मती	मतयः

অঙ্গুলি, অনুরক্তি, অবনি, আর্ত্তি (পীড়া), আসক্তি, ইষুধি (quiver), উন্নতি, ঋদ্ধি, কান্তি, কীর্ত্তি, কৃত্তি, কৃষি, ক্ষিতি, ক্ষেপণি, খনি, গতি, গ্লানি, চ্যুতি, ছবি (কান্তি),

জাতি, তিথি, দ্যুতি, ধৃতি, নিয়তি, পঙ্‌ক্তি, পদ্ধতি, প্রকৃতি, প্রণতি, প্রসূতি, বুদ্ধি, ভক্তি, ভূতি, ভূমি, ভ্রূকুটি, মুক্তি, মূর্ত্তি, যুবতি, রতি, রাজি, রাত্রি, রীতি, রুচি, বর্ত্তি (wick), বিপত্তি, বিরক্তি, বিভূতি, ব্যক্তি, ব্রততি, শুক্তি, শ্রুতি, শ্রেণি, শান্তি, সমিতি, সরণি, স্তুতি, স্রুতি, প্রভৃতি সমুদয় **ই-কারন্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ 'মতি' শব্দের তুল্য।**

ঈ-কারান্ত—নদী (river)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	**নদী**	**নদ্যৌ**	**নদ্যঃ**
দ্বিতীয়া	**নদীম্**	**নদ্যৌ**	**নদীঃ**
তৃতীয়া	**নদ্যা**	**নদীভ্যাম্**	**নদীভিঃ**
চতুর্থী	**নদ্যৈ**	**নদীভ্যাম্**	**নদীভ্যঃ**
পঞ্চমী	**নদ্যাঃ**	**নদীভ্যাম্**	**নদীভ্যঃ**
ষষ্ঠী	**নদ্যাঃ**	**নদ্যোঃ**	**নদীনাম্**
সপ্তমী	**নদ্যাম্**	**নদ্যোঃ**	**নদীষু**
সম্বোধন	**নদি**	**নদ্যৌ**	**নদ্যঃ**

(শ্রী, হ্রী, ধী, ভী, স্ত্রী প্রভৃতি ভিন্ন) অটবী, উর্ব্বী, কঠিনী (Chalk), কদলী, করবী, কামিনী, কুমারী, কৌমুদী, গৃহিণী, জননী, তটিনী, তরঙ্গিণী, তর্জ্জনী, দাসী, দৌহিত্রী, ধরণী, ধাত্রী, নগরী, নন্দিনী, নারী, পত্নী, পয়স্বিনী, পুরী, পৃথিবী, পৌত্রী, প্রাচী, বল্লী, ভগিনী, মঞ্জরী, মহিষী, মহী, মার্জ্জনী, যামিনী, রজনী, রাজ্ঞী, লেখনী, বাণী, বাপী, বাহিনী, বিভাবরী, ব্যাঘ্রী, শর্ব্বরী, শ্রেণী, সখী, সহচরী, সিংহী, সৌদামিনী প্রভৃতি প্রায় সমুদয় **ঈ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ 'নদী' শব্দের তুল্য।**

অবী, তন্ত্রী, তরী ও লক্ষ্মী প্রভৃতি শব্দের প্রথমা এবং সম্বোধনের একবচনে **অবীঃ, তন্ত্রীঃ, তরীঃ, লক্ষ্মীঃ** এইরূপ বিসর্গযুক্ত পদ হয় (১)। আর সকল বিভক্তিতে 'নদী' শব্দের তুল্য।

গ্রামণী শব্দের স্ত্রীলিঙ্গে রূপ ও পুংলিঙ্গের ন্যায়, নদী শব্দের ন্যায় নহে।

(১) "অবী-লক্ষ্মী-তরী-তন্ত্রী-হ্রী-ধী-শ্রীণামুণাদিতঃ।
স্ত্রীলিঙ্গে বর্তমানানাং ন সুলোপঃ কদাচন॥"

শ্রী (beauty, prosperity)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	श्रीः	श्रियौ	श्रियः
द्वितीया	श्रियम्	श्रियौ	श्रियः
तृतीया	श्रिया	श्रीभ्याम्	श्रीभिः
चतुर्थी	श्रियै, श्रिये	श्रीभ्याम्	श्रीभ्यः
पञ्चमी	श्रियाः, श्रियः	श्रीभ्याम्	श्रीभ्यः
षष्ठी	श्रियाः, श्रियः	श्रियोः	श्रियाम्, श्रीणाम्
सप्तमी	श्रियाम्, श्रियि	श्रियोः	श्रीषु
सम्बोधन	श्रीः	श्रियौ	श्रियः

হ্রী (bashfulness), ধী (intellect), ভী (fear) শব্দ 'শ্রী' শব্দের তুল্য। (১)

স্ত্রী (woman)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	स्त्री	स्त्रियौ	स्त्रियः
द्वितीया	स्त्रियम्, स्त्रीम्	स्त्रियौ	स्त्रियः, स्त्रीः
तृतीया	स्त्रिया	स्त्रीभ्याम्	स्त्रीभिः
चतुर्थी	स्त्रियै	स्त्रीभ्याम्	स्त्रीभ्यः
पञ्चमी	स्त्रियाः	स्त्रीभ्याम्	स्त्रीभ्यः
षष्ठी	स्त्रियाः	स्त्रियोः	स्त्रीणाम्
सप्तमी	स्त्रियाम्	स्त्रियोः	स्त्रीषु
सम्बोधन	स्त्रि	स्त्रियौ	स्त्रियः

(১) সুষ্ঠু ধীর্যস্যাঃ, সুষ্ঠু ধ্যায়তি বেতি বিগ্রহে তু মতভেদেন সুধীঃ শ্রীবৎ পুংবৎ চ। সুষ্ঠু ধীঃ ইতি বিগ্রহে তু শ্রীবদেব।

উ-কারান্ত—ধেনু (cow)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	धेनुः	धेनू	धेनवः
দ্বিতীয়া	धेनुम्	धेनू	धेनूः
তৃতীয়া	धेन्वा	धेनुभ्याम्	धेनुभिः
চতুর্থী	धेन्वै, धेनवे	धेनुभ्याम्	धेनुभ्यः
পঞ্চমী	धेन्वाः, धेनोः	धेनुभ्याम्	धेनुभ्यः
ষষ্ঠী	धेन्वाः, धेनोः	धेन्वोः	धेनूनाम्
সপ্তমী	धेन्वाम्, धेनौ	धेन्वोः	धेनुषु
সম্বোধন	धेनो	धेनू	धेनवः

চঞ্চু, তনু, রজ্জু, রেণু, স্নায়ু প্রভৃতি যাবতীয় **হ্রস্ব উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ 'ধেনু' শব্দের** তুল্য।

ঊ-কারান্ত—বধূ (wife)

প্রথমা	वधूः	वध्वौ	वध्वः
দ্বিতীয়া	वधूम्	वध्वौ	वधूः
তৃতীয়া	वध्वा	वधूभ्याम्	वधूभिः
চতুর্থী	वध्वै	वधूभ्याम्	वधूभ्यः
পঞ্চমী	वध्वाः	वधूभ्याम्	वधूभ्यः
ষষ্ঠী	वध्वाः	वध्वोः	वधूनाम्
সপ্তমী	वध्वाम्	वध्वोः	वधूषु
সম্বোধন	वधु	वध्वौ	वध्वः

[ভূ, ভ্রূ, সুভ্রূ প্রভৃতি ভিন্ন] কর্কন্ধূ, চম্পূ, চমূ, তনূ, পুত্রবধূ, যবাগূ, শ্বশ্রূ, সরযূ প্রভৃতি যাবতীয় **দীর্ঘ উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ 'বধূ' শব্দের** তুল্য।

भू (earth)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	भूः	भुवौ	भुवः
द्वितीया	भुवम्	भुवौ	भुवः
तृतीया	भुवा	भूभ्याम्	भूभिः
चतुर्थी	भुवे, भुवै,	भूभ्याम्	भूभ्यः
पञ्चमी	भुवाः, भुवः	भूभ्याम्	भूभ्यः
षष्ठी	भुवाः, भुवः	भुवोः	भुवाम्, भूनाम्
सप्तमी	भुवाम्, भुवि	भुवोः	भूषु
सम्बोधन	भूः	भुवौ	भुवः

ভ্রূ (eye-brow) ও সুভ্রূ (a woman having beautiful eye-brow) শব্দ 'ভূ' শব্দের তুল্য (১)। স্বয়ম্ভূ শব্দের স্ত্রীলিঙ্গে রূপ পুংলিঙ্গের ন্যায়, ভূ শব্দের ন্যায় নহে।

ঋ-কারান্ত—দুহিতৃ

प्रथमा	दुहिता	दुहितरौ	दुहितरः
द्वितीया	दुहितरम्	दुहितरौ	दुहितः
सम्बोधन	दुहितः	दुहितरौ	दुहितरः

অন্য সকল বিভক্তিতে ভ্রাতৃ শব্দের তুল্য।

মাতৃ (mother), যাতৃ (জা), ননান্দৃ (husband's sister, ননদ) শব্দের রূপ 'দুহিতৃ' শব্দের ন্যায়।

---

(১) সুভ্রূ শব্দের সম্বোধনে 'সুভ্রূঃ' স্থলে কেহ কেহ 'সুভ্রু' এইরূপ বলিয়া থাকেন। যথা—হা পিতঃ, ক্বাসি হে সুভ্রু ইতি ভট্টিঃ। 'প্রমাদ এবায়মিতি বহবঃ', অনেকের মতে ইহা ভুল।

স্বসৃ (sister)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	स्वसा	स्वसारौ	स्वसारः
দ্বিতীয়া	स्वसारम्	स्वसारौ	स्वसॄः
সম্বোধন	स्वसः	स्वसारौ	स्वसारः

অন্য সকল বিভক্তিতে 'দাতৃ' শব্দের তুল্য।

ওকারান্ত ও ঔকারান্ত শব্দ

স্ত্রীলিঙ্গ ওকারান্ত ও ঔকারান্ত শব্দ পুংলিঙ্গ ওকারান্ত ও ঔকারান্ত শব্দের তুল্য, কোনও ভেদ নাই। দ্যো (heaven) শব্দ **'গো'** শব্দের তুল্য। **নৌ** (boat) 'গ্লৌ' শব্দের তুল্য।

Translation

A handsome lady—লাবণ্যময়ী ললনা। Gauri is the daughter of Himalaya—হিমালয়স্য দুহিতা গৌরী। Lakshmi is the wife of Vishnu —বিষ্ণোর্বনিতা লক্ষ্মীঃ। In the shade of a tree—তরোশ্ছায়ায়াম্। With keen hunger—প্রবলয়া ক্ষুধয়া। Affectionate mother—স্নেহময়ী জননী। Chaste woman—সাধ্বী নারী। The waves of the sea—উদধের্বীচয়ঃ। Subhadra is the sister of Krishna—সুভদ্রা কৃষ্ণস্য স্বসা। By the learned girl—বিদুষ্যা বালিকয়া। The cows of the sages—মুনীনাং ধেনবঃ। On the branch of a tree—বৃক্ষস্য শাখায়াম্। A devoted wife—অনুরক্তা পত্নী। A small creeper—ক্ষুদ্রা লতা। The appetite of children is very keen—বালানাং ক্ষুধা বলবতী। Power coupled with forgiveness—ক্ষমা শক্তৌ। (Two) good-natured girls—সুশীলে বালিকে। Desire for freedom—মুক্তেরিচ্ছা। The intellect of the wise man is sharp—সুধিয়ঃ বুদ্ধিঃ সূক্ষ্মা। Extensive earth—বিপুলা পৃথ্বী। Thin body—কৃশা তনুঃ। By the army of the king—নৃপতেঃ চম্বা।

Exercise

1. Translate into Sanskrit :—A handsome maid. From memory. By a creeper. To the beautiful girls. Sister's son. Mother-in-law's sister. Arundhati is the wife of Vasistha. The earth

is round. Hari's sister is an accomplished woman. On soft bed. Beautiful wife. On the bank of the river Ganges. The girl is looking at the stars. There is an image of Durga in the house of Hari. The general leads (নয়তি) the army. Birds eat with their beaks.

2. Translate into Bengali :—বৃক্ষস্য ভগ্নে শাখে। পূর্ণিমায়াস্তিথৌ। বালিকায়াঃ বুদ্ধিঃ। নদীনাং গত্যা। পৃথিব্যাঃ পত্যা। পুষ্পিতে লতে। ছিন্নাঃ লতাঃ। গতায়াং নিশায়াম্। বেগবত্যাঃ নদ্যাঃ। বৃক্ষস্য ছিন্নায়াং শাখায়াম্। পতির্গুরুঃ স্ত্রীণাম্। বাপ্যাং বহবঃ কুমার্যঃ। ঝটিকয়া কম্পিতা লতা। চঞ্চলা মতিঃ। রামায়ণী কথা। উজ্জ্বলা শিখা দীপস্য। যুধিষ্ঠিরস্য মাতরং কুন্তীম্। হিংসা জন্তূনাং প্রকৃতিঃ। ধূলিমপহরতি (বিদূরিত করে) বৃষ্টিঃ। বিপত্তৌ হরিং স্মরতি (স্মরণ করে)। রাজ্ঞী সখীং পৃচ্ছতি (asks)। যাতরৌ শ্বশ্রূং পৃচ্ছতঃ। গোপাঃ ধেনূঃ নয়ন্তি (লইয়া যায়)।

3. Correct :—শস্যপূর্ণং পৃথিবীম্। মলিনেন কন্থয়াঃ। চঞ্চলাঃ কমলাঃ। সাধুঃ ভার্য্যাঃ। পুষ্পিতৌ লতে। সূক্ষ্মঃ বুদ্ধিঃ। সভায়া পরমাঃ শোভা। হিত কথা। উর্ব্বরে ভূমৌ। ভক্তিনা পিতুঃ সেবাং করোতি পুত্রঃ। লক্ষ্মী শ্রীং দদাতি। কৃষীন্ করোতি কৃষকঃ। ধূলিনাঃ আবৃতা ক্ষিতিঃ। রাজা প্রজান্ পালয়তি।

স্বরান্ত ক্লীবলিঙ্গ শব্দ

অ-কারান্ত—ফল (fruit)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	फलम्	फले	फलानि
द्वितीया	फलम्	फले	फलानि
तृतीया	फलेन	फलाभ्याम्	फलैः
चतुर्थी	फलाय	फलाभ्याम्	फलेभ्यः
पञ्चमी	फलात्	फलाभ्याम्	फलेभ्यः
षष्ठी	फलस्य	फलयोः	फलानाम्
सप्तमी	फले	फलयोः	फलेषु
सम्बोधन	फल	फले	फलानि

অঙ্গ, অঙ্গন, অজ্ঞান, অঞ্জন (কাজল), অন্তঃকরণ, অন্তর (difference), অন্তরীপ, অন্ন, অপত্য, অব্জ (lotus), অভ্র (cloud), অমৃত, অশন, আলেখ্য, আসন, ইন্দ্রিয়, ইন্ধন, উদর, উদ্যান, উপাধান (pillow), ঋণ, ঔষধ, কন্দর, (cave), কাঞ্চন, কানন, কারণ, কার্য্য, কাব্য, কাষ্ঠ, কুটির, কুমুদ, কুল (family), কুশল, কুসুম, কূল (bank), ক্ষেত্র, খাদ্য, গৃহ, গেহ, চক্র, চিত্ত, চিহ্ন, চূর্ণ, ছত্র, জল, জ্ঞান, তল, তল্প (bed), তাম্র, তৃণ, দিন, দুঃখ, দুগ্ধ, দুর্গ, দৈন্য, দৈব, দ্রব্য, দ্বার, ধন, ধ্যান, নক্ষত্র, নগর, নয়ন, নিষ্ঠীবন (থুতু), নৃত্য, পঞ্চত্ব, পণ্য, পত্র, পদ, পাত্র, পানীয়, পাপ, পিঞ্জর, পিশিত, পীঠ, পীযুষ, পুচ্ছ, পুণ্ডরীক, পুরীষ, পুষ্প, পুস্তক, পৃষ্ঠ, প্রভাত, বল, ভদ্র, ভাগ্য, ভাজন, মাংস, মিত্র, মুখ, মূল, মূল্য, যুদ্ধ, রক্ত, রজত, রাজ্য, রুধির, রূপ, লাবণ্য, বচন, বন, বল্কল, বসন, বস্ত্র, বাতায়ন, বিজ্ঞান, বিত্ত, বিল (গর্ত), বিবর, বিষ, বিস (মৃণাল), বৃত্ত, বৃন্ত, বৈর, ব্যজন (পাখা), বাসন, ব্যাকরণ, ব্রত, শরণ (গৃহ, রক্ষাকর্তা), শষ্প, শস্ত্র, শস্য, শাস্ত্র, শীল, সঙ্গীত, সমীপ, সাক্ষ্য, সাদৃশ্য, সামর্থ্য, সাহস, সাহিত্য, সিংহাসন, সোপান, সৌন্দর্য্য, স্মিত, স্বর্ণ, স্বাস্থ্য, হর্ম্ম্য, হাস্য, প্রভৃতি প্রায় **সমুদয় অকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপ 'ফল' শব্দের তুল্য।**

হৃদয় (heart)

প্রথমা—হৃদয়ম্, হৃদয়ে, হৃদয়ানি। দ্বিতীয়া—হৃদয়ম্, হৃদয়ে, হৃদয়ানি, হৃন্দি। তৃতীয়া—হৃদয়েন হৃদা, হৃদয়াভ্যাম্ হৃদ্ভ্যাম্, হৃদয়ৈঃ হৃদ্ভিঃ। চতুর্থী—হৃদয়ায় হৃদে, হৃদয়াভ্যাম্, হৃদ্ভ্যাম্, হৃদয়েভ্যঃ হৃদ্ভ্যঃ। পঞ্চমী—হৃদয়াৎ হৃদঃ, হৃদয়াভ্যাম্ হৃদ্ভ্যাম্, হৃদয়েভ্যঃ হৃদ্ভ্যঃ। ষষ্ঠী—হৃদয়স্য হৃদঃ, হৃদয়য়োঃ হৃদোঃ, হৃদয়ানাম্ হৃদাম্। সপ্তমী—হৃদয়ে হৃদি, হৃদয়য়োঃ হৃদোঃ, হৃদয়েষু হৃৎসু। সম্বোধন—হৃদয়।

উদক (water)

প্রথমা—উদকম্, উদকে, উদকানি। দ্বিতীয়া—উদকম্, উদকে, উদকানি উদানি। তৃতীয়া—উদকেন উদ্না, উদকাভ্যাম্ উদভ্যাম্, উদকৈঃ উদভিঃ। চতুর্থী—উদকায় উদ্নে, উদকাভ্যাম্ উদভ্যাম্, উদকেভ্য উদভ্যঃ। পঞ্চমী—উদকাৎ উদ্নঃ, উদকাভ্যাম্ উদভ্যাম্ উদকেভ্যঃ উদভ্যঃ। ষষ্ঠী—উদকস্য উদ্নঃ উদকয়োঃ উদ্নোঃ, উদকানাম্ উদ্নাম্। সপ্তমী—উদকে উদ্নি, উদনি উদকয়োঃ উদ্নোঃ, উদকেষু উদসু। সম্বোধন—উদক।

আস্য (mouth)

প্রথমা—আস্যম্, আস্যে, আস্যানি। দ্বিতীয়া—আস্যম্, আস্যে, আস্যানি আসানি। তৃতীয়া—আস্যেন আস্না, আস্যাভ্যাম্, আসভ্যাম্, আস্যৈঃ আসভিঃ। চতুর্থী—আস্যায় আস্নে, আস্যাভ্যাম্ আসভ্যাম্, আস্যেভ্যঃ আসভ্যঃ। পঞ্চমী—আস্যাৎ আস্নঃ,

আস্যাভ্যাম্ আসভ্যাম্, আস্যেভ্যঃ আসভ্যঃ। ষষ্ঠী—আস্যস্য আস্নঃ, আস্যয়োঃ আস্নোঃ, আস্যানাম্ আস্নাম্। সপ্তমী—আস্যে আস্নি আসনি, আস্যয়োঃ আস্নোঃ, আস্যেষু আসসু। সম্বোধন—আস্য।

ই-কারান্ত—বারি (water)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	वारि	वारिणी	वारीणि
द्वितीया	वारि	वारिणी	वारीणि
तृतीया	वारिणा	वारिभ्याम्	वारिभिः
चतुर्थी	वारिणे	वारिभ्याम्	वारिभ्यः
पञ्चमी	वारिणः	वारिभ्याम्	वारिभ्यः
षष्ठी	वारिणः	वारिणोः	वारिणाम्
सप्तमी	वारिणि	वारिणोः	वारिषु
सम्बोधन	वारे, वारि	वारिणी	वारीणि

[অক্ষি (eye), অস্থি (bone), দধি (curd), সক্থি (thigh) ভিন্ন] **যাবতীয় বিশেষ্য হ্রস্ব ইকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপ 'বারি' শব্দের তুল্য।**

অক্ষি (eye)

प्रथमा	अक्षि	अक्षिणी	अक्षीणि
द्वितीया	अक्षि	अक्षिणी	अक्षीणि
तृतीया	अक्ष्णा	अक्षिभ्याम्	अक्षिभिः
चतुर्थी	अक्ष्णे	अक्षिभ्याम्	अक्षिभ्यः
पञ्चमी	अक्ष्णः	अक्षिभ्याम्	अक्षिभ्यः
षष्ठी	अक्ष्णः	अक्ष्णोः	अक्ष्णाम्
सप्तमी	अक्ष्णि, अक्षणि	अक्ष्णोः	अक्षिषु
सम्बोधन	अक्षे, अक्षि	अक्षिणी	अक्षीणि

অস্থি, সক্থি ও দধি শব্দের রূপ এই প্রকার।

শুচি (pure)*

প্রথমা—শুচি, শুচিনী, শুচীনি। দ্বিতীয়া—শুচি, শুচিনী. শুচীনি। তৃতীয়া—শুচিনা, শুচিভ্যাম্, শুচিভিঃ। চতুর্থী—শুচিনে শুচয়ে, শুচিভ্যাম্, শুচিভ্যঃ। পঞ্চমী—শুচিনঃ শুচেঃ, শুচিভ্যাম্. শুচিভ্যঃ। ষষ্ঠী—শুচিনঃ শুচঃ, শুচিনোঃ শুচ্যোঃ, শুচীনাম্। সপ্তমী—শুচিনি শুচৌ, শুচিনোঃ, শুচ্যোঃ, শুচিষু। সম্বোধন—শুচে, শুচি।

যাবতীয় **ইকারান্ত ক্লীবলিঙ্গ বিশেষণ শব্দের রূপ 'শুচি' শব্দের তুল্য।**

উ-কারান্ত মধু (honey)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	**মধু**	**মধুনী**	**মধূনি**
দ্বিতীয়া	**মধু**	**মধুনী**	**মধূনি**
তৃতীয়া	**মধুনা**	**মধুভ্যাম্**	**মধুভিঃ**
চতুর্থী	**মধুনে**	**মধুভ্যাম্**	**মধুভ্যঃ**
পঞ্চমী	**মধুনঃ**	**মধুভ্যাম্**	**মধুভ্যঃ**
ষষ্ঠী	**মধুনঃ**	**মধুনোঃ**	**মধূনাম্**
সপ্তমী	**মধুনি**	**মধুনোঃ**	**মধুষু**
সম্বোধন	**মধো, মধু**	**মধুনী**	**মধূনি**

অম্বু, অলাবু, অশ্রু, জতু, জানু, তালু, দারু, মরু, বসু, বস্তু, শ্মশ্রু প্রভৃতি সমুদয় **বিশেষ্য** হ্রস্ব উকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপ 'মধু' শব্দের তুল্য।

সানু (table-land)

প্রথমা—সানু, সানুনী, সানূনি। দ্বিতীয়া—সানু, সানুনী, সানূনি, স্নূনি। তৃতীয়া—সানুনা স্নুনা, সানুভ্যাম্, স্নুভ্যাম্, সানুভিঃ স্নুভিঃ। চতুর্থী—সানুনে স্নুনে, সানুভ্যাম্ স্নুভ্যাম, সানুভ্য স্নুভ্যঃ। পঞ্চমী—সানুনঃ স্নুনঃ, সানুভ্যাম্ স্নুভ্যাম্, সানুভ্যঃ স্নুভ্যঃ। ষষ্ঠী—সানুনঃ স্নুনঃ, সানুনোঃ স্নুনোঃ, সানূনাম্ স্নূনাম্। সপ্তমী—সানুনি স্নুনি, সানুনোঃ স্নুনোঃ, সানুষু স্নুষু। সম্বোধন—সানো, সানু।

---

*তৃতীয়া হইতে স্বরাদি বিভক্তিতে ইকারান্ত, উকারান্ত ও ঋকারান্ত ক্লীবলিঙ্গ বিশেষণ শব্দের বিকল্পে পুংলিঙ্গের ন্যায় রূপ হয়। 'তৃতীয়াদিষু ভাষিতপুংস্কং পুংবদ্ গালবস্য'।

স্বাদু (sweet)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	স্বাদু	স্বাদুনী	স্বাদূনি
দ্বিতীয়া	স্বাদু	স্বাদুনী	স্বাদূনি
তৃতীয়া	স্বাদুনা	স্বাদুভ্যাম্	স্বাদুভিঃ
চতুর্থী	স্বাদুনে, স্বাদবে	স্বাদুভ্যাম্	স্বাদুভ্যঃ
পঞ্চমী	স্বাদুনঃ, স্বাদোঃ	স্বাদুভ্যাম্	স্বাদুভ্যঃ
ষষ্ঠী	স্বাদুনঃ, স্বাদোঃ	স্বাদুনোঃ, স্বাদ্বোঃ	স্বাদূনাম্
সপ্তমী	স্বাদুনি, স্বাদৌ	স্বাদুনোঃ, স্বাদ্বোঃ	স্বাদুষু
সম্বোধন	স্বাদো, স্বাদু	স্বাদুনী	স্বাদূনি

যাবতীয় উকারান্ত ক্লীবলিঙ্গ **বিশেষণ** শব্দের রূপ 'স্বাদু'শব্দের **তুল্য**।

ঋ-কারান্ত শব্দ—ধাতৃ (creator)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধাতৃ	ধাতৃণী	ধাতৄণি
দ্বিতীয়া	ধাতৃ	ধাতৃণী	ধাতৄণি
তৃতীয়া	ধাতৃণা, ধাত্রা	ধাতৃভ্যাম্	ধাতৃভিঃ
চতুর্থী	ধাতৃণে, ধাত্রে	ধাতৃভ্যাম্	ধাতৃভ্যঃ
পঞ্চমী	ধাতৃণঃ, ধাতুঃ	ধাতৃভ্যাম্	ধাতৃভ্যঃ
ষষ্ঠী	ধাতৃণঃ, ধাতুঃ	ধাতৃণোঃ, ধাত্রোঃ	ধাতৄণাম্
সপ্তমী	ধাতৃণি, ধাতরি	ধাতৃণোঃ, ধাত্রোঃ	ধাতৃষু
সম্বোধন	ধাতঃ, ধাতৃ	ধাতৃণী	ধাতৄণি

যাবতীয় ঋকারান্ত ক্লীবলিঙ্গ শব্দ **'ধাতৃ'** শব্দের তুল্য।

Translation

A torn leaf—ছিন্নং পত্রম্। A white cloth—শুভ্রং বসনম্। Clear water—নির্মলং বারি। Hot honey—উষ্ণং মধু। Mango is sweet—আম্রং স্বাদু। The child is drinking milk—শিশুঃ দুগ্ধং পিবতি। Leaves fall from the tree—বৃক্ষাৎ পত্রাণি পতন্তি। The bees are drinking honey from flowers—মধূনি পিবন্তি ভ্রমরাঃ পুষ্পেভ্যঃ।

Exercise

1. Translate into Sanskrit :—Water of the river of Ganges is pure. The white beard of Hari's father. A black umbrella. Weapons of the warriors. Beauty of nature. Price of the cloth. Muddy water of the river. Sweet honey. Contentment is the source of happiness. White flowers in the forest. The poor boy will get (প্রাপ্স্যতি) a cloth. The master is giving wages to the servants. The child goes on his knee.

2. Translate into Bengali :—ছিন্নং বসনম্। সুন্দরমাননম্। উষ্ণেণ বারিণা। গঙ্গায়াস্তীরে। পীড়িতস্যৌষধং পথ্যম্। অনিত্যং জীবনং নরাণাম্। শ্যামলানি তৃণানি। নয়নয়োরমৃতম্। অমৃতং বালানাং বচনম্। বসন্তে ভ্রমণং হিতকরম্। বৃদ্ধস্য বচনং গ্রাহ্যম্। শীতলং জলং কূপস্য। অপুত্রস্য গৃহং শূন্যম্। মূর্খস্য হৃদয়ং শূন্যম্। বালানাং রোদনং বলম্। ছাত্রঃ পুস্তকং পঠতি (পড়িতেছে)। উদ্যানে পুষ্পৈঃ ক্রীড়ন্তি (খেলা করিতেছে) বালিকাঃ। নৃত্যং পশ্যতি (দেখিতেছে) বালকঃ।

3. Correct :—মধুরং ফলানি। সুন্দরং কুসুমানি। পুরুষস্য জ্ঞানঃ। নির্মলে বারৌ। মৃন্ময়ং পাত্রাঃ। গঙ্গায়াঃ উদকঃ। সুরভয়ঃ কুসুমাঃ। মূর্খাণাং জীবনঃ শূন্যঃ। স্বাস্থ্যঃ সুখস্য নিদানঃ। মিত্রান্ বদতি হরিঃ। ভিক্ষবে বস্ত্রান্ দদাতি। দধিনা অন্নং খাদতি শিশুঃ। অক্ষোঃ বারি পততি। স্বাদুং মধুঃ পিবতি।

ব্যঞ্জনান্ত শব্দের রূপ

পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ

ব্যঞ্জনান্ত শব্দে বিভক্তি যোগ করিলে পুংলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে রূপের বৈলক্ষণ্য হয় না; অতএব উভয়বিধ শব্দের রূপ একই প্রকরণে প্রদর্শিত হইতেছে।

(চ্-কারান্ত) জলমুচ্ (Cloud)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	জলমুক্	জলমুচৌ	জলমুচঃ
দ্বিতীয়া	জলমুচম্	জলমুচৌ	জলমুচঃ
তৃতীয়া	জলমুচা	জলমুগ্‌ভ্যাম্	জলমুগ্‌ভিঃ
চতুর্থী	জলমুচে	জলমুগ্‌ভ্যাম্	জলমুগ্‌ভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
पञ्चमी	जलमुचः	जलमुग्भ्याम्	जलमुगभ्यः
षष्ठी	जलमुचः	जलमुचोः	जलमुचाम्
सप्तमी	जलमुचि	जलमुचोः	जलमुक्षु
सम्बोधन	जलमुक्	जलमुचौ	जलमुचः

[প্রাচ্, প্রত্যচ্, তির্য্যচ, উদচ্ প্রভৃতি কয়েকটি ভিন্ন] **পুংলিঙ্গ** পয়োমুচ্, বারিমুচ্, সত্যবাচ্, প্রভৃতি এবং **স্ত্রীলিঙ্গ** ঋচ্, ত্বচ্, রুচ্, বাচ্, শুচ, স্রুচ্ প্রভৃতি চকারান্ত শব্দের রূপ **'জলমুচ্'** শব্দের তুল্য।

প্রাচ্ (east, eastern)—পুংলিঙ্গ

प्रथमा	प्राङ्	प्राञ्चौ	प्राञ्चः
द्वितीया	प्राञ्चम्	प्राञ्चौ	प्राचः
सम्बोधन	प्राङ	प्राञ्चौ	प्राञ्चः

আর আর বিভক্তিতে 'জলমুচ্' শব্দের তুল্য।

প্রত্যচ্ (west, western)—পুংলিঙ্গ

प्रथमा	प्रत्यङ्	प्रत्यञ्चौ	प्रत्यञ्चः
द्वितीया	प्रत्यञ्चम्	प्रत्यञ्चौ	प्रतीचः
तृतीया	प्रतीचा	प्रत्यगभ्याम्	प्रत्यग्भिः
चतुर्थी	प्रतीचे	प्रत्यग्भ्याम्	प्रत्यग्भ्यः
पञ्चमी	प्रतीचः	प्रत्यग्भ्याम्	प्रत्यग्भ्यः
षष्ठी	प्रतीचः	प्रतीचोः	प्रतीचाम्
सप्तमी	प्रतीचि	प्रतीचोः	प्रत्यक्षु
सम्बोधन	प्रत्यङ्	प्रत्यञ्चौ	प्रत्यञ्चः

সম্যচ্ (right) শব্দের রূপ 'প্রত্যচ্' শব্দের তুল্য।

তির্য্যচ্ (oblique, a lower animal)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	तिर्य्यङ्	तिर्य्यञ्चौ	तिर्य्यञ्चः
द्वितीया	तिर्य्यञ्चम्	तिर्य्यञ्चौ	तिरश्चः
तृतीया	तिरश्चा	तिर्य्यग्भ्याम्	तिर्य्यग्भिः
चतुर्थी	तिरश्चे	तिर्य्यग्भ्याम्	तिर्य्यग्भ्यः
पञ्चमी	तिरश्चः	तिर्य्यग्भ्याम्	तिर्य्यग्भ्यः
षष्ठी	तिरश्चः	तिरश्चोः	तिरश्चाम्
सप्तमी	तिरश्चि	तिरश्चोः	तिर्य्यक्षु
सम्बोधन	तिर्य्यङ्	तिर्य्यञ्चौ	तिर्य्यञ्चः

উদচ্ (northern)—পুংলিঙ্গ

प्रथमा	उदङ्	उदञ्चौ	उदञ्चः
द्वितीया	उदञ्चम्	उदञ्चौ	उदीचः
तृतीया	उदीचा	उदग्भ्याम्	उदग्भिः
चतुर्थी	उदीचे	उदग्भ्याम्	उदग्भ्यः
पञ्चमी	उदीचः	उदग्भ्याम्	उदग्भ्यः
षष्ठी	उदीचः	उदीचोः	उदीचाम्
सप्तमी	उदीचि	उदीचोः	उदक्षु
सम्बोधन	उदङ्	उदञ्चौ	उदञ्चः

প্রাচ্, প্রত্যচ্, তির্য্যচ্ ও উদচ্ শব্দ স্ত্রীলিঙ্গে প্রাচী, প্রতীচী প্রভৃতি ঈকারান্ত হয়, রূপ 'নদীবৎ'।

জ্-কারান্ত শব্দ—বণিজ্ (merchant)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	वणिक्	वणिजौ	वणिजः
द्वितीया	वणिजम्	वणिजौ	वणिजः
तृतीया	वणिजा	वणिग्भ्याम्	वणिग्भिः
चतुर्थी	वणिजे	वणिग्भ्याम्	वणिग्भ्यः
पञ्चमी	वणिजः	वणिग्भ्याम्	वणिग्भ्यः
षष्ठी	वणिजः	वणिजोः	वणिजाम्
सप्तमी	वणिजि	वणिजोः	वणिक्षु
सम्बोधन	वणिक्	वणिजौ	वणिजः

(সম্রাজ্, দেবরাজ্, বিরাজ্, পরিব্রাজ, বিশ্বসৃজ্ প্রভৃতি ভিন্ন) **পুংলিঙ্গ** ঋত্বিজ বলিভুজ্, ভিষজ্, ভূভুজ্, হুতভুজ্ প্রভৃতি এবং **স্ত্রীলিঙ্গ** রুজ্, স্রজ প্রভৃতি সমুদয় **জ্-কারান্ত শব্দের এই রূপ।**

সম্রাজ্ (Emperor)—পুংলিঙ্গ

प्रथमा	सम्राट्	सम्राजौ	सम्राजः
द्वितीया	सम्राजम्	सम्राजौ	सम्राजः
तृतीया	सम्राजा	सम्राड्भ्याम्	सम्राड्भिः
चतुर्थी	सम्राजे	सम्राड्भ्याम्	सम्राड्भ्यः
पञ्चमी	सम्राजः	सम्राड्भ्याम्	सम्राड्भ्यः
षष्ठी	सम्राजः	सम्राजोः	सम्राजाम्
सप्तमी	सम्राजि	सम्राजोः	सम्राट्सु
सम्बोधन	सम्राट्	सम्राजौ	सम्राजः

দেবরাজ্, পরিব্রাজ্, বিরাজ্ প্রভৃতির এই রূপ।

বিশ্বসৃজ শব্দের দুইটি করিয়া রূপ হইবে, একটি বণিজ্ শব্দের ন্যায় এবং অপরটি সম্রাজ্ শব্দের ন্যায়। যথা, **विश्वसृक्, विश्वसृट्** ইত্যাদি। সম্রাজ স্ত্রীলিঙ্গেও সম্রাজ্।

ত-কারান্ত শব্দ—ভূভৃৎ (king, sovereign)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	भूभृत्	भूभृतौ	भूभृतः
দ্বিতীয়া	भूभृतम्	भूभृतौ	भूभृतः
তৃতীয়া	भूभृता	भूभृद्भ्याम्	भूभृद्भिः
চতুর্থী	भूभृते	भूभृद्भ्याम्	भूभृद्भ्यः
পঞ্চমী	भूभृतः	भूभृद्भ्याम्	भूभृद्भ्यः
ষষ্ঠী	भूभृतः	भूभृतोः	भूभृताम्
সপ্তমী	भूभृति	भूभृतोः	भूभृत्सु ;
সম্বোধন	भूभृत्	भूभृतौ	भूभृतः

[শতৃ, স্যতৃ, মতুপ্, বতুপ্ ও ক্তবতু প্রত্যয়ান্ত শব্দ ও মহৎ শব্দ ভিন্ন] **পুংলিঙ্গ** কর্ম্ম-কৃৎ, গরুৎ, তনূনপাৎ, দিনকৃৎ, দুষ্কৃৎ, পরভৃৎ, পাপকৃৎ, মরুৎ, মহীক্ষিৎ, মহীভৃৎ, বিপশ্চিৎ, শশভৃৎ, হরিৎ প্রভৃতি এবং **স্ত্রীলিঙ্গ** ক্ষুৎ (হাঁচি), তড়িৎ, যোষিৎ, বিদ্যুৎ, সরিৎ প্রভৃতি শব্দের রূপ 'ভূভৃৎ' শব্দের তুল্য।

শতৃ ও স্যতৃ প্রত্যয়ান্ত শব্দের রূপ একপ্রকার, আবার মতুপ, বতুপ্ ও ক্তবতু প্রত্যয়ান্ত শব্দের রূপ একপ্রকার। শতৃ প্রভৃতি প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গে তকারান্ত থাকে না, দীর্ঘ ঈকারান্ত হইয়া যায়; অতএব কেবল পুংলিঙ্গের রূপ প্রদর্শিত হইতেছে।

শতৃ-প্রত্যয়ান্ত শব্দ—ধাবৎ (running) পুংলিঙ্গ

প্রথমা	धावन्	धावन्तौ	धावन्तः
দ্বিতীয়া	धावन्तम्	धावन्तौ	धावतः
সম্বোধন	धावन्	धावन्तौ	धावन्तः

অন্য সকল বিভক্তিতে ভূভৃৎ শব্দের ন্যায়।

ইচ্ছৎ, কুর্ব্বৎ, করিষ্যৎ, গচ্ছৎ, গমিষ্যৎ, গায়ৎ, গৃহ্ণৎ, জনয়ৎ, জানৎ, তিষ্ঠৎ দ্বিষৎ, ধ্যায়ৎ, নৃত্যৎ, পশ্যৎ, পিবৎ, ব্রুবৎ, যাস্যৎ প্রভৃতি যাবতীয় শতৃ ও স্যতৃ-প্রত্যয়ান্ত শব্দের রূপ 'ধাবৎ' শব্দের তুল্য। [**জাগ্রৎ, শাসৎ, দদৎ, দধৎ, বিভ্রৎ** প্রভৃতি কতিপয় শতৃ-প্রত্যয়ান্ত শব্দ **'ভূভৃৎ'** শব্দের তুল্য।]

মতুপ্-প্রত্যয়ান্ত—শ্রীমৎ (beautiful)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	श्रीमान्	श्रीमन्तौ	श्रीमन्तः
द्वितीया	श्रीमन्तम्	श्रीमन्तौ	श्रीमन्तः
सम्बोधन	श्रीमन्	श्रीमन्तौ	श्रीमन्तः

অন্য সকল বিভক্তিতে 'ভূভৃৎ' শব্দের ন্যায়।

মতুপ্ প্রত্যয়ান্ত—অংশুমৎ, আয়ুষ্মৎ, জ্যোতিষ্মৎ, দীপ্তিমৎ, ধনুষ্মৎ, ধীমৎ, ভানুমৎ, মতিমৎ, মূর্ত্তিমৎ, বুদ্ধিমৎ, শ্রীমৎ, সানুমৎ, হনুমৎ, নভস্বৎ, প্রজ্ঞাবৎ, ভগবৎ, ভাস্বৎ, রাজন্বৎ, লজ্জাবৎ, বলবৎ, বিদ্যাবৎ, বিদ্যুত্বৎ, বিবস্বৎ, হিমবৎ প্রভৃতি; **বতুপ্-প্রত্যয়ান্ত**—ইয়ৎ, এতাবৎ, কিয়ৎ, যাবৎ, তাবৎ; এবং **ক্তবতু প্রত্যয়ান্ত** উক্তবৎ, কৃতবৎ, গতবৎ, জিতবৎ, জ্ঞাতবৎ, দৃষ্টবৎ, শ্রুতবৎ, স্থিতবৎ ইত্যাদি শব্দের রূপ **শ্রীমৎ শব্দের তুল্য**।

মহৎ (great, large)—পুংলিঙ্গ

प्रथमा	महान्	महान्तौ	महान्तः
द्वितीया	महान्तम्	महान्तौ	महतः
सम्बोधन	महन्	महान्तौ	महान्तः

অন্য সকল বিভক্তিতে 'ভূভৃৎ' শব্দের ন্যায়।

দ্-কারান্ত শব্দ—সুহৃদ্ (friend)—পুংলিঙ্গ

प्रथमा	सुहृत्	सुहृदौ	सुहृदः
द्वितीया	सुहृदम्	सुहृदौ	सुहृदः
तृतीया	सुहृदा	सुहृद्भ्याम्	सुहृद्भिः
चतुर्थी	सुहृदे	सुहृद्भ्याम्	सुहृद्भ्यः
पञ्चमी	सुहृदः	सुहृद्भ्याम्	सुहृद्भ्यः
षष्ठी	सुहृदः	सुहृदोः	सुहृदाम्
सप्तमी	सुहृदि	सुहृदोः	सुहृत्सु
सम्बोधन	सुहृत्	सुहृदौ	सुहृदः

পুংলিঙ্গ উদ্ভিদ্, গোত্রভিদ্, তমোনুদ, দিবিষদ্, নিরাপদ, সভাসদ্, ব্রহ্মবিদ্ প্রভৃতি এবং **স্ত্রীলিঙ্গ** আপদ্, উপনিষদ্, দৃষদ্, পরিষদ্, মুদ্, মৃদ্, বিপদ্, শরদ্, সংবিদ্, সংসদ্, সম্পদ্ প্রভৃতি শব্দের রূপ 'সুহৃদ্' শব্দের তুল্য।

ধ্-কারান্ত শব্দ-বীরুধ্—(creeper)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	वीरुत्	वीरुधौ	वीरुधः
द्वितीया	वीरुधम्	वीरुधौ	वीरुधः
तृतीया	वीरुधा	वीरुद्भ्याम्	वीरुद्भिः
चतुर्थी	वीरुधे	वीरुद्भ्याम्	वीरुद्भ्यः
पञ्चमी	वीरुधः	वीरुद्भ्याम्	वीरुद्भ्यः
षष्ठी	वीरुधः	वीरुधोः	वीरुधाम्
सप्तमी	वीरुधि	वीरुधोः	वीरुत्सु
सम्बोधन	वीरुत्	वीरुधौ	वीरुधः

পুংলিঙ্গ ধর্ম্মযুধ্, সুবুধ প্রভৃতি ও **স্ত্রীলিঙ্গ** ক্ষুধ্ (hunger), যুধ্, সমিধ, প্রভৃতি শব্দ '**বীরুধ্**' শব্দের তুল্য।

ন্-কারান্ত শব্দ

ন্-কারান্ত শব্দ ত্রিবিধ—ইন্-ভাগান্ত, অন্-ভাগান্ত ও হন্ ভাগান্ত।

ইন্-ভাগান্ত শব্দ—গুণিন্ (qualified)—পুংলিঙ্গ

प्रथमा	गुणी	गुणिनौ	गुणिनः
द्वितीया	गुणिनम्	गुणिनौ	गुणिनः
तृतीया	गुणिना	गुणिभ्याम्	गुणिभिः
चतुर्थी	गुणिने	गुणिभ्याम्	गुणिभ्यः
पञ्चमी	गुणिनः	गुणिभ्याम्	गुणिभ्यः
षष्ठी	गुणिनः	गुणिनोः	गुणिनाम्
सप्तमी	गुणिनि	गुणिनोः	गुणिषु
सम्बोधन	गुणिन्	गुणिनौ	गुणिनः

(পথিন্, মথিন্, ঋভুক্ষিন্ ভিন্ন) অর্থিন্, আততায়িন্, একাকিন্, কঞ্চুকিন্, করিন্, কুশলিন্, কেশরিন্, গৃহিন্, চক্রবর্ত্তিন্, জ্ঞানিন্, তপস্বিন্, তেজস্বিন্, দূরদর্শিন্, দেহিন্, ধনিন্, ধন্বিন্, পক্ষিন্, প্রত্যর্থিন্, প্রাণিন্, বলিন্, মনীষিন্, মনোহারিন্, মন্ত্রিন্, মেধাবিন্, রোগিন্, রাজিন্, বাদিন্, বিটপিন্, বৈরিন্, শরীরিন্, শাখিন্, শিখিন্, সাক্ষিন্ প্রভৃতি ইন্-ভাগান্ত শব্দের রূপ '**গুনিন্**' শব্দের তুল্য।

পথিন্ (path, way)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	**पन्थाः**	**पन्थानौ**	**पन्थानः**
द्वितीया	**पन्थानम्**	**पन्थानौ**	**पथः**
तृतीया	**पथा**	**पथिभ्याम्**	**पथिभिः**
चतुर्थी	**पथे**	**पथिभ्याम्**	**पथिभ्यः**
पञ्चमी	**पथः**	**पथिभ्याम्**	**पथिभ्यः**
षष्ठी	**पथः**	**पथोः**	**पथाम्**
सप्तमी	**पथि**	**पथोः**	**पथिषु**
सम्बोधन	**पन्थाः**	**पन्थानौ**	**पन्थानः**

মথিন্ (churning stick) শব্দের এই রূপ। ঋভুক্ষিন্ (Indra) শব্দ পথিন্ শব্দের তুল্য, কেবল **ঋভুক্ষাঃ, ঋভুক্ষাণৌ, ঋভুক্ষাণঃ, ঋভুক্ষাণম্ ঋভুক্ষাণৌ** এই কয়েক পদে বিশেষত্ব আছে।

অন্-ভাগান্ত শব্দ—লঘিমন্ (lightness)—পুংলিঙ্গ

प्रथमा	**लघिमा**	**लघिमानौ**	**लघिमानः**
द्वितीया	**लघिमानम्**	**लघिमानौ**	**लघिम्नः**
तृतीया	**लघिम्ना**	**लघिमभ्याम्**	**लघिमभिः**
चतुर्थी	**लघिम्ने**	**लघिमभ्याम्**	**लघिमभ्यः**
पञ्चमी	**लघिम्नः**	**लघिमभ्याम्**	**लघिमभ्यः**
षष्ठी	**लघिम्नः**	**लघिम्नोः**	**लघिम्नाम्**

	একবচন	দ্বিবচন	বহুবচন
सप्तमी	लघिम्नि, लघिमनि	लघिम्नोः	लघिमसु
सम्बोधन	लघिमन्	लघिमानौ	लघिमानः

(আত্মন্, যুবন্, শ্বন্ প্রভৃতি ভিন্ন) **পুংলিঙ্গ** অণিমন্, গরিমন্, দ্রঢ়িমন্, প্রথিমন্, প্রেমন্, মূর্দ্ধন্, ম্রদিমন্ প্রভৃতি ও **স্ত্রীলিঙ্গ** সীমন্ প্রভৃতি অন্-ভাগান্ত শব্দের রূপ **'লঘিমন্'** শব্দের তুল্য। 'রাজন্' শব্দরূপ ৮৭ পৃষ্ঠায়।

আত্মন্ (soul)—পুংলিঙ্গ

प्रथमा	आत्मा	आत्मानौ	आत्मानः
द्वितीया	आत्मानम्	आत्मानौ	आत्मनः
तृतीया	आत्मना	आत्मभ्याम्	आत्मभिः
चतुर्थी	आत्मने	आत्मभ्याम्	आत्मभ्यः
पञ्चमी	आत्मनः	आत्मभ्याम्	आत्मभ्यः
षष्ठी	आत्मनः	आत्मनोः	आत्मनाम्
सप्तमी	आत्मनि	आत्मनोः	आत्मसु
सम्बोधन	आत्मन्	आत्मानौ	आत्मानः

অশ্মন্, কৃষ্ণবর্ত্মন্, যজ্বন্, যক্ষ্মন্, দ্বিজন্মন্, ব্রহ্মন্ প্রভৃতি যে সকল অন্-ভাগান্ত শব্দের অকার **ম-সংযুক্ত** অথবা **ব-সংযুক্ত** বর্ণে মিলিত থাকে, তাহাদের রূপ **"আত্মন্'** শব্দের তুল্য।

যুবন্ (youth)—পুংলিঙ্গ

प्रथमा	युवा	युवानौ	युवानः
द्वितीया	युवानम्	युवानौ	यूनः
तृतीया	यूना	युवभ्याम्	युवभिः
चतुर्थी	यूने	युवभ्याम्	युवभ्यः
पञ्चमी	यूनः	युवभ्याम्	युवभ्यः
षष्ठी	यूनः	यूनोः	यूनाम्
सप्तमी	यूनि	यूनोः	युवसु
सम्बोधन	युवन्	युवानौ	युवानः

मघवन् (Indra)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	मघवा	मघवानौ	मघवानः
द्वितीया	मघवानम्	मघवानौ	मघोनः
तृतीया	मघोना	मघवभ्याम्	मघवभिः
चतुर्थी	मघोने	मघवभ्याम्	मघवभ्यः
पञ्चमी	मघोनः	मघवभ्याम्	मघवभ्यः
षष्ठी	मघोनः	मघोनोः	मघोनाम्
सप्तमी	मघोनि	मघोनोः	मघवसु
सम्बोधन	मघवन्	मघवानौ	मघवानः

মঘবন্ শব্দের স্থানে সকল বিভক্তিতেই বিকল্পে **"মঘবৎ"** আদেশ হয়। সুতরাং ইহার অন্যরূপ **'শ্রীমৎ'** শব্দের ন্যায়। যথা—মঘবান্, মঘবন্তৌ, মঘবন্তঃ ইত্যাদি।

श्वन् (dog)—পুংলিঙ্গ

प्रथमा	श्वा	श्वानौ	श्वानः
द्वितीया	श्वानम्	श्वानौ	शुनः
तृतीया	शुना	श्वभ्याम्	श्वभिः
चतुर्थी	शुने	श्वभ्याम्	श्वभ्यः
पञ्चमी	शुनः	श्वभ्याम्	श्वभ्यः
षष्ठी	शुनः	शुनोः	शुनाम्
सप्तमी	शुनि	शुनोः	श्वसु
सम्बोधन	श्वन्	श्वानौ	श्वानः

হন্-ভাগান্ত শব্দ—वृत्रहन् (Indra)—পুংলিঙ্গ

प्रथमा	वृत्रहा	वृत्रहणौ	वृत्रहणः
द्वितीया	वृत्रहणम्	वृत्रहणौ	वृत्रघ्नः
तृतीया	वृत्रघ्ना	वृत्रहभ्याम्	वृत्रहभिः
चतुर्थी	वृत्रघ्ने	वृत्रहभ्याम्	वृत्रहभ्यः

	একবচন	দ্বিবচন	বহুবচন
पञ्चमी	वृत्रघ्नः	वृत्रहभ्याम्	वृत्रहभ्यः
षष्ठी	वृत्रघ्नः	वृत्रघ्नोः	वृत्रघ्नाम्
सप्तमी	वृत्रघ्नि, वृत्रहणि	वृत्रघ्नोः	वृत्रहसु
सम्बोधन	वृत्रहन्	वृत्रहणौ	वृत्रहणः

সমুদয় হন্-ভাগান্ত শব্দের এইরূপ।

প-কারান্ত শব্দ

অপ্ (water)—স্ত্রীলিঙ্গ (নিত্য বহুবচনান্ত)

आपः अपः अद्भिः अद्भ्यः अद्भ्यः अपाम् अप्सु

ভ্-কারান্ত শব্দ—ককুভ্ (space, region)—স্ত্রীলিঙ্গ

प्रथमा	ककुप्	ककुभौ	ककुभः
द्वितीया	ककुभम्	ककुभौ	ककुभः
तृतीया	ककुभा	ककुब्भ्याम्	ककुब्भिः
चतुर्थी	ककुभे	ककुब्भ्याम्	ककुब्भ्यः
पञ्चमी	ककुभः	ककुब्भ्याम्	ककुब्भ्यः
षष्ठी	ककुभः	ककुभोः	ककुभाम्
सप्तमी	ककुभि	ककुभोः	ककुप्सु
सम्बोधन	ककुप्	ककुभौ	ककुभः

অনুষ্টুভ্, ত্রিষ্টুভ্ ইত্যাদি ভ্-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ 'ককুভ্' শব্দের তুল্য।

রেফান্ত শব্দ—গির্ (speech)—স্ত্রীলিঙ্গ

प्रथमा	गीः	गिरौ	गिरः
द्वितीया	गिरम्	गिरौ	गिरः
तृतीया	गिरा	गीर्भ्याम्	गीर्भिः
चतुर्थी	गिरे	गीर्भ्याम्	गीर्भ्यः
पञ्चमी	गिरः	गीर्भ्याम्	गीर्भ्यः

	একবচন	দ্বিবচন	বহুবচন
षष्ठी	गिरः	गिरोः	गिराम्
सप्तमी	गिरि	गिरोः	गिर्षु
सम्बोधन	गीः	गिरौ	गिरः

পুর্ (a city)—স্ত্রীলিঙ্গ

प्रथमा	पूः	पुरौ	पुरः
द्वितीया	पुरम्	पुरौ	पुरः
तृतीया	पुरा	पूर्भ्याम्	पूर्भिः
चतुर्थी	पुरे	पूर्भ्याम्	पूर्भ्यः
पञ्चमी	पुरः	पूर्भ्याम्	पूर्भ्यः
षष्ठी	पुरः	पुरोः	पुराम्
सप्तमी	पुरि	पुरोः	पूर्षु
सम्बोधन	पूः	पुरौ	पुरः

ধুর্ (forepart of a carriage) শব্দ 'পুর্' শব্দের তুল্য।

ব্-কারান্ত শব্দ—দিব্ (heaven)—স্ত্রীলিঙ্গ

प्रथमा	द्यौः	दिवौ	दिवः
द्वितीया	दिवम्, द्याम्	दिवौ	दिवः
तृतीया	दिवा	द्युभ्याम्	द्युभिः
चतुर्थी	दिवे	द्युभ्याम्	द्युभ्यः
पञ्चमी	दिवः	द्युभ्याम्	द्युभ्यः
षष्ठी	दिवः	दिवोः	दिवाम्
सप्तमी	दिवि	दिवोः	द्युषु
सम्बोधन	द्यौः	दिवौः	दिवः

শ্-কারান্ত—বিশ্ (Vaisya, Man)—পুংলিঙ্গ

प्रथमा	विट	विशौ	विशः
द्वितीया	विशम्	विशौ	विशः

	একবচন	দ্বিবচন	বহুবচন
तृतीया	विशा	विड्भ्याम्	विड्भिः
चतुर्थी	विशे	विड्भ्याम्	विड्भ्यः
पञ्चमी	विशः	विड्भ्याम्	विड्भ्यः
षष्ठी	विशः	विशोः	विशाम्
सप्तमी	विशि	विशोः	विट्सु
सम्बोधन	विट्	विशौ	विशः

(দিশ্ প্রভৃতি ভিন্ন) নিশ্, বিপাশ্ প্রভৃতি স্ত্রীলিঙ্গ শ-কারান্ত শব্দের এই রূপ।

দিশ্ (direction)—স্ত্রীলিঙ্গ

प्रथमा	दिक्	दिशौ	दिशः
द्वितीया	दिशम्	दिशौ	दिशः
तृतीया	दिशा	दिग्भ्याम्	दिग्भिः
चतुर्थी	दिशे	दिग्भ्याम्	दिग्भ्यः
पञ्चमी	दिशः	दिग्भ्याम्	दिग्भ्यः
षष्ठी	दिशः	दिशोः	दिशाम्
सप्तमी	दिशि	दिशोः	दिक्षु
सम्बोधन	दिक्	दिशौ	दिशः

পুংলিঙ্গ—ঈদৃশ্, এতাদৃশ্, কীদৃশ্, তাদৃশ্, ভবাদৃশ্, মর্মস্পৃশ্ ইত্যাদি এবং **স্ত্রীলিঙ্গ**—দৃশ্, সুদৃশ্, মৃগদৃশ্ ইত্যাদি শব্দের রূপ এই প্রকার।

রাজন্ (King)—পুংলিঙ্গ

রাজা রাজানৌ রাজানঃ। রাজানম্ রাজানৌ রাজ্ঞঃ। রাজ্ঞা রাজভ্যাম্ রাজভিঃ। রাজ্ঞে রাজভ্যাম্ রাজভ্যঃ। রাজ্ঞঃ রাজভ্যাম্ রাজভ্যঃ। রাজ্ঞঃ রাজ্ঞোঃ রাজ্ঞাম্। রাজ্ঞি, রাজনি রাজ্ঞোঃ রাজসু। হে রাজন্।

ষ্-কারান্ত শব্দ—দ্বিষ্—(enemy)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	द्विट्	द्विषौ	द्विषः
द्वितीया	द्विषम्	द्विषौ	द्विषः
तृतीया	द्विषा	द्विड्भ्याम्	द्विड्भिः
चतुर्थी	द्विषे	द्विड्भ्याम्	द्विड्भ्यः
पञ्चमी	द्विषः	द्विड्भ्याम्	द्विड्भ्यः
षष्ठी	द्विषः	द्विषोः	द्विषाम्
सप्तमी	द्विषि	द्विषोः	द्विट्सु
सम्बोधन	द्विट्	द्विषौ	द्विषः

পুংলিঙ্গ—অতিরুষ্, ধর্মদ্বিষ, বিদ্বিষ্ প্রভৃতি ও **স্ত্রীলিঙ্গ**—তৃষ্, ত্বিষ্, রুষ্, বিপ্রুষ্ প্রভৃতি ষ্-কারান্ত শব্দের রূপ 'দ্বিষ্' শব্দের তুল্য।

দোষ্ (arm)—পুংলিঙ্গ

প্রথমা	দোঃ	দোষৌ	দোষঃ
দ্বিতীয়া	দোষম্	দোষৌ	দোষঃ, দোষ্ণঃ
তৃতীয়া	দোষা, দোষ্ণা	দোর্ভ্যাম্, দোষভ্যাম্	দোর্ভিঃ, দোষভিঃ
চতুর্থী	দোষে, দোষ্ণে	দোর্ভ্যাম্, দোষভ্যাম্	দোর্ভ্যঃ, দোষভ্যঃ
পঞ্চমী	দোষঃ, দোষ্ণঃ	দোর্ভ্যাম্, দোষভ্যাম্	দোর্ভ্যঃ, দোষভ্যঃ
ষষ্ঠী	দোষঃ, দোষ্ণঃ	দোষোঃ, দোষ্ণোঃ	দোষাম্, দোষ্ণাম্
সপ্তমী	দোষি, দোষ্ণি, দোষণি	দোষোঃ, দোষ্ণোঃ	দোঃষু, দোষসু
সম্বোধন	দোঃ	দোষৌ	দোষঃ

স্-কারান্ত শব্দ—বেধস্ (Creator)—পুংলিঙ্গ

प्रथमा	वेधाः	वेधसौ	वेधसः
द्वितीया	वेधसम्	वेधसौ	वेधसः
तृतीया	वेधसा	वेधोभ्याम्	वेधोभिः
चतुर्थी	वेधसे	वेधोभ्याम्	वेधोभ्यः

	একবচন	দ্বিবচন	বহুবচন
पञ्चमी	**वेधसः**	**वेधोभ्याम्**	**वेधोभ्यः**
षष्ठी	**वेधसः**	**वेधसोः**	**वेधसाम्**
सप्तमी	**वेधसि**	**वेधसोः**	**वेधःसु**
सम्बोधन	**वेधः**	**वेधसौ**	**वेधसः**

(বিদ্বস্, জগ্মিবস্, লঘীয়স্, আশিস্, পুম্স্ প্রভৃতি কতকগুলি শব্দ ভিন্ন) **পুংলিঙ্গ** —চন্দ্রমস্, দিবৌকস্, দুর্মনস্, প্রচেতস্, বিমনস্, বিহায়স্ প্রভৃতি ও **স্ত্রীলিঙ্গ** অপ্সরস্, সুমনস্ প্রভৃতি স্-কারান্ত শব্দ 'বেধস্' শব্দের তুল্য। **উশনস্** শব্দ বেধস্ শব্দের তুল্য, কেবল প্রথমার ও সম্বোধনের একবচনে বিশেষ। যথা, প্রথমার একবচনে **উশনা**; সম্বোধনের একবচনে **উশন, উশনন্, উশনঃ**।

বিদ্বস্ (learned man)—পুংলিঙ্গ

प्रथमा	**विद्वान्**	**विद्वांसौ**	**विद्वांसः**
द्वितीया	**विद्वांसम्**	**विद्वांसौ**	**विदुषः**
तृतीया	**विदुषा**	**विद्वद्भ्याम्**	**विद्वद्भिः**
चतुर्थी	**विदुषे**	**विद्वद्भ्याम्**	**विद्वद्भ्यः**
पञ्चमी	**विदुषः**	**विद्वद्भ्याम्**	**विद्वद्भ्यः**
षष्ठी	**विदुषः**	**विदुषोः**	**विदुषाम्**
सप्तमी	**विदुषि**	**विदुषोः**	**विद्वत्सु**
सम्बोधन	**विद्वन्**	**विद्वांसौ**	**विद्वांसः**

জগ্মিবস্ (one who had gone)—পুংলিঙ্গ

প্রথমা	জগ্মিবান্	জগ্মিবাংসৌ	জগ্মিবাংসঃ
দ্বিতীয়া	জগ্মিবাংসম্	জগ্মিবাংসৌ	জগ্মুষঃ
তৃতীয়া	জগ্মুষা	জগ্মিবদ্ভ্যাম্	জগ্মিবদ্ভ্যঃ
চতুর্থী	জগ্মুষে	জগ্মিবদ্ভ্যাম্	জগ্মিবদ্ভ্যঃ
পঞ্চমী	জগ্মুষঃ	জগ্মিবদ্ভ্যাম্	জগ্মিবদ্ভ্যঃ
ষষ্ঠী	জগ্মুষঃ	জগ্মুষোঃ	জগ্মুষাম্
সপ্তমী	জগ্মুষি	জগ্মুষোঃ	জগ্মিবৎসু
সম্বোধন	জগ্মিবন্	জগ্মিবাংসৌ	জগ্মিবাংসঃ

পুংলিঙ্গ—নিষেদিবস্, তস্থিবস্, পেচিবস্ ইত্যাদি যাবতীয় (ক্বসু-নিষ্পন্ন) বস্-ভাগান্ত শব্দ 'জগ্মিবস্' শব্দের তুল্য। **শুশ্রুবস্** শব্দের দ্বিতীয়ার বহুবচনে এবং তৃতীয়া, চতুর্থী ও পঞ্চমীর একবচনে এবং ষষ্ঠী ও সপ্তমীর একবচন ও দ্বিবচনে যথাক্রমে শুশ্রুবুষঃ, শুশ্রুবুষা, শুশ্রুবুষে, শুশ্রুবুষঃ, শুশ্রুবুষঃ শুশ্রুবুষোঃ, শুশ্রুবুষি, শুশ্রুবুষোঃ, এই পদ হয়।

লঘীয়স্ (lighter)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	लघीयान्	लघीयांसौ	लघीयांसः
द्वितीया	लघीयांसम्	लघीयांसौ	लघीयसः
तृतीया	लघीयसा	लघीयोभ्याम्	लघीयोभिः
चतुर्थी	लघीयसे	लघीयोभ्याम्	लघीयोभ्यः
पञ्चमी	लघीयसः	लघीयोभ्याम्	लघीयोभ्यः
षष्ठी	लघीयसः	लघीयसोः	लघीयसाम्
सप्तमी	लघीयसि	लघीयसोः	लघीयःसु
सम्बोधन	लघीयन्	लघीयांसौ	लघीयांसः

কনীয়স্, গরীয়স্, জ্যায়স্, দ্রঢীয়স্, প্রেয়স্, যবীয়স্, শ্রেয়স্, স্থেয়স্ প্রভৃতি **পুংলিঙ্গ** ঈয়স্ প্রত্যয়-নিষ্পন্ন শব্দের রূপ 'লঘীয়স্' শব্দের তুল্য।

আশিস্ (blessing)—স্ত্রীলিঙ্গ

प्रथमा	आशीः	आशिषौ	आशिषः
द्वितीया	आशिषम्	आशिषौ	आशिषः
तृतीया	आशिषा	आशीर्भ्याम्	आशीर्भिः
चतुर्थी	आशिषे	आशीर्भ्याम्	आशीर्भ्यः
पञ्चमी	आशिषः	आशीर्भ्याम्	आशीर्भ्यः
षष्ठी	आशिषः	आशिषोः	आशिषाम्
सप्तमी	आशिषि	आशिषोः	आशीःषु
सम्बोधन	आशीः	आशिषौ	आशिषः

পুমস্ (Male being)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	पुमान्	पुमांसौ	पुमांसः
द्वितीया	पुमांसम्	पुमांसौ	पुंसः
तृतीया	पुंसा	पुंभ्याम्, पुम्भ्याम्	पुंभिः, पुम्भिः
चतुर्थी	पुंसे	पुंभ्याम्, पुम्भ्याम्	पुंभ्यः, पुम्भ्यः
पञ्चमी	पुंसः	पुंभ्याम्, पुम्भ्याम्	पुंभ्यः, पुम्भ्यः
षष्ठी	पुंसः	पुंसोः	पुंसाम्
सप्तमी	पुंसि	पुंसो	पुंसु
सम्बोधन	पुमन्	पुमांसौ	पुमांसः

ভাস্ (splendour)—স্ত্রীলিঙ্গ

প্রথমা—ভাঃ, ভাসৌ, ভাসঃ। দ্বিতীয়া—ভাসম্, ভাসৌ, ভাসঃ। তৃতীয়া—ভাসা, ভাভ্যাম্, ভাভিঃ। চতুর্থী—ভাসে, ভাভ্যাম্, ভাভ্যঃ। পঞ্চমী—ভাসঃ, ভাভ্যাম্, ভাভ্যঃ। ষষ্ঠী—ভাসঃ, ভাসোঃ, ভাসাম্। সপ্তমী—ভাসি, ভাসোঃ, ভাঃস্থ। সম্বোধন—ভাঃ।

হ্-কারান্ত শব্দ—মধুলিহ্ (bee)—পুংলিঙ্গ

প্রথমা	মধুলিট্	মধুলিহৌ	মধুলিহঃ
দ্বিতীয়া	মধুলিহম্	মধুলিহৌ	মধুলিহঃ
তৃতীয়া	মধুলিহা	মধুলিড়্ভ্যাম্	মধুলিড়্ভিঃ
চতুর্থী	মধুলিহে	মধুলিড়্ভ্যাম্	মধুলিড়্ভ্যঃ
পঞ্চমী	মধুলিহঃ	মধুলিড়্ভ্যাম্	মধুলিড়্ভ্যঃ
ষষ্ঠী	মধুলিহঃ	মধুলিহোঃ	মধুলিহাম্
সপ্তমী	মধুলিহি	মধুলিহোঃ	মধুলিট্স্থ
সম্বোধন	মধুলিট্	মধুলিহৌ	মধুলিহঃ

[উপানহ্, অনডুহ্ প্রভৃতি কতকগুলি শব্দ ভিন্ন] পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ হ-কারান্ত শব্দ 'মধুলিহ্' শব্দের তুল্য। ট্ ও ড্ পরে থাকিলে **'তুরাসাহ্'** (a name of Indra) শব্দের স্ স্থানে ষ্ হয়। যথা—তুরাষাট্, তুরাসাহৌ, তুরাসাহঃ। তুরাষাড়্ভ্যাম্ তুরাষাড়্ভিঃ। তুরাষাট্স্থ।

উপানহ্ (shoe)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	उपानत्	उपानहौ	उपानहः
द्वितीया	उपानहम्	उपानहौ	उपानहः
तृतीया	उपानहा	उपानद्भ्याम्	उपानद्भिः
चतुर्थी	उपानहे	उपानद्भ्याम्	उपानद्भ्यः
पञ्चमी	उपानहः	उपानद्भ्याम्	उपानद्भ्यः
षष्ठी	उपानहः	उपानहोः	उपानहाम
सप्तमी	उपानहि	उपानहोः	उपानत्सु
सम्बोधन	उपानत्	उपानहौ	उपानहः

অনডুহ্ (bull, ox)—পুংলিঙ্গ

প্রথমা	অনড়ান্	অনড্বাহৌ	অনড্বাহঃ
দ্বিতীয়া	অনড্বাহম্	অনড্বাহৌ	অনডুহঃ
তৃতীয়া	অনডুহা	অনডুদ্ভ্যাম্	অনডুদ্ভিঃ
চতুর্থী	অনডুহে	অনডুদ্ভ্যাম্	অনডুদ্ভ্যঃ
পঞ্চমী	অনডুহঃ	অনডুদ্ভ্যাম্	অনডুদ্ভ্যঃ
ষষ্ঠী	অনডুহঃ	অনডুহোঃ	অনডুহাম্
সপ্তমী	অনডুহি	অনডুহোঃ	অনডুৎসু
সম্বোধন	অনড়ান্	অনড্বাহৌ	অনড্বাহঃ

বিশ্ববাহ্ (all sustaining)

প্রথমা—বিশ্ববাট্, বিশ্ববাড, বিশ্ববাহৌ, বিশ্ববাহঃ। দ্বিতীয়া—বিশ্ববাহম্, বিশ্ববাহৌ, বিশ্বৌহঃ। তৃতীয়া—বিশ্বৌহা, বিশ্ববাড্ভ্যাম্ বিশ্ববাড্ভিঃ। চতুর্থী—বিশ্বৌহে; বিশ্ববাড্ভ্যাম্, বিশ্ববাড্ভ্যঃ। পঞ্চমী—বিশ্বৌহঃ, বিশ্ববাড্ভ্যাম্, বিশ্ববাড্ভ্যঃ। ষষ্ঠী—বিশ্বৌহঃ, বিশ্বৌহোঃ, বিশ্বৌহাম্ ; সপ্তমী—বিশ্বৌহি, বিশ্বৌহোঃ, বিশ্ববাট্‌সু। হে বিশ্ববাট্!

দুহ্ (yielder)

প্রথমা—ধুক্ ধুগ্, দুহৌ, দুহঃ। দ্বিতীয়া—দুহম্, দুহৌ, দুহঃ। তৃতীয়া—দুহা, ধুগ্‌ভ্যাম্, ধুগ্‌ভিঃ। চতুর্থী—দুহে, ধুগ্‌ভ্যাম্, ধুগ্‌ভ্যঃ। পঞ্চমী—দুহঃ, ধুগ্‌ভ্যাম্, ধুগ্‌ভ্যঃ। ষষ্ঠী—দুহঃ, দুহোঃ, দুহাম্। সপ্তমী—দুহি, দুহোঃ, ধুক্ষু।

Translation

By the powerful enemy—বলবতা রিপুণা। Hari is an intelligent boy—হরিঃ বুদ্ধিমান্ বালকঃ। Two beutiful birds—সুন্দরৌ পক্ষিণৌ। By a spirited horse—তেজস্বিনা বাজিনা। To a sensible man—জ্ঞানবন্তং জনম্। A friend in fortunate—সম্পদি সুহৃৎ। Younger brother—কনীয়ান্ ভ্রাতা। Large trees—মহান্তঃ বিটপিনঃ। Strong enemies—বলবন্তঃ দ্বিষঃ। The great sages—মহান্তঃ সাধবঃ। By the grace of God—ভগবতঃ দয়য়া। The advice of the learned—বিপশ্চিতাম্ উপদেশঃ। By the wise physician—অভিজ্ঞেন ভিষজা। For the skin of the lion—কেশরিণঃ ত্বচে। In the skin of the body—দেহস্থ ত্বচি। A swift horse—বেগবান্ বাজী। The strength of a Brahmana lies in the speech—বাচি বীর্য্যং দ্বিজানাম্। A digit of the moon on the head—মূর্ধ্নি শশিনঃ কলা। Fortitude in danger—বিপদি ধৈর্য্যম্। Riches are the source of evils—সম্পদঃ পদমাপদাম্। A wealthy man is powerful in the world—ধনবান্ বলবান্ লোকে। In the presence of the resplendent sage—দ্যুতিমতঃ তপস্বিনঃ সন্নিধৌ। Man lives by the greatness of God—ঈশ্বরস্থ মহিম্না জীবতি লোকঃ। The rich gives riches to the beggar—ধনিনোঽর্থিনে ধনানি দদতি। The birds fly in the sky—পক্ষিণঃ বিহায়সা গচ্ছন্তি। The sun sets in the west—সূর্যঃ পশ্চিমায়াং দিশি অস্তং যাতি। The master asks the servant going home—গৃহং গচ্ছন্তং ভৃত্যং পৃচ্ছতি প্রভুঃ।

Exercise

1. Translate into Sanskrit :—Learned men. Courageous youths. Powerful lions. To the minister of the king. In a green tree. Hari is the younger brother of Bhupati. By the heaviness of the stone. Many intelligent girls. Harsh words. Lightning in the cloud. With a garland of flowers. Glory of God. Fallen in great danger. Boundary of a house. Pious men. The hermitage of the hermit. The girls are seeing the elephant. The king asks his minister. The sky becomes clear in autumn.

2. Translate into Bengali ;—মহান্তৌ গিরী। কৃপাবান্ ভগবান্। রাজ্ঞঃ মন্ত্রিণা। পথি গচ্ছতা বাজিনা। হসন্তং বালকম্। উদারচেতাঃ তপস্বী। দরিদ্রাঃ গৃহিণঃ। ভগবতঃ মহিমা। শীতলেন চন্দ্রমসা। জলমুচাং বারিণা। গুণবন্তং যুবানম্। বিষমা বিপৎ। গোদাবর্য্যাঃ সরিতঃ তীরে। মহান্তৌ ভুজৌ। ফলবন্তঃ তরবঃ। যশস্বিনাং শরীরিণাম্। বিদ্বানাং পারদৃশ্বনঃ। ধনবতঃ গরিমা। কনীয়ান্ ভ্রাতা। আত্মনঃ মুক্তিমিচ্ছতি সাধুঃ। বিপশ্চিতে উপহারং দদাতি রাজা। পুংসঃ সেবাং কুর্ব্বন্তি যোষিতঃ। যূনঃ পৃচ্ছন্তি মহান্তঃ। বনানি দহতো বহ্নেঃ সখা ভবতি মারুতঃ। মহতঃ পুত্রঃ মহান্ ভবতি। নৃত্যন্ আগচ্ছতি বাসঃ। আয়ান্তং যুবানং পশ্যতি ভৃত্যঃ।

3. Correct :—মহতৌ নরাঃ। গুণবানস্য বালকস্য। সম্পদে সুহৃৎ। চঞ্চলস্য বিদ্যুতস্য। দিশঃ শূন্যঃ। দুর্গমেন পথেন। মহতানাং জনানাং কৃপয়া। তাদৃশঃ সুহৃদস্য। মহানঃ কলরবঃ। সম্রাটস্য আজ্ঞা। কৃপাবনেন ভগবানেন। মহন্তং তরুমারোহতি ভৃত্যঃ। কুশলেন পথেন গচ্ছতি বিপ্রঃ। জ্ঞানীঃ মন্ত্রয়ঃ বদন্তি নৃপম্।

ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপ

চ্-কারান্ত শব্দ—প্রাচ্ (east, eastern)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	প্রাক্	প্রাচী	প্রাঞ্চি
দ্বিতীয়া	প্রাক্	প্রাচী	প্রাঞ্চি
তৃতীয়া	প্রাচা	প্রাগ্ভ্যাম্	প্রাগ্ভিঃ
চতুর্থী	প্রাচে	প্রাগ্ভ্যাম্	প্রাগ্ভ্যঃ
পঞ্চমী	প্রাচঃ	প্রাগ্ভ্যাম্	প্রাগ্ভ্যঃ
ষষ্ঠী	প্রাচঃ	প্রাচোঃ	প্রাচাম্
সপ্তমী	প্রাচি	প্রাচোঃ	প্রাক্ষু
সম্বোধন	প্রাক্	প্রাচী	প্রাঞ্চি

[প্রত্যচ্, তির্য্যচ্, উদচ্ ভিন্ন] সমুদয় ক্লীবলিঙ্গ চ্-কারান্ত শব্দ 'প্রাচ্' শব্দের তুল্য।

প্রত্যচ্ (west, western)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	प्रत्यक्	प्रतीची	प्रत्यञ्चि
द्वितीया	प्रत्यक्	प्रतीची	प्रत्यञ्चि

সম্বোধন প্রথমার ন্যায়। অন্য বিভক্তিতে পুংলিঙ্গের ন্যায়।

তির্য্যচ্ (moving, tortuous)

प्रथमा	तिर्य्यक्	तिरश्ची	तिर्य्यञ्चि
द्वितीया	तिर्य्यक्	तिरश्ची	तिर्य्यञ्चि

সম্বোধন প্রথমার ন্যায়। অন্য বিভক্তিতে পুংলিঙ্গের ন্যায়।

উদচ্ (north, northern)

प्रथमा	उदक्	उदीची	उदञ्चि
द्वितीया	उदक्	उदीची	उदञ्चि

সম্বোধন প্রথমার ন্যায়। অন্য বিভক্তিতে পুংলিঙ্গের ন্যায়।

জ্-কারান্ত শব্দ—অসৃজ্ (blood

प्रथमा	असृक्	असृजी	असृञ्जि
द्वितीया	असृक्	असृजी	असृञ्जि, असानि
तृतीया	असृजा,	असृग्भ्याम्,	असृग्भिः,
	अस्ना	असभ्याम्	असभिः
चतुर्थी	असृजे,	असृग्भ्याम्,	असृग्भ्यः,
	अस्ने	असभ्याम्,	असभ्यः
पञ्चमी	असृजः,	असृग्भ्याम्,	असृग्भ्यः
	अस्नः	असभ्याम्	असभ्यः
षष्ठी	असृजः, अस्नः	असृजोः, अस्नोः	असृजाम्, अस्नाम्
सप्तमी	असृजि, अस्नि, असनि	असृजोः, अस्नोः	असृक्षु, असःसु
सम्बोधन	असृक्	असृजी	असृञ्जि

প্রায় সমুদয় জ্-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

ত্-কারান্ত শব্দ—ভবিষ্যৎ (future)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ভবিষ্যৎ	ভবিষ্যতী	ভবিষ্যন্তি
দ্বিতীয়া	ভবিষ্যৎ	ভবিষ্যতী	ভবিষ্যন্তি
তৃতীয়া	ভবিষ্যতা	ভবিষ্যদ্ভ্যাম্	ভবিষ্যদ্ভিঃ
চতুর্থী	ভবিষ্যতে	ভবিষ্যদ্ভ্যাম্	ভবিষ্যদ্ভ্যঃ
পঞ্চমী	ভবিষ্যতঃ	ভবিষ্যদ্ভ্যাম্	ভবিষ্যদ্ভ্যঃ
ষষ্ঠী	ভবিষ্যতঃ	ভবিষ্যতোঃ	ভবিষ্যতাম্
সপ্তমী	ভবিষ্যতি	ভবিষ্যতোঃ	ভবিষ্যৎসু
সম্বোধন	ভবিষ্যৎ	ভবিষ্যতী	ভবিষ্যন্তি

[কতকগুলি শতৃ-প্রত্যয়ান্ত শব্দ ভিন্ন] যাবতীয় ত্-কারান্ত শব্দের রূপ এই প্রকার।

গচ্ছৎ (going)

প্রথমা	গচ্ছৎ	গচ্ছন্তী	গচ্ছন্তি
দ্বিতীয়া	গচ্ছৎ	গচ্ছন্তী	গচ্ছন্তি

সম্বোধন প্রথমাবৎ। অন্যান্য বিভক্তিতে 'ভবিষ্যৎ' শব্দের ন্যায়।

শতৃ-প্রত্যয়ান্ত ক্লীবলিঙ্গ শব্দ চতুর্ব্বিধ, তন্মধ্যে **ভ্বাদি** ও **দিবাদি**-গণীয় ধাতুর উত্তর শতৃ-প্রত্যয় করিয়া নিষ্পন্ন শব্দের রূপ ক্লীবলিঙ্গে "গচ্ছৎ" শব্দের ন্যায়।

ইচ্ছৎ (wishing)

প্রথমা	ইচ্ছৎ	ইচ্ছতী, ইচ্ছন্তী	ইচ্ছন্তি
দ্বিতীয়া	ইচ্ছৎ	ইচ্ছতী, ইচ্ছন্তী	ইচ্ছন্তি

সম্বোধন প্রথমার ন্যায়। অন্যান্য বিভক্তিতে 'ভবিষ্যৎ' শব্দের ন্যায়।

তুদাদি ও **অদাদিগণীয়** (দরিদ্রা-ভিন্ন) আকারান্ত ধাতুর উত্তর শতৃ-প্রত্যয় করিয়া নিষ্পন্ন শব্দের রূপ ক্লীবলিঙ্গে 'ইচ্ছৎ শব্দের ন্যায়।

দদৎ (giving)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	দদৎ	দদতী	দদন্তি, দদতি
দ্বিতীয়া	দদৎ	দদতী	দদন্তি, দদতি

সম্বোধন প্রথমার ন্যায়। অন্যান্য বিভক্তিতে 'ভবিষ্যৎ' শব্দের ন্যায়।

যাবতীয় **অভ্যস্ত** (reduplicated) ধাতুর উত্তর শতৃ-প্রত্যয় করিয়া নিষ্পন্ন শব্দের রূপ 'দদৎ' শব্দের তুল্য। এতদ্ভিন্ন সমস্ত শতৃ-প্রত্যয়নিষ্পন্ন শব্দের রূপ 'ভবিষ্যৎ'-শব্দের তুল্য।

মহৎ (large, great)

প্রথমা	**মহত্**	**মহতী**	**মহান্তি**
দ্বিতীয়া	**মহত্**	**মহতী**	**মহান্তি**

সম্বোধন প্রথমার ন্যায়। অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের ন্যায়।

যকৃৎ (liver)

প্রথমা—যকৃৎ, যকৃতী, যকৃন্তি। দ্বিতীয়া—যকৃৎ, যকৃতী, যকৃন্তি-যকানি। তৃতীয়া—যকৃতা যক্না, যকৃদ্ভ্যাম্ যকভ্যাম্, যকৃদ্ভিঃ যকভিঃ। চতুর্থী—যকৃতে যক্নে, যকৃদ্ভ্যাম্ যকভ্যাম্, যকৃদ্ভ্যঃ যকভ্যঃ। পঞ্চমী—যকৃতঃ যক্নঃ, যকৃদ্ভ্যাম্ যকভ্যাম্, যকৃদ্ভ্যঃ যকভ্যঃ। ষষ্ঠী—যকৃতঃ যক্নঃ, যকৃতোঃ যক্নোঃ, যকৃতাম্ যক্নাম্। সপ্তমী—যকৃতি যক্নি যকনি, যকৃতোঃ যক্নোঃ, যকৃৎসু যকসু। সম্বোধন—যকৃৎ।

'শকৃৎ' (dung) শব্দ 'যকৃৎ' শব্দের তুল্য।

দ্-কারান্ত শব্দ—হৃদ্ (heart)

প্রথমা	হৃৎ	হৃদী	হৃন্দি
দ্বিতীয়া	হৃৎ	হৃদী	হৃন্দি
তৃতীয়া	হৃদা	হৃদ্ভ্যাম্	হৃদ্ভিঃ
চতুর্থী	হৃদে	হৃদ্ভ্যাম্	হৃদ্ভ্যঃ
পঞ্চমী	হৃদঃ	হৃদ্ভ্যাম্	হৃদ্ভ্যঃ
ষষ্ঠী	হৃদঃ	হৃদোঃ	হৃদাম্
সপ্তমী	হৃদি	হৃদোঃ	হৃৎসু
সম্বোধন	হৃৎ	হৃদী	হৃন্দি

যাবতীয় ক্লীবলিঙ্গ দ্-কারান্ত শব্দের রূপ এই প্রকার

ক্লীবলিঙ্গ ন্-কারান্ত শব্দ

ক্লীবলিঙ্গ ন্-কারান্ত শব্দ দ্বিবিধ—অন্-ভাগান্ত ও ইন্-ভাগান্ত।

অন্-ভাগান্ত শব্দ—নামন্ (name)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নাম	নাম্নী, নামনী	নামানি
দ্বিতীয়া	নাম	নাম্নী, নামনী	নামানি
তৃতীয়া	নাম্না	নামভ্যাম্	নামভিঃ
চতুর্থী	নাম্নে	নামভ্যাম্	নামভ্যঃ
পঞ্চমী	নাম্নঃ	নামভ্যাম্	নামভ্যঃ
ষষ্ঠী	নাম্নঃ	নাম্নোঃ	নাম্নাম্
সপ্তমী	নাম্নি, নামনি	নাম্নোঃ	নামসু
সম্বোধন	নাম, নামন্	নাম্নী, নামনী	নামানি

[কর্ম্মণ প্রভৃতি ও অহন্ শব্দ ভিন্ন] দামন্, ধামন্, লোমন্, ব্যোমন্, সামন্ প্রভৃতি যাবতীয় অন্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

কর্ম্মন্ (action, work)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	কর্ম্ম	কর্ম্মণী	কর্ম্মাণি
দ্বিতীয়া	কর্ম্ম	কর্ম্মণী	কর্ম্মাণি
তৃতীয়া	কর্ম্মণা	কর্ম্মভ্যাম্	কর্ম্মভিঃ
চতুর্থী	কর্ম্মণে	কর্ম্মভ্যাম্	কর্ম্মভ্যঃ
পঞ্চমী	কর্ম্মণঃ	কর্ম্মভ্যাম্	কর্ম্মভ্যঃ
ষষ্ঠী	কর্ম্মণঃ	কর্ম্মণোঃ	কর্ম্মণাম্
সপ্তমী	কর্ম্মণি	কর্ম্মণোঃ	কর্ম্মসু
সম্বোধন	কর্ম্ম, কর্ম্মন্	কর্ম্মণী	কর্ম্মাণি

চর্ম্মন্, ছদ্মন্, জন্মন্, নর্মন্, পর্ব্বন্, ভস্মন্, মর্ম্মন্, লক্ষ্মন্, বর্ত্মন্, বর্ম্মন্, বেশ্মন্, শর্ম্মন্ প্রভৃতি **যে সকল শব্দের 'অন্'-এর অকার ম-সংযুক্ত, অথবা ব-সংযুক্ত বর্ণে মিলিত থাকে**, তাহাদিগের রূপ 'কর্ম্মন্' শব্দের তুল্য।

অহন্ (day)

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	अहः	अह्नी, अहनी	अहानि
द्वितीया	अहः	अह्नी, अहनी	अहानि
तृतीया	अह्ना	अहोभ्याम्	अहोभिः
चतुर्थी	अह्न	अहोभ्याम्	अहोभ्यः
पञ्चमी	अह्नः	अहोभ्याम्	अहोभ्यः
षष्ठी	अह्नः	अह्नोः	अह्नाम्
सप्तमी	अह्नि, अहनि	अह्नोः	अहःसु
सम्बोधन	अहः	अह्नी, अहनी	अहानि

ইন্-ভাগান্ত শব্দ—স্থায়িন্ (permanent)

প্রথমা	স্থায়ি	স্থায়িনী	স্থায়ীনি
দ্বিতীয়া	স্থায়ি	স্থায়িনী	স্থায়ীনি
তৃতীয়া	স্থায়িনা	স্থায়িভ্যাম্	স্থায়িভিঃ
চতুর্থী	স্থায়িনে	স্থায়িভ্যাম্	স্থায়িভ্যঃ
পঞ্চমী	স্থায়িনঃ	স্থায়িভ্যাম্	স্থায়িভ্যঃ
ষষ্ঠী	স্থায়িনঃ	স্থায়িনোঃ	স্থায়িনাম্
সপ্তমী	স্থায়িনি	স্থায়িনোঃ	স্থায়িষু
সম্বোধন	স্থায়ি, স্থায়িন্	স্থায়িনী	স্থায়ীনি

যাবতীয় ইন্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

স্-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ

স্-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ ত্রিবিধ; অস্-ভাগান্ত, ইস্-ভাগান্ত ও উস্-ভাগান্ত।

অস্-ভাগান্ত শব্দ—পয়স্ (milk, water)

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
प्रथमा	पयः	पयसी	पयांसि
द्वितीया	पयः	पयसी	पयांसि
तृतीया	पयसा	पयोभ्याम्	पयोभिः
चतुर्थी	पयसे	पयोभ्याम्	पयोभ्यः
पञ्चमी	पयसः	पयोभ्याम्	पयोभ्यः
षष्ठी	पयसः	पयसोः	पयसाम्
सप्तमी	पयसि	पयसोः	पयःसु
सम्बोधन	पयः	पयसी	पयांसि

অন্তস্, অয়স্, আগস্, উরস্, উধস্, এনস্, ওকস্, ওজস্, চেতস্, ছন্দস্, তপস্, তমস্, তেজস্, নভস্, মনস্, যশস্, রক্ষস্, রজস্, রহস্, রোধস্, বক্ষস্, বয়স্, বর্চ্চস্, বাসস্, শিরস্, শ্রেয়স্, সদস, সরস্ প্রভৃতি যাবতীয় অস্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দ 'পয়স' শব্দের তুল্যরূপ।

তস্থিবস্ শব্দের ক্লীবলিঙ্গে প্রথমায়—তস্থিবৎ, তস্থুষী, তস্থিবাংসি। দ্বিতীয়া ও সম্বোধনে প্রথমার ন্যায়; আর আর বিভক্তিতে পুংলিঙ্গের ন্যায়।

ইস্-ভাগান্ত শব্দ—হবিস্ (ghee)

प्रथमा	हविः	हविषी	हवींषि
द्वितीया	हविः	हविषी	हवींषि
तृतीया	हविषा	हविर्भ्याम्	हविर्भिः
चतुर्थी	हविषे	हविर्भ्याम्	हविर्भ्यः
पञ्चमी	हविषः	हविर्भ्याम	हविर्भ्यः
षष्ठी	हविषः	हविषोः	हविषाम्
सप्तमी	हविषि	हविषोः	हविःषु
सम्बोधन	हविः	हविषी	हवींषि

অর্চ্চিস্, জ্যোতিস্, রোচিস্, বর্হিস্, শোচিস্, সর্পিস্ প্রভৃতি যাবতীয় ইস্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

উস্‌ভাগান্ত শব্দ—ধনুস্ (bow)

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
प्रथमा	धनुः	धनुषी	धनूंषि
द्वितीया	धनुः	धनुषी	धनूंषि
तृतीया	धनुषा	धनुर्भ्याम्	धनुर्भिः
चतुर्थी	धनुषे	धनुर्भ्याम्	धनुर्भ्यः
पञ्चमी	धनुषः	धनुर्भ्याम्	धनुर्भ्यः
षष्ठी	धनुषः	धनुषोः	धनुषाम्
सप्तमी	धनुषि	धनुषोः	धनुःषु
सम्बोधन	धनुः	धनुषी	धनूंषि

আয়ুস্, চক্ষুস্, বপুস্, যজুস্, প্রভৃতি যাবতীয় উস্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

Translation

Worn-out clothes—জীর্ণানি বাসাংসি। Eloquence in the senate—সদসি বাক্‌পটুতা। Desire for fame—যশসি অভিরুচিঃ। Great is the dread of a dog from a tiger—কুক্কুরস্য ব্যাঘ্রান্মহদ্ভয়ম্। Cruel words—দারুণানি বচাংসি। Simple mind—সরলং মনঃ। Blind of one eye—চক্ষুষা কাণঃ। Pure water—নির্ম্মলমম্ভঃ। The sweet words of the child—শিশোঃ মধুরাণি বচাংসি। By the bow of Arjuna—অর্জ্জুনস্য ধনুষা। Strong body—বলবৎ বপুঃ। Blue sky—সুনীলং নভঃ। The birth of a great man—মহতঃ জন্ম। By the heat of the sun—আতপস্য তেজসা। In the vast assembly of the sages—মুনীনাং বিস্তীর্ণে সদসি।

Exercise

1. Translate into Sanskrit :—Made of skin. Cool water of the pond. With a large bow. Many births. Broad chest. Urgent business. Auspicious days. Protector of the world. By the skin of the cow. By the light of the sun. In the house of a Chandala. Siva gave (অযচ্ছৎ) a bow to Arjuna.

2. Translate into Bengali :—মধুরেণ পয়সা। চঞ্চলং মনঃ। সরসঃ

পয়াংসি। ভাস্বন্তি রত্নানি। শুভস্য কর্ম্মণঃ। বিপদি ধৈর্য্যং শ্রেয়ঃ। চলজ্জীবনম্। মুণ্ডিতং শিরঃ। তারকিতে নভসি। হিতং মনোহারি চ বচঃ। মূর্খস্য জন্ম নিরর্থকম্। বিপুলানি যশাংসি। কান্তং বপুঃ। শিশুঃ পয়াংসি পিবতি। শোকশ্চেতো দহতি। প্রেম্ণা মানুষং জয়তি সুধীঃ। চর্ম্মণা বহূনি দ্রব্যাণি করোতি নরঃ।

3. Correct :—তপস্য ফলম্। শীতলং পয়াংসি। হরের্গোপস্য কুলে জন্মঃ। কাশীধামে। নির্ম্মলে নভে। মধুরা বচঃ। জগতে স্বভাবঃ প্রবলঃ। দৈবঃ বলবান্। কর্ম্মং করোতি ভৃত্যঃ। ধনুং দদাতি মন্ত্রীং নৃপঃ। চক্ষুণা পশ্যতি লোকঃ। আত্মনং বশমিচ্ছতি নরঃ। চণ্ডালস্য ধামে ন গচ্ছতি বিপ্রঃ।

4. Decline :—ধনুস্ in সপ্তমী, পথিন্ in প্রথমা, যকৃৎ in সপ্তমী, বিদ্বস্ in প্রথমা, কিয়ৎ in সপ্তমী, মহৎ in প্রথমা, গায়ৎ in সপ্তমী, শ্রীমৎ in ষষ্ঠী, হৃদয় in তৃতীয়া, অহন্ in দ্বিতীয়া, প্রত্যচ্ in চতুর্থী, কর্ম্মন্ in সপ্তমী, ধনুস্ in দ্বিতীয়া, নামন্ in ষষ্ঠী, অসৃজ in চতুর্থী, পাদ in তৃতীয়া, জলৎ in প্রথমা, একাকিন্ in ষষ্ঠী, হৃদ্ in চতুর্থী, চন্দ্রমস্ in ষষ্ঠী, বপুস্ in দ্বিতীয়া, শ্রেয়স্ in ষষ্ঠী, and চর্ম্মন্ in তৃতীয়া।

সর্ব্বনাম শব্দ—Pronouns

১। "সর্বাদীনি সর্বনামানি"। সর্বাদি-শব্দকে সর্বনাম বলে। রূপের বৈলক্ষণ্য অনুসারে সর্ব্বনাম শব্দ পাঁচ শ্রেণীতে বিভক্ত। যথা—

সর্বাদি—সর্ব্ব, বিশ্ব, উভ, উভয়, এক, একতর, সম, দ্বি। **অন্যাদি**—অন্য, অন্যতর, ইতর, কতর, যতর, যতম, ততর, ততম, একতম। **পূর্বাদি**—পূর্ব্ব, পর, অপর, অবর, অধর, দক্ষিণ, উত্তর, স্ব। **যদাদি**—যদ্, তদ্, এতদ্, ত্যদ্, কিম্। **ইদমাদি**—ইদম্, অদস্, যুষ্মদ্, অস্মদ্, ভবৎ।

২। **সর্ব** ও **বিশ্ব** শব্দ 'সকল' এই অর্থ বুঝাইলে সর্ব্বনাম হয়। যথা, সর্বে নরাঃ। বিশ্বে দেবাঃ। অন্য অর্থে তাহাদের রূপ সাধারণ অকারান্ত শব্দের তুল্য। যথা, সর্বায় (শিবকে) নমঃ। বিশ্বে (জগতে) ন কোঽপি সুখী।

৩। **উভয়-শব্দ** একবচনে ও বহুবচনে প্রযুক্ত হয়। যথা, উভয়ম্ অহিনকুলং মমার। উভয়ে দেবমনুষ্যাঃ অনিশং সুখমিচ্ছন্তি।

৪। **উভ** শব্দ সর্বদা দ্বিবচনেই প্রযুক্ত হয়। যথা, উভৌ, বিপ্রৌ।

৫। **এক-শব্দ** একবচনান্ত। যথা, একঃ বালকঃ, একা বালিকা, একং ফলম্। কিন্তু "কেহ কেহ" এই অর্থ বুঝাইলে বহুবচনেও প্রযুক্ত হইয়া থাকে। যথা, একে (some) বদন্তি, একে মৃতাঃ (some are dead).

৬। **পূর্ব্ব, অপর, উত্তর ও দক্ষিণ** শব্দ দিক্ দেশ ও কাল বুঝাইলে সর্বনাম হয়। যথা, পূর্বস্যাং দিশি উদেতি ভানুঃ। অপরস্যাং দিশি রবিরস্তং যাতি। উত্তরস্মিন্ দেশে গৃহম্, দক্ষিণস্যাং দিশি প্রস্থিতঃ বিপ্রঃ। কিন্তু প্রতিবচন (reply) বা সংজ্ঞা অর্থে উত্তর-শব্দ বিশেষ্য (noun); যথা, বালকোঽয়ম্ উত্তরে প্রত্যুত্তরে চ নিপুণঃ। উত্তরাঃ কুরবঃ (সংজ্ঞা)।

৭। নিপুণ বা কুশল অর্থে **দক্ষিণ** শব্দ সর্বনাম হয় না। যথা, দক্ষিণায় (নিপুণায়) গাথকায় দেহি। 'অন্য' অর্থে **অপর** শব্দ এবং 'শত্রু' অর্থে 'পর' শব্দ সর্বনাম। যথা, অপরে এবং বদন্তি; পরেষাং দর্পমপহর।

৮। নীচ বা অধম অর্থে **অধর** শব্দ সর্বনাম। অধরস্মিন্ বালকে কোঽপি ন বিশ্বসিতি; কিন্তু নিম্নোষ্ঠ (lower lip) অর্থে অধর শব্দ বিশেষ্য। যথা, অধরে তাম্বুলরাগঃ।

৯। **স্বমজ্ঞাতিধনাখ্যায়াম্—স্ব-শব্দ** আপনি ও আপন (self or own) এই অর্থ বুঝাইলে সর্বনাম হয়। যথা, স্বস্মিন্ বিষয়ে; স্বেষাং সুতানাম্ জয়ঃ; কিন্তু 'ধন' অথবা 'জ্ঞাতি' অর্থে বিশেষ্য। যথা, স্বানাং (জ্ঞাতীনাম্) নিধনং কোঽপি ন বাঞ্ছতি; পরস্বায় ন স্পৃহয়।

১০। **সম** শব্দ 'সকল' এই অর্থে সর্বনাম; সদৃশ (similar or like) অর্থে বিশেষণ এবং গীত-বাদ্যাদির লয় অর্থে বিশেষ্য। যথা, সমে (সর্বনাম) শিষ্যা, গুরূন্ পৃচ্ছন্তি। তেন সমঃ (বিশেষণ) নাস্তি মে সুহৃৎ! সমেন (বিশেষ্য) গায়তি বিপ্রঃ।

১১। 'উভ' ও 'দ্বি' নিত্যদ্বিবচনান্ত বলিয়া শব্দরূপে সর্বনামের কোন চিহ্ন নাই। 'ভবৎ' (আপনি) শব্দের রূপেও নাই।

১২। "ইদমস্তু সন্নিকৃষ্টং সমীপতরবর্ত্তি চৈতদো রূপম্।
অদসস্তু বিপ্রকৃষ্টং তদিতি পরোক্ষে বিজানীয়াৎ॥'

নিকটবর্ত্তী বস্তু বা ব্যক্তির সম্বন্ধে **ইদম্**, অধিকতর নিকটবর্ত্তী বা ব্যক্তির সম্বন্ধে **এতদ্**, দূরবর্ত্তী বস্তু বা ব্যক্তির সম্বন্ধে **অদস্** এবং পরোক্ষ বস্তু বা ব্যক্তির সম্বন্ধে **তদ্**-শব্দের প্রয়োগ হয়। যথা, আগচ্ছত্যয়ং বালকঃ। এষঃ দাশরথিঃ রামঃ, হসত্যসৌ শিশুঃ। বিদ্যালয়ং গচ্ছতি সঃ।

১৩। **দ্বিতীয়া-টৌস্স্বেনঃ—অন্বাদেশ** অর্থাৎ কথিত বিষয়ের পুনরুল্লেখ (repetition) বুঝাইলে দ্বিতীয়া, তৃতীয়ার একবচন এবং ষষ্ঠী ও সপ্তমীর দ্বিবচনে **ইদম্** ও **এতদ্** শব্দের স্থানে 'এন' আদেশ হয়। যথা, অনেন ব্যাকরণমধীতম্, এনং বেধমধ্যাপয়। অনয়োঃ পবিত্রং কুলম্, এনয়োঃ প্রভূতং স্বম্।

সর্ব্বাদি

সর্ব, বিশ্ব, উভয়, এক, একতর—এই কয় শব্দের রূপ একপ্রকার। সর্বনাম শব্দের সম্বোধনে প্রয়োগ অতি বিরল, তাই দেওয়া হইল না।

সর্ব্ব (all)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	सर्व्वः	सर्व्वौ	सर्व्वे
द्वितीया	सर्व्वम्	सर्व्वौ	सर्व्वान्
तृतीया	सर्व्वेण	सर्व्वाभ्याम्	सर्व्वैः
चतुर्थी	सर्व्वस्मै	सर्व्वाभ्याम्	सर्व्वेभ्यः
पञ्चमी	सर्व्वस्मात्	सर्व्वाभ्याम्	सर्व्वेभ्यः
षष्ठी	सर्व्वस्य	सर्व्वयोः	सर्व्वेषाम्
सप्तमी	सर्व्वस्मिन्	सर्व्वयोः	सर्व्वेषु

ক্লীবলিঙ্গ

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
প্রথমা	সর্ব্বম্	সর্ব্বে	সর্ব্বাণি
দ্বিতীয়া	সর্ব্বম্	সর্ব্বে	সর্ব্বাণি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

স্ত্রীলিঙ্গ

প্রথমা	সর্ব্বা	সর্ব্বে	সর্ব্বাঃ
দ্বিতীয়া	সর্ব্বাম্	সর্ব্বে	সর্ব্বাঃ
তৃতীয়া	সর্ব্বয়া	সর্ব্বাভ্যাম্	সর্ব্বাভিঃ
চতুর্থী	সর্ব্বস্যৈ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বাভ্যঃ
পঞ্চমী	সর্ব্বস্যাঃ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বাভ্যঃ
ষষ্ঠী	সর্ব্বস্যাঃ	সর্ব্বয়োঃ	সর্ব্বাসাম্
সপ্তমী	সর্ব্বস্যাম্	সর্ব্বয়োঃ	সর্ব্বাসু

অন্যাদি

অন্য, অন্যতর, ইতর, কতর, কতম, একতম, এই কয় শব্দের রূপ সর্বশব্দের তুল্য; কেবল ক্লীবলিঙ্গের প্রথমার ও দ্বিতীয়ার একবচনে অন্যৎ, অন্যতরৎ, ইতরৎ, কতরৎ, কতমৎ, একতমৎ, এইরূপ পদ হয়, এইমাত্র বিশেষ। 'অন্যতম' শব্দ সর্বনাম নহে।

পূর্ব্বাদি

পূর্ব, পর, অপর, অবর, অধর, দক্ষিণ, উত্তর, স্ব এই কয় শব্দের রূপ একপ্রকার।

পূর্ব্ব (east)—পুংলিঙ্গ

প্রথমা	পূর্ব্বঃ	পূর্ব্বৌ	পূর্ব্বে, পূর্ব্বাঃ
দ্বিতীয়া	পূর্ব্বম্	পূর্ব্বৌ	পূর্ব্বান্
তৃতীয়া	পূর্ব্বেণ	পূর্ব্বাভ্যাম্	পূর্ব্বৈঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	পূর্ব্বস্মৈ	পূর্ব্বাভ্যাম্	পূর্ব্বেভ্যঃ
পঞ্চমী	পূর্ব্বস্মাৎ, পূর্ব্বাৎ	পূর্ব্বাভ্যাম্	পূর্ব্বেভ্যঃ
ষষ্ঠী	পূর্ব্বস্য	পূর্ব্বয়োঃ	পূর্ব্বেষাম্
সপ্তমী	পূর্ব্বস্মিন্, পূর্ব্বে	পূর্ব্বয়োঃ	পূর্ব্বেষু

ক্লীবলিঙ্গ

প্রথমা	পূর্ব্বম্	পূর্ব্বে	পূর্ব্বাণি
দ্বিতীয়া	পূর্ব্বম্	পূর্ব্বে	পূর্ব্বাণি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত। স্ত্রীলিঙ্গে 'সর্ব'-শব্দের স্ত্রীলিঙ্গের ন্যায় রূপ, কোন ভেদ নাই।

যদাদি সর্বনাম

যদ্, তদ্, এতদ্, ত্যদ্, কিম্—ইহারা শব্দরূপে য, ত, এত, ত্য, ক, এইরূপ অকারান্ত হইয়া যায়। ইহাদের রূপ 'সর্ব' শব্দের তুল্য ; কেবল ক্লীবলিঙ্গে প্রথমার ও দ্বিতীয়ার একবচনে 'যৎ, তৎ, এতৎ, ত্যৎ, কিম্' এইরূপ হয়। তদ্, এতদ্, ত্যদ্, শব্দের প্রথমার একবচনে পুংলিঙ্গে সঃ, এষঃ, স্যঃ, স্ত্রীলিঙ্গে সা, এষা, স্যা, এইরূপ হয়, এইমাত্র বিশেষ। যথা,

যদ্—who, which

	পুংলিঙ্গ			স্ত্রীলিঙ্গ		
প্রথমা	যঃ	যৌ	যে	যা	যে	যাঃ
দ্বিতীয়া	যম্	যৌ	যান্	যাম্	যে	যাঃ
তৃতীয়া	যেন	যাভ্যাম্	যৈঃ	যয়া	যাভ্যাম্	যাভিঃ
চতুর্থী	যস্মৈ	যাভ্যাম্	যেভ্যঃ	যস্যৈ	যাভ্যাম্	যাভ্যঃ
পঞ্চমী	যস্মাৎ	যাভ্যাম্	যেভ্যঃ	যস্যাঃ	যাভ্যাম্	যাভ্যঃ
ষষ্ঠী	যস্য	যয়োঃ	যেষাম্	যস্যাঃ	যয়োঃ	যাসাম্
সপ্তমী	যস্মিন্	যয়োঃ	যেষু	যস্যাম্	যয়োঃ	যাসু

ক্লীবলিঙ্গ, প্রথমা— যৎ, যে, যানি। দ্বিতীয়া— যৎ, যে, যানি। অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের ন্যায়।

তদ্—he, she, that, it

	পুংলিঙ্গ			স্ত্রীলিঙ্গ		
प्रथमा	सः	तौ	ते	सा	ते	ताः
द्वितीया	तम्	तौ	तान्	ताम्	ते	ताः
तृतीया	तेन	ताभ्याम्	तैः	तया	ताभ्याम्	ताभिः
चतुर्थी	तस्मै	ताभ्याम्	तेभ्यः	तस्यै	ताभ्याम्	ताभ्यः
पञ्चमी	तस्मात्	ताभ्याम्	तेभ्यः	तस्याः	ताभ्याम्	ताभ्यः
षष्ठी	तस्य	तयोः	तेषाम्	तस्याः	तयोः	तासाम्
सप्तमी	तस्मिन्	तयोः	तेषु	तस्याम्	तयोः	तासु

ক্লীবলিঙ্গ, প্রথমা—**तत्, ते, तानि।** দ্বিতীয়া—**तत्, ते, तानि।** অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের ন্যায়।

এতদ্—this

পুংলিঙ্গ প্রথমা—এষঃ, এতৌ, এতে। দ্বিতীয়া—এতম্, এনম্, এতৌ, এনৌ, এতান্ এনান্। তৃতীয়া—এতেন এনেন, এতাভ্যাম্, এতৈঃ। চতুর্থী—এতস্মৈ, এতাভ্যাম্, এতেভ্যঃ। পঞ্চমী—এতস্মাৎ, এতাভ্যাম্, এতেভ্যঃ। ষষ্ঠী—এতস্য, এতয়োঃ এনয়োঃ, এতেষাম্। সপ্তমী—এতস্মিন্, এতয়োঃ এনয়োঃ, এতেষু।

ক্লীবলিঙ্গ—এতৎ, এতে, এতানি। দ্বিতীয়া—এতৎ এনৎ, এতে এনে, এতানি এনানি। আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

স্ত্রীলিঙ্গ—এষা, এতে, এতাঃ। দ্বিতীয়া—এতাম্, এনাম্, এতে এনে, এতাঃ এনাঃ। তৃতীয়া—এতয়া এনয়া, এতাভ্যাম্, এতাভিঃ। চতুর্থী—এতস্যৈ, এতাভ্যাম্, এতাভ্যঃ। পঞ্চমী—এতস্যাঃ, এতাভ্যাম্ এতাভ্যঃ। ষষ্ঠী—এতস্যাঃ, এতয়োঃ এনয়োঃ, এতাসাম্। সপ্তমী—এতস্যাম্, এতয়োঃ, এনয়োঃ, এতাসু।

किम्—who, which, what

	পুংলিঙ্গ			স্ত্রীলিঙ্গ		
प्रथमा	कः	कौ	के	का	के	काः
द्वितीया	कम्	कौ	कान्	काम्	के	काः
तृतीया	केन	काभ्याम्	कैः	कया	काभ्याम्	काभिः
चतुर्थी	कस्मै	काभ्याम्	केभ्यः	कस्यै	काभ्याम्	काभ्यः
पञ्चमी	कस्मात्	काभ्याम्	केभ्यः	कस्याः	काभ्याम्	काभ्यः
षष्ठी	कस्य	कयोः	केषाम्	कस्याः	कयोः	कासाम्
सप्तमी	कस्मिन्	कयोः	केषु	कस्याम्	कयोः	कासु

ক্লীবলিঙ্গ, প্রথমা—**किम्, के, कानि।** দ্বিতীয়া—**किम्, के, कानि।** অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের ন্যায়।

ইদমাদি সর্বনাম

ইদম্—this

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	अयम्	इमौ	इमे
द्वितीया	इमम्, एनम्	इमौ, एनौ	इमान्, एनान्
तृतीया	अनेन, एनेन	आभ्याम्	एभिः
चतुर्थी	अस्मै	आभ्याम्	एभ्यः
पञ्चमी	अस्मात्	आभ्याम्	एभ्यः
षष्ठी	अस्य	अनयोः	एषाम्
सप्तमी	अस्मिन्	अनयोः, एनयोः	एषु

ক্লীবলিঙ্গ

प्रथमा	इदम्	इमे	इमानि
द्वितीया	इदम्, एनत्	इमे, एने	इमानि, एनानि

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের ন্যায়।

স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
प्रथमा	इयम्	इमे	इमाः
द्वितीया	इमाम्, एनाम्	इमे, एने	इमाः, एनाः
तृतीया	अनया, एनया	आभ्याम्	आभिः
चतुर्थी	अस्यै	आभ्याम्	आभ्यः
पञ्चमी	अस्याः	आभ्याम्	आभ्यः
षष्ठी	अस्याः	अनयोः, एनयोः	आसाम्
सप्तमी	अस्याम्	अनयोः, एनयोः	आसु

অদস্ (that, ঐ)—পুংলিঙ্গ

प्रथमा	असौ	अमू	अमी
द्वितीया	अमुम्	अमू	अमून्
तृतीया	अमुना	अमुभ्याम्	अमीभिः
चतुर्थी	अमुष्मै	अमुभ्याम्	अमीभ्यः
पञ्चमी	अमुष्मात्	अमुभ्याम्	अमीभ्यः
षष्ठी	अमुष्य	अमुयोः	अमीषाम्
सप्तमी	अमुष्मिन्	अमुयोः	अमीषु

ক্লীবলিঙ্গ

प्रथमा	अदः	अमू	अमूनि
द्वितीया	अदः	अमू	अमूनि

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের ন্যায়।

স্ত্রীলিঙ্গ

प्रथमा	असौ	अमू	अमूः
द्वितीया	अमूम्	अमू	अमूः
तृतीया	अमुया	अमूभ्याम्	अमूभिः
चतुर्थी	अमुष्यै	अमूभ्याम्	अमूभ्यः

	একবচন	দ্বিবচন	বহুবচন
पञ्चमी	अमुष्याः	अमूभ्याम्	अमूभ्यः
षष्ठी	अमुष्याः	अमुयोः	अमूषाम्
सप्तमी	अमुष्याम्	अमुयोः	अमूषु

युष्मद्—(you, thou, তুমি)

प्रथमा	त्वम्	युवाम्	यूयम्
द्वितीया	त्वाम्, त्वा	युवाम्, वाम्	युष्मान्, वः
तृतीया	त्वया	युवाभ्याम्	युष्माभिः
चतुर्थी	तुभ्यम्, ते	युवाभ्याम्, वाम्	युष्मभ्यम्, वः
पञ्चमी	त्वत्	युवाभ्याम्	युष्मत्
षष्ठी	तव, ते	युवयोः, वाम्	युष्माकम्, वः
सप्तमी	त्वयि	युवयोः	युष्मासु

তিন লিঙ্গেই সমান, কোন ভেদ নাই।

अस्मद्—(I, আমি)

प्रथमा	अहम्	आवाम्	वयम्
द्वितीया	माम्, मा	आवाम्, नौ	अस्मान्, नः
तृतीया	मया	आवाभ्याम्,	अस्माभिः
चतुर्थी	मह्यम्, मे	आवाभ्याम्, नौ	अस्मभ्यम्, नः
पञ्चमी	मत्	आवाभ्याम्	अस्मत्
षष्ठी	मम, मे	आवयोः, नौ	अस्माकम्, नः
सप्तमी	मयि	आवयोः	अस्मासु

তিন লিঙ্গেই সমান, কোন ভেদ নাই।

১৪। **চ, বা, হ, অহ, এব** (১)—এই পাঁচটি অব্যয়ের যোগে যুষ্মদ্ শব্দের 'ত্বা, তে, বাম্, বঃ—এই চারি পদের এবং অস্মদ্ শব্দের 'মা, মে, নৌ, নঃ'—এই চারি পদের প্রয়োগ হয় না। যথা, স ত্বাং মাং চ উপদিশতি; স তব মম চ বচনং ন শৃণোতি; ইহ যুবয়োরাবয়োশ্চ গতির্নাস্তি; তেন যুষ্মাকমস্মাকং চ কা হানিঃ—এইরূপ প্রয়োগ হইবে;

(১) ন চ-বা-হাহৈবযুক্তে।

'ত্বা মা চ' উপদিশতি, ইত্যাদি হইবে না। সাক্ষাৎ সম্বন্ধে যোগ না থাকিলে প্রয়োগ হইতে পারে। যথা, হরিঃ হরশ্চ মে স্বামী। এখানে পরম্পরসম্বন্ধ হইয়াছে। বা-প্রভৃতি শব্দের যোগেও এইরূপ।

১৫। **বাক্যের, অথবা শ্লোকের চরণের, আরম্ভে** এই সকল শব্দের প্রয়োগ হয় না। যথা, (বাক্যের আরম্ভে—তে পুস্তকং গৃহাণ, মে পুস্তকং দেহি, বঃ প্রীতিবর্দ্ধতে, নঃ সকাশমাগচ্ছ, ইত্যাদি প্রয়োগ হয় না।) তব পুস্তকং গৃহাণ, মহ্যম্ পুস্তকং দেহি, যুষ্মাকং প্রীতিবর্দ্ধতে, অস্মাকং সকাশমাগচ্ছ, এইরূপ প্রয়োগ হয়। শ্লোকের চরণের আরম্ভে—

ত্বাং স রক্ষতি যত্নেন মাং স দ্বেষ্টি নিরন্তরম্।
তবৈব দোষো নৈবাত্র মম দোষোঽস্তি কশ্চন॥

এইরূপ প্রয়োগ হইয়া থাকে ; ত্বা স রক্ষতি ইত্যাদি হইবে না (১)।

১৬। সম্বোধন-পদের অব্যবহিত পরে এই সকল পদের প্রয়োগ হয় না। যথা—হরে! অস্মান্ (not নঃ) পাহি। কিন্তু সম্বোধন পদটি বিশেষণ-যুক্ত হইলে বিকল্পে এই সকল পদের প্রয়োগ হয়। যথা, হরে দয়ালো! নঃ পাহি।

১৭। বহুব্রীহি, দ্বন্দ্ব ও তৃতীয়া-তৎপুরুষ সমাসে সর্বাদি সর্বনামের ন্যায় রূপ হয় না। যথা, বহুব্রীহি সমাসে (২)—জিতং সর্বং যেন, এই বাক্যে সমাস করিয়া নিষ্পন্ন 'জিতসর্ব' শব্দের রূপ সর্বনাম শব্দের ন্যায় না হইয়া 'নর' শব্দের ন্যায় চতুর্থীর একবচনে জিতসর্বায়, পঞ্চমীর একবচনে জিতসর্বাৎ, সপ্তমীর একবচনে জিতসর্বে, এই প্রকার হইবে। দ্বন্দ্ব-সমাসে (৩)—পূর্ব্বশ্চ দক্ষিণশ্চ উত্তরশ্চ এই বাক্যে সমাস করিয়া নিষ্পন্ন 'পূর্ব্ব-দক্ষিণোত্তর' শব্দের রূপ, সর্ব্বনাম শব্দের ন্যায় না হইয়া ষষ্ঠীর বহুবচনে 'পূর্বদক্ষিণোত্তরাণাম্' এইরূপ হইবে। কিন্তু প্রথমার বহুবচনে বিকল্পে সর্ব্বনামের ন্যায় রূপ হয়। যথা—পূর্ব্বদক্ষিণোত্তরে, পূর্ব্বদক্ষিণোত্তরাঃ। তৃতীয়া-তৎপুরুষসমাসে (৪)—কালেন পূর্ব্বঃ, এই বাক্যে সমাস করিয়া নিষ্পন্ন 'কালপূর্ব্ব' শব্দের রূপ, সর্ব্বনাম শব্দের ন্যায় না হইয়া চতুর্থীর একবচনে কালপূর্বায়, সপ্তমীর একবচনে কালপূর্ব্বে এইরূপ হইবে। তৃতীয়া-তৎপুরুষ সমাসের বাক্যেও সর্বনামের রূপ হয় না। যথা, কালেন পূর্বায়, কালেন পূর্বাৎ, কালেন পূর্বে।

---

(১) পদাৎ। অনুদাত্তং সর্ব্বমপাদাদৌ।
(২) ন বহুব্রীহৌ।
(৩) দ্বন্দ্বে চ।
(৪) তৃতীয়াসমাসে।

১৮। বৈয়াকরণেরা সর্ব্বাদির ন্যায় 'ত্ব, ত্বৎ, সিম, নেম, অন্তর' এই কয় শব্দও সর্ব্বনাম মধ্যে পরিগণিত করেন।

১৯। **'পশ্চিম'** শব্দ সর্ব্বনাম নহে। ইহা পুংলিঙ্গে নর, স্ত্রীলিঙ্গে লতা এবং ক্লীবলিঙ্গে ফল শব্দের ন্যায়। যথা, পশ্চিমে দেশে, পশ্চিমায়াং দিশি ইত্যাদি।

Translation

Other women—অন্যাঃ স্ত্রিয়ঃ। Those two girls—অমূ বালিকে। From, all quarters—সর্ব্বস্যাঃ দিশঃ। Of those cows—তাসাং ধেনূনাম্। In northern direction—উত্তরস্যাং দিশি। By this creeper—অনয়া লতয়া। To your mother—তব মাতরম্। Your are learned—যূয়ং বিদ্বাংসঃ। By this woman—অনয়া নার্য্যা। All works—সর্ব্বাণি কর্ম্মাণি। In eastern direction—পূর্ব্বস্যাং দিশি। Who is your father ?—কস্তে পিতা ?

Exercise

1. Translation into Sanskrit :—What is your name ? His father's brother. My sister's son. Their dogs. The house of my brother. In what village ? This boy is giving the other fruit to his brother. I see (পশ্যামি) a beautiful bird. I am going (গচ্ছামি) to the house of my sister. You give (দদাসি) me the book. I save (রক্ষামি) the life of my brother. We drink (পিবামঃ) cold water, Those idle boys are sleeping (নিদ্রাং যান্তি). Thou art moonshine to my eyes. May your path be fabourable. She is the goddess of fortune in my house. This is a delightful lake. That is the first creation of the creator. Of which this is the first verse. He whose mind is contented, possess all fortunes. The sun rises in the east. God is shelter of all. It is his innate nature. You are my guest. I read the book. We go to the forest. In which house do you stay.

2. Translate into Bengali :—ভগবান্ সর্ব্বেষাং নিয়ন্তা। অন্যৎ জন্ম। সুখিনঃ বয়ম্। কস্মিন্ গ্রামে তব বাসঃ। এতস্যাঃ দেবতায়া পূজায়াম্। সা মে প্রিয়সখী। অনিত্যোঽয়ং সংসারঃ। এষঃ ভগবান্ হরিঃ। বিফলং মে জীবনম্। শরীরং সর্ব্বস্য প্রিয়ম্। সুশীলোঽয়ং বালকঃ। স মে প্রিয়ঃ সুহৃৎ। মহাজনো যেন গতঃ স পন্থাঃ। সর্ব্বস্য লোচনং শাস্ত্রম্। পরিশ্রমঃ সর্ব্বস্য সুখস্য প্রসূতিঃ। কোঽয়ং দ্বিতীয়ঃ ? এষ ধর্ম্মঃ সনাতনঃ। মিষ্টান্নমিতরে জনাঃ। কা তব কান্তা কস্তে পুত্রঃ ? বিচিত্রোঽয়ং সংসারঃ। ত্বমস্মাকং মিত্রম্। পশ্চিমে বয়সি বর্ত্তমানঃ অয়ং বৃদ্ধঃ।

মমৈতে পুত্রাঃ মূর্খাঃ। আবয়োঃ সিদ্ধিঃ ধ্রুবা। অস্য ব্রতস্যায়ং প্রভাবঃ। উত্তরস্যাং দিশি গচ্ছতি ভৃত্যঃ। অস্মিন্ বনে মৃগাঃ চরন্তি। কৌ বনং গচ্ছতঃ। তস্যাং শাখায়াং পত্রাণি সন্তি। বয়ং সর্ব্বে তব সেবাং করিষ্যামঃ।

3. Correct :—মে পুস্তকমিদম্। অসৌ বালিকে। একাঃ জনাঃ তে পিতুঃ সখা। হরেবর্সনময়ম্। অন্যতরং জন্ম। সর্ব্বেভ্যঃ বিপদ্‌ভ্যঃ। কস্তে নাম? পশ্চিমস্যাং দিশি অস্তং যাতি রবিঃ। মে বচনে সো ন বিশ্বসিতি। কশ্চিৎ দূতং প্রেরয়। কিঞ্চিৎ অর্থং দেহি তস্মৈ নরায়।

4. Illustrate স্ব used as a noun and as a pronoun.

5. Under what circumstances is ইদম্ or এতদ্ changed into এন?

6. What is the difference in meaning between স্বেষাম্ and স্বানাম্?

7. When are the words দক্ষিণ and উত্তর used as Pronouus? Illustrate your answer by short Sanskrit sentences.

8. Compose sentences to illustrate the use of উত্তর and সর্ব্ব in the feminine gender in the locative case.

9. Illustrate সর্ব্ব used a noun and a pronoun.

10. When is the word উত্তর used as a noun?

11. In which sense is the base সম used as a noun?

12. Decline :—অস্মদ্ and পূর্ব (masc.) in the Ablative (পঞ্চমী), অন্য and ইদম্ (neut.) in the Accusative (দ্বিতীয়া), যুষ্মদ্ and অদস্ (fem.) in the Dative (চতুর্থী), সর্ব and এতদ্ (fem) in the Locative (সপ্তমী)।

———

সংখ্যাবাচক শব্দ—Numerals

Cardinals

এক (one)—একবচনান্ত

'এক'-শব্দ তিন লিঙ্গেই 'সর্ব্ব' শব্দের তুল্য। ইহা সাধারণতঃ একবচনে ব্যবহৃত হয়। 'কেহ কেহ' (some) অর্থেই ইহা বহুবচনে ব্যবহৃত হইয়া থাকে। 'অনেক' শব্দও সর্ব্বনাম ; সুতরাং ইহার রূপও 'সর্ব্ব'-বৎ। ইহাও একবচনে ব্যবহৃত হয়।

দ্বি (two)—দ্বিবচনান্ত

পুংলিঙ্গ

প্রথমা	দ্বিতীয়া	তৃতীয়া	চতুর্থী	পঞ্চমী	ষষ্ঠী	সপ্তমী
द्वौ	**द्वौ**	**द्वाभ्याम्**	**द्वाभ्याम्**	**द्वाभ्याम्**	**द्वयोः**	**द्वयोः**

স্ত্রীলিঙ্গ ও ক্লীবলিঙ্গ

द्वे　द्वे　द्वाभ्याम्　द्वाभ्याम्　द्वाभ्याम्　द्वयोः　द्वयोः

ত্রি (three)—বহুবচনান্ত

পুংলিঙ্গ

त्रयः　त्रीन्　त्रिभिः　त्रिभ्यः　त्रिभ्यः　त्रयाणाम्　त्रिषु

স্ত্রীলিঙ্গ

तिस्रः　तिस्रः　तिसृभिः　तिसृभ्यः　तिसृभ्यः　तिसृणाम्　तिसृषु

ক্লীবলিঙ্গ

त्रीणि　त्रीणि　त्रिभिः　त्रिभ्यः　त्रिभ्यः　त्रयाणाम्　त्रिषु

চতুর্ (four)—বহুবচনান্ত

পুংলিঙ্গ

चत्वारः　चतुरः　चतुर्भिः　चतुर्भ्यः　चतुर्भ्यः　चतुर्णाम्　चतुर्षु

স্ত্রীলিঙ্গ

चतस्रः　चतस्रः　चतसृभिः　चतसृभ्यः　चतसृभ्यः　चतसृणाम्　चतसृषु

চতুর্—ক্লীবলিঙ্গ

चत्वारि चत्वारि चतुर्भिः चतुर्भ्यः चतुर्भ्यः चतुर्णाम् चतुर्षु

পা (to drink)—অপাৎ অপাতাম্ অপুঃ ; অপাঃ অপাতম্ অপাত ; অপাম্ অপাব অপাম।

১৩৫। ঘ্রা, ধে, ছো, শো, সো ধাতুর পরস্মৈপদে বিকল্পে স্ লোপ হয়। স্ লোপ হইলে দা-ধাতুর তুল্য হয়, না হইলে জ্ঞা-ধাতুর তুল্য

(১) গাতিস্থাঘুপাভূভ্যঃ সিচঃ পরস্মৈপদেষু। স্থাঘ্বোরিচ্চ।
(২) আতঃ।
(৩) ইণো গা লুঙি।

হয় (১)। যথা, ঘ্রা-ধাতু—অঘ্রাৎ অঘ্রাসীৎ, অঘ্রাতাম্ অঘ্রাসিষ্টাম্, অঘ্রুঃ অঘ্রাসিষুঃ ; অঘ্রাঃ অঘ্রাসীঃ ; অঘ্রাম্ অঘ্রাসিষম্ ইত্যাদি।

১৩৬। লুঙ্ বিভক্তিতে অধ্যয়নার্থে ই ধাতুর স্থানে বিকল্পে গী হয়। (২) গীর ঈকারের গুণ হয় না। যথা, অধ্যগীষ্ট অধ্যৈষ্ট ; অধ্যগীষাতাম্ অধ্যৈষাতাম্ ; অধ্যগীষত অধ্যৈষত ; অধ্যগীষ্ঠাঃ অধ্যৈষ্ঠাঃ ; অধ্যগীষাথাম্ অধ্যৈষাথাম্ ; অধ্যগীধ্বম্-ঢ্বম্, অধ্যৈধ্বম্ অধ্যৈঢ্বম্ ; অধ্যগীষি অধ্যৈষি ; অধ্যগীষ্বহি অধ্যৈষ্বহি ; অধ্যাগীষ্মহি অধ্যৈষ্মহি।

১৩৭। লুঙ্ বিভক্তিতে পুষাদি ধাতুর উত্তর অ (৩) (৪) হয়।

পুষ্ (to nourish)—অপুষৎ অপুষতাম্ অপুষন্ ; অপুষঃ অপুষতম্ অপুষত ; অপুষম্ অপুষাব অপুষাম।

গম্ (to go)—অগমৎ অগমতাম্ অগমন্ ; অগমঃ, অগমতম্, অগমত ; অগমম্, অগমাব, অগমাম।

১৩৮। লুঙ্ বিভক্তিতে বচ্-ধাতু স্থানে **বোচ্**, পত্ ধাতু স্থানে **পপ্ত্** ও অস্-ধাতু স্থানে **অস্থ্** হয় (৫)। যথা,

বচ্ (to speak)—অবোচৎ, অবোচতাম্, অবোচন্ ; অবোচঃ, অবোচতম্, অবোচত ; অবোচম্, অবোচাব অবোচাম।

পত্ (to full)—অপপ্তৎ অপপ্ততাম্ অপপ্তন্ ; অপপ্তঃ অপপ্ততম্ অপপ্তত; অপপ্তম্ অপপ্তাব অপপ্তাম।

অস্ (to throw)—আস্থৎ আস্থতাম্ আস্থন্ ; আস্থঃ আস্থতম্ আস্থত ; আস্থম্ আস্থাব আস্থাম।

---

(১) বিভাষা ঘ্রাধেট্ শাচ্ছাসঃ। (২) বিভাষা লুঙ্‌ল্ঙোঃ।
(৩) আত্মনেপদে লিপ, সিচ, হ্বে-ধাতুর উত্তর বিকল্পে হয়।
(৪) পুষাদিদ্যুতাদি৯দিতঃ পরস্মৈপদেষু। পুষাদি—পুষ, শুষ, তুষ, দুষ্, শক্, ক্রুধ, ক্ষুধ, শ্লিষ্ ইত্যাদি।
(৫) বচ উম্। পতঃ পুম্। অস্যতে স্থুক্।

১৩৯। লুঙ্ বিভক্তিতে নশ্ ধাতু স্থানে বিকল্পে নেশ্ হয় (১)। যথা, অনেশৎ অনশৎ, অনেশতাম্, অনশতাম্, অনেশন্ অনশন্ ইত্যাদি।

১৪০। লুঙ্ বিভক্তিতে দ্রু, শ্রি ও স্রু ধাতু অভ্যস্ত হয় এবং সমুদয় অভ্যস্ত কার্য্য প্রাপ্ত হয় (২)। যথা,

দ্রু—অদুদ্রুবৎ অদুদ্রুবতাম্, অদুদ্রুবন্; অদুদ্রুবঃ; অদুদ্রুবম্।

শ্রি—অশিশ্রিয়ৎ অশিশ্রিয়তাম্ অশিশ্রিয়ন্; অশিশ্রিয়ঃ; অশিশ্রিয়ম্;

স্রু—অসুস্রুবৎ, অসুস্রুবতাম্, অসুস্রুবন্; অসুস্রুব; অসুস্রুবম্।

১৪১। লুঙ্ বিভক্তিতে ভিদাদি ধাতুর উত্তর বিকল্পে অ হয় (৩)।

ভিদ্—(to separate)—অভিদৎ অভৈৎসীৎ; অভিদতাম্ অভৈত্তাম্; অভিদন্ অভৈৎসুঃ; অভিদঃ অভৈৎসীঃ; অভিদম্ অভৈৎসম্।

রুধ্ (to oppose)—অরুধৎ অরৌৎসীৎ; অরুধতাম্ অরৌদ্ধাম্; অরুধন্ অরৌৎসুঃ; অরুধঃ অরৌৎসীঃ; অরুধম্ অরৌৎসম্।

১৪২। অ পরে থাকিলে সৃ-ধাতুস্থানে সর্ ও ঋ-ধাতু স্থানে অর্ হয় (৪)।

সৃ—(to go)—অসরৎ অসার্ষীৎ। অসরতাম্ অসার্ষ্টাম্; অসরন্ অসার্ষুঃ; অসরঃ অসার্ষীঃ; অসরম্ অসার্ষম্।

ঋ (to go)—আরৎ আর্ষীৎ; আরতাম্ আর্ষ্টাম্; আরন্ আর্ষুঃ; আরঃ আর্ষীঃ; আরম্ আর্ষম্।

১৪৩। অ পরে থাকিলে, দৃশ্-ধাতু স্থানে দর্শ্ হয়। অ-ভিন্ন পক্ষে দ্রাশ্ হয় (৫)। যথা, অদর্শৎ অদ্রাক্ষীৎ, অদর্শতাম্ অদ্রাষ্টাম্, অদর্শন্ অদ্রাক্ষুঃ; অদর্শঃ অদ্রাক্ষীঃ, অদর্শতম্ অদ্রাষ্টম্, অদর্শত অদ্রষ্ট; অদর্শম্ অদ্রাক্ষম্, অদর্শাব অদ্রাক্ষ্ব, অদর্শাম অদ্রাক্ষ্ম।

---

(১) নশিমন্যোরলিট্যেত্বং বক্তব্যম্। (২) ইরিতো বা।

(৩) ণিশ্রিদ্রুস্রুভ্যঃ কর্তরি চঙ্। (৪) সর্ত্তিশাস্ত্যর্তিভ্যশ্চ।

(৫) ঋদৃশোঽঙি গুণঃ। ন দৃশঃ।

১৪৪। লুঙ্ বিভক্তিতে দিশ্ প্রভৃতি ধাতুর উত্তর স্ হয়, কিন্তু স-নিমিত্তক গুণ ও ই প্রভৃতি কার্য্য হয় না। (১) যথা,

দিশ্—(প) অদিক্ষৎ অদিক্ষতাম্ অদিক্ষন্; অদিক্ষঃ অদিক্ষতম্ অদিক্ষত; অদিক্ষম্ অদিক্ষাব অদিক্ষাম। (আ) অদিক্ষত অদিক্ষাতাম্ অদিক্ষন্ত; অদিক্ষথাঃ অদিক্ষাথাম্ অদিক্ষধ্বম্; অদিক্ষি অদিক্ষাবহি অদিক্ষামহি।

দ্বিষ্—অদ্বিক্ষৎ অদ্বিক্ষতাম্ অদ্বিক্ষন্; অদ্বিক্ষঃ; অদ্বিক্ষম্।

দুহ্—(প) অধুক্ষৎ অধুক্ষতাম্ অধুক্ষন্; অধুক্ষঃ অধুক্ষতম্ অধুক্ষত; অধুক্ষম্ অধুক্ষাব অধুক্ষাম। (আ) অধুক্ষত অদুগ্ধ, অধুক্ষতাম্, অধুক্ষন্ত; অধুক্ষথাঃ অদুগ্ধাঃ, অধুক্ষাতাম্, অধুক্ষধ্বম্ অধুগ্ধ্বম্; অধুক্ষি অধুক্ষাবহি অদুহ্বহি অধুক্ষামহি অদুহ্মহি।

১৪৫। জন্, বুধ্, পুর্ ও দীপ্-ধাতুর লুঙের আত্মনেপদের ত-স্থানে বিকল্পে 'ই' হয় এবং ঐ 'ই' পরে বুধ্ স্থানে বোধ হয় (২)।

জন্—অজনি অজনিষ্ট, অজনিষাতাম্, অজনিষত; অজনিষ্ঠাঃ, অজনিষাথাম্, অজনিধ্বম্; অজনিষি, অজনিষ্বহি, অজনিষ্মহি।

বুধ্—অবোধি অবুদ্ধ, অভুৎসাতাম্, অভুৎসত; অবুদ্ধাঃ অভুৎসাথাম্, অভুদ্ধ্বম্; অভুৎস্বহি অভুৎস্মহি।

পূর্—অপূরি অপূরিষ্ট, অপূরিষাতাম্, অপূরিষত; অপূরিষ্ঠাঃ, অপূরিষাথাম্, অপূরিধ্বম্-ঢ্ম্; অপূরিষি, অপূরিষ্বহি, অপূরিষ্মহি।

দীপ্—অদীপি অদীপিষ্ট, অদীপিষাতাম্, অদীপিষত; অদীপিষ্ঠাঃ, অদীপিষাথাম্, অদীপিধ্বম্; অদীপিষি অদীপিষ্বহি অদীপিষ্মহি।

হন্—অবধীৎ। অবধীঃ। অবধিষম্। ইত্যাদি।

---

(১) শল ইগুপধাদনিটঃ ক্সঃ ক্সস্যাচি।

(২) দীপজনবুধপুরিতায়িপ্যায়িভ্যোঽন্যতরস্যাম; চিণো লুক্।

Translation

He studied the Vedas—সোঽধ্যগীষ্ট বেদান্। The king gave thousands of cows to the Brahmanas—নৃপতির্দ্বিজেভ্যো গবাং সহস্রাণি প্রাদাৎ। Then the son of Raghu too replied them—তান্ প্রত্যবাদীদথ রাঘবোঽপি। He went in quest of Rama with his army—সসৈন্যশ্চান্বগাদ্রামম্।

Exercise

1. Translate into Sanskrit :—Have you heard what happened ? He had inherited considerable wealth from his maternal uncle. Hari had gone to his brother at Burdwan. He had finished the work. I have committed an error. God created universe. I have done my duty. I have returned the book. He has requested me to go to Calcutta. Have you smelt the flowers ? He has performed the marriage ceremony of his daughter. The cook cooked the rice and gave it to his master. My daughter has come this morning. I have not found my book. The powerful king defeated his enemy.

2. Translate into Bengali :—স বন্ধূন্ সমমংস্ত। স প্রজাভ্যো বলিমগ্রহীৎ। তুষ্টা সা ব্রাহ্মণমবাদীৎ। শৈশবে বর্তমানস্য মম পিতা পঞ্চত্বমগাৎ। কপিরাটীদ্ গৃহাদ্ গৃহম্। তে তং দন্তৈরচ্ছিদন্ অজক্ষীদক্ষমাগতান্। ত্বমজৈষীঃ পুরা সুরান্। বনমতাপ্সীচ্ছরৈর্ভানুঃ। অনংসীৎ চরণৌ তস্য। অবৈভেৎসীৎ তং শরৈঃ। অরৌৎসীৎ স পুরীমিমাম্। শোকশ্চিত্তমবারুধৎ। সোঽলব্ধ ব্রহ্মণঃ শস্ত্রম্। অভাঙ্ক্ষীদ্রঘুনন্দনস্তদ্ধনুঃ। যশসা বরিষ্ঠং তম্ আর্চীৎ। বায়ব্যাস্ত্রেণ তং পাণিং রামোঽচ্ছৈৎসীৎ। রোমহর্ষো মে অজনি। অসৃত সত্তঃ কুসুমান্যশোকঃ। শৈলং ন্যশিশ্রিয়দ্বামা। বধম্ অকর্ষীৎ স রক্ষসাম্। অস্থোতিষ্ট রণে বীরঃ। অনৈষীদ্রাক্ষসান্ ক্ষয়ম্। যুবাং ভুবনস্য ভারং দোর্ভিরবোঢ়ম্। মা স্ম ধাবীররিং রণে। অপারীৎ স হতশেষান্ প্লবঙ্গমান্।

তৃতীয় ভাগ

ণিজন্ত প্রকরণ (Causative Verb)

১। **প্রেরণ অর্থে** (অর্থাৎ, কোনও কিছু করানো অর্থে) ধাতুর উত্তর ণিচ্ হয় (১)। ণিচের **ই** থাকে। ণিজন্ত ধাতু উভয়পদী হয় (২)। যথা, তিষ্ঠন্তং প্রেরয়তি—স্থাপয়তি (স্থা+ণিচ্=স্থাপি+তি)।

২। ণিচ্ হইলে ধাতুর অন্ত্যস্বরের ও উপধা অকারের বৃদ্ধি (৩)। এবং উপধা লঘুস্বরের গুণ হয় (৪)। যথা, শ্রু+ণিচ্=শ্রাবি, হৃ+ণিচ্=হারি, দহ্+ণিচ্=দাহি, দৃশ্+ণিচ্=দর্শি ইত্যাদি।

৩। ধাতুর উত্তর ণিচ্ হইলে, ঐ ধাতু **ণিজন্ত ধাতু** বলিয়া গণ্য হয়। যথা, শ্রু-ধাতুর উত্তর ণিচ্ হইলে 'শ্রাবি' হয়। এই শ্রাবি শ্রু-ধাতু বলিয়া গণ্য হইবে না ; উহা 'শ্রাবি' নামে এক স্বতন্ত্র ধাতু।

৪। **লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্** এই চারি বিভক্তিতে ণিজন্ত ধাতুর রূপ ভ্বাদিগণীয় ধাতুর তুল্য। **আশীর্লিঙের** পরস্মৈপদে ণিজন্ত ধাতুর ই লোপ হয় (৫)। **লিট্** বিভক্তিতে ণিজন্ত ধাতুর উত্তর **আম্** হয় (৬) এবং আম্ এর উত্তর **ভূ, কৃ, অস্** এই তিন ধাতুর প্রয়োগ হয়।

(ণিজন্ত শ্রু) **শ্রাবি** (to cause to hear, শোনানো)—**পরস্মৈপদ**

লট্			লোট্		
প্রথম	মধ্যম	উত্তম	প্রথম	মধ্যম	উত্তম
श्रावयति	**श्रावयसि**	**श्रावयामि**	**श्रावयतु**	**श्रावय**	**श्रावयाणि**
श्रावयतः	**श्रावयथः**	**श्रावयावः**	**श्रावयताम्**	**श्रावयतम्**	**श्रावयाव**
श्रावयन्ति	**श्रावयथ**	**श्रावयामः**	**श्रावयन्तु**	**श्रावयत**	**श्रावयाम**

---

(১) তৎপ্রযোজকো হেতুশ্চ। (২) ণিচশ্চ। (৩) অত উপধায়াঃ। (৪) পুগন্তলঘূপধস্য চ। (৫) ণেরনিটি। (৬) কাস্ প্রত্যয়াদাম্ অমন্ত্রে লিটি।

শ্রাবি-ধাতু

লঙ্			বিধিলিঙ্		
প্রথম	মধ্যম	উত্তম	প্রথম	মধ্যম	উত্তম
अश्रावयत्	**अश्रावयः**	**अश्रावयम्**	**श्रावयेत्**	**श्रावयेः**	**श्रावयेयम्**
अश्रावयताम्	**अश्रावयतम्**	**अश्रावयाव**	**श्रावयेताम्**	**श्रावयेतम्**	**श्रावयेव**
अश्रावयन्	**अश्रावयत**	**अश्रावयाम**	**श्रावयेयुः**	**श्रावयेत**	**श्रावयेम**

লৃট্

श्रावयिष्यति	**श्राययिष्यसि**	**श्रावयिष्यामि**
श्रावयिष्यतः	**श्रावयिष्यथः**	**श्रावयिष्यावः**
श्रावयिष्यन्ति	**श्रावयिष्यथ**	**श्रावयिष्यामः**

লিট্

श्रावयामास	**श्रावयामासिथ**	**श्रावयामास**
श्रावयामासतुः	**श्रावयामासथुः**	**श्रावयामासिव**
श्रावयामासुः	**श्रावयामास**	**श्रावयामासिम**

পক্ষে লিট্—শ্রাবয়াম্বভূব, শ্রাবয়াঞ্চকার, ইত্যাদি আরও দুইটি করিয়া রূপ হইবে।

লুট্

শ্রাবয়িতা	শ্রাবয়িতাসি	শ্রাবয়িতাস্মি
শ্রাবয়িতারৌ	শ্রাবয়িতাস্থঃ	শ্রাবয়িতাস্বঃ
শ্রাবয়িতারঃ	শ্রাবয়িতাস্থ	শ্রাবরিতাস্মঃ

লঙ

অশ্রাবয়িষ্যৎ	অশ্রাবয়িষ্যঃ	অশ্রাবয়িষ্যম্
অশ্রাবয়িষ্যতাম্	অশ্রাবয়িষ্যতম্	অশ্রাবয়িষ্যাব
অশ্রাবয়িষ্যন্	অশ্রাবয়িষ্যত	অশ্রাবয়িষ্যাম

আশীর্লিঙ্—শ্রাব্যাৎ, শ্রাব্যাস্তাম্, শ্রাব্যাসুঃ। শ্রাব্যাঃ, শ্রাবাস্তম্, শ্রাব্যাস্ত। শ্রাব্যাসম্, শ্রাব্যাস্ব, শ্রাব্যাস্ম।

৫। ণিচ্ প্রত্যয় হইলে, অমন্ত ও ঘটাদি ধাতুর অন্ত্যস্বরের ও উপধা অকারের বৃদ্ধি হয় না (১); যথা, (**অমন্ত**) গম্—গময়তি; দম্—দময়তি; নম্—নময়তি (২); রম্—রময়তি; শম্—শময়তি (৩)। (**ঘটাদি**) ঘট্—**ঘটয়তি**; ব্যথ্—ব্যথয়তি; **জন্—জনয়তি**; ত্বর্—ত্বরয়তি, **জ্ঞপ্—জ্ঞপয়তি** (৪); জ্বল্—জ্বলয়তি।

৬। ণিচ্ প্রত্যয় হইলে জৄ ও জাগৃ-ধাতুর অন্ত্যস্বরের গুণ হয়। যথা, জৄ—জরয়তি; জাগৃ—জাগরয়তি।

৭। ণিচ্ প্রত্যয় হইলে, হন্-ধাতু-স্থানে ঘাত (৫), দুষ্-ধাতু-স্থানে দূষ্ (৬) ও অধ্যয়নার্থক ই-ধাতু-স্থানে আপ্ (৭) এবং শদ্ ধাতুর দ্-স্থানে ত্ হয়। যথা, **হন্—ঘাতয়তি, দুষ্—দূষয়তি** (৮), **অধি-ই—অধ্যাপয়তি**। শদ্—শাতয়তি। গতি বুঝাইলে হয় না (৯)। যথা, গাং শাদয়তি (গময়তি)।

৮। ণিচ্ প্রত্যয় হইলে, রুহ-ধাতুর হ্-স্থানে বিকল্পে প হয় (১০)। যথা, **রোপয়তি, রোহয়তি**।

৯। ণিচ্ প্রত্যয় হইলে স্ফুর-ধাতুর উকার-স্থানে বিকল্পে আকার হয় (১১)। যথা, স্ফোরয়তি, স্ফারয়তি।

---

(১) মিতাং হ্রস্বঃ। নোদাত্তোপদেশস্য মান্তস্যানাচমেঃ। ঘটাদয়ো মিতঃ।
(২) জ্বল-হ্বল-হ্মলনমামনুপসর্গাদ্ বা। যথা, জ্বল্—জ্বলয়তি, জ্বালয়তি; নম্—নময়তি, নাময়তি।
(৩) শমোদর্শনে। যথা, শময়তি রোগম্। দর্শনার্থে ন মিৎ; যথা, নিশাময়তি রূপম্।
(৪) জ্ঞানে বা। জ্ঞপয়তি, জ্ঞাপয়তি। মারণতোষণাবলোকনেষু মিৎ। যথা, পশুং সংজ্ঞপয়তি (মারয়তি), বন্ধুং জ্ঞপয়তি (সন্তোষয়তি), রূপং জ্ঞপয়তি (দর্শয়তি)।
(৫) হনস্তোঽচিণ্ ণলোঃ। (৬) দোষো ণৌ। (৭) ক্রীঙ্ জীনাং ণৌ।
(৮) বা চিত্তবিরাগে; চিত্তবিরাগ অর্থাৎ চিত্তের অপ্রসন্নতা বুঝাইলে বিকল্প হয়। যথা, ক্রোধঃ চিত্তং দূষয়তি দোষয়তি বা—ক্রোধ চিত্তকে অপ্রসন্ন করিতেছে।
(৯) শদেরগতৌ তঃ। (১০) রুহঃ পোঽন্যতরস্যাম্। (১১) চিস্ফুরোর্ণৌ।

১০। ণিচ্ প্রত্যয় হইলে, প্রী ও ধূ-ধাতুর উত্তর বিকল্পে ন্ হয় (১)। যথা, প্রী—প্রীণয়তি, প্রায়য়তি ; ধূ—ধূনয়তি, ধাবয়তি।

১১। ণিচ্ প্রত্যয় হইলে ঋ, হ্রী ও আকারান্ত ধাতুর উত্তর প্ (২) হয়, ঐ প্ পরে ধাতুর অন্ত্যস্বরের গুণ হয়। যথা,—ঋ—অর্পয়তি, হ্রী—হ্রেপয়তি, স্থা—স্থাপয়তি, খ্যা—খ্যাপয়তি, জ্ঞা (বোধনে)—জ্ঞাপয়তি।

১২। ণিচ্ প্রত্যয় হইলে, পানার্থ **পা-ধাতু** উত্তর য্ হয় এবং রক্ষার্থ পা-ধাতুর উত্তর ল্ হয় (৩)। যথা, **পানার্থে—পায়য়তি ; রক্ষার্থে—পালয়তি।**

১৩। যদি কর্তা **অন্য-নিরপেক্ষ** হইয়া ভয় ও বিস্ময় জন্মায়, তাহা, হইলে ণিচ্ প্রত্যয়ের পরে ভী-ধাতুর স্থানে ভীষ্ ও ভাপ্ (৪), এবং স্মি-ধাতুর স্থানে স্মাপ্ (৫) হয় এবং আত্মনেপদ হয় (৬)। যথা, **সর্পঃ** শিশুং **ভীষয়তে ভাপয়তে বা** ; (এস্থলে সর্প অন্যের অপেক্ষা না করিয়া **স্বয়ং** ভয় জন্মাইতেছে)। পুরুষঃ **সর্পেণ** শিশুং **ভায়য়তি**; (এস্থলে পুরুষ সর্পদ্বারা শিশুর ভয় জন্মাইতেছে, সুতরাং অন্যনিরপেক্ষ হইয়া ভয় জন্মাইতেছে না ; এজন্য ভীষ্ আত্মনেপদ হইল না)। এইরূপ—জটিলো বিস্মাপয়তে। শুকো বাচা বিস্মায়য়তি।

১৪। ণিচ্ প্রত্যয় হইলে, মৃগয়া অর্থে রন্জ্ ধাতুর ন্ লোপ হয় (৭)। যথা, **রজয়তি মৃগান্ ব্যাধঃ**। মৃগয়া ভিন্ন অর্থে (৮) ন্-লোপ হয় না। যথা, রঞ্জয়তি মৃগান্ তৃণদানেন।

১৫। ণিচ্ প্রত্যয় হইলে, ই-ধাতু স্থানে গম্ হয় (৯)। যথা, গময়তি। জ্ঞানার্থে হয় না। যথা, প্রতি-ই—প্রত্যায়য়তি।

---

(১) ধূঞ্‌প্রীঞোর্নুগ্ বক্তব্যঃ (২) অর্তিহ্রীব্লীরীক্নূয়ীক্ষ্মায্যাতাং পুগ্ ণৌ। (৩) পাতের্ণৌ লুগ্বক্তব্যঃ। (৪) ভিয়ো হেতুভয়ে ষুক্। (৫) নিত্যং স্ময়তেঃ। (৬) ভীস্ম্যোর্হেতুভয়ে। (৭) রঞ্জের্ণৌ মৃগরমণে নলোপো বক্তব্যঃ। (৮) মৃগয়া শব্দের অর্থ পশুবধ, এজন্য, পশুভিন্ন অন্য জীবের বধ বুঝাইলে ন্-লোপ হয় না ; যথা, রঞ্জয়তি পক্ষিণো ব্যাধঃ। (৯) ণৌ গমিরবোধনে।

কতিপয় ণিজন্ত ধাতু

অশ্—আশয়তি ; অদ্—আদয়তি ; **ই—গময়তি ;** প্রতি-ই—প্রত্যায়য়তি ; **ঋ—অর্পয়তি ;** কৃ—কারয়তি ; ক্রী—ক্রাপয়তি ; গম্—গময়তি ; **গৈ—গাপয়তি ;** চি—চায়য়তি, চাপয়তি ; ছিদ্—ছেদয়তি ; **জি—জাপয়তি ;** জৄ—জরয়তি ; দুষ—দূষয়তি (দোষদর্শনে), দোষয়তি (চিত্তবিরাগে) ; **দা—দাপয়তি ;** দৃশ্—দর্শয়তি ; ধা—ধাপয়তি ; **নী—নায়য়তি ;** নৃত্—নর্তয়তি ; পচ্—পাচয়তি ; বুধ্—বোধয়তি ; ভক্ষ্—ভক্ষয়তি ; ভী—**ভায়য়তি** (অন্যকর্তৃক ভয় প্রদর্শনে), **ভাপয়তে, ভীষয়তে** (কর্তা স্বয়ং ভয়ের কারণ হইলে), বহ্—বাহয়তি ; শদ্—শাদয়তি (গমনার্থে), শাতয়তি (পাতনার্থে) ; **শ্রু—শ্রাবয়তি ;** সিধ্—সাধয়তি ; স্মি—স্মায়য়তি (অন্যকর্তৃক বিস্ময়ে), স্মাপয়তে (হেতুকর্তৃক বিস্ময়ে) ; স্থা—স্থাপয়তি ; **হৃ—হারয়তি ; হ্বে—হ্বায়য়তি ; হ্রী—হ্রেপয়তি** (লজ্জিত করে)।

ণিজন্ত ধাতুর ব্যবহার

অণিজন্ত ধাতুর কর্তায় ণিজন্ত অবস্থায় তৃতীয়া বিভক্তি হয়। ণিজন্ত ধাতুর কর্তা অন্যকে ক্রিয়ায় প্রবর্ত্তিত করে ; এইজন্য উহাকে **প্রযোজক কর্তা** এবং যাহাকে প্রবর্ত্তিত করে, তাহাকে **প্রযোজ্য কর্তা** বলে। যথা, পাচকঃ অন্নং পচতি (অণিজন্ত)—**প্রভুঃ পাচকেন** অন্নং **পাচয়তি** (প্রভুঃ—প্রযোজক কর্তা, পাচকেন—প্রযোজ্য) ; রামঃ অযোধ্যাং ত্যজতি ; কৈকেয়ী রামেণ অযোধ্যাং ত্যাজয়তি (ণিজন্ত)।

১৬। **গমনার্থ, বোধার্থ, ভক্ষণার্থ, শব্দকর্ম্মক** ও **অকর্ম্মক** ধাতুর অণিজন্ত অবস্থায় যে কর্তা ণিজন্ত অবস্থায় তাহা কর্ম্ম (প্রযোজ্য কর্ম্ম) হয়। যথা—(শত্রবঃ স্বর্গম্ অগচ্ছন্) হরিঃ **শত্রূন্** স্বর্গম্ অগময়ৎ ; (দেবাঃ অমৃতম্ আশ্নন্) **দেবান্** অমৃতম্ আশয়ৎ হরিঃ ; হরিঃ

বিধিং বেদম্ অধ্যাপয়ৎ ; (পৃথ্বী সলিলে আস্ত)—**পৃথ্বীং** সলিলে আসয়ৎ (১) শ্রীহরিঃ।

"গমানাহার-বোধার্থ-শব্দার্থাকর্মধাতুষু।
অণিজন্তেষু যঃ কর্তা স্যাণ্ণিজন্তেষু কর্ম তৎ॥"

কিন্তু গমনার্থক **নী** ধাতুর, সারথি-ভিন্ন কর্তৃপদ বিশিষ্ট **বহ্** ধাতুর এবং ভক্ষণার্থক **অদ্, খাদ্** ও অহিংসার্থক **ভক্ষ্** ধাতুর অণিজন্ত অবস্থায় কর্তা **ণিজন্ত অবস্থায় কর্ম হয় না**। যথা, ভৃত্যঃ ভারং নয়তি—প্রভুঃ **ভৃত্যেন** ভারং নায়য়তি ; বালকঃ ভারং বহতি—পিতা **বালকেন** ভারং বাহয়তি ; (কিন্তু, অশ্বাঃ রথং বহন্তি—সারথিঃ **অশ্বান্** রথং **বাহয়তি**) ; শিশুঃ অন্নম্ অত্তি, খাদতি, ভক্ষয়তি বা—মাতা শিশুনা অন্নম্ আদয়তি, খাদয়তি, ভক্ষয়তি বা। (কিন্তু, মার্জ্জারঃ মূষিকং ভক্ষয়তি—স মার্জ্জারং মূষিকং ভক্ষয়তি) (২)।

১৭। **হৃ** ও **কৃ** ধাতুর অণিজন্ত অবস্থায় কর্তা ণিজন্ত অবস্থায় বিকল্পে কর্ম হয়। যথা, ভৃত্যঃ ভারং হরতি—প্রভুঃ ভৃত্যং (ভৃত্যেন বা) ভারং হারয়তি। ভৃত্যঃ কটং করোতি—প্রভুঃ ভৃত্যং (ভৃত্যেন বা) কটং কারয়তি (৩)।

১৮। অভি-পূর্ব্বক বাদি ও দৃশ্ ধাতু ণিজন্ত অবস্থায় আত্মনেপদী হইলে উহাদের প্রযোজ্য কর্তা বিকল্পে কর্ম হয় (৪)। যথা, পুত্রঃ গুরুম্ অভিবাদয়তি—পিতা পুত্রং পুত্রেণ বা গুরুম্ অভিবাদয়তে ; শিশুঃ চন্দ্রং পশ্যতি—মাতা শিশুং শিশুনা বা চন্দ্রং দর্শয়তে। [মাতা শিশুং চন্দ্রং **দর্শয়তি**—পরস্মৈপদ]।

---

(১) গতিবুদ্ধিপ্রত্যবসানার্থশব্দকর্মাকর্ম্মকাণামণিকর্তা স ণৌ। প্রত্যবসান=আহার
(২) ন নীখাদ্যদি-শব্দায়-ক্রন্দহ্বাঃ কর্তৃকর্ম্মকাঃ।
তথা ভক্ষিরহিংসায়াং বহেঽসারথিকর্তৃকঃ॥
(৩) হৃক্রোরন্যতরস্যাম্। (৪) অভিবাদিদৃশোরাত্মনেপদে বেতি বাচ্যম্।

Translation

Water heated as best as may be, still quenches fire—সুতপ্তমপি পানীয়ং শময়ত্যেব পাবকম্। Covetousness engenders avarice—লোভো জনয়তি তৃষাম্। I, too, will inform him of this news—অহমপ্যমুং বৃত্তান্তং তস্মৈ নিবেদয়ামি। Even destruction at the hands of the good, causes salvation—সৎসঙ্গজানি নিধনান্যপি তারয়ন্তি। The new king Rama commands you thus—নূতনো রাজা রামঃ ত্বাং সমাজ্ঞাপয়তি। There is a good deal to be seen, show something else—বহুতরং দ্রষ্টব্যমস্তি অন্যতো দর্শয়।

Exercise

1. Translate into Sanskrit :—You should not disclose the matter to any one. Place confidence in your parents. He showed me a few beautiful pictures. The master caused his servant to carry the load. Krishna caused Yudhisthira to perform the horse-sacrifice. Mother fed the children every day and made them drink milk. Rama went to the forest and that caused his father's death. The wicked deeds of thy son make me blush. The teacher caused his pupils to study history. This reminds me of my past action.

2. Translate into Bengali :—গুরুঃ শিষ্যং মন্ত্রং গ্রাহয়তি। একৈকং হ্রাসয়েৎ পিণ্ডং কৃষ্ণে, শুক্লে চ বর্দ্ধয়েৎ। আস্বাদয়তি সর্ব্বেষাং বিষয়াণাং সুখানি যঃ। আকারয় মুনীন্ ভোজনায়। সেনয়োরুভয়োর্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত। শক্রনগময়ৎ স্বর্গম্। আসয়ৎ সলিলে পৃথ্বীম্। পিতা কন্যয়া বৃক্ষান্ সেচয়তি। ভৃত্যঃ বালকং বৃক্ষমারোপয়তি। অশ্বপালঃ অশ্বং গৃহং গময়তি। মাতা পুত্রং জাগরয়তি। অধ্যাপকশ্ছাত্রং ব্যাকরণম্ অধ্যাপয়তি। সেধয়তি তাপসঃ তপঃ। সন্তাপহারিণীং ত্বাং কথমনলঃ সন্তাপয়িষ্যতি। নিবেশয়তি সৈন্যং নর্ম্মদারোধসি। ক্ষিপ্রং বাহয় রথম্। দেহং রাজ্যঞ্চ তস্মৈ ন্যবেদয়ৎ। শরৈর্ভীরুমভায়য়ৎ। কং শ্রী ন দর্পয়তি। তেষামজ্ঞানজং তমো নাশয়ামি। লঙ্কামগ্নিনা অদীদিপৎ। তং বৃক্ষৈরতাড়য়ৎ। প্রাতিষ্ঠিপচ্চ বোধার্থং কুম্ভকর্ণস্য রাক্ষসান্। শিরসি লিখিতাং কো বা লঙ্ঘয়তি। আজ্ঞাপয় লোকেষু যৎ করণীয়ম্। বাতোঽপি নাচালয়ৎ অংশুকানি। কথং স পুরুষঃ পার্থ কং ঘাতয়তি হন্তি কম্।

3. Illustrate the difference between রজয়তি and রঞ্জয়তি, ভীষয়তে and ভায়য়তি, পালয়তি and পায়য়তি।

4. Illustrate the use of ণিজন্ত ধাতু।

5. How is a ভোজনার্থ ধাতু used casuatively in a sentence ?

6. Illustrate the use of a causative (ণিচ্) in connection with গত্যর্থ root giving separately the non-causative form.

সনন্ত-প্রকরণ (Desiderative Verbs)

১। **ইচ্ছা** অর্থে ধাতুর উত্তর **সন্** প্রত্যয় হয় (১) সনের স থাকে। সন্-প্রত্যয় পরে থাকিলে ধাতুর উত্তর ই (ইট্) হয়। অনিট্ ধাতুর উত্তর হয় না।

২। সন্-প্রত্যয়ান্ত ধাতু **অভ্যস্ত** (অর্থাৎ, দ্বিত্ব প্রাপ্ত) হয় ও যাবতীয় অভ্যস্ত কার্য প্রাপ্ত হয় (২), ধাতুর পূর্ব্বভাগের আকার স্থানে **ইকার** (৩) হয়।

৩। ধাতু যে পদী, সন্ প্রত্যয় করিলে ধাতু সেই পদীই থাকে। **কেবলমাত্র-জ্ঞা, শ্রু, স্মৃ ও দৃশ্ ধাতু সনন্ত অবস্থায় আত্মনেপদী হয়** (৪)। ণিজন্তের ন্যায় সনন্তও স্বতন্ত্র ধাতু। লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙে ইহাদের ভ্বাদিগণীয় ধাতুর ন্যায় রূপ হয়। [লিট্ বিভক্তিতে ইহাদের উত্তর আম্ হইয়া কৃ, ভূ ও অস্ ধাতুর অনুপ্রয়োগ হয়]। যথা, **পঠ্** (পঠিতুমিচ্ছতি)—পিপঠিষতি, **বদ্** (বদিতুমিচ্ছতি)—বিবদিষতি, **জীব্** (জীবিতুমিচ্ছতি)—জিজীবিষতি। এইরূপ, **বুধ্**—বুভুৎসতে। **পত্**—পিপতিষতি। জিজ্ঞাসতে, দিদৃক্ষতে।

১। ধাতোঃ কর্ম্মণঃ সমানকর্ত্তৃকাদিচ্ছায়াং বা। ২। সন্যঙোঃ। ৩। সন্যতঃ। ৪। জ্ঞা-শ্রু-স্মৃ-দৃশাং সনঃ।

অনিট্ ধাতু

নম্—নিনংসতি ; **দহ্**—দিধক্ষতি ; **পা**—পিপাসতি ; **স্থা**—তিষ্ঠাসতি ; **ভিদ্**—বিভিৎসতি ; **বুধ্**—বুভুৎসতে।

৪। সন্ প্রত্যয় পরে ই হইলে ধাতুর উপধা লঘু-স্বরের গুণ হয়। যথা, **লিখ্**—লিলেখিষতি ; **শুভ্**—শুশোভিষতে ; **নৃৎ**—নিনর্ত্তিষতি, নিনৃৎসতি ; **বৃৎ**—বিবর্ত্তিষতে, বিবৃৎসতি (১)।

৫। রুদ্, বিদ্ ও মুষ-ধাতুর উপধা লঘু স্বরের গুণ হয় না (২)। যথা, **রুদ্**—রুরুদিষতি ; **বিদ্**—বিবিদিষতি ; মুষ্—**মুমু**ষিষতি।

৬। সন্ প্রত্যয় পরে থাকিলে, গ্রহ্-ধাতুর উত্তর ই হয় না (৩)।

৭। সন্-প্রত্যয় পরে থাকিলে, গ্রহ্-ধাতু স্থানে গৃহ্, স্বপ্-ধাতু-স্থানে সুপ্ ও প্রচ্ছ-ধাতু-স্থানে পৃচ্ছ্ হয় (৪)। যথা, **গ্রহ্**—জিঘৃক্ষতি ; **স্বপ্**—সুষুপ্সতি।

৮। সন্-প্রত্যয় পরে থাকিলে, প্রচ্ছ্ ও গম্-ধাতুর উত্তর ইট্ হয় (৫)। যথা, **প্রচ্ছ্**—পিপৃচ্ছিষতি ; **গম্**—জিগমিষতি।

৯। সন্-প্রত্যয় পরে থাকিলে, ধাতুর অন্ত্যস্বর দীর্ঘ হয়। যথা, **শ্রি**—শিশ্রীষতি ; **হু**—জুহূষতি।

১০। সন্ প্রত্যয় পরে থাকিলে, জি-ধাতু-স্থানে গি হয় (৬)। যথা, **জি**—জিগীষতি।

১১। সন্ প্রত্যয় পরে থাকিলে হন্, ধাতুর পরভাগের অ-কার স্থানে আ-কার ও হ-স্থানে ঘ হয় (৭)। যথা, **হন্**—জিঘাংসতি।

১২। সন্ প্রত্যয় পরে থাকিলে, ধাতুর অন্তস্থিত ঋ-বর্ণ স্থানে ঈর্ হয়। যথা, **কৃ**—চিকীর্ষতি ; **ধৃ**—দিধীর্ষতি ; **হৃ**—জিহীর্ষতি ; **তৃ**—

(১) বৃদ্ভ্যঃ স্যসনোঃ (২) রুদবিদমুষগ্রহিস্বপিপ্রচ্ছঃ সংশ্চ। (৩) সনি গ্রহগুহোশ্চ। (৪) গ্রহিজ্যাবয়িব্যধিব্যষ্টিবিচতিবৃশ্চতিপৃচ্ছতিভৃজ্জতীনাং ঙিতি চ। (৫) গমেরিট্ পরস্মৈপদেষু। (৬) সন্লিটোর্জেঃ। (৭) অজ্‌হনগমাং সনি।

তিতীর্ষতি (১)। ঋবর্ণ ওষ্ঠবর্ণের পরে থাকিলে, উর্ হয় ; যথা, **মৃ**—মুমূর্ষতি।

১৩। সন্-প্রত্যয়ান্ত অভ্যস্ত দা-ধাতু-স্থানে **দিৎস**, ধা-ধাতু-স্থানে **ধিৎস**, আপ্-ধাতু-স্থানে **ঈপ্স**, মা-ধাতু-স্থানে **মিৎস**, লভ্-ধাতু-স্থানে **লিপ্স** ও রভ-ধাতু-স্থানে **রিপ্স** হয় (২)। যথা, **দা**—দিৎসতি-তে ; **মা**—মিৎসতি-তে ; **ধা**—ধিৎসতি-তে ; **আপ্**—ঈপ্সতি ; **লভ্**—লিপ্সতে ; **রভ্**—রিপ্সতে।

১৪। **গুপ্, তিজ, কিৎ, বধ্ ও মান্**-ধাতুর উত্তর **স্বার্থে** সন্ হয় এবং বধ্ ও মান্-ধাতুর পূর্ব্বভাগের অকার ও আকার স্থানে ঈকার হয় (৩)। যথা, গুপ্—জুগুপ্সতে ; তিজ্—তিতিক্ষতে ; কিৎ—চিকিৎসতি ; মান্—মীমাংসতে ; বধ্—বীভৎসতে। পাপাদ্ জুগুপ্সতে। শাস্ত্রং মীমাংসতে।

১৫। সনন্ত ধাতুর রূপ—যথা, চিকীর্ষধাতু। **লট্**—চিকীর্ষতি, **লোট্**—চিকীর্ষতু, **লঙ্**—অচিকীর্ষৎ, **বিধিলিঙ্**—চিকীর্ষেৎ, **ল়ট্**—চিকীর্ষিষ্যতি, **লিট্**—চিকীর্ষামাস, চিকীর্ষাম্বভূব, চিকীর্ষাঞ্চকার ; **ল়ঙ্**—অচিকীর্ষিষ্যৎ, **লুট্**—চিকীর্ষিতা, **লুঙ্**—অচিকীর্ষীৎ, **আশীর্লিঙ্**—চিকীর্ষ্যাৎ।

১৬। **আশঙ্কা** অর্থেও সন্ হয় ; (আশঙ্কায়াং সন্ বক্তব্যঃ) ; যথা, নদীকূলং পিপতিষতি (is about to fall, পড় পড় হইয়াছে)। শ্বা মুমূর্ষতি। (is about to die) মরণাশঙ্কাবিষয় হইয়াছে।

কয়েকটি সনন্ত ধাতু—অট্—অটিটিষতি ; **অদ্—জিঘৎসতি** ; **আপ্**—ঈপ্সতি ; **ই** (গতৌ)—জিগমিষতি ; **ই** (অধ্যয়নে)—অধিজিগাংসতে ; **কৃ**—চিকীর্ষতি-তে ; **ক্রীড়্**—চিক্রীড়িষতি ; **গৈ**—

---

(১) বিকল্পে ইট্ হয়। যথা, তিতরিষতি, তিতরীষতি।
(২) আপ্জ্ঞপ্যৃধামীৎ। সনি মীমাঘুরভলভশকপতপদামচ ইস্।
(৩) গুপ্তিজ্কিদ্ভ্যঃ সন্। মান্বধ-দান্শান্ভ্যো দীর্ঘশ্চাভ্যাসস্য।

জিগাসতি ; **গ্রহ্**—জিঘৃক্ষতি-তে ; ঘ্রা—জিঘ্রাসতি ; চি—চিচীষতি চিকীষতি ; **জি—জিগীষতি** ; জীব্—জিজীবিষতি ; তৃ—তিতীর্ষতি, তিতরিষতি, তিতরীষতি ; **দহ্—দিধক্ষতি** ; **দা—দিৎসতি-তে** ; ধৃ—দিধীর্ষতি ; নম্—নিনংসতি ; নশ্—নিনশিষতি. নিনঙ্ক্ষতি ; নী—নিনীষতি-তে ; নৃত্—নিনর্ত্তিষতি; নিনৃৎসতি ; **পচ্—পিপক্ষতি** ; পঠ্—পিপঠিষতি ; **পত্—পিপতিষতি, পিপৎসতি** ; **পা—পিপাসতি** ; প্রচ্ছ্—পিপৃচ্ছিষতি ; **ভুজ্—বুভুক্ষতি-তে** ; ভূ—বুভূষতি ; মসৃজ্—মিমঙ্ক্ষতি ; মা—মিৎসতি ; মুচ্—মুমুক্ষতি ; **মৃ**—মুমূর্ষতি ; যজ্—যিযক্ষতি-তে ; রুদ্—রুরুদিষতি ; **লভ্—লিপ্সতে** ; লিখ্—লিলিখিষতি ; লিলেখিষতি ; **বচ্**—বিবক্ষতি ; **স্থা—তিষ্ঠাসতি** ; **স্না—সিষ্ণাসতি** ; স্বপ্—সুষুপ্সতি ; **হন্—জিঘাংসতি** ; হৃ—জিহীর্ষতি ; **হ্বে**—জুহূষতি।

সনন্ত ধাতুর ব্যবহার

১৭। ইচ্ছা বুঝাইতে ইষ্ ধাতুর উত্তর লট্ প্রভৃতি যে বিভক্তির যে পুরুষ ও যে বচন থাকে, সনন্ত ধাতুতে সেই বিভক্তি, সেই পুরুষ ও সেই বচন হয়। যথা, স পঠিতুম্ ইচ্ছতি—স পিপঠিষতি, পাতুম্ ঐচ্ছৎ—অপিপাসৎ, জেতুম্ ইচ্ছেৎ—জিগীষেৎ, ত্বম্ জ্ঞাতুম্ ইচ্ছ—জিজ্ঞাসস্ব, তে গন্তুমৈচ্ছন্—অজিগমিষন্।

১৮। সনন্ত ধাতুর উত্তর **'উ'** প্রত্যয় করিলে বিশেষণ এবং 'অ' প্রত্যয় করিলে বিশেষ্য হয়। উ-প্রত্যয়ান্ত শব্দের রূপ পুংলিঙ্গে 'সাধু' স্ত্রীলিঙ্গে 'ধেনু', এবং ক্লীবলিঙ্গে 'মধু' শব্দের তুল্য। অ-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গে [আ-কারান্ত]. রূপ 'লতা' শব্দের ন্যায়। যথা, শাস্ত্রং **পিপঠিষুঃ** (পঠ্ + সন্ + উ) স বারাণসীং গতঃ ; **সিষ্ণাসবঃ** তে নদীং গচ্ছন্তি ; নাহমর্থ**লিপ্সু**রেবং ব্রবীমি ; পাঠস্থ **জিজ্ঞাসয়া** (জ্ঞা + সন্ + অ + টা) বালকাঃ আগচ্ছন্তি। সঃ পিপাসয়া আর্ত্তঃ।

১৭। সনন্ত ধাতুর উত্তর প্রয়োজনমত শতৃ, শানচ প্রভৃতি প্রত্যয় হইয়া থাকে। যথা, জলং পিপাসন্তঃ নদীং গচ্ছন্তি; গুরুং শুশ্রূষমাণঃ বিদ্যাং লভতে।

Exercise

1. Translate into Bengali :—রাজা দরিদ্রায় ধনং দিৎসতি। পথিকাঃ জলং পিপাসন্তি। ধর্ম্মং জিজ্ঞাসমানঃ গুরুকুলং জগাম। তে ভ্রমমপনিনীষবঃ মধু অপিবন্। পুষ্পাণি চিচীষন্ত্যঃ বালিকাঃ উদ্যানং জগ্মুঃ। সাধুরপরেষাং হিতং চিকীর্ষন্তি। অপি ত্বং কিঞ্চিদ্ বিবক্ষসি?

2. Substitute a single word for each of the following :—

হন্তুমিচ্ছতি, গ্রহীতুমৈচ্ছৎ; জেতুমিচ্ছন্তি; লব্ধুম্ ইচ্ছ; ভোক্তুমিচ্ছতি; দ্রষ্টুমিচ্ছতি; জ্ঞাতুম্ ইচ্ছেৎ; শ্রোতুমিচ্ছসি; নর্ত্তিতুমিচ্ছতি; তর্তুমিচ্ছুঃ; কর্তুমিচ্ছা, ধর্তুমিচ্ছতি। আপ্তুমিচ্ছতি। জীবিতুম্ ইচ্ছতি।

3. Translate into Sanskrit :—I wish to read the book. They should wish to know this. Let the soldiers wish to kill the enemy. I wish to bathe in the river. She wishes to dance in the meeting. She wishes to know. I wish to conquer the enemy. They wish to censure. Do you wish to drink water? The old man wishes to go. I wish to say this. The king wished to perform sacrifice. The sages wish for final liberation.

4. Correct :—চন্দ্রং দিদৃক্ষতি শিশুঃ। গুরুং শুশ্রূষতি শিষ্যঃ। ত্বমস্মিন্ কিং জিজ্ঞাসসি? পরস্বং ন লিপ্সেৎ জনঃ। দরিদ্রা মুমূর্ষন্তে।

যঙন্ত-প্রকরণ (Frequentative Verbs)

১। **একস্বরযুক্ত,** অথচ **আদিতে ব্যঞ্জনবর্ণ বিশিষ্ট** ধাতুর উত্তর পৌনঃপুন্য ও অতিশয় অর্থে **যঙ্** হয় (১)। যঙের **য** থাকে। যঙন্ত ধাতু **আত্মনেপদী** হয়। ইহা সনন্ত প্রভৃতির ন্যায় একটি স্বতন্ত্র ধাতু।

২। যঙ্ হইলে ধাতু অভ্যস্ত হয় ও যাবতীয় অভ্যস্ত কার্য্য প্রাপ্ত হয় (২); লট্ লোট্ লঙ্ ও বিধিলিঙে যঙন্ত ধাতুর ভ্বাদিগণীয় ধাতুর ন্যায় রূপ হয়।

৩। যঙ্-প্রত্যয়ান্ত ধাতুর পূর্ব্বভাগের অকার-স্থানে আকার

(১) ধাতোরেকাচো হলাদেঃ ক্রিয়াসমভিহারে যঙ্। (২) সন্‌যঙোঃ।

হয় (১)। যথা,—পুনঃ পুনঃ লপতি এই অর্থে, **লপ্**—লালপ্যতে ; এইরূপ, **তপ্**—তাতপ্যতে ; **লষ্**—লালষ্যতে।

৪। যঙ্-প্রত্যয়ান্ত ধাতুর পূর্বভাগের গুণ হয় (২)। যথা, **শুচ্**—শোশুচ্যতে, **রুদ্**—রোরুদ্যতে ; **দীপ**—দেদীপ্যতে ; **সিচ্**—সেসিচ্যতে ; **লুপ্**—লোলুপ্যতে ; **ভিদ্**—বেভিদ্যতে।

৫। যঙ্ হইলে, নান্ত, মান্ত ও লান্ত-ধাতুর পূর্বভাগের স্বরবর্ণের পরে অনুস্বার হয় (৩)। যথা, জন্—জঞ্জন্যতে ; মন্—মম্মন্যতে।

গমনার্থধাতুর উত্তর বক্রগতি (কৌটিল্য) **অর্থে যঙ্** হয়, ('পুনঃ পুনঃ' বা অতিশয় অর্থে হয় না।) কুটিলং ক্রামতি (**ক্রম্**) চঙ্ক্রম্যতে (walks in a zia-zag course); **গম্** (কুটিলং গচ্ছতি)—**জঙ্গম্যতে** সর্পঃ ; **চল্** (কুটিলং চলতি)—চঞ্চল্যতে ; **গল্** (ভৃশং গলতি)—জঙ্গল্যতে ; **ব্রজ্** (কুটিলং ব্রজতি)—বাব্রজ্যতে (ক)।

৬। **লুপ্, সদ্, চর্, জপ্ দন্শ্ ও গৃ** ধাতুর উত্তর **গর্হিতভাবে ক্রিয়ার অনুষ্ঠান** বুঝাইলে **যঙ্** হয় (খ)। যথা, গর্হিতং লুম্পতি—লোলুপ্যতে ; কুৎসিতং সীদতি—সাসদ্যতে। এইরূপ, (গর্হিতং চরতি) **চর্**—চঞ্চূর্য্যতে ; **জপ্**—জঞ্জপ্যতে ; **দহ্**—দন্দহ্যতে ; **গৃ**—জেগিল্যতে।

৭। উপধায় ঋকার থাকিলে পূর্বভাগের পর রী হয় (৪)। যথা, **নৃৎ**—নরীনৃত্যতে ; **সৃপ্**—সরীসৃপ্যতে ; **কৃষ্**—চরীকৃষ্যতে।

৮। ঋকারান্ত ধাতুর ঋ-স্থানে রী হয় (৫)। যথা, **কৃ**—চেক্রীয়তে ; **সৃ**—সেস্রীয়তে ; **হৃ**—জেহ্রীয়তে।

৯। লুট্, লিট্, লৃট্, লুঙ্ ও আশীর্লিঙ্ বিভক্তিতে ব্যঞ্জনবর্ণের পরস্থিত যঙের লোপ হয় (৬)। যথা, লুট্—শোশুচিতা ; লিট্—শোশুচা-

---

(১) দীর্ঘোঽকিতঃ। (২) গুণো যঙ্লুকোঃ।
(৩) নুগতোঽনুনাসিকান্তস্য চ। (৪) রীগৃদুপধস্য চ। (৫) রীঙৃতঃ।
(৬) যস্য হলঃ। (ক) নিত্যং কৌটিল্যে গতৌ।
(খ) লুপসদচরজপজভদহদন্শগৄভ্যো ভাবগর্হায়াম্।

স্বভুব, শোশুচামাস, শোশুচাঞ্চক্রে ; লৃট্—শোশুচিষ্যতে ; লুঙ্—অশোশুচিষ্ট ; লঙ্—অশোশুচিষ্যত ; আশীর্লিঙ্—শোশুচিষীষ্ট।

১০। অট্, ঋ, অশ্ (ভোজনে), ঊর্ণু (আচ্ছাদনে) ও অস্ (স্থিতৌ) ধাতুর আদিতে স্বরবর্ণ থাকিলেও উহাদের উত্তর যঙ্ হয়। যথা, **অট্** (কুটিলমটতি)—অটাট্যতে ; **ঋ** (কুটিলমৃচ্ছতি)—অরার্য্যতে ; **অশ্** (পুনঃ পুনঃ অশ্নাতি)—অশাশ্যতে ; **ঊর্ণু**—ঊর্ণোনূয়তে, **অস**—বোভূয়তে।

কয়েকটি যঙন্ত ধাতু :—**কৃ, ক্রী**—চেক্রীয়তে ; ক্রুধ্—চোক্রুধ্যতে ; গ্রহ্—জরীগৃহ্যতে ; ঘ্রা—জেঘ্রীয়তে ; চি—চেচীয়তে ; **জ্বল্**—জাজ্বল্যতে ; জি—জেজীয়তে ; তৃপ্—তরীতৃপ্যতে ; **দা**—দেদীয়তে ; দুহ্—দোদুহ্যতে ; **নম্**—নংনম্যতে ; নী—নেনীয়তে ; পচ্—পাপচ্যতে ; **পত্**—পনীপত্যতে ; পা—পেপীয়তে ; **প্রচ্ছ্**—পরীপৃচ্ছ্যতে ; বৃধ্—বরীবৃধ্যতে; বন্ধ্—বাবধ্যতে ; **ভুজ**—বোভুজ্যতে ; ভী—বেভীয়তে ; মুহ্—মোমুহ্যতে ; রম্—রংরম্যতে ; লিখ্—লেলিখ্যতে ; **লিহ্**—লেলিহ্যতে ; শী—শাশয্যতে ; শ্রু—শোশ্রূয়তে ; সৃজ্—সরীসৃজ্যতে ; **হস্**—জহিস্যতে ; হন্—জেঘ্নীয়তে (হিংসার্থে), জঙ্ঘন্যতে (গমনার্থে)।

যঙন্ত ধাতুর ব্যবহার

মূল ধাতুর উত্তর যে বিভক্তি, যে পুরুষ ও যে বচন থাকে, যঙন্ত ধাতুর উত্তর সেই বিভক্তি সেই পুরুষ ও সেই বচন হয়। যথা, পুনঃ পুনঃ অতিশয়েন বা পচন্তি—পাপচ্যন্তে ; পুনঃ পুনঃ অতিশয়েন বা জ্বলতু—জাজ্বল্যতাম্। Smell this flower repeatedly—পুষ্পমিদং জেঘ্রীয়স্ব। The children saw the moon again and again—শিশবঃ চন্দ্রম্ অদরীদৃশ্যন্ত। A good natured boy reads his

book again and again—সুশীলঃ বালকঃ পুস্তকানি পাপঠ্যতে। But that he tyranises over the world, is what grieves me—যত্তু দন্দহ্যতে লোকমদো দুঃখাকরোতি মাম্ (মাঘ)।

Exercise

1. Give single words for :—পুনঃ পুনঃ নৃত্যতি ; ভৃশং রোদিতি ; কুটিলং চরতি ; পুনঃ পুনঃ পশ্য ; ভৃশং তপন্তি ; কুটিলং গচ্ছতি ; ভৃশং শোচতি ; পুনঃ পুনঃ অস্মরৎ ; ভৃশং বর্দ্ধতে ; যঃ পুনঃ পুনঃ গায়তি সঃ ; পুনঃ পুনঃ রুদন্ ; পুনঃ পুনঃ অলিখন্।

2. Translate into Sanskrit :—He does his work repeatedly. They laugh again and again in the class. They were smelling the flower again and again. He repeatedly asked me this question. At noon the sun shines much. The serpent is going in a zig-zag course. Do not laugh again and again before the superiors. He conquered the enemy again and again. Peacocks dance again and again in the rainy season.

3. Correct :—স শয্যায়াং শাশীয্যন্তে। রোরুদ্যন্তি বালাঃ। অহং বারি পাপয়ে। শিষ্যো গুরুং নানম্যতে। স সখাং বাবচ্ছন্তে। সা নরিনৃত্যন্তি।

4. Explain and illustrate the use of a frequentative verb.

5. Give an example of a যঙন্ত root and explain its meaning.

নামধাতু (Denominative Verbs)

১। **নাম** অর্থাৎ শব্দের উত্তর কতকগুলি প্রত্যয় হয় (১)। ঐ সকল প্রত্যয় হইলে, শব্দ ধাতুর রূপ প্রাপ্ত হয় ও **নামধাতু** বলিয়া অভিহিত হয়।

২। সমুদয় নামধাতুর **ভ্বাদিগণীয়** ধাতুর ন্যায় রূপ হয়।

৩। **আত্মসংক্রান্ত ইচ্ছা** বুঝাইলে শব্দের উত্তর **কাম্য** প্রত্যয় হয় (২)। কাম্য-প্রত্যয়ান্ত ধাতু **পরস্মৈপদী**। যথা, আত্মনঃ

---

(১) কাম্যচ, ক্যচ, ক্যঙ, ক্বিপ, ণিচ, যক্। (২) কাম্যচ্চ।

পুত্রমিচ্ছতি—পুত্রকাম্যতি (নিজের পুত্র কামনা করিতেছে) ; আত্মনো ধনমিচ্ছতি—ধনকাম্যতি ; আত্মনো যশ ইচ্ছতি—যশস্কাম্যতি ; অন্য বিভক্তিতে, যথা—পুত্রকাম্যতু ; পুত্রকাম্যেৎ ; অপুত্রকাম্যৎ ; অপুত্র-কাম্যীৎ ; পুত্রকাম্যাম্বভূব, পুত্রকাম্যামাস, পুত্রকাম্যাঞ্চকার ; পুত্র-কাম্যিতা ; অপুত্রকাম্যিষ্যৎ। (১)

৪। **আত্মসংক্রান্ত ইচ্ছা** বুঝাইলে, শব্দের উত্তর **ক্যচ্**-প্রত্যয় হয় (২)। ক্যচ্-এর য থাকে। ক্যচ্ প্রত্যয়ান্ত ধাতু-**পরস্মৈপদী**।

৫। ক্যচ্ প্রত্যয় করিলে শব্দের অন্তস্থিত তকার স্থানে ঈ হয় এবং অকার ভিন্ন হ্রস্ব স্বর দীর্ঘ হয় (৩)। যথা, আত্মনঃ পুত্রমিচ্ছতি—**পুত্রীয়তি** দশরথঃ ; আত্মনঃ পতিমিচ্ছতি—**পতীয়তি**।

৬। **বুভুক্ষা অর্থে** অশন শব্দের উত্তর **ক্যচ্** হয় এবং অশন শব্দের অন্ত্য অকার স্থানে আকার হয় (৪)। যথা, অশনম্ ইচ্ছতি ভোক্তুম্—**অশনায়তি** (he wishes food to eat) ; অন্যত্র—অশনীয়তি (he wishes food)।

৭। **পিপাসা অর্থে** উদক শব্দের উত্তর **ক্যচ্** হয় ও উদক স্থানে উদন্ হয় (৪)। যথা, উদকং পাতুমিচ্ছসি—উদন্যতি (he wishes water to drink), অন্যত্র—উদকীয়তি (জল চাহিতেছে)।

৮। নমস্, তপস্, বরিবস্ শব্দের উত্তর **করণ** (to do) **অর্থে** **ক্যচ্** হয় (৫)। যথা, নমঃ করোতি—নমস্যতি ; তপঃ করোতি—তপস্যতি ; বরিবঃ করোতি—বরিবস্যতি (serves, পূজা করে)।

৯। **আচরণ অর্থে কর্ম্মবাচক** উপমানের উত্তর **ক্যচ্** হয় (৬)।

(১) অন্যসংক্রান্ত ইচ্ছা বুঝাইলে হয় না। পুত্রস্য পুত্রমিচ্ছতি ইত্যাদি স্থলে পুত্র-কাম্যতি অথবা পুত্রীয়তি এরূপ প্রয়োগ হইবেনা।

(২) সুপ আত্মনঃ ক্যচ্। (৩) ক্যচি চ।

(৪) অশনায়োদন্যধনায়া বুভুক্ষাপিপাসাগর্দ্ধেষ। গর্দ্ধ=ধনতৃষ্ণা ; ধনায়তি—ধনের লোভ করিতেছে ; ধনীয়তি—ধনকামনা করিতেছে।

(৫) নমোবরিবশ্চিত্রঙঃ ক্যচ, (চিত্রং করোতি—চিত্রীয়তে)।

(৬) উপমানাদাচারে।

যথা, শিষ্যং পুত্রমিব আচরতি—**পুত্রীয়তি** শিষ্যম্ গুরুঃ ; ভৃত্যং সখায়মিব আচরতি—**সখীয়তি** ভৃত্যম্ প্রভুঃ ; মিত্রং রিপুমিব আচরতি—**রিপূয়তি** মিত্রম্। ঋকারান্ত শব্দের অন্তস্থিত ঋ স্থানে রী হয় (১)। যথা, উপাধ্যায়ং পিতরমিব আচরতি—**পিত্রীয়তি** উপাধ্যায়ং শিষ্যঃ।

১০। **আচরণ অর্থে কর্তৃবাচক** উপমানের উত্তর **ক্যঙ্** প্রত্যয় হয় (২)। ক্যঙ্-এর য থাকে। ক্যঙ্ প্রত্যয়ান্ত ধাতু **আত্মনেপদী**।

১১। ক্যঙ্ পরে থাকিলে শব্দের অন্তস্থিত ন্‌কার ও স্‌কারের লোপ হয়। যথা, রাজা ইব আচরতি—**রাজায়তে** ; ওজস্ —**ওজায়তে** (ওজস্বীর ন্যায় আচরণ করে) ; অপ্সরস্—**অপ্সরায়তে** অপ্সরার ন্যায় আচরণ করিতেছে।

১২। ক্যঙ্ পরে থাকিলে শব্দের অন্তস্থিত হ্রস্ব স্বর দীর্ঘ হয়, এবং পয়স্ প্রভৃতি স্‌কারান্ত শব্দের সকারের বিকল্পে লোপ হয় (৪)। যথা, পুত্র ইব আচরতি—**পুত্রায়তে** শিষ্যঃ ; শিষ্য ইব আচরতি—**শিষ্যায়তে** পুত্রঃ ; হংস ইব আচরতি—**হংসায়তে** কাকঃ ; সখা ইব আচরতি—**সখীয়তে** ; পয় ইব আচরতি—**পয়ায়তে, পয়স্যতে** ; বিদ্বানিবাচরতি—বিদ্বস্যতে, বিদ্বায়তে ; পিতেব আচরতি—**পিত্রীয়তে** গুরুঃ।

১৩। **করণ অর্থে** শব্দ, বৈর ও কলহ শব্দের উত্তর **ক্যঙ্** হয় (৫)। যথা, শব্দং করোতি—**শব্দায়তে** (makes a sound) ; বৈরং করোতি—**বৈরায়তে** (makes enmity) ; কলহং করোতি—**কলহায়তে** (quarrels, ঝগড়া করে)।

১৪। **অনুভব অর্থে** সুখ, দুঃখ ও কৃচ্ছ্র শব্দের উত্তর **ক্যঙ্** হয় (৬)। যথা, সুখমনুভবতি—**সুখায়তে** ; দুঃখমনুভবতি—**দুঃখায়তে** ; কৃচ্ছ্রমনুভবতি—**কৃচ্ছ্রায়তে** (feels pain).

---

(১) রীঙ্ ঋতঃ। (২) কর্তুঃ ক্যঙ্ সলোপশ্চ। (৩) ওজসোঽপ্সরসো নিত্যম্ ইতরেষাং বিভাষয়া। (৪) অকৃৎসার্ব্বধাতুকয়োর্দীর্ঘঃ। (৫) শব্দবৈরকলহাভ্রকণ্বমেঘেভ্যঃ করণে। (৬) সুখাদিভ্যঃ কর্তৃবেদনায়াম্।

১৫। **উদ্বমন অর্থে** বাষ্প, ফেন, ধূম ও উষ্মন্ শব্দের উত্তর **ক্যঙ্** হয় (১)। যথা, বাষ্পমুদ্বতি—বাষ্পায়তে (emits steam); ফেনমুদ্বমতি—ফেনায়তে ওদনঃ; ধূমমুদ্বমতি—ধূমায়তে বহ্নিঃ; উষ্মাণমুদ্বমতি—উষ্মায়তে সূর্য্যঃ।

১৬। **উদ্গারপূর্ব্বক চর্ব্বণ অর্থে,** রোমন্থ শব্দের উত্তর **ক্যঙ** হয়। যথা, গৌঃ **রোমন্থায়তে** (ruminates), উদ্গীর্য্য চর্ব্বয়তীত্যর্থঃ।

১৭। ভৃশ, শীঘ্র, চপল, মন্দ, পণ্ডিত, উৎসুক, সুমনস্, দুর্ম্মনস্, উন্মনস্—এই সকল শব্দের উত্তর অভূততদ্ভাব (৩) অর্থে **ক্যঙ্** হয় (৪)। যথা, অভৃশো ভৃশো ভবতি—**ভৃশায়তে;** অশীঘ্রঃ শীঘ্রো ভবতি—**শীঘ্রায়তে;** অচপলশ্চপলো ভবতি—**চপলায়তে;** অমন্দো মন্দো ভবতি—**মন্দায়তে** তেজঃ সূর্য্যস্য; অপণ্ডিতঃ পণ্ডিতো ভবতি—**পণ্ডিতায়তে** বিদ্যার্জ্জনেন; অনুৎসুক উৎসুকো ভবতি—**উৎসুকায়তে;** অসুমনাঃ সুমনা ভবতি—**সুমনায়তে;** অদুর্ম্মনাঃ দুর্ম্মনা ভবতি—**দুর্ম্মনায়তে** বালা; অনুন্মনা উন্মনা ভবতি—**উন্মনায়তে** যুবা।

১৮। **আচরণ অর্থে** কর্ত্তৃবাচক উপমানের উত্তর **ক্বিপ্** হয়। **ক্বিপের কিছুই থাকে না।** ক্বিপ্ করিলে ধাতু পরস্মৈপদী হয়। যথা, পুত্র ইব আচরতি, পুত্রতি; শিষ্য ইব আচরতি, শিষ্যতি; সখা ইব আচরতি, সখয়তি; গুরুরিব আচরতি, গুরবতি; পিতেব আচরতি, পিতরতি; মাতেব আচরতি, মাতরতি। কবিরিব আচরতি, কবয়তি; বন্ধুরিব আচরতি, বন্ধবতি।

১৯। **করণ অর্থে** শব্দের উত্তর **ণিচ্** হয় (৫)। ণিজন্ত-প্রকরণে যে সকল বিধান হইয়াছে, এস্থলেও যথাসম্ভব সে সমস্ত হইয়া থাকে। যথা,—প্রশ্নং করোতি—**প্রশ্নয়তি;** শব্দং করোতি—**শব্দয়তি।**

---

(১) বাষ্পোষ্মভ্যামুদ্বমনে। 'ফেনাচ্চেতি বাচ্যম্'।
(২) কর্ম্মণো রোমন্থতপোভ্যাং বর্ত্তিচরোঃ।
(৩) বস্তু বা ব্যক্তি যে ভাবাপন্ন না থাকে, সেই ভাবাপন্ন হওয়া।
(৪) ভৃশাদিভ্যো ভুব্যচ্বে র্লোপশ্চ হলঃ। (৫) তৎকরোতি তদাচষ্টে।

২০। ণিচ্ করিলে পৃথু, মৃদু ও দৃঢ় শব্দের ঋ-স্থানে র ও অন্ত্য স্বরের লোপ হয়। যথা, পৃথুং করোতি—**প্রথয়তি** ; মৃদুং করোতি—**ম্রদয়তি** (makes soft) ; দৃঢ়ং করোতি—**দ্রঢ়য়তি** (strengthens).

২১। ণিচ্ করিলে স্থূল স্থানে স্থব, দূর স্থানে দব, অন্তিক স্থানে নেদ এবং বহুল স্থানে বংহ হয়। যথা, স্থূলং করোতি— **স্থবয়তি ;** দূরং করোতি—**দবয়তি** (makes distant) ; অন্তিকং করোতি—**নেদয়তি** (brings near) ; বহুলং করোতি—**বংহয়তি।**

(ক) কণ্ডূ প্রভৃতি শব্দের উত্তর যক্ হয় (১)। যথা, **কণ্ডূয়তি কণ্ডূয়তে** বা গাত্রম্। অসূঞ্—**অসূয়তি, অসূয়তে।** মহীঙ্—**মহীয়তে।**

(খ) শব্দের উত্তর বিশেষ অর্থেও ণিচ্ হয়। যথা—হস্তিনা অতিক্রামতি—**অতিহস্তয়তি ;** বীণয়া উপগায়তি—**উপবীণয়তি ;** পাশং বিমুঞ্চতি—**বিপাশয়তি** ; ত্বচং গৃহ্ণাতি—**ত্বচয়তি।**

Exercise

1. Translate into Sanskrit :—Merchants always measure the goods. He treats his servant as friends. He thinks the rope to be a serpent. A teacher should look upon the pupil as his own son. Rama bows down to his preceptor. He acts as an enemy to his brother. The cows ruminate under the shade of the tree. He does his work repeatedly. They laugh again and again in the class.

2. Render the following into Sanskrit words :—পুত্রমিবাচরতি। বাষ্পমুদ্বমতি। আত্মনঃ যশ ইচ্ছতি। পুনঃ পুনঃ নৃত্যতি। কলহং করোতি। তপঃ করোতি। পয় ইব আচরতি। অপণ্ডিতঃ পণ্ডিতো ভবতি। বন্ধুরিব আচরতি। শিষ্য ইব আচরতি। বৈরং করোতি। পিতরমিব আচরতি। রাজা ইব আচরতি। অচপলশ্চপলো ভবতি। He acts like a king. He wishes for a son. He is about to die.

3. Explain and illustrate the use of a Denominative (নামধাতু) verb.

4. Illustrate the use of a ণিজন্ত ধাতু।

5. What is নামধাতু ? Show the use of নামধাতু।

---

(১) কণ্ড্বাদিভ্যো যক্।

পরস্মৈপদ-বিধান

১। **ব্যাঙ্ পরিভ্যো রমঃ**—রম্ ধাতু আত্মনেপদী ; কিন্তু বি, আ ও পরিপূর্ব্বক **রম্**-ধাতুর পরস্মৈপদ হয়। যথা, ভৃত্যঃ কার্য্যাৎ **বিরমতি** (stops) ; স উদ্যানে আরমতি (rests) ; সুহৃদ্দর্শনেন সর্ব্বঃ পরিরমতি (is pleased).

২। **উপাচ্চ**—উপ-পূর্ব্বক রম্-ধাতুর বিকল্পে পরস্মৈপদ হয়। যথা, উপরমতি, উপরমতে (desists).

৩। **বিভাষাऽকর্ম্মকাত্**—উপ-পূর্ব্বক অকর্ম্মক রম্-ধাতুর বিকল্পে পরস্মৈপদ হয়। যথা, উপরমতি, উপরমতে (dies, ceases), নিবর্ততে ইত্যর্থঃ।

৪। **অনুপরাভ্যাং কৃঞঃ**—অনু ও পরা-পূর্ব্বক কৃ-ধাতুর পরস্মৈপদ হয়। যথা, পুত্রঃ পিতরম্ অনুকরোতি (imitates) ; স দানং পরাকরোতি (rejects).

৫। **অভিপ্রত্যতিভ্যঃ ক্ষিপঃ**—অভি, প্রতি ও অতি পূর্ব্বক ক্ষিপ্-ধাতুর পরস্মৈপদ হয়। যথা, অর্জ্জুনঃ বীর্য্যেণ কর্ণম্ অভিক্ষিপতি (throws, excels), প্রতিক্ষিপতি, অতিক্ষিপতি।

৬। **প্রাদ্বহঃ**—প্র-পূর্ব্বক বহ্-ধাতুর পরস্মৈপদ হয়। যথা—নদী প্রবহতি (flows).

৭। **বুধ-যুধ-নশ-জনেঙ্-প্রু-দ্রু-স্রুভ্যো ণেঃ**—নিজন্ত **বুধ্, যুধ্, নশ, জন্**, অধ্যয়নার্থ **ই, প্রু, দ্রু**, ও **স্রু**—ধাতুর পরস্মৈপদ হয়। যথা, বোধয়তি পদ্মম্, যোধয়তি সৈনিকান্, নাশয়তি দুঃখম্, জনয়তি সুখম্, অধ্যাপয়তি বেদম্, প্রাবয়তি (covers over) প্রাপয়তীত্যর্থঃ,

দ্রাবয়তি (causes to go), স্রাবয়তি (causes to melt), স্যন্দয়তীত্যর্থঃ।

৮। **নিগরণ-চলনার্থেভ্যশ্চ**—ণিজন্ত **ভোজনার্থ** ও **চলনার্থ** ধাতুর পরস্মৈপদ হয়। যথা, নিগারয়তি, আশয়তি, ভোজয়তি, চালয়তি, কম্পয়তি।

৯। **অণাবকর্ম্মকাচ্চিত্তবৎকর্ত্তৃকাৎ**—যদি অণিজন্ত কালে প্রাণী কর্ত্তা থাকে, তাহা হইলে অকর্ম্মক ণিজন্ত ধাতুর পরস্মৈপদ হয়। যথা, পুত্রঃ শেতে (the son sleeps), মাতা পুত্রং শায়য়তি—The mother makes the son sleep. শিশুর্জাগর্ত্তি, মাতা শিশুং জাগরয়তি ; বৎসঃ ক্রীড়তি, গোপো বৎসং ক্রীড়য়তি। প্রাণী কর্ত্তা না হইলে হয় না ; যথা, জলং শুষ্যতি, সূর্য্যো জলং শোষয়তি শোষয়তে বা—The sun makes the water dry up ; নদী বর্দ্ধতে, জলদ-কালো নদীং বর্দ্ধয়তি বর্দ্ধয়তে বা—The rainy season makes the river increase.

১০। **দ্যুদ্ভ্যো লুঙি**—লুঙ্ বিভক্তিতে দ্যুত্ প্রভৃতি ধাতুর বিকল্পে পরস্মৈপদ হয়। যথা, অদ্যুতৎ, অদ্যোতিষ্ট

১১। **বৃদ্ভ্যঃ স্যসনোঃ**—লৃট্, লৃঙ্ ও সন্ পরে থাকিলে বৃৎ, বৃধ্ প্রভৃতি ধাতুর বিকল্পে পরস্মৈপদ হয়। যথা, বর্ৎস্যতি বর্ত্তিষ্যতে, অবর্ৎস্যৎ অবর্ত্তিষ্যত, বিবৃৎসতি, বিবর্ত্তিষতে

১২। লিট্, লুট্, লৃট্ ও লৃঙ্ বিভক্তিতে মৃ-ধাতুর পরস্মৈপদ হয়। লিট্—**মমার**, লুট্—মর্ত্তা, লৃট্—**মরিষ্যতি**, লৃঙ্—অমরিষ্যৎ।

———

আত্মনেপদ-বিধান

১। **নের্বিশঃ**—নি-পূর্ব্বক **বিশ্**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, নিবিশতে (enters in) গৃহং কপোতঃ।

২। **পরি-ব্যবেভ্যঃ ক্রিয়ঃ**—পরি, বি, ও অব-পূর্ব্বক **ক্রী**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, স বস্ত্রং বিক্রীণীতে (sells), পরিক্রীণীতে (buys), অবক্রীণীতে (buys).

৩। **বি-পরাভ্যাং জেঃ**—বি ও পরা-পূর্ব্বক **জি**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, নৃপঃ শত্রুং বিজয়তে (conquers), পরাজয়তে (defeats).

৪। **আঙো দোঽনাস্যবিহরণে**—আ-পূর্ব্বক **দা**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, শিষ্যঃ বিদ্যামাদত্তে (acquires knowledge); বীরঃ অস্ত্রমাদত্তে। মুখ-বিস্তার অর্থে হয় না। যথা, মুখং ব্যাদদাতি (widens) সিংহঃ ; নদী কূলং ব্যাদদাতি (extends); বৈদ্যো বিস্ফোটকং ব্যাদদাতি।

৫। **ক্রীড়োঽনুসংপরিভ্যশ্চ**—আ, অনু, সম্ ও পরি-পূর্ব্বক **ক্রীড়্**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, শিশুঃ আক্রীড়তে, অনুক্রীড়তে, সংক্রীড়তে, পরিক্রীড়তে বা (plays).

৬। **সমোঽকূজনে**—কূজন অর্থে সম্-পূর্ব্বক **ক্রীড়্**-ধাতুর আত্মনেপদ হয় না। যথা, সংক্রীড়তি চক্রম্ (the wheel creaks) ; সংক্রীড়ন্তি বিহঙ্গমাঃ (the birds are cooing).

৭। **অপাচ্চতুষ্পাচ্ছকুনিষ্বালেখনে হুট্ চ**—পক্ষী অথবা চতুষ্পদ জন্তু কর্ত্তা হইলে এবং হর্ষপ্রকাশ, আহারান্বেষণ ও বাসগ্রহণেচ্ছা অর্থ বুঝাইলে, অপ-পূর্ব্বক **কৃ**-ধাতুর আত্মনেপদ হয় ও আদিতে সকারের

আগম হয়। যথা, হর্ষপ্রকাশ—অপস্কিরতে বৃষভো হৃষ্টঃ; আহারান্বেষণে—অপস্কিরতে সারমেয়ঃ আহারার্থী (The dog scratches the ground in search of food); বাসগ্রহণেচ্ছা—অপস্কিরতে শ্বা আশ্রয়ার্থী। হর্ষ প্রকাশ ইত্যাদি না বুঝাইলে আত্মনেপদ ও সুট্ হয় না। যথা, অপকিরতি কুসুমম্ (scatters); অপকিরতি জলম্- ঊর্ধ্বং ক্ষিপতীত্যর্থঃ।

৮। **আঙি-নু-প্রচ্ছ্যোঃ**—আ-পূর্ব্বক **নু** ও **প্রচ্ছ্**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, আনুতে শৃগালঃ; আপৃচ্ছতে বন্ধূন্ (bids adieu his friends), "আপৃচ্ছতে প্রিয়সখমমুম্" (মেঘদূত)।

৯। **সমবপ্রবিভ্যঃ স্থঃ**—সম, অব, প্র ও বি-পূর্ব্বক **স্থা**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, দরিদ্রস্য বাক্যে ন কোঽপি সন্তিষ্ঠতে (stays with), অলসঃ গৃহে অবতিষ্ঠতে (waits), স গৃহাৎ প্রতিষ্ঠতে (sets forth), পুত্রঃ পিতুঃ বিতষ্ঠতে (stands apart)।

১০। **প্রকাশন-স্থেয়াখ্যয়োশ্চ**—অভিপ্রায় প্রকাশ এবং বিবাদে নির্ণেতৃরূপে গ্রহণ অর্থে স্থা-ধাতুর আত্মনেপদ হয়। যথা, গোপী কৃষ্ণায় তিষ্ঠতে, ত্বয়ি তিষ্ঠতি বিবাদঃ, 'সংশয্য কর্ণাদিষু তিষ্ঠতে যঃ'।

১১। **উদোঽনূর্দ্ধকর্ম্মণি**—ঊর্দ্ধচেষ্টাভিন্ন চেষ্টা অর্থে উৎপূর্ব্ব **স্থা**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, সাধুঃ মুক্তৌ উত্তিষ্ঠতে (strives, উদ্যম করে)। উত্থান অর্থে হয় না। যথা, স আসনাৎ উত্তিষ্ঠতে (rises)

১২। **উপান্মন্ত্রকরণে**—'মন্ত্রদ্বারা স্তুতি করা' অর্থ বুঝাইলে উপপূর্ব্বক স্থা-ধাতুর আত্মনেপদ হয়। যথা, গায়ত্র্যা সূর্যম্ উপতিষ্ঠতে। মন্ত্রদ্বারা স্তুতি না বুঝাইলে হয় না। যথা, ভর্তারম্ উপতিষ্ঠতি যৌবনেন।

১৩। **উপাদ্দেবপূজা-সঙ্গতিকরণ-মিত্রকরণ-পথিষ্বিতি বাচ্যম্**—দেবপূজা, মিলন, মৈত্রীকরণ অর্থে, ও পথ কর্ত্তা হইলে উপপূর্ব্বক **স্থা**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, দেবপূজা—বিষ্ণুমুপতিষ্ঠতে; গঙ্গা যমুনামুপতিষ্ঠতে, গঙ্গা যমুনয়া সহ মিলতীত্যর্থঃ; মৈত্রীকরণ—সাধুমুপতিষ্ঠতে

(makes friends with) সাধুঃ, মৈত্রীকরোতীত্যর্থঃ ; পথ—গঙ্গামুপতিষ্ঠতে (leads to) অয়ং পন্থাঃ।

১৪। **বা লিপসায়াম্**—লাভেচ্ছা বুঝাইলে উপপূর্ব্বক স্থা-ধাতুর বিকল্পে আত্মনেপদ হয়। যথা, ধনিনমুপতিষ্ঠতি উপতিষ্ঠতে বা ভিক্ষুঃ, ধনলাভেচ্ছয়া ধনিসমীপং গচ্ছতীত্যর্থঃ।

১৫। **অকর্ম্মকাচ্চ**—উপ-পূর্ব্বক অকর্ম্মক স্থা-ধাতুর আত্মনেপদ হয়। যথা, শ্বা ভোজনকালে উপতিষ্ঠতে, সন্নিহিতো ভবতীত্যর্থঃ। সকর্ম্মক হইলে হয় না। শিষ্যো গুরুমুপতিষ্ঠতি।

১৬। **আঙো যমহনঃ**—আ-পূর্ব্বক অকর্ম্মক **হন্** ও **যম্**-ধাতুর আত্মনেপদ হয়। যথা,—রথঃ আহতে (moves), আযচ্ছতে (spreads) তনুঃ। সকর্ম্মকের হয় না। যথা আযচ্ছতি কুপাদ্রজ্জুম্ (draws up the rope from the well), আহন্তি শত্রুম্ (strikes the enemy). আত্ম-অবয়ব কর্ম্ম হইলে আত্মনেপদ হয়। যথা, আযচ্ছতে পাণিমাত্মীয়ম্ (he stretches his own hand) ; আহতে স্বীয়ং শিরঃ (he strikes his own head)

১৭। **সমো গম্যৃচ্ছিভ্যাম্**—সম্-পূর্ব্বক অকর্ম্মক **গম্** ও **ঋচ্ছ্**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, অত্র ইয়ং ব্যাখ্যা সংগচ্ছতে (suits well) ; অয়মর্থঃ সমৃচ্ছতে। অকর্ম্মক না হইলে আত্মনেপদ হয় না। যথা, যমুনা সংগচ্ছতি গঙ্গাং প্রয়াগে।

১৮। **অর্ত্তিশ্রুদৃশিভ্যশ্চ**—সম্-পূর্ব্বক অকর্ম্মক **ঋ**, **শ্রু** ও **দৃশ্**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, সমৃচ্ছতে ; সংশৃণুতে ; সংপশ্যতে ; "হিতান্ন যঃ সংশৃণুতে স কিংপ্রভুঃ" (ভারবি)। সকর্ম্মক হইলে হয় না। যথা, সংশৃণোতি শাস্ত্রম্।

১৯। **স্পর্দ্ধায়ামাঙঃ**—স্পর্দ্ধা (যুদ্ধার্থ আহ্বান) অর্থ বুঝাইলে আ-পূর্ব্বক **হ্বে**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, মল্লমাহ্বয়তে

(challenges) মল্লঃ। স্পর্দ্ধা ভিন্ন অর্থে হয় না। যথা, পুত্রম্ আহ্বয়তি পিতা (The father calls the son).

২০। **নিসমুপবিভ্যো হ্বঃ**—নি, সম্, উপ ও বি-পূর্ব্বক হ্বে-ধাতুর আত্মনেপদ হয়। যথা, নিহ্বয়তে তম্, সংহ্বয়তে বন্ধূন্, উপহ্বয়তে, বিহ্বয়তে।

২১। **বৃত্তিসর্গতায়নেষু ক্রমঃ**—অপ্রতিবন্ধ, উৎসাহ এবং বৃদ্ধি অর্থ বুঝাইলে **ক্রম্** ধাতুর আত্মনেপদ হয়। যথা, শাস্ত্রেষু ক্রমতে বুদ্ধিঃ—ন প্রতিহন্যতে; অধ্যয়নায় ক্রমতে শিক্ষাঃ—উৎসহতে; সতাং শ্রীঃ ক্রমতে—বর্দ্ধতে।

২২। **উপপরাভ্যাম্**—অপ্রতিবন্ধ, উৎসাহ ও বৃদ্ধি অর্থ বুঝাইলে উপ ও পরা-পূর্ব্বক ক্রম্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, উপক্রমতে পরাক্রমতে। অন্য উপসর্গের যোগে হয় না। যথা, সংক্রামতি।

২৩। **আঙো জ্যোতিরুদ্গমনে**—গ্রহ-নক্ষত্রাদি জ্যোতিঃ-পদার্থের উর্দ্ধগমন বুঝাইলে আ-পূর্ব্বক **ক্রম্** ধাতুর আত্মনেপদ হয়। যথা, আক্রমতে (rises) সূর্যঃ, নভোমণ্ডলমারোহতীত্যর্থঃ। জ্যোতির্ভিন্ন অন্য পদার্থের উর্দ্ধ্বগমন বুঝাইলে হয় না। যথা, আকাশমাক্রামতি ধূম-জালম্—A mass of smoke overspreads the sky.

২৪। **বেঃ পাদবিহরণে**—পদ-বিক্ষেপ অর্থে বি-পূর্ব্বক **ক্রম্**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, সাধু বিক্রমতে (trots) বাজী (horse)। অন্য অর্থে হয় না। যথা, বিক্রামতি সন্ধিঃ দ্বিধা ভবতীত্যর্থঃ।

২৫। **প্রোপাভ্যাং সমর্থাভ্যাম্**—আরম্ভ অর্থে প্র ও উপ-পূর্ব্বক **ক্রম্**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, প্রক্রমতে ভোক্তুম্, উপক্রমতে ভোক্তুম্ (begins to eat), আরভতে ইত্যর্থঃ। আরম্ভ অর্থ না বুঝাইলে হয় না। যথা, প্রক্রামতি—গচ্ছতীত্যর্থঃ; উপক্রামতি—আগচ্ছতীত্যর্থঃ; (সম+অর্থ=সমর্থ, সমান অর্থযুক্ত)।

২৬। **অনুপসর্গাদ্বা**—উপসর্গহীন **ক্রম্**-ধাতুর বিকল্পে আত্মনেপদ হয়। যথা, ক্রামতি, ক্রমতে।

২৭। **অপহ্নবে জ্ঞঃ**—অপহ্নব (denial) অর্থে **জ্ঞা**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, স শতমপজানীতে (denies) অপলপতীত্যর্থঃ।

২৮। **অকর্ম্মকাচ্চ**—অকর্ম্মক জ্ঞা-ধাতুর আত্মনেপদ হয়। যথা, সর্পিষো জানীতে, সর্পিষা উপায়েন প্রবর্ততে ইত্যর্থঃ।

২৯। **সংপ্রতিভ্যামনাধ্যানে**—সম্ ও প্রতিপূর্ব্বক **জ্ঞা**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, শতং সংজানীতে, অবেক্ষতে ইত্যর্থঃ। শতং প্রতিজানীতে (promises), অঙ্গীকরোতীত্যর্থঃ। স্মরণ অর্থে হয় না। যথা, মাতরং মাতুর্বা সংজানাতি (remembers) স্মরতীত্যর্থঃ।

৩০। **অনুপসর্গাজ্ জ্ঞঃ**—কর্ত্তা ক্রিয়ার ফলভাগী হইলে উপসর্গহীন **জ্ঞা**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, গাং জানীতে ; অশ্বং জানীতে।

৩১। **উদশ্চরঃ সকর্ম্মকাৎ**—উৎপূর্ব্বক সকর্ম্মক **চর্**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, গুরুবচনমুচ্চরতে (transgresses), উল্লঙ্ঘয়তীত্যর্থঃ ; ধর্ম্মমুচ্চরতে। অকর্ম্মকের হয় না ; যথা, উচ্চরতি (rises) ধূমঃ—উপরিষ্টাৎ গচ্ছতীর্থঃ।

৩২। **সমস্তৃতীয়াযুক্তাৎ**—তৃতীয়ান্ত পদের যোগে সম্-পূর্ব্বক **চর্**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, অশ্বেন সঞ্চরতে (rides on horse-back), রথেন সঞ্চরতে।

৩৩। **উপাদ্যমঃ স্বকরণে**—স্বকরণ অর্থাৎ বিবাহ অর্থ বুঝাইলে, (মতান্তরে স্বীকার মাত্রেই) উপ-পূর্ব্বক **যম্**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, সুলক্ষণাং কন্যামুপযচ্ছতে (marries) বরঃ।

৩৪। **প্রোপাভ্যাং যুজেরযজ্ঞপাত্রেষু**—প্র ও উপ-পূর্ব্বক **যুজ্** ধাতুর আত্মনেপদ হয়। যথা, প্রযুঙ্‌ক্তে, উপযুঙ্‌ক্তে। যজ্ঞপাত্রের যোগ বুঝাইলে হয় না। যথা, যজ্ঞপাত্রাণি প্রযুনক্তি।

৩৫। **স্বরাদ্যন্তোপসর্গাৎ**—আদিতে অথবা অন্তে স্বরবর্ণ আছে, এরূপ উপসর্গের পরস্থিত যুজ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, উদ্‌যুঙ্‌ক্তে, নিযুঙ্‌ক্তে অনুযুঙ্‌ক্তে, বিযুঙ্‌ক্তে ইত্যাদি।

৩৬। **ভুজোঽনবনে**—পালন ভিন্ন অর্থে, **ভুজ্**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, ওদনং ভুঙ্‌ক্তে (eats); বৃদ্ধো জনঃ দুঃখশতানি ভুঙ্‌ক্তে। পালন অর্থে পরস্মৈপদ হয়। যথা, মহীং ভুনক্তি (protects) রাজা।

৩৭। **জ্ঞাশ্রুস্মৃদৃশাং সনঃ**—সনন্ত **জ্ঞা**, **শ্রু**, **স্মৃ**, **দৃশ্** ধাতুর আত্মনেপদ হয়। যথা, ধর্ম্মং জিজ্ঞাসতে, গুরুং শুশ্রূষতে, নষ্টং সুস্মূর্ষতে, চন্দ্রং দিদৃক্ষতে।

৩৮। **নানোর্জ্ঞঃ**—অনুর্ব্বপূক সনন্ত **জ্ঞা**-ধাতুর আত্মনেপদ হয় না। যথা, পুত্রমনুজিজ্ঞাসতি।

৩৯। **প্রত্যাঙ্‌ভ্যাং শ্রুবঃ**—প্রতি ও আ-পূর্ব্বক সনন্ত **শ্রু**-ধাতুর আত্মনেপদ হয় না। যথা, প্রতিশুশ্রূষতি, আশুশ্রূষতি।

৪০। **উদ্বিভ্যাং তপঃ**—অকর্ম্মক কিংবা স্বাঙ্গকর্ম্মক হইলে, উৎ ও বি-পূর্ব্বক-তপ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, উত্তপতে সূর্য্যঃ (the sun shines hot); বিতপতে পাণিম্ (he warms his hands); অন্যথা, সুবর্ণমুত্তপতি (he heats gold); বালকঃ মিত্রস্য পাণিমুত্তপতি।

৪১। **শপ উপালম্ভে**—'শপথ করা' অর্থে শপ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, কৃষ্ণায় শপতে গোপী, প্রভবে শপতে ভৃত্যঃ। শপথ ভিন্ন অর্থে হয় না। যথা, শশাপ শকুন্তলাং দুর্ব্বাসাঃ; মিত্রং শপতি।

৪২। **আশিষি নাথঃ**—আশিস্ অর্থাৎ অভিলষিত বস্তুর প্রার্থনা অর্থে নাথ-ধাতুর আত্মনেপদ হয়। যথা, সর্পিষো নাথতে গৃহস্থঃ। আশিস্ ভিন্ন অর্থে পরস্মৈপদ হয়। নাথতি তণ্ডুলম্।

৪৩। **সংমাননোৎসঞ্জনাচার্য্যকরণ-জ্ঞান-ভৃতি-বিগণন-ব্যয়েষু নিয়ঃ**— সম্মান, উৎক্ষেপণ, আচার্য্যকরণ, জ্ঞান, কর্ম্মমূল্যদান, ঋণপরিশোধ ও ব্যয় অর্থে নী-ধাতুর আত্মনেপদ হয়। যথা, বিষ্ণুং নয়তে (পূজয়তি) শাস্ত্রে নয়তে, উপপত্তিভিঃ শাস্ত্রার্থং সম্মানয়তীত্যর্থঃ; দণ্ডম্ উন্নয়তে—উৎক্ষিপতীত্যর্থঃ, মাণবকমুপনয়তে

আচার্য্যঃ—বিধিনা আত্মসমীপং প্রাপয়তীত্যর্থঃ (পইতা দিতেছেন); তত্ত্বং নয়তে নিশ্চিনোতীত্যর্থঃ। ভৃত্যমুপনয়তে—ভৃতিদানেন স্বসমীপং প্রাপয়তীত্যর্থঃ; করং বিনয়তে—রাজ্ঞে দেয়ং ভাগং পরিশোধয়তীত্যর্থঃ; শতং বিনয়তে—ধর্মার্থং বিনিযুঙ্‌ক্তে ইত্যর্থঃ।

৪৪। **কর্ত্তৃস্থে চাশরীরে কর্ম্মণি**—কর্ম্ম যদি কর্ত্তায় স্থিত হয় এবং কর্ম্মের যদি শরীর না থাকে, তাহা হইলে বি-পূর্ব্বক নী-ধাতুর আত্মনেপদ হয়। যথা, ক্রোধং বিনয়তে (he subdues his anger) অপগময়তীত্যর্থঃ। অন্যথা, গণ্ডং বিনয়তি।

৪৫। **ম্রিয়তের্লুঙ্‌লিঙোশ্চ**—লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্, লুঙ্ ও আশীর্লিঙে মৃ-ধাতুর আত্মনেপদ হয়। যথা, ম্রিয়তে, ম্রিয়তাম্, অম্রিয়ত, ম্রিয়েত, অমৃত, মৃষীষ্ট।

৪৬। **ণেরণৌ যৎ কর্ম্ম ণৌ চেৎ স কর্ত্তাঽনাধ্যানে**—অণিজন্ত অবস্থায় কর্ম্ম যদি ণিজন্ত অবস্থায় কর্ত্তা হয়, তাহা হইলে সেই ণিজন্ত ধাতুর আত্মনেপদ হয়, কিন্তু স্মরণার্থে হয় না। যথা, অণিজন্ত অবস্থায়—পশ্যন্তি ভবং ভক্তাঃ (চাক্ষুষজ্ঞানবিষয়ং কুর্ব্বন্তীত্যর্থঃ), ণিজন্ত অবস্থায়=ভব ভক্তান্ দর্শয়তে (Siva shows himself to his devotees); এস্থলে ভবম্ এই পদটি অণিজন্ত অবস্থায় কর্ম্ম ছিল, কিন্তু ণিজন্ত অবস্থায় কর্ত্তা হওয়ায় ভবঃ এইরূপ হইল, এইজন্য দর্শয়তে আত্মনেপদ হইল।

৪৭। **ভীস্ম্যোর্হেতুভয়ে**—হেতু (প্রযোজক কর্ত্তা) হইতে ভয় বুঝাইলে ণিজন্ত **ভী** ও **স্মি**-ধাতুর আত্মনেপদ হয়। যথা, সর্পো ভীষয়তে, মুণ্ডো বিস্মাপয়তে।

৪৮। **স্বরিতঞিতঃ কর্ত্রভিপ্রায়ে ক্রিয়াফলে**—যদি কর্ত্তা স্বপ্রয়োজনোদ্দেশে ক্রিয়ার অনুষ্ঠান করে, অর্থাৎ কর্ত্তা যদি স্বয়ং ক্রিয়ার ফলভাগী হয়, তাহা হইলে উভয়পদী ধাতুর উত্তর কেবল আত্মনেপদ হয়। যথা, যজতি বিপ্রঃ (The Brahmana offers sacrifices for himself)। যজতি যাজকঃ, এস্থলে যাজক ব্রাহ্মণ যজমানের নিমিত্ত যাগ করিতেছে, সুতরাং আত্মনেপদ হইল না।

৪৯। **অপাদ্ বদঃ**—কর্ত্তা ক্রিয়ার ফলভাগী হইলে অপ-পূর্ব্বক বদ্-ধাতুর আত্মনেপদ হয়। যথা, ন্যায়মপবদতে ধনকামঃ।

৫০। **ণিচশ্চ**—কর্ত্তা ক্রিয়ার ফলভাগী হইলে ণিজন্ত ধাতুর আত্মনেপদ হয়। যথ, কটং কারয়তে, ওদনং পাচয়তে।

৫১। **ভাসনোপসম্ভাষ-জ্ঞানযত্ন-বিমত্যুপমন্ত্রেষু বদঃ**—ভাসন (proficiency), উপসন্তাষ (pacifying), জ্ঞান (knowledge), যত্ন (effort), **বিমতি** (difference of opinion), উপমন্ত্রণ (flattering), অর্থে বদ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা, শাস্ত্রে বদতে, প্রকাশমানো ব্রবীতীত্যর্থঃ ; ভৃত্যানুপবদতে, সান্ত্বয়তীত্যর্থঃ ; পাণিনিঃ বদতে ; কৃষকঃ ক্ষেত্রে বদতে (toils) ; বিবদন্তে (quarrel) ভ্রাতরঃ ; উপবদতে ভিক্ষুকঃ, প্রার্থয়তে ইত্যর্থঃ।

৫২। **অনোরকর্ম্মকাৎ**—অনু-পূর্ব্বক অকর্ম্মক বদ্-ধাতুর আত্মনেপদ হয়। যথা, অনুবদতে কঠঃ কলাপস্য। অন্যথা, উক্তমনুবদতি।

৫৩। **বিভাষা বিপ্রলাপে**—কোন বিষয় লইয়া বিরোধ বুঝাইলে বি ও প্র পূর্ব্বক বদ্ ধাতুর বিকল্পে আত্মনেপদ হয়। যথা বিপ্রবদন্তে বিপ্রবদন্তি বা বৈদ্যাঃ (the physicians are disputing.)

৫৪। **গন্ধনাবক্ষেপণসেবনসাহসিক্যপ্রতিযত্নপ্রকথনোপযোগেষু কৃঞঃ**—গন্ধন (injury), অবক্ষেপণ (censure, overcoming), সেবন (serving), সাহসিক্য (acting rashly), প্রতিযত্ন (preparing), প্রকথন (recitation), উপযোগ (application) অর্থে কৃ-ধাতুর আত্মনেপদ হয়। যথা, শত্রূন্ উৎকুরুতে (does injury to) ; শ্যেনো বর্ত্তিকাম্ উদাকুরুতে (censures), হরিম্ উপকুরুতে (serves) ; পারদারিকঃ প্রকুরুতে (outrages) ; ইন্ধনমন্নস্যোপকুরুতে (prepares) ; গাথাঃ প্রকুরুতে (recites) ; শতং প্রকুরুতে (employs).

৫৫। **অধেঃ প্রহসনে**—ক্ষমা ও অভিনব অর্থে, অধি-পূর্ব্বক-কৃ-ধাতুর আত্মনেপদ হয়। যথা, শত্রূন্ অধিকুরুতে (forgives or overpowers).

৫৬। **বেঃ শব্দকর্ম্মণঃ**—শব্দ উচ্চারণ অর্থে বি-পূর্ব্বক-কৃ-ধাতুর আত্মনেপদ হয়। যথা, স্বরান্ বিকুরুতে—(pronounces), অন্যথা—চিত্তং বিকরোতি ক্রোধঃ।

৫৭। **ভাবকর্ম্মণোঃ**—ভাববাচ্যে ও কর্ম্মবাচ্যে ধাতুর আত্মনেপদ হয়। যথা, বালকেন স্থীয়তে ; শিশুনা চন্দ্রঃ দৃশ্যতে।

৫৮। **আশংসেরাশংসায়াম্**—আশা করা অর্থে আঙ্-পূর্ব্বক শন্স্-ধাতুর

আত্মনেপদ হয়। যথা, অহং বিজয়ায় আশংসে। 'তদা নাশংসে বিজয়ায়' (I did not expect victory then).

Traslnation

The swan indeed accepts milk and rejects the water mixed up with it—হংসো হি ক্ষীরমাদত্তে তন্মিশ্রাঃ বর্জয়ত্যপঃ। The impudent (bee) won't stop—ন হ্যেষ দুষ্টো ভ্রমরো বিরমতি। The warrior conquers his enemies—বীরঃ শত্রূন্ পরাজয়তে। The river flows with great force—নদী বেগেন প্রবহতি। Light dispels darkness—আলোকঃ অন্ধকারং নাশয়তি। Ravana approached Sita in the guise of a beggar—উপতস্থে চ বৈদেহীং ভিক্ষুকরূপেণ রাবণঃ।

Exercise

1. Translate into Sanskrit :—The traveller set out with a party of villagers. A virtuous man refrains from practising vice. Fuel imparts heat to water. He overpowered his enemy. This musician varies the tones. The bull turns up the soil in joy. He plays with his younger brother. He moves in a chariot. The ants break open the mouth of a moth. Poor men suffer hundreads of miseries. The king protects his subjects. The cultivators gather paddy from the fields.

১৮৯। নন্দি প্রভৃতি ধাতুর উত্তর কর্তৃবাচ্যে ল্যু (অন) হয়, স্ত্রীলিঙ্গে আ হয় (২)। যথা, নন্দি—নন্দনঃ, নন্দনা (daughter) ; মদি—মদনঃ, সাধি—সাধনঃ, বর্দ্ধিঃ—বর্দ্ধনঃ, শোভি—শোভনঃ,—সহ্—সহনঃ, তপ—তপনঃ, দম্—দমনঃ রমি—রমণঃ, সূদি—সূদনঃ, ভীষি—ভীষণঃ, নাশি—নাশনঃ, ক্রুধ্—ক্রোধনঃ, রুষ্—রোষণঃ, কুপ্—কোপনঃ, অ-মৃষ্—অমর্ষণঃ, মণ্ডি—মণ্ডনঃ, অলম্-কৃ—অলঙ্করণঃ।

---

(১) করণাধিকরণয়োশ্চ

(২) নন্দিগ্রহিপচাদিভ্যো ল্যুণিন্যচঃ।

১৯০। শীলাদি অর্থে জ্বল্ প্রভৃতি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে যুচ্ (অন) হয়। যথা, জ্বল্—জ্বলনঃ (fire), বৃধ্—বর্দ্ধনঃ, দহ্—দহনঃ (fire).

খল্

১৯১। সু, দুর্ ও ঈষৎ শব্দের পরবর্ত্তী ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ও ভাববাচ্যে খল্ হয়; খ্ ল্ ইৎ, অ থাকে। (১) যথা, কৃ—সুকরঃ, দুষ্করঃ, ঈষৎকরঃ; গম্—সুগমঃ, দুর্গমঃ, ঈষদ্গমঃ; বহ্—সুবহঃ, দুর্বহঃ, ঈষদ্বহঃ; ত্যজ্—সুত্যজঃ, দুস্ত্যজঃ, ঈষত্ত্যজঃ; লভ্—সুলভঃ, দুর্লভঃ, ঈষল্লভঃ।

অ

১৯২। প্রত্যয়ান্ত ধাতু ও নামধাতুর উত্তর ভাববাচ্যে অ হয়। অ-প্রত্যয় নিষ্পন্ন শব্দ স্ত্রীলিঙ্গ। (২) যথা, সনন্ত—জিজ্ঞাসা, পিপাসা, চিকীর্ষা, জিগীষা, লিপ্সা, জিঘাংসা, চিকিৎসা, মীমাংসা, জুগুপ্সা। নামধাতু—তপস্যা, বরিবস্যা, অশনায়া, পুত্রকাম্যা, কণ্ডূয়া।

১৯৩। গুরুস্বরবিশিষ্ট ব্যঞ্জনান্ত ধাতুর উত্তর ভাববাচ্যে অ হয়। (৩) যথা, ভিক্ষ্—ভিক্ষা, সেব্—সেবা, আ-কাঙ্ক্ষ্—আকাঙ্ক্ষা, পরি-ঈক্ষ্—পরীক্ষা, দীক্ষ্—দীক্ষা, নিন্দ্—নিন্দা, খেল্—খেলা, রক্ষ্—রক্ষা, শঙ্ক্—শঙ্কা, অর্চ্চ্—অর্চ্চা, মূর্চ্ছ্—মূর্চ্ছা, লস্জ্—লজ্জা, ব্রীড়্—ব্রীড়া, ক্রীড়্—ক্রীড়া, মেধ্—মেধা, বাধ্—বাধা, অনু-কম্প্—অনুকম্পা, ঈর্ষ্য—ঈর্ষ্যা, হিন্স্—হিংসা, বাঞ্ছ্—বাঞ্ছা, ঈহ্—ঈহা; আ-শন্স্, প্র-শন্স্—আশংসা, প্রশংসা।

অঙ্

১৯৪। চিন্তি, পূজি, কথি, চর্চ্চি, স্পৃহি, দোলি, পীড়ি, শোভি ও ভীষি ধাতুর উত্তর ভাববাচ্যে অঙ্ হয়; ঙ্ ইৎ, অ থাকে। অঙ্-প্রত্যয়

---

(১) ঈষদ্দুঃসুষুকৃচ্ছাকৃচ্ছার্থেষু খল্। (২) অ প্রত্যয়াৎ।
(৩) গুরোশ্চ হলঃ।

২৫

নিষ্পন্ন শব্দ স্ত্রীলিঙ্গ। (১) যথা, চিন্তা, পূজা, কথা, চর্চ্চা, স্পৃহা, দোলা, পীড়া, শোভা, ভীষা।

১৯৫। যে সকল ধাতু গণপাঠকালে ষ-কার সংসৃষ্ট থাকে, তাহাদের উত্তর ভাববাচ্যে অঙ্ হয়। (২) যথা, ত্রপ্—ত্রপা, ব্যথ্—ব্যথা, ত্বর—ত্বরা, পচ্—পচা। মৃজ্ ধাতুর গুণ হয় না। মৃজা।

১৯৬। ভিদ্ প্রভৃতি ধাতুর উত্তর ভাববাচ্যে অঙ্ হয়, গুণ হয় না। যথা, ভিদ্—ভিদা, ছিদ্—ছিদা, ক্লপ্—ক্লপা, তৃষ্—তৃষা, ক্ষম্—ক্ষমা, দয়্—দয়া।

১৯৭। উপসর্গের পরবর্ত্তী আকারান্ত ধাতুর উত্তর ভাববাচ্যে অঙ হয়। (৩) যথা, ভা—আভা, প্রভা, বিভা, প্রতিভা ; মা—প্রমা, উপমা, অনুমা, প্রতিমা ; ধা—বিধা, ব্যবধা, উপধা (৪) ; ধ্যৈ—সন্ধ্যা ; জ্ঞা—অভিজ্ঞা, প্রজ্ঞা, অনুজ্ঞা, সংজ্ঞা, অবজ্ঞা, প্রতিজ্ঞা, উপজ্ঞা, আজ্ঞা ; খ্যা—আখ্যা, সংখ্যা, অভিখ্যা (শোভা) ; স্থা—সংস্থা, অবস্থা, নিষ্ঠা, প্রতিষ্ঠা, আস্থা।

শ

১৯৮। কৃ প্রভৃতি কয়েকটি ধাতুর উত্তর ভাববাচ্যে শ হয়। শ প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ। (৫) যথা, কৃ—ক্রিয়া, ইষ্—ইচ্ছা, পরি-চর্—পরিচর্য্যা, পরি-সৃ—পরিসর্য্যা, মৃগ্—মৃগয়া, অট্—অটাট্যা।

যুচ্

১৯৯। ণিজন্ত ধাতুর উত্তর ভাববাচ্যে (অন) যুচ্ হয়। যুচ্ প্রত্যয়-

(১) চিন্তিপূজিকথিকুম্বিচর্চশ্চ।

(২) ষিদ্ভিদাদিভ্যোঽঙ্। (৩) আতশ্চোপসর্গে।

(৪) ধা ধাতু **শ্রৎ** ও **অন্তর্** শব্দের পরবর্ত্তী হইলেও হয়। যথা, শ্রদ্ধা (regard, faith), অন্তর্দ্ধা (disappearance). (৫) কৃঞঃ শ চ। ইচ্ছা (শঃ)।

নিষ্পন্ন শব্দ স্ত্রীলিঙ্গ। (১) যথা, অর্চ্চি—অর্চ্চনা, কল্পি—কল্পনা, কারি—কারণা, গণি—গণনা, ঘটি—ঘটনা, প্র-তারি—প্রতারণা, ধারি—ধারণা, পারি—পারণা, বি-মানি—বিমাননা. যন্ত্রি—যন্ত্রণা, যাতি—যাতনা, বাসি—বাসনা। কোনও কোনও স্থলে ক্লীবলিঙ্গ হয়। যথা, প্রেরি—প্রেরণম্, প্রীণি—প্রীণনম্, তর্পি—তর্পণম্, শোধি—শোধনম্, সাধি—সাধনম্, গোপি—গোপনম্।

২০০। বন্দ্, বিদ্, আস্, ঈষ্, গ্রন্থ্ ও শ্রন্থ্ ধাতুর উত্তর ভাববাচ্যে যুচ্ হয়। (১) এই-প্রত্যয়নিষ্পন্ন শব্দ স্ত্রীলিঙ্গ। যথা, বন্দ্—বন্দনা, বিদ্—বেদনা, আস—আসনা, ঈষ্—ঈষণা, গ্রন্থ—গ্রন্থনা, শ্রন্থ্—শ্রন্থনা।

নঙ্, নন্

২০১। যজ্, যত্, প্রচ্ছ, যাচ্, তৃষ্ ও রক্ষ্ ধাতুর উত্তর ভাববাচ্যে নঙ্ হয়। (২) যথা, যজ্ঞঃ, যত্নঃ, প্রশ্ন, যাচ্ঞা, তৃষ্ণা, রক্ষ্ণঃ।
(৩) স্বপ্ ধাতুর উত্তর নন্ হয়। যথা, স্বপ্নঃ।

Exercise

1. Translate into Sanskrit :—The book you asked for, is not mine. One day while going to school, I saw a poor boy in the street. He then made up his mind to kill the bird. If you wish to prosper, you should always be laborious. I promise to give him a few books. Industry is the mother of good luck. The mangoes are ripe. Hearing this I was exceedingly glad. On seeing the enemy approach, the army took to flight. The king is to rule his subjects. Be grateful to your parents.

2. Translate into Bengali :—নাহমর্থলিপ্সুরেবং ব্রবীমি।

(১) ণ্যাসশ্রন্থো যুচ্। যজযাচযতত্বিষপ্রচ্ছরক্ষো নঙ্। (৩) স্বপো নন্।

ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ। গৃহং গত্বা অন্নং ভক্ষয়িষ্যামি। অনুজীবিনঃ তং রাজানং মূর্ত্তিমন্তং বিশ্বাসম্ ইব ঈক্ষতে স্ম। পৌরযোষিতঃ ধ্রুবতারা-সদৃশং তং সস্নেহং দৃষ্টবত্যঃ। একদা মহতী বৃষ্টিঃ সঞ্জাতা। ত্যাজ্যো দুষ্টঃ প্রিয়োঽপ্যাসীদঙ্গুলীবোরগক্ষতা। শিশোরত্র রক্ষকঃ কোঽপি নাস্তি। ইত্থং স রাজা প্রকৃতিরঞ্জকো জাতঃ। কর্ষকঃ ভূমিং কর্ষ্টুম্ ঈহতে। নদীমবগাহ্য স শীতলো জাতঃ। ততঃ স কুঠারমাদায় কাষ্ঠার্থং বনং গতঃ। তৎসন্নিধানং গত্বা স সাষ্টাঙ্গপাতং প্রণম্যোবাচ। পর্ব্বতাঃ ক্ষয়ং ক্ষয়ং সমতলাঃ জাতাঃ।

3. Derive :—হানি, মূঢ়, অস্ত্র, আসীন, সংগ্রাম, শুষ্ক, শান্ত, অভিহিত, যুক্ত, অধিপ, বিলগ্ন, অরিহা, দুর্গম, জগৎ, সিংহ, দংষ্ট্রা, ভৃত্য, কর্ম্মকর, লিপ্সা, উষিত্বা, ক্ষাম, সুপ্ত, সংগৃহ্য, জয়, শিষ্য, লিপ্সা, অনিল, অবনি, অরণ্য, মুনি, শয্যা, পতঙ্গ, কুলমুদ্বহ, নশ্বর, অগ্নিচিৎ, বৃত্রহা, স্তনন্ধয়, শত্রুঘ্ন, কামদুঘা।

4. Give the optional forms of শাত, ত্রাণ, বিত্ত, মুগ্ধ, ক্রিয়া, তুরগ, ভ্রমিত্বা, বান্ত, আগম্য, প্রণম্য।

5. Make a list of affixes which form adjectives from verbal roots.

Ans. তৃচ্, ণক, থক্, অণ, ট, অচ্, ক, ড, ণিনি, ইনি, খশ্, খচ্, খি, খিষ্ণুচ্, খ্বি, ক্বিপ্, কঞ্, ইষ্ণুচ, স্নু, উকঞ, ক্নু, আলুচ্, ঘুরচ্, র, বরচ্, উক, ইত্নু, ক্বরপ, কুরচ্, যুচ্।

6. Make a list of the various affixes forming words which signify the means of instrument of the action expressed by the root.

Ans. ত্র, ইত্র, ল্যুট্।

7. Make a list of affixes which form abstract nouns from verbal roots in Sanskrit.

Ans. ক্তিন্, অঙ্, যুচ্, ল্যু, নঙ্, নন্, কি, অথুচ্, অনি।

8. How would you determine the genders of words formed by কৃৎ affixes.

9. Substitute single Sanskrit words for :—করোতি যঃ সঃ ; বক্তুমুচিতম্ ; দুঃখেন সহ্যতে ; দ্রষ্টুং যোগ্যম্ ; গন্তুমুচিতম্ ; দুঃখেন ক্রিয়তে যৎ ; বহূনি ধরতি যা ; শয্যতে তস্মিন্ ; কর্ম্ম করোতি যঃ সঃ ; অগ্রে সরতি যঃ সঃ ; গ্রামং গচ্ছতি যঃ সঃ ; সোমং পিবন্তি যে তে ; অপ্রিয়ঃ প্রিয়ঃ ক্রিয়তে অনেন ; অপ্রিয়ঃ প্রিয়ঃ ভবতি ; ভবানিব দৃশ্যতে ; পয়াংসি ধীয়ন্তে অস্মিন্ ; পৃষ্ঠেন শেতে যঃ সঃ ; তৎ করোতি যঃ সঃ ; মৃগান্ বিধ্যতি যঃ সঃ ; ইয়মিব দৃশ্যতে যা সা ; কামং দোগ্ধি যা সা ; তমঃ অপহন্তি যঃ সঃ ; সভায়াং সীদতি যঃ সঃ ; হিনস্তি যঃ সঃ ; ক্লেশম্ অপহন্তি যঃ সঃ ; পচতি যঃ সঃ ; ত্বরয়া গচ্ছতি যঃ সঃ ; অংশং ভজতে যঃ সঃ ; বিহায়সা গচ্ছতি যঃ সঃ। what must be told ; what ought to be heard; what is fit to be given; what ought to be killed ; not feeling pain ; what is to be enjoyed ; one who scatters ; a bride who chooses her husband; one who considers himself a Pandita ; done with difficulty ; one who drinks ; one who has killed his uncle.

10. Correct :—অহং বীতরাগঃ ইদং ব্রতমধ্যবসিতম্। বৃক্ষে অবস্থিত্বা রাত্রিং যাপয়। রামঃ শত্রূন্ পরাজয়ন্ সোৎসাহং সমরক্ষেত্রে নির্বিশতি। রাজ্যভারং মন্ত্রিষু নিহিত্বা সঃ নৃপতিঃ দেশান্তরং নির্গতঃ। বৃক্ষেভ্যঃ পতমানানি ফলানি গজঃ ভক্ষয়তি। ভগবানং সেবন্ ময়া রজনী নীতা। ত্বং বিদ্যালয়ং গন্তব্যম্। রামঃ রাবণং হতঃ। দক্ষিণা প্রতিগৃহীত্বা ব্রাহ্মণঃ প্রস্থিতঃ।

11. Distinguish between the uses of ক্ত্বা and ল্যপ্, শতৃ and শানচ্, ক্বসু and কানচ্ and explain the uses of তুমুন্।

12. Substitute single words for :—(*a*) গানং করোতি যা সা ; (*b*) যৎ পঠিষ্যতে তৎ ; (*c*) যো রক্ষণং করোতি সঃ ; (*d*) যা সর্বং সহতে সা ; ক্রিয়তে অনেন।

13. Give কৃদন্ত words for :—(*a*) বচনাদনন্তরম্ ; (*b*) পানস্য অর্থে (*c*) করোতি যঃ সঃ ; (*d*) বক্তুমুচিতম্ ; (*e*) দাতুং যোগ্যম্ ; (*f*) প্রণামাদনন্তরম্ ; (*g*) পানাদনন্তরম্ ; (*h*) হননস্য অর্থে ; (*i*) আদানাদনন্তরম্ ; (*j*) বাসং কৃত্বা ; (*k*) সহনস্য অর্থে ; (*l*) অধ্যয়নাদনন্তরম্।

14. Form nouns from the following roots : বৃৎ, বৃধ্, হন্, ভূ, শ্বস্, গম্, ভুজ্, তৃষ্, পত, নৃৎ, শাস্, অদ্, বৃৎ, তৃপ্, দৃশ, বৃধ্, কৃপ্ and সৃজ্।

15. Form a couple of nouns from each of the following roots of প্রকৃষ্টম্ and তর্পিতম্।

ব্যাকরণ-কৌমুদী

চতুর্থ ভাগ

কারক ও বিভক্তি

(Cases and Case-endings)

১। **ক্রিয়ান্বয়ি কারকম্**—ক্রিয়ার সহিত যাহার অন্বয়, অর্থাৎ সম্বন্ধ থাকে, তাহাকে **কারক** বলে। যথা, তীর্থক্ষেত্রে রাজা স্বহস্তেন কোষাৎ দরিদ্রায় ধনং যচ্ছতি—তীর্থক্ষেত্রে রাজা স্বহস্তে কোষ হইতে দরিদ্রকে ধন দিতেছেন।

কঃ যচ্ছতি (কে দিতেছেন) ?—**রাজা**

কিং যচ্ছতি (কি দিতেছেন) ?—**ধনম্**

কেন যচ্ছতি (কিসের দ্বারা দিতেছেন) ?—**স্বহস্তেন**

কস্মৈ যচ্ছতি (কাহাকে দিতেছেন) ?—**দরিদ্রায়**

কস্মাৎ যচ্ছতি (কোথা হইতে দিতেছেন) ?—**কোষাৎ**

কুত্র যচ্ছতি (কোথায় দিতেছেন) ?— **তীর্থক্ষেত্রে**

এইরূপে 'যচ্ছতি' এই ক্রিয়াপদের সহিত বাক্যস্থ অন্য সকল পদের সম্বন্ধ আছে ; অতএব ইহারা প্রত্যেকেই কারক।

সম্বন্ধ পদ ও **সম্বোধন পদ** কারক নহে। কারণ, ইহাদের সহিত ক্রিয়ার কোন সম্বন্ধ থাকে না। যথা, রামস্য পুত্রঃ গচ্ছতি। এই স্থলে 'গচ্ছতি' এই ক্রিয়াপদের সহিত 'রামস্য' এই পদের কোন সম্বন্ধ নাই ; ইহার সহিত 'পুত্রঃ' এই পদের সম্বন্ধ আছে। এইরূপ,

ভগবন্‌ ! ভীতান্‌ রক্ষ—এই বাক্যে 'রক্ষ' এই ক্রিয়াপদের সহিত 'ভগবন্‌' এই সম্বোধন পদের কোন সম্বন্ধ নাই ; অতএব ইহারা কারক নহে।

২। **ষট্‌কারকাণি**—কারক ছয়টি। যথা, **কর্ত্তা, কর্ম্ম, করন, সম্প্রদান, অপাদান,** ও **অধিকরণ**।

৩। **সুপ্‌তিঙৌ বিভক্তিসংজ্ঞৌ স্তঃ**—সংস্কৃত ব্যাকরণে সুপ্‌ ও তিঙ্‌-এর নাম বিভক্তি। সুপ্‌=শব্দবিভক্তি, তিঙ্‌=ধাতুবিভক্তি।

৪। **বিভক্তয়ঃ সপ্ত**—শব্দবিভক্তি সাতটি—**প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী,** ও **সপ্তমী**। শব্দবিভক্তি **দুই** প্রকার। কারক বিভক্তি ও উপপদ বিভক্তি। কর্তৃপ্রভৃতি কারকে যে বিভক্তি যুক্ত হয়, তাহাকে **কারক-বিভক্তি** এবং বিভিন্ন শব্দের যোগে যে বিভক্তি যুক্ত হয়, তাহাকে **উপপদ বিভক্তি** বলে।

কর্তৃকারক (Nominative Case)

৫। **স্বতন্ত্রঃ কর্তা**—যে নিজে ক্রিয়া সম্পন্ন করে, তাহাকে কর্তৃকারক বলে। যথা, **শিশুঃ** ক্রীড়তি ; **গৌঃ** শব্দায়তে ; **মেঘো** গর্জ্জতি।

৬। **তত্‌প্রয়োজকো হেতুশ্চ**—যে ব্যক্তি কর্ত্তাকে কোন ক্রিয়ায় প্রবর্ত্তিত করে, তাহাও কর্তৃকারক। ইহাকে **প্রযোজককর্ত্তা** বা **হেতুকর্ত্তা** বলে। যথা, **মাতা** শিশুং চন্দ্রং দর্শয়তি। প্রভুঃ পাচকেন অন্নং পাচয়তি। **গুরুঃ** শিষ্যং বেদং পাঠয়তি (গুরু শিষ্যকে বেদ পড়াইতেছেন)।

[২৯৩—৯৪ পৃঃ দেখ]

প্রথমা বিভক্তি (First Case-ending)

৭। **প্রাতিপদিকার্থলিঙ্গপরিমাণ-বচনমাত্রে প্রথমা**—যে প্রাতিপদিকে (শব্দে) যাহা বুঝায়, তাহা সেই প্রাতিপদিকের অভিধেয়। যে স্থলে ক্রিয়াপদ প্রভৃতি না থাকে, কেবল অভিধেয় (শব্দের অর্থ) বুঝাইবার নিমিত্ত শব্দ প্রয়োগ করা যায়, সে স্থলে সেই শব্দের উত্তর প্রথমা বিভক্তি হয়। যথা, বৃক্ষঃ, লতা, পুষ্পম্, গিরিঃ, জলম্, রামঃ, সীতা, জ্ঞানম্, তটী, একঃ, বহবঃ।

[উক্তে (অভিহিতে) কর্ত্তরি কর্ম্মণি চ প্রথমা]—**কর্ত্তৃবাচ্যে কর্ত্তৃকারকে** এবং **কর্ম্মবাচ্যে কর্ম্মকারকে** প্রথমা বিভক্তি হয়। যথা, **শিশুঃ** ক্রীড়তি ; **গৌঃ** শব্দায়তে ; **মেঘো** গর্জ্জতি। (কর্মবাচ্যে)—বালকেন **চন্দ্রঃ** দৃশ্যতে। বাক্যস্থ তিঙ্-বিভক্তিদ্বারা কর্ত্তৃবাচ্যের কর্ত্তা এবং কর্ম্মবাচ্যের কর্ম্ম উক্ত হয়। এইজন্য কর্ত্তৃবাচ্যের কর্ত্তাকে **উক্তকর্ত্তা** এবং কর্ম্মবাচ্যের কর্ম্মকে **উক্তকর্ম্ম** বলে। উক্ত হওয়ায় পরে উহাতে প্রাতিপদিকার্থে প্রথমা হয়।

৮। **সম্বোধনে চ**—সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। যথা, হে পিতঃ ; হে ভ্রাতরৌ, হে পুত্রাঃ।

৯। **ক্বচিন্নিপাতেনাভিধানম্**—ইতি, সাম্প্রতম্ ও অসাম্প্রতম্—এই তিনটি অব্যয় শব্দের যোগে প্রথমা বিভক্তি হয়। যথা, ত্বাং **পণ্ডিত** ইতি জানামি। পাপাত্মনাং **সঙ্গঃ** পরিত্যক্তুং সাম্প্রতম্ (It is proper to shun the company of the sinful)। **বিষবৃক্ষোঽপি** সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্ (অনুচিত)।

Examples

বীরবর ইতি রাজপুত্রং নৃপতিরাদিশৎ—The king ordered a prince named Virabara. অস্মাভিঃ রাজা দৃশ্যতে—The king is being seen by us. ভগবন্! ময়ি কৃপাং

কুরু—Oh God, take pity on me. ক্রমাদমুং নারদ ইতি অবোধি সঃ—তিনি ক্রমে তাহাকে নারদ বলিয়া বুঝিতে পারিলেন। স্বদেশে পূজ্যতে রাজা—A king is honoured in his own country.

মনস্বিগর্হিতঃ পন্থাঃ সমারোঢ়ুমসাম্প্রতম্। বিদ্বান্ সর্ব্বত্র পূজ্যতে। যুবা এব ধর্ম্মশীলঃ স্যাৎ। ত্রাহি মাং পুণ্ডরীকাক্ষ! পুরাবিদস্তামপর্ণেতি বদন্তি। যামাহুঃ সর্ববীজপ্রকৃতিরিতি। অবৈমি চৈনামনঘা ইতি।

কর্ম্মকারক (Accusative Case)

১০। **কর্ত্তুরীপ্সিততমং কর্ম**—কর্ত্তা ক্রিয়া দ্বারা যাহা পাইতে সর্ব্বাপেক্ষা অধিক ইচ্ছা করে, তাহাকে কর্ম্মকারক বলে। যথা, রামঃ **গৃহং** প্রবিশতি ; শিশুঃ **চন্দ্রং** পশ্যতি ; স **গ্রামং** গচ্ছতি ; বালকঃ **অন্নং** ভুঙ্‌ক্তে ; পথিকঃ **জলং** পিবতি।

১১। **অধিশীঙ্‌স্থাসাং কর্ম**—অধিপূর্ব্বক শী, স্থা ও আস্ ধাতুর অধিকরণ কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, শিশুঃ **শয্যাম্** অধিশেতে (The child lies on the bed) ; রামঃ **গৃহম্** অধিতিষ্ঠতি (Rama is staying in the house) ; ব্রাহ্মণো **গ্রামমধ্যাস্তে** (গ্রামে থাকে)। অন্যত্র—শয্যায়াং শেতে, গৃহে তিষ্ঠতি etc.

১২। **উপান্বধ্যাঙ্ বসঃ**—উপ, অনু, অধি ও আঙ্ পূর্ব্বক বস্ ধাতুর অধিকরণকারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, রাজা **নগরম্** উপবসতি, অনুবসতি, আবসতি বা (The king lives in a town). অন্যত্র—নগরে বসতি, প্রতিবসতি etc.

অভুক্ত্যর্থস্য ন। উপ-পূর্ব্বক বস্ ধাতুর অর্থ উপবাস করা বুঝাইলে উহার অধিকরণকারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয় না। যথা, দরিদ্রঃ গৃহে উপবসতি (A poor man fasts at home).

১৩। **অভিনি-বিশশ্চ**—অভি-নি :পূর্ব্বক বিশ্ ধাতুর অধিকরণ-কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, সাধুঃ **ধর্ম্মম্** অভিনিবিশতে (An honest man resorts to virtue). (১)।

অভি ও নি উপসর্গ যুক্তভাবে না থাকিলে কর্ম্মসংজ্ঞা হয় না। যথা, নিবিশতে যদি শূকশিখা **পদে**। (নৈষধচরিতম্)।

১৪। **ক্রুধদ্রুহোরুপসৃষ্টয়োঃ কর্ম**—উপসর্গযুক্ত ক্রুধ্ ও দ্রুহ্ ধাতুর সম্প্রদান কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, প্রভুঃ **ভৃত্যম্** অভিক্রুধ্যতি (The master becomes angry with his servant), রাজা **শত্রুম্** অভিদ্রুহ্যতি (The king oppresses his enemy). উপসর্গ না থাকিলে, ভৃত্যায় ক্রুধ্যতি, দ্রুহ্যতি বা।

১৫। **দিবঃ কর্ম চ**—দিব্ ধাতুর করণকারক বিকল্পে কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, ধূর্ত্তঃ **অক্ষান্** (অক্ষৈঃ বা) দীব্যতি (The gambler is playing at dice—পাশা খেলিতেছে) (২)।

১৬। **অকথিতঞ্চ**—অপাদান প্রভৃতির দ্বারা অবিবক্ষিত কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়, অর্থাৎ কতিপয় ধাতুর মুখ্য কর্ম্ম ব্যতীত অপাদান, সম্প্রদান, করণ প্রভৃতি অন্য কারকের বিষয়ও কর্ম্মকারক হইয়া থাকে। এই সকল ধাতুর কর্ম্ম মধ্যে প্রকৃত কর্ম্মটিকে **প্রধান** বা **মুখ্য** কর্ম্ম এবং কারকান্তরের বিষয়ীভূত কর্ম্মটিকে অকথিত, **অপ্রধান** বা **গৌণ** কর্ম্ম বলে। সংস্কৃতে দ্বিকর্ম্মক ধাতু **ষোলটি**। যথা—

দুহ্-যাচ্-পচ্-দণ্ড্-রুধি-প্রচ্ছি-চি-ব্রূ-শাসু-জি-মন্থ্-মুষাম্।
কর্ম্মযুক্ স্যাদকথিতং তথা স্যান্ নী-হৃ-কৃষ্-বহাম্॥

---

(১) ক্বচিৎ ন—পাপেঽভিনিবেশঃ।

(২) চকারাৎ করণমপি।

দুহ, যাচ্, পচ, দণ্ড্, রুধ্, প্রচ্ছ্, চি, ব্রূ, শাস্, জি, মন্থ্ মুষ্, এই দ্বাদশটি **দুহাদি** ধাতু; এবং **নী**, হৃ, কৃষ ও বহ্ এই চারিটি **ন্যাদি ধাতু** দ্বিকর্ম্মক। যথা, দুহ্—গোপো **গাং দুগ্ধং** দোগ্ধি; যাচ্—দরিদ্রো **রাজানং ধনং** যাচতে; পচ্—রামঃ **তণ্ডুলান্ ওদনং** পচতি; দণ্ড্—রাজা চৌরং **শতং** দণ্ডয়তি; রুধ্—গোপঃ **গাং ব্রজং** (cow-pen) রুণদ্ধি; প্রচ্ছ্—বালকঃ **তং নামধেয়ং** পৃচ্ছতি; চি—বালিকা **বৃক্ষং পুষ্পং** চিনোতি; ব্রূ—গুরুঃ **শিষ্যং ধর্ম্মং** ব্রবীতি; শাস্—আচার্য্যঃ **ছাত্রং ধর্মং** শাস্তি; জি—রামঃ **বালকং শতং** জয়তি; মন্থ্—দেবাঃ **সমুদ্রম্ অমৃতং** মমন্থুঃ; মুষ্—চৌরঃ **বালকং শতং** মুমোষ (stole)। **নী**—পিতা **পুত্রং গৃহং** নয়তি; **হৃ, কৃষ্, বহ্**—ব্রাহ্মণঃ **ছাগং গ্রামং** হরতি কর্ষতি বহতি বা (The Brahmin takes the goat to the village). (১)।

গৌণকর্ম্ম স্থলে বিবক্ষাবশতঃ যথাসম্ভব অন্য কারকও হইতে পারে। পূর্ব্বোক্ত উদাহরণসমূহে গো প্রভৃতির কর্ম্ম সংজ্ঞা হইয়াছে; কিন্তু বিবক্ষা থাকিলে—গোর্দুগ্ধং দোগ্ধি, রাজ্ঞঃ ধনং যাচতে, বৃক্ষাৎ পুষ্পং চিনোতি, গুরোর্ধর্ম্মং পৃচ্ছতি, পুত্রং গৃহে নয়তি, জলধেরমৃতং মমন্থুঃ—এইরূপ যথাসম্ভব অপাদানাদি কারকও হইতে পারে।

১৭। **অকর্ম্মকধাতুভির্যোগে দেশঃ কালো ভাবো গন্তব্যোঽধ্বা চ কর্ম্মসংজ্ঞক ইতি বাচ্যম্**—(২) অকর্ম্মক ধাতুর যোগে দেশ, কাল, ভাব

---

(১) অর্থনিবন্ধনেয়ং সংজ্ঞা—উক্ত ষোলটি ধাতুর একার্থক ধাতুসমূহও ইহাদের অন্তর্গত। যথা, যাচ্‌এর্থ—ভিক্ষ্, অর্থ, নাথ; ব্রূ—বচ্, ভাষ্ বদ্, গদ্, কথ্, অভি-ধা প্রভৃতি। উদাহরণ—বলিং ভিক্ষতে বসুধাম্; মাণবকং ধর্ম্মং বক্তি, ভাষতে অভিধত্তে বা ইত্যাদি।

(২) এই সূত্রে কাল=মাসবৎসরাদি; ভাব=ঘঞ্, অনট্ প্রভৃতি ভাববাচ্যনিষ্পন্ন কৃদন্ত শব্দদ্বারা উপলক্ষিত কাল; অধ্ব=নিয়ত-পরিমাণ ক্রোশাদি পথ; দেশ=কুরু, পাঞ্চাল, অবন্তি প্রভৃতি।

ও গন্তব্য অধ্ব (পথ) বাচক শব্দ কর্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা, **কুরূন্** স্বপিতি (sleeps in the land of the Kurus). **মাসমা**স্তে (stays for a month); **গোদোহমা**স্তে (stays at the the time of the milking of the cow), **ক্রোশমা**স্তে (traverses a krosa).

দ্বিতীয়া বিভক্তি (Second Case-ending)

১৮। **কর্মণি দ্বিতীয়া**—কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, বালকঃ **চন্দ্রং** পশ্যতি (The boy sees the moon); ভক্তঃ **হরিং** সেবতে (The devotee serves Hari).

১৯। **ক্রিয়াবিশেষণে চ**—ক্রিয়ার বিশেষণে দ্বিতীয়া বিভক্তি হয়। ক্লীবলিঙ্গের একবচনেই ইহার প্রয়োগ হইয়া থাকে (১)। যথা, অশ্বঃ **সত্বরং** ধাবতি (The horse runs swiftly); চৌরঃ **দ্রুতং** পলায়তে ; বালকঃ **মৃদু** হসতি ; ত্বং **সাধু** ভাষসে।

২০। **কালাধ্বনোরত্যন্তসংযোগে**—অত্যন্ত সংযোগ (নিরন্তরসন্নি-কর্ষ) অর্থাৎ ব্যাপ্তি বুঝাইলে (এত সময় ব্যাপিয়া, এত পথ ব্যাপিয়া ; এইরূপ অর্থ বুঝাইলে) কালবাচক ও অধ্ব (পথ) বাচক শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, স **দিবসমু**পবসতি (He fasts for a day); স **মাসম**ধীতে (He studies for a month) ; অধ্ব (পথ)-বাচক—গিরিঃ **ক্রোশং** তিষ্ঠতি (The hill stretches over two miles).

---

(১) সামান্যে নপুংসকম্। (পা) ক্রিয়াবিশেষণানামেকত্বং কর্ম্মত্বং নপুংসকত্বঞ্চ। ক্রিয়াবিশেষণং কর্ম তদমন্তং নপুংসকম্। বিশেষণের বিশেষণেও ক্লীবলিঙ্গের দ্বিতীয়ার একবচন হয়। যথা, সুব্যক্তং মধুরঃ ; বিস্পষ্টং পটুঃ।

২১। **उभसर्व्वतसोः कार्य्या धिगुपर्य्यादिषु त्रिषु।**
द्वितीयाम्रेडितान्तेषु ततोऽन्यत्रापि दृश्यते॥

তস্ প্রত্যয়ান্ত উভ ও সর্ব্ব (উভয়তঃ সর্বতঃ) শব্দের যোগে, ধিক্ শব্দের যোগে এবং উপরি, অধি ও অধঃ এই তিনটি শব্দ যখন সামীপ্যার্থে দ্বিত্ব প্রাপ্ত হইয়া উপর্য্যুপরি, অধ্যধি ও অধোঽধঃ এইরূপ হয়, তখন তাহাদের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, **নদীম্** উভয়তঃ—On both sides of the river. পৃথিবীং সর্ব্বতঃ—In every place of the earth. মুর্খং ধিক্। উপর্য্যুপরি **লোকং** হরিঃ (just over i. e., near the world is Hari); অধ্যধি **লোকম্** হরিঃ, অধোঽধঃ **লোকং** হরিঃ (just below i. e, near the world is Hari). কিন্তু—গৃহস্য উপরি, বৃক্ষস্য অধঃ ইত্যাদি স্থলে ষষ্ঠী।

'ততোঽন্যত্রাপি দৃশ্যতে'—এতদনুসারে **যাবৎ** ও **ঋতে** শব্দের যোগেও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, **বনং** যাবদনুসরতি (Follows as far as the forest)। চৈত্রং যাবৎ শীতম্। **শ্রমম্** ঋতে বিদ্যা ন ভবতি (Learning cannot be acquired without labour)। ঋতেঽপি ত্বাং ন ভবিষ্যন্তি সর্বে (গীতা)।

২২। **अभितः परितःसमया-निकषा-हा-प्रतियोगेऽपि**—**অভিতঃ** (towards, on both sides of, before), **পরিতঃ** (around), **সময়া** (near), **নিকষা** (near), **হা** (fie on), এবং **প্রতি** (to, towards) শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, **গ্রামম্** অভিতঃ (towards the village), **গৃহং** পরিতঃ (around the house), **নগরং** সময়া নদী প্রবহতি (A river flows near the town), **গ্রামং** নিকষা বনম্ (The forest is near the village), হা **পাপিনম্** (Fie on the vicious), **দীনং** প্রতি দয়া (Kindness towards the poor), বুভুক্ষিতং ন প্রতিভাতি কিঞ্চিৎ।

২৩। **अन्तरान्तरेण युक्ते**—অন্তরা (between) ও অন্তরেণ (without) শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, স **ত্বাং মাং চ**

অন্তরা উপাবিশৎ (He sat between you and me), **শ্রমম্ অন্তরেণ** (without labour). পৃথক্, বিনা ও নানা শব্দের যোগেও দ্বিতীয়া হয়। (৪১৪ পৃঃ)।

২৪। **কর্ম্মপ্রবচনীয়-যুক্তে দ্বিতীয়া**—(১) কর্ম্মপ্রবচনীয়-যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। অনু, উপ, অভি, অতি প্রভৃতি অব্যয় স্বতন্ত্রভাবে বিভিন্ন অর্থে প্রযুক্ত হইলে উহাদিগকে কর্ম্মপ্রবচনীয় (Prepositions) বলে। ক্রিয়ার যোগ না থাকায় ইহারা তখন উপসর্গ হয় না। যথা, **জপ**মনু প্রাবর্ষৎ (It rained just after the muttering of prayers); **নদী**মন্ববসিতা সেনা (The army is joined with the river); অনু **হরিং** সুরাঃ (The gods are inferior to Hari); উপ **হরিং** সুরাঃ (The gods are inferior to Hari); ভক্তো **বিষ্ণুং** প্রতি, পরি, অনু বা (A man becomes a devotee of Vishnu by his devotion towards him); লক্ষ্মীঃ **হরিং** প্রতি পরি, অনু বা (লক্ষ্মী হরির ভাগে); **বৃক্ষং বৃক্ষং** প্রতি পরি, অনু বা সিঞ্চতি (waters one tree after another); **তরুম্** অভি বিদ্যোততে বিদ্যুৎ (The lightning flashes towards the tree); অতি **সুরান্** বিষ্ণুঃ (Vishnu is superior to the gods); অতি **দেবান্** কৃষ্ণঃ (Krishna surpasses the gods).

দ্রষ্টব্য। ২৯৩-২৯৪ পৃঃ ণিজন্ত ধাতুর ব্যবহার কালে কোথায় কোথায় প্রযোজ্য কর্ত্তা কর্ম হয়, দেখ।

Examples

সর্ব্বতঃ প্রাসাদং জাগ্রতি দণ্ডধারিণঃ—Guard keeps watch on all sides of the palace. উভয়তঃ কৃষ্ণং গোপাঃ—The cowherds are on both sides of Krishna. অধোঽধঃ

(১) অনুর্লক্ষণে। তৃতীয়ার্থে। হীনে। উপোঽধিকে চ। লক্ষণেত্থম্ভূ-তাখ্যানভাগবীপ্সাসু প্রতি পর্য্যনবঃ। অভিরভাগে। অতিরতিক্রমণে চ।

লোকং পাতাল:—Patala is below the world. স্থর্য্যং পরিতঃ পৃথিবী ভ্রাম্যতি—The earth moves round the sun. ধিক্ জাল্মান্—Fie upon the foolish.

পৃথিবীং পরিতঃ সিন্ধুঃ। সিন্ধুং সর্ব্বতঃ সলিলানি। সাগরমুভয়তঃ স্থানং সৈকতমুচ্যতে। বারাণসীং নিকষা প্রবহতি গঙ্গা। দিবসং গীতামধীতে। মৃদু পচতি। গ্রামং যাবৎ পন্থাঃ। শিশবো দ্রুতং ধাবন্তি। পন্থানম্ উভয়তঃ বহবো বৃক্ষা বর্ত্তন্তে। জ্ঞানমৃতে সুখং ন ভবতি। পাণ্ডবাঃ ত্রয়োদশ বর্ষাণি বনমধ্যুষুঃ। ক্রোশং কুটিলা নদী। শ্রমং বিনা কিমপি ন সিধ্যতি। তৎ যদি ত্বম্ এতান্ প্রতি বিরুদ্ধমাচরেঃ তব অমঙ্গলং ভবিষ্যতি।

———

করণকারক (Instrumental Case)

২৫। **সাধকতমং করণম্**—ক্রিয়ানিষ্পত্তির যে সর্ব্বপ্রধান উপায়, তাহাকে করণকারক বলে। যথা, **চক্ষুষা** পশ্যতি ; **কর্ণেন** শৃণোতি ; **হস্তেন** গৃহ্লাতি ; **দাত্রেণ** লুনাতি ; **যষ্ট্যা** প্রহরতি ; **শরেণ** বিধ্যতি।

তৃতীয়া-বিভক্তি (Third Case-ending)

২৬। **কর্তৃকরণয়োস্তৃতীয়া**—অনুক্ত কর্ত্তায় (অর্থাৎ কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যের কর্ত্তায়) এবং করণকারকে তৃতীয়া বিভক্তি হয়। যথা, **বালকেন** চন্দ্রঃ দৃশ্যতে (The moon is being seen by a boy); **শিশুনা** রুদ্যতে (the child is crying); বালকঃ **হস্তেন** পুস্তকং

গৃহ্লাতি (The boy is taking a book with his hand) ; রমেশঃ **যষ্ট্যা** শ্বানং প্রহরতি (Ramesh is beating a dog with a stick).

২৭। **সহযুক্তেঽপ্রধানে**—সহার্থ (সহ, সার্দ্ধম্, সাকম্ ও সমম্) শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয় (১)। যথা, রামঃ **সীতয়া লক্ষ্মণেন** চ সহ বনং জগাম। **কেনাপি** সার্দ্ধং বিরোধো ন কর্ত্তব্যঃ। **পিত্রা** সহ, **পিত্রা** সার্দ্ধম্, **পিত্রা** সাকম্, **পিত্রা** সমম্ (with father)। সহার্থ শব্দের অপ্রয়োগেও তৃতীয়া বিভক্তি হয়। যথা, পিতা **পুত্রেণ** গচ্ছতি (Father goes with his son), পুত্রেণ সহ ইত্যর্থঃ।

২৮। **ঊন-বারণ-প্রয়োজনার্থৈশ্চ**—(২) উনার্থ (উন, হীন, শূন্য, রহিত), বারণার্থ (অলম্, কৃতম্, কিম্) ও প্রয়োজনার্থ (প্রয়োজন, অর্থ, কার্য্য, গুণ) শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। (এই ২৮।সূত্রটি পাণিনির নহে।) যথা, উনার্থে—**একেন** উনঃ (less by one) ; স **বিদ্যয়া** হীনঃ (He is devoid of learning) ; জ্ঞানী **অহঙ্কারেণ** শূন্যঃ (A learned man is devoid of pride) ; বারণার্থে—অলং **বিবাদেন, কলহেন** কিম্ (no use of quarrelling) ; প্রয়োজনার্থে—**ধনেন** প্রয়োজনম্ ; কোঽর্থঃ **কলহেন** (What is the use of quarrelling) ? কিং কার্যং যুদ্ধেন।

২৯। **অপবর্গে তৃতীয়া**—অপবর্গ অর্থাৎ ক্রিয়াসমাপ্তি ও ফলপ্রাপ্তি বুঝাইলে, অধ্ববাচক ও কালবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, অধ্ববাচক—**ক্রোশেনা**নুবাকোঽধীতঃ (A chapter of the Vedas was learnt in a *krosa* i. e. while going over

---

(১) সাকং সার্দ্ধং সমং যোগেঽপি।

(২) এই সূত্রের সকল স্থলেই পাণিনিমতে **করণে** তৃতীয়া। গম্যমানাপি ক্রিয়া কারকবিভক্তৌ প্রযোজিকা (বা)—ক্রিয়া উহ্য থাকিলেও উহার যোগে কারকবিভক্তি হয়। যথা, কলহেন কিম্, শ্রমেণ অলম্ ইত্যাদি স্থলে 'কলেহন কিং সাধ্যতে, শ্রমেণ সাধ্যং নাস্তি' এইরূপ গম্যমান সাধনক্রিয়ার করণে তৃতীয়া।

a *krosa*); কালবাচক—**ত্রিভিরহোভিঃ** কৃতম্ (done in three days); **তেন মাসেন** ব্যাকরণধীতম্ (অর্থাৎ, সে একমাসে ব্যাকরণ পড়িয়া শেষ করিয়াছে ও তদ্বিষয়ক জ্ঞান লাভ করিয়াছে)। কিন্তু—স মাসং ব্যাকরণমপঠৎ (He studied Grammar for a month, but could not master it), এস্থলে ব্যাকরণ অধ্যয়ন পরিসমাপ্ত হয় নাই ও ফলপ্রাপ্তিও হয় নাই, এজন্য 'মাস' শব্দের উত্তর তৃতীয়া না হইয়া দ্বিতীয়া বিভক্তি হইল।

২০। **যেনাঙ্গবিকারঃ**—যে অঙ্গ বিকৃত হওয়াতে অঙ্গীর বিকার লক্ষিত হয়, সেই অঙ্গবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, **চক্ষুষা** কানঃ (blind of one eye), **পাদেন** খঞ্জঃ (lame of one leg), **কর্ণেন** বধিরঃ, **পৃষ্ঠেন** কুব্জঃ। বপুষা চতুর্ভুজঃ। মুখেন ত্রিলোচনঃ।

২১। **ইত্থম্ভূতলক্ষণে**—যে লক্ষণ অর্থাৎ চিহ্নদ্বারা কোনও ব্যক্তি বা বস্তু সূচিত হয়, সেই লক্ষণবোধক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, অহং **জটাভিঃ** তাপসমপশ্যম্। স **ভূষাভিঃ** শিশুমদর্শৎ। **ছত্রেণ** ছাত্রমদ্রাক্ষম্ অহম্।

২২। **প্রকৃত্যাদিভ্য উপসংখ্যানম্**—স্থলবিশেষে 'প্রকৃতি' প্রভৃতি শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, **প্রকৃত্যা** চারুঃ (beautiful by nature), **স্বভাবেন** সরলঃ (simple by nature), **আকৃত্যা** সুন্দরঃ, **জাত্যা** ব্রাহ্মণঃ (Brahmana by caste), **গোত্রেণ** শাণ্ডিল্যঃ, **নাম্না** সোমরাতঃ, **প্রায়েণ** দুঃখিতঃ, **বেগেন** গচ্ছতি, **ত্বরয়া** ধাবতি, **যত্নেন** লিখতি, **সুখেন** স্বপিতি, **দুঃখেন** যাতি, **ক্লেশেন** বদতি, **সমেন** এতি, **চরিতেন** দান্তঃ।

Examples

প্রকৃত্যা মধুরং গবাং পয়ঃ। শরীরেণ সমং নাশং সর্ব্বমন্যত্তু গচ্ছতি। তানি চ বাহুল্যেন ভোজনানি ভবিষ্যন্তি। শক্রুণা ন হি সন্দধ্যাৎ

সুশ্লিষ্টেনাপি সন্ধিনা। যদি জীবিতেন শ্রিয়া বা প্রয়োজনমস্তি। অনেন সদৃশো লোকে ন ভূতো ন ভবিষ্যতি। লোচনাভ্যাং বিহীনস্য দর্পণঃ কিং করিষ্যতি। পুণ্যেন দৃষ্টো হরিঃ। রথী রথেন সঞ্চরতে। শতেন ক্রীতঃ। তৃণেনাপি কার্য্যং ভবতি। সুখেন কালং নিনায়। কৃতম্ অত্যাদরেণ (অধিক আদরের প্রয়োজন নাই)। ন তেন মূর্দ্ধা হরিরগ্রহীদপঃ। শশাম বৃষ্ট্যাপি বিনা দবাগ্নিঃ। দণ্ডেন চক্রং ভ্রময়তি কুম্ভকারঃ। ভৃত্যঃ পৃষ্ঠেন কুব্জঃ। কর্ণাভ্যাং বধিরঃ কিমপি ন শৃণোতি। ধর্ম্মেণ হীনাঃ পশুভিঃ সমানাঃ। প্রকৃত্যা চারুরসৌ বালকঃ। সুখেন গচ্ছতি পান্থঃ। ত্রিভির্মাসৈঃ ব্যাকরণমধীতং শিষ্যেণ। অন্নেন বসতি ভিক্ষুঃ। কুশলেনাধ্বনা মাং রাজধানীং নয়। কিং কুলেন বিশালেন গুণৈর্হীনস্তু যো নরঃ। শশিনা সহ যাতি কৌমুদী। অলম্ সাহসেন। ন মমাস্তি অন্নেন প্রয়োজনম্। সুরা ঋষিভিঃ সাকং তং কুমারং শরণং যযুঃ। তেনাহম্ ইত্থং সুখেন তিষ্ঠামি। কালেন তয়োঃ পঞ্চ পুত্রা অভবন্। অনয়া শ্রিয়া নাস্তি মে সন্তোষঃ। ক্রমেণ বয়ং গুরোর্গৃহং প্রাপ্তাঃ। অলং মহীপাল! তব শ্রমেণ। কিয়তা মূল্যেনৈতৎ পুস্তকং গৃহীতম্? পরময়া ভক্ত্যা জগদীশং স্মরেৎ। ভয়েন লজ্জয়া চ তে পরস্পরং নালপন্তি স্ম। কিয়তা কালেন পিতা তস্য পরলোকং গতঃ।

সম্প্রদান কারক—(Dative Case)

২২। **কর্ম্মণা যমভিপ্রৈতি স সম্প্রদানম্**—কর্ত্তা দানক্রিয়ার কর্ম্মদ্বারা যাহাকে সম্বন্ধযুক্ত করিতে ইচ্ছা করেন, তাহাকে সম্প্রদানকারক বলে। যথা, রাজা **দরিদ্রায়** ধনং দদাতি (The king is giving money to a poor man); স **ভিক্ষবে** ভিক্ষাং দদাতি; নরঃ সর্ব্বস্বং **গুরবে** দদ্যাৎ।

২৪। **রুচ্যর্থানাং প্রীয়মাণঃ**—রুচ্যর্থ ধাতুর প্রয়োগে প্রীয়মাণ (যে প্রীত হয়, বা যাহার রুচি হয়, সে) সম্প্রদানকারক হয়। যথা, **শিশবে** মোদকঃ রোচতে (the boy likes sweetmeats); ইদং **মহ্যং** স্বদতে (it is liked by me).

২৫। **ধারেরুত্তমর্ণঃ**—ধারি (to owe) ধাতুর প্রয়োগে উত্তমর্ণ (creditor) সম্প্রদানকারক হয়। যথা, স **তুভ্যং** শতং ধারয়তি (He owes you a hundred rupees); ত্বং **মহ্যং** সহস্রং ধারয়সি।

২৬। **স্পৃহেরীপ্সিতঃ**—'স্পৃহি' (to long for) ধাতুর প্রয়োগে কর্ত্তার ঈপ্সিত (অর্থাৎ কর্ত্তা যাহা পাইতে ইচ্ছা করে, তাহা) সম্প্রদান-কারক হয়। যথা, কৃপণঃ **ধনায়** স্পৃহয়তি (The miser longs for wealth); স **পুষ্পেভ্যঃ** স্পৃহয়তি (He longs for flowers) (১)।

২৭। **ক্রিয়য়া যমভিপ্রতি সোঽপি সম্প্রদানম্**—কর্ত্তা ক্রিয়াদ্বারা যাহাকে অভিপ্রায় করে (অর্থাৎ যাহার প্রীতিজননাদির উদ্দেশ্যে ক্রিয়া অনুষ্ঠিত হয়), তাহা সম্প্রদানকারক হয়। যথা, পিতা **শিশবে** ক্রীড়নকমানয়তি (Father brings a toy for his child); মাতা **পুত্রায়** চন্দ্রং দর্শয়তি (Mother shows the moon to her son); শিষ্যো **গুরবে** দক্ষিণামাহরতি; স **রাজ্ঞে** সর্ব্বং নিবেদয়তি; ভোজঃ **রঘবে** দূতং প্রেরয়ামাস; স **পিত্রে** কথয়তি। তুভ্যমুপদিশামি।

২৮। **ক্রুধদ্রুহের্ষ্যাসূয়ার্থানাং যং প্রতি কোপঃ**—ক্রোধার্থক, দ্রোহার্থক, ঈর্ষ্যার্থক ও অসূয়ার্থক ধাতুর প্রয়োগে যাহার প্রতি ক্রোধাদি প্রকাশ

---

(১) প্রকর্ষবিবক্ষায়াস্তু পরত্বাৎ কর্ম্মসংজ্ঞা। পাইবার ইচ্ছা অত্যন্ত অধিক হইলে স্পৃহি ধাতুর প্রয়োগে ঈপ্সিত কর্ম্মকারক হয; কিন্তু সামান্যমাত্র ইচ্ছা বুঝাইলে উহা সম্প্রদানকারক হয়। যথা, স পুষ্পাণি স্পৃহয়তি (He longs ardently for flowers), সঃ পুষ্পেভ্যঃ স্পৃহয়তি (He longs for flowers).

প্রকাশ করা যায়, সে সম্প্রদানকারক হয়। যথা, প্রভুঃ **ভৃত্যায়** ক্রুধ্যতি (The master becomes angry with servant); স **শত্রবে** দ্রুহ্যতি (he bears hatred towards the enemy); খলঃ **প্রতিবেশিনে** ঈর্ষ্যতি (A wicked man is jealous of his neighbour); বীরঃ **প্রতিদ্বন্দ্বিনে** অসূয়তি (A hero is jealous of his rival). (ক্রোধ = অমর্ষ ; দ্রোহ = অপকার ; ঈর্ষ্যা = অক্ষমা ; অসূয়া—গুণে দোষ বাহির করা)।

৩৯। **প্রত্যাঙ্‌ভ্যাং শ্রুবঃ পূর্ব্বস্য কর্ত্তা**—প্রতি-পূর্বক ও আঙ্-পূর্বক **শ্রু**-ধাতুর প্রয়োগে যে পূর্বে প্রতিশ্রুতি দান করিতে প্রবৃত্তি দান করে, সে সম্প্রদানকারক হয়। যথা, রাজা **দরিদ্রায়** ধনং প্রতিশৃণোতি আশৃণোতি বা (The king promises wealth to the poor man after being solicited), দরিদ্রেণ মহ্যং দেহীতি প্রবর্ত্তিতঃ প্রতিজানীতে ইত্যর্থঃ।

৪০। **রাধীক্ষ্যোর্যস্য বিপ্রশ্নঃ**—রাধ্ ও ঈক্ষ্ (শুভাশুভ পর্য্যালোচনা করা) ধাতুর প্রয়োগে যাহার সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসা করা হয়, সে সম্প্রদানকারক হয়। যথা, গর্গঃ **কৃষ্ণায়** রাধ্যতি ঈক্ষতে বা—পৃষ্টো গর্গঃ শুভাশুভং পর্য্যালোচয়তীত্যর্থঃ। গর্গ—যদুবংশের পুরোহিত।

৪১। **পরিক্রয়ণে সম্প্রদানমন্যতরস্যাম্**—**পরিক্রয়ণ** (নির্দিষ্ট কালের জন্য বেতনাদির দ্বারা স্বীকরণ, to purchase for hire for a fixed period) অর্থে করণকারক বিকল্পে সম্প্রদানকারক হয়। যথা, **শতায়** (শতেন বা) পরিক্রীতং গৃহমিদম্ (This house was hired for a fixed period with one hundread rupees).

চতুর্থী বিভক্তি (Fourth Case-ending)

৪২। **চতুর্থী সম্প্রদানে**—সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়। যথা, বালকঃ **দরিদ্রায়** ধনং যচ্ছতি (A boy gives money to the poor man); স **ভিক্ষবে** ভিক্ষাং দদাতি।

৪৩। তাদর্থ্যে—(১) তাদর্থ্য বুঝাইলে, অর্থাৎ কোন বস্তু বা ক্রিয়া যাহার নিমিত্ত অভিপ্রেত হয়, তাহাতে চতুর্থী বিভক্তি হয়। যথা, **যূপায়** দারু (wood for sacrificial post) ; **কুণ্ডলায়** হিরণ্যম্ ; **অশ্বায়** ঘাসঃ ; **রন্ধনায়** স্থালী (a pot for cooking) ; **জ্ঞানায়** অধ্যয়নম্ ; **দানায়** ধনোপার্জ্জনম্ ; **মুক্তয়ে** হরিং ভজতি।

৪৪। নিবৃত্তৌ নিবর্ত্তনীয়াৎ—(২) নিবৃত্তি (নিবারণ) বুঝাইলে নিবর্ত্তনীয় অর্থাৎ যাহাকে নিবারণ করা হয় তাহাতে চতুর্থী বিভক্তি হয়। যথা, **মশকায়** ধূমঃ, মশকনিবৃত্তয়ে ইত্যর্থঃ ; **আতপায়** ছত্রম্, আতপ-নিবৃত্তয়ে ইত্যর্থঃ; **পিপাসায়ৈ** জলম্, পিপাসানিবৃত্তয়ে ইত্যর্থঃ, **তাপায়** স্নানম্, তাপনিবৃত্তয়ে ইত্যর্থঃ ; **রোগায়** ঔষধম্, রোগনিবৃত্তয়ে ইত্যর্থঃ ; **পাপায়** প্রায়শ্চিত্তম্, পাপনিবৃত্তয়ে ইত্যর্থঃ।

৪৫। কল্‌পি সম্পদ্যমানে চ—ক৯প্, জন্, ভূ, সম্-পূর্বক পদ্ প্রভৃতি ধাতুর প্রয়োগে সম্পদ্যমানের (যাহাতে পরিণত হয়, তাহার) উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা, ভক্তিঃ **জ্ঞানায়** কল্পতে (Devotion leads to knowledge); জ্ঞানং **সুখায়** জায়তে (Knowledge conduces to happiness) ; ধর্মঃ **সুখায়** ভবতি ; অধর্মঃ **নরকায়** সম্পদ্যতে।

৪৬। মন্যকর্মণ্যনাদরে বিভাষাऽপ্রাণিষু—অনাদর (অবজ্ঞা) বুঝাইলে দিবাদিগণীয় মন্-ধাতুর অবজ্ঞাবোধক কর্মে বিকল্পে চতুর্থী বিভক্তি হয়। যথা, স ত্বাং **তৃণায়** (তৃণং বা) ন মন্যতে (He does not care a straw for you) ; নাহং ত্বাং **কুক্কুরায়** (কুক্কুরং বা)

(১) তাদর্থ্যে চতুর্থী বাচ্যা। (তস্মৈ ইদম্=তদর্থম্, তস্য ভাবঃ)।

(২) পাণিনির এইরূপ সূত্র নাই। তন্মতে এখানে **তাদর্থ্যে** চতুর্থী। মশক শব্দের অর্থ লক্ষণাদ্বারা মশকনিবৃত্তি। অন্যান্য স্থলেও এইরূপ। অথবা 'মশকং নিবারয়িতুং ধূমঃ' এইরূপ যোজনাবশতঃ এই সকল স্থলে "ক্রিয়ার্থোপপদস্য"...ইতি পরবত সূত্র অনুসারে চতুর্থী।

মন্যে (I do not deem you as a dog). শৃগাল, কাক, শুক, নৌ ও অন্ন (১) ইহাদের কোন একটি কর্ম হইলে চতুর্থী বিভক্তি হয় না। যথা, ত্বামহং শৃগালং ন মন্যে (I do not consider you a jackal). এখানে 'শৃগালায়' হইবে না (২)।

৪৭। **গত্যর্থকর্ম্মণি দ্বিতীয়াচতুর্থ্যৌ চেষ্টায়ামনধ্বনি**—চেষ্টা (শারীরিক প্রযত্ন) বুঝাইলে গমনার্থ ধাতুর কর্মে বিকল্পে চতুর্থী বিভক্তি হয়। যথা, ব্রাহ্মণঃ **গ্রামায়** (গ্রামং বা) গচ্ছতি (The Brahmin goes to a village); কৃষ্ণঃ **ব্রজায়** (ব্রজং বা) ব্রজতি (Krishna goes to the cow-pen); চেষ্টা (অর্থাৎ শারীরিক প্রযত্নে গমন) না বুঝাইলে চতুর্থী হয় না; যথা, স মনসা **মথুরাং** গচ্ছতি (He goes to Mathura mentally). এখানে 'মথুরায়ৈ' হইবে না। **অধ্ববাচক** (পথবাচক) শব্দ কর্ম হইলে চতুর্থী বিভক্তি হয় না, কেবল দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, সোঽধ্বানং গচ্ছতি, স পন্থানং গচ্ছতি (He goes to a path), এখানে 'অধ্বনে' ও 'পথে' হইবে না।

৪৮। **ক্রিয়ার্থোপপদস্য চ কর্ম্মণি স্থানিনঃ**—(৩) তুমুন্ প্রত্যয়ান্ত পদ উহ্য (understood) থাকিলে, তাহার কর্মে চতুর্থী বিভক্তি হয়। যথা, বালকঃ **ফলেভ্যঃ** উদ্যানং যাতি (The boy

---

(১) অপ্রাণিষু ইত্যপনীয় নৌকাকান্ন-শুক-শৃগাল-বর্জ্জেষ ইতি বাচ্যম্। (বা)

(২) বহু বৈয়াকরণের মতে এই সূত্রের উদাহরণে নঞ্ আবশ্যক, অন্যথা সম্যক্ অনাদর প্রতীতি হয় না; কিন্তু নঞ্ ভিন্নও বহু শিষ্টপ্রয়োগ আছে। যথা, তৃণায় মন্যতে ভোগান্; মন্যে তৃণায় স্বরাজ্যম্; তৃণায় মত্বা রঘুনন্দনোঽথ বাণেন রক্ষঃ প্রধনান্নিরাস্থৎ।

(৩) ক্রিয়ার্থা ক্রিয়া উপপদং যস্য তস্য স্থানিনঃ (অপ্রযুজ্যমানস্য) তুমুনঃ কর্ম্মণি চতুর্থী স্যাৎ। যস্য কৃৎপ্রত্যয়স্য বিধৌ 'ক্রিয়ার্থা ক্রিয়া' ইত্যেতদুপপদত্বেন নির্দ্দিশ্যতে স ক্রিয়ার্থোপপদঃ। স চ বিধিঃ 'তুমুন্ণ্বুলৌ ক্রিয়ায়াং ক্রিয়ার্থায়াম্' ইতি। তেন তুমুন্ ণ্বুল্ চ ইহ লক্ষ্যেতে।

goes to the garden to bring fruits), ফলানি আহর্ত্তুং যাতি ইত্যর্থঃ। এখানে 'আহর্ত্তুম্' এই তুমুন্ প্রত্যয়ান্ত পদ উহ্য থাকায় কর্ম 'ফলানি' স্থলে চতুর্থী বিভক্তি হইয়াছে।

৪৯। **তুমর্থাচ্চ ভাববচনাৎ**—তুমুন্ প্রত্যয়ের অর্থে ভাববাচ্যনিষ্পন্ন শব্দ ব্যবহৃত হইলে, তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা, স **পাকায়** যাতি (He goes to cook), পক্তুং যাতি ইত্যর্থঃ; এখানে 'পক্তুম্' এই তুমন্ত পদের পরিবর্ত্তে ভাববাচ্য নিষ্পন্ন 'পাক' (পচ্+তুমর্থে ভাবে ঘঞ্) শব্দ চতুর্থী বিভক্তি যুক্ত হইয়া ব্যবহৃত হইয়াছে। এইরূপ যাজ্ঞিকঃ **যাগায়** যাতি, যষ্টুং যাতীত্যর্থঃ।

৫০। **নমঃ-স্বস্তি-স্বাহা-স্বধালং-বষড্-যোগাচ্চ** (বা)—নমস্, স্বস্তি, স্বাহা, স্বধা, সমর্থার্থক শব্দ (১) এবং বষট্ শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা, **শিবায়** নমঃ (Salutation to Siva); **গুরবে** নমঃ; **প্রজাভ্যঃ** স্বস্তি অস্তু (May it conduce to the welfare of the subjects); **অগ্নয়ে** স্বাহা (This offering is to fire); **পিতৃভ্যঃ** স্বাহা (This oblation is to the Manes); **ইন্দ্রায়** বষট্ (This offering is to Indra); সমর্থার্থক শব্দ ও ধাতু—অলম্, শক্তঃ, সমর্থঃ, প্রভুঃ, প্রভবতি, শক্নোতি ইত্যাদি। যথা, অলং **মল্লো** মল্লায় (One wrestler is a match for another); শক্তঃ **মল্লো** মল্লায়, সমর্থঃ **মল্লো** মল্লায়; প্রভুঃ **মল্লো** মল্লায়, প্রভবতি **মল্লো** মল্লায়; শক্নোতি **মল্লো** মল্লায়। প্রভু, গ্রামণী প্রভৃতি শব্দের যোগে ষষ্ঠীও হয়। যথা, প্রভুর্বুভূর্ভুবনত্রয়স্য যঃ; স এষাং গ্রামণীঃ (He is the master of these men).

নমস্ শব্দের সহিত কৃ-ধাতুর যোগ থাকিলে চতুর্থী বিভক্তি না হইয়া কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়। **উপপদবিভক্তেঃ কারকবিভক্তি-**

---

(১) অলমিতি পর্য্যাপ্ত্যর্থগ্রহণম্—সি-কৌ।

র্বলীয়সী' (মহাভাষ্য)—উপপদ-বিভক্তি (কোনও শব্দের যোগে যে বিভক্তি হয়) অপেক্ষা কারক-বিভক্তির শক্তি অধিক। যথা, বালকঃ নারায়ণং নমস্করোতি (The boy bows down to Narayana), স দেবান্ নমস্করোতি, পিতরৌ নমস্কুরু—এ সকল স্থলে নমস্ + কৃ ধাতুর কর্ম্মকারকে দ্বিতীয়া হইল।

নৃসিংহায় নমস্কুর্ম্মঃ (নৃসিংহমনুকূলয়িতুং নমস্কুর্মঃ ইত্যর্থঃ), স্বয়ম্ভুবে নমস্কৃত্য (স্বয়ম্ভুবং প্রসাদয়িতুং নমস্কৃত্য ইত্যর্থঃ) ইত্যাদি স্থলে 'ক্রিয়ার্থোপপদস্য চ কর্ম্মণি স্থানিনঃ' এই সূত্র অনুসারে পূর্ব্বোক্ত অর্থে চতুর্থী হইয়াছে। (নমস্ যোগে নহে)

৫১। **হিতযোগে চ (বা)**—হিতশব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা, **পুত্রায়** হিতম্ (Good for the son); **ব্রাহ্মণায়** হিতম্ (Good for a Brahmin)।

৫২। **উত্পাতেন জ্ঞাপিতে চ**—(পা) উৎপাতের দ্বারা যাহা সূচিত হয়, তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয় যথা, **বাতায়** কপিলা বিদ্যুৎ (Tawny lightning portends storm). বিদ্যুতের স্বাভাবিক বর্ণ লাল। কপিল বর্ণ ধারণ করিলে 'ঝড় হইবে' এইরূপ সূচনা করে (১)।

Examples

উপদেশো হি মূর্খাণাং প্রকোপায় ন শান্তয়ে। বিপ্রায় গাং দদাতি। মুক্তয়ে হরিং ভজতি। সমিধঃ আহরণায় প্রস্থিতাঃ বয়ম্। দরিদ্রেভ্যো ধনং দেহি। পাকায় স্থালীং ক্রীণাতি ভৃত্যঃ। সুখিয়ে সুখং ভবতু। প্রজাভ্যো হিতমস্তু। কুণ্ডলায় হিরণ্যং দদাতি শ্বশ্রূঃ। ধনিনামর্থাঃ লোকহিতায় ভবন্তু। দৌঃশীল্যং কস্য ভূতয়ে ? রত্নময়ং হারং প্রাপ্য সর্ব্বং স্বং (ধনং) তৃণায় মন্যমানঃ পরাং প্রীতিমবাপ। জগতীহ যৎ কিঞ্চিৎ ঘটতে তৎ সর্ব্বমেব শুভায়। বিধাত্রা যদেব বিধীয়তে

(১) বাতায় কপিলা বিদ্যুৎ সাতপায়াতিলোহিনী।
পীতা বর্ষায় বিজ্ঞেয়া দুর্ভিক্ষায় সিতা ভবেৎ॥

তদেব কল্যাণায়। তিরশ্চামপি প্রজ্ঞা শ্রেয়সে, ন তু পরাক্রমঃ কলহোঽয়ং ক্ষয়ায় ভবিষ্যতি। সুহৃদামিদানীং দুঃখায়ৈব রামস্য দর্শনম্।

অপাদান কারক (Ablative Case)

৫৩। **ধ্রুবমপায়েঽপাদানম্**—যাহা হইতে অপায় বা বিশ্লেষ (separation) হয়, তাহাকে অপাদান কারক বলে। যথা, **বৃক্ষাৎ** পত্রং পততি (The leaf falls from the tree)। **গ্রামাৎ** আগচ্ছতি ; **হস্তাদ্** ভ্রষ্টঃ ; **জলাদ্** উত্থিতঃ ; **গৃহাৎ** প্রস্থিতঃ ; **বিদেশাৎ** প্রত্যাগতঃ।

৫৪। **ভীত্রার্থানাং ভয়হেতুঃ**—ভয়ার্থ ও ত্রাণার্থ ধাতুর প্রয়োগে ভয়ের যে হেতু, তাহা অপাদান কারক হয়। যথা, স **ব্যাঘ্রাৎ** বিভেতি (He is afraid of the tiger) ; সর্পঃ **নকুলাৎ** ত্রস্যতি ; ছত্রম্ **আতপাত্** ত্রায়তে ; রক্ষ মাং **বিপদঃ**।

৫৫। **পরাজেরসোঢ়ঃ**—পরাপূর্ব্বক-জি ধাতুর প্রয়োগে অসহ্য বিষয় অপাদান কারক হয়। যথা, বালকঃ **অধ্যয়নাৎ** পরাজয়তে (The boy finds study unbearable or is tired of study) ; স **পাপাৎ** পরাজয়তে (He is unable to bear with sin).

৫৬। **বারণার্থানামীপ্সিতঃ**—বারণার্থ ধাতুর প্রয়োগে যাহাকে বারণ করা হয়, তাহার ঈপ্সিত অর্থাৎ আকাঙ্ক্ষিত পদার্থ অপাদান কারক হয়। যথা, **অন্নেভ্যঃ** কাকং বারয়তি (He keeps off the crow from food)। **ব্যসনাৎ** পুত্রং নিবারয় (Ward off the son from sin) ; **যবেভ্যশ্**ছাগং নিষেধতি।

৫৭। **অন্তর্দ্ধৌ যেনাদর্শনমিচ্ছতি**—অন্তর্দ্ধান বুঝাইলে যাহার অদর্শন, অর্থাৎ যে দেখিতে না পাউক, কর্ত্তা এরূপ ইচ্ছা করে, তাহা অপাদান কারক হয়। যথা, শিষ্যো **গুরোর**ন্তর্দ্ধত্তে (The disciple hides himself from the preceptor) ; **পিতুর্**নিলীয়তে পুত্রঃ

(The son conceals himself from his father), **দস্যো-র্লুকায়তে** মাধবঃ ; গুরুঃ পিতা দস্যুর্বা ন মাং পশ্যেদিতি লজ্জয়া ভয়েন বা তদ্দর্শনপথাদপসরতীত্যর্থঃ।

৫৮। **আখ্যাতোপযোগে**—উপযোগ, অর্থাৎ নিয়মপূর্ব্বক বিদ্যাগ্রহণ বুঝাইলে অধ্যাপয়িতা (teacher) অপাদানকারক হয়। যথা, ছাত্রঃ **উপাধ্যায়াৎ** শাস্ত্রম্ অধীতে। শিষ্যঃ **গুরোঃ** বেদং পঠতি।

৫৯। **জনিকর্ত্তুঃ প্রকৃতিঃ**—যাহা জন্মে, তাহার উৎপত্তির কারণ অপাদানকারক হয়। (**জনি=জন্ম**) যথা, **বীজাৎ** অঙ্কুরো জায়তে। **দুগ্ধাৎ** ঘৃতম্ উৎপদ্যতে; **ধর্ম্মাৎ** সুখং ভবতি ; **অধর্ম্মাৎ** দুঃখম্ উদ্ভবতি; **পুষ্পাৎ** ফলং প্রজায়তে ; **ব্রহ্মণঃ** প্রজাঃ প্রজায়ন্তে।

৬০। **ভুবঃ প্রভবঃ**—ভূ-ধাতুর প্রয়োগে আবির্ভাবভূমি (প্রথম প্রকাশস্থান) অপাদানকারক হয়। যথা, **হিমালয়াৎ** গঙ্গা প্রভবতি (The Ganges rises in the Himalayas) ; **বল্মীকাগ্রাৎ** প্রভবতি ধনুঃখণ্ডমাখণ্ডলস্য, তত্র প্রথমং প্রকাশতে ইত্যর্থঃ।

৬১। **জুগুপ্সা-বিরাম-প্রমাদার্থানামুপসংখ্যানম্** (বা)—জুগুপ্সা (অবজ্ঞা), বিরাম (বিরতি) ও প্রমাদার্থ (ভ্রমার্থ) ধাতুর প্রয়োগে জুগুপ্সাদির বিষয় অপাদানকারক হয়। যথা, **পাপাদ্** জুগুপ্সতে (hates sin), **নরকাৎ** বীভৎসতে, **অধ্যয়নাৎ** বিরমতি (desists from studying) ; **কলহাৎ** নিবর্ত্ততে ; **ধর্মাৎ** প্রমাদ্যতি (swerves from duty) ; **অধ্যয়নাৎ** অনবধানম্।

পঞ্চমী বিভক্তি (Fifth Case-ending)

৬২। **অপাদানে পঞ্চমী**—অপাদান কারকে পঞ্চমী বিভক্তি হয়। যথা, **অশ্বাৎ** পতিতঃ (fallen from a horse), **গৃহাচ্চ**লিতঃ, **জলাদু**ত্থিতঃ।

৬৩। **ল্যব্‌লোপে কর্ম্মণ্যধিকরণে চ**—ল্যপ্-প্রত্যয়ান্ত পদের অপ্রয়োগে কর্ম্ম ও অধিকরণে পঞ্চমী বিভক্তি হয়। যথা, **প্রাসাদাৎ** প্রেক্ষতে (sees from the palace), প্রাসাদমারুহ্য ইত্যর্থঃ। **আসনাদ্** অবলোকয়তি, আসনে উপবিশ্য ইত্যর্থঃ। শ্বশুরাল্লজ্জতে, ত্রপতে, জিহ্রেতি বা—গুরুর নিকট লজ্জিত হইতেছে, গুরুমবলোক্য লজ্জতে—এইরূপ অর্থ।

৬৪। **যতশ্চাধ্বকালনির্মাণম্**—কালপরিমাণ ও অধ্ব-পরিমাণ বুঝাইলে অবধিবোধক শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা, কাল-পরিমাণ—**অগ্রহায়ণাৎ** পঞ্চ মাসাঃ (five months from Agrahayana); **মাঘাৎ** তৃতীয়ে মাসি, **বিবাহাৎ** সপ্তমে দিনে। অধ্বপরিমাণ—**পাটলিপুত্রাৎ** শতং ক্রোশাঃ, **প্রয়াগাৎ** ত্রিংশৎ ক্রোশাঃ, **কুরুক্ষেত্রাৎ** দশ যোজনানি।

৬৫। **পঞ্চমী বিভক্তে**—ভিন্নজাতীয় দুই বা বহুর মধ্যে একের পৃথক্‌করণ বুঝাইলে যাহা হইতে ভেদ প্রদর্শিত হয়, তাহার উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা, **ধনাৎ** বিদ্যা গরীয়সী (learing is superior to riches); চৈত্রো **মৈত্রাৎ** বলীয়ান্; পৌরাঃ **জানপদেভ্যঃ** আঢ্যতরাঃ (The citizens are richer than the country-men)

৬৬। **অন্যারাদিতরর্ত্তে-দিক্‌শব্দাঞ্চূত্তরপদাজাহিযুক্তে**—অন্যার্থ, আরাৎ (দূর বা নিকট). ইতর (ভিন্ন), ঋতে (ব্যতীত), দিগ্-দেশ-কালবাচক শব্দ, প্রাচ্, প্রত্যচ্ প্রভৃতি (অঞ্চূত্তর পদ) শব্দ এবং আচ্-প্রত্যয়ান্ত ও আহি-প্রত্যয়ান্ত শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা, **মিত্রাৎ** অন্যঃ (ভিন্নঃ ইতরো বা) কো মাং ত্রাতুং সমর্থঃ (Who but my friend, can save me); **দেবদত্তাৎ** অন্যঃ (ভিন্নঃ, বিলক্ষণো বা) কঃ ইদং কুর্য্যাৎ (Who but Devadatta can do this ?); **কৃষ্ণাৎ** আরাৎ (far from or near Krishna);

দেবদত্তাৎ ইতরঃ (other than Devadatta); ঋতে-যোগে পক্ষে দ্বিতীয়া, **কৃষ্ণাৎ কৃষ্ণং** বা ঋতে (excepting Krishna); দিগ্‌বাচক **গ্রামাৎ** পূর্ব্বঃ, **গৃহাৎ** উত্তরঃ ; দেশবাচক— চৈত্রো **মৈত্রাৎ** পূর্ব্বদেশে ; কালবাচক—**চৈত্রাৎ** পূর্ব্বঃ ফাল্গুন ; অঞ্চূত্তরপদ—**ভোজনাৎ** প্রাক্, **গ্রামাৎ** প্রত্যক্ ; আচ্‌ প্রত্যয়ান্ত—**উত্থানা**দুত্তরা গৃহম্ (The house is to the north of the garden), **হিমালয়াৎ** দক্ষিণা ভারতবর্ষম্ (India is to the south of the Himalayas) ; আহি প্রত্যয়ান্ত—**প্রয়াগাৎ** দক্ষিণাহি বিন্ধ্যঃ (The Vindhya is to the south of Prayaga) ; **গৃহাৎ** উত্তরাহি সরঃ (The lake is to the north of the house).

৫৭। **পঞ্চম্যাপাঙ্‌-পরিভিঃ**—বর্জ্জন (exclusion) অর্থে অপ ও পরি, এবং মর্য্যাদা (সীমা) ও অভিবিধি (ব্যাপ্তি) অর্থে আঙ্‌ শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা, অপ **হরেঃ** সংসারঃ, পরি **হরেঃ** সংসারঃ (Worldly attachments exclude Hari) ; আ **মুক্তেঃ** (মর্য্যাদা) সংসারঃ (Worldly attachments persist until salvation) ; আ **সকলাৎ** (অভিবিধি) ব্রহ্ম (Brahman includes everything).

৫৮। **প্রভৃত্যর্থ-বহির্যোগে**—(১) প্রভৃতি (অব্যয়), আরভ্য ও বহিস্ শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা, **শৈশবাৎ** প্রভৃতি, আরভ্য বা (beginning from child-hood) সেব্যো হরিঃ ; **গৃহাৎ** বহিঃ outside the house)। **অধিক** শব্দের যোগে পঞ্চমী ও সপ্তমী হয়। যস্মাদধিকম্, যস্মিন্নধিকম্।

৫৯। **প্রতিনিধি-প্রতিদানে চ যস্মাৎ**- যাহার প্রতিনিধি (representative) বা প্রতিদান (exchange) বুঝায়, তাহার উত্তর

(১) এটি পাণিনিসূত্র নহে।

পঞ্চমী বিভক্তি হয়। যথা, প্রদ্যুম্নঃ **কৃষ্ণাৎ** প্রতি [is the representative (প্রতিনিধি) of Krishna] ; **তিলেভ্যঃ** প্রতি যচ্ছতি মাষান্—তিলের প্রতিদানে অর্থাৎ বদলে মাষকলাই দিতেছে। কৃষ্ণাৎ প্রতিনিধিঃ ; তিলেভ্যঃ প্রতিদানম্—এরূপও হইবে।

৭০। **করণে চ স্তোকাল্প-কৃচ্ছ্র-কতিপয়স্যাসত্ত্ববচনস্য** —অদ্রব্য-(অসত্ত্ব) বাচক স্তোক, অল্প, কৃচ্ছ্র ও কতিপয় শব্দের উত্তর করণ কারকে পঞ্চমী এবং পক্ষে তৃতীয়া বিভক্তি হয়। যথা, **স্তোকাৎ** (স্তোকেন বা) মুক্তঃ (let off by a little)। **কৃচ্ছ্রাৎ** (কৃচ্ছ্রেণ বা) আগতঃ (come with great difficulty) ; **অল্পাৎ** (অল্পেন বা) জিতঃ (conquered with very little difficulty) ; **কতিপয়াৎ** (কতিপয়েন বা) হতঃ (killed by several). দ্রব্যবাচক হইলে পঞ্চমী হয় না। যথা, স্তোকেন বিষেণ (অল্প বিষ দ্বারা) হতঃ।

৭১। **বিভাষা গুণেঽস্ত্রিয়াম্**—হেতু-অর্থে তদ্বোধক শব্দের উত্তর তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা—**দুঃখেন দুঃখাৎ** বা রোদিতি (cries through grief) ; **ধনেন ধনাৎ** বা কুলম্ ; **ভয়েন ভয়াৎ** বা কম্পঃ, **হর্ষেণ হর্ষাৎ** বা নৃত্যতি (১)।

৭২। **দূরান্তিকার্থেভ্যো দ্বিতীয়া চ**—দূরার্থ ও অন্তিকার্থ শব্দের উত্তর দ্বিতীয়া, তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, **দূরং দূরেণ, দূরাৎ** বা গ্রামস্য (far from the village) ; **অন্তিকম্, অন্তিকেন, অন্তিকাৎ** বা নগরস্য (near the city).

৭৩। **পৃথগ্-বিনা-নানাভিস্তৃতীয়ান্যতরস্যাম্**—পৃথক্, বিনা ও নানা

---

(১) সূত্রস্থ 'গুণবাচক' ও 'অস্ত্রীলিঙ্গ' এই শব্দের বিশেষ কোন প্রয়োজন নাই ; কারণ, গুণবাচক ভিন্ন ও স্ত্রীলিঙ্গ শব্দের উত্তরও হেতু-অর্থে পঞ্চমী বিভক্তি হইয়া থাকে। যথা, পর্ব্বতো বহ্নিমান্ ধূমাৎ (ধূম—বস্তুবাচক) ; নাস্তি ঘটঃ অনুপলব্ধেঃ, অনুপলব্ধি—স্ত্রীলিঙ্গ ;

শব্দের যোগে বিকল্পে দ্বিতীয়া তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা—চৈত্রঃ **রামম্ রামেণ রামাৎ** বা পৃথক্(Chaitra is other than Rama); **শ্রমম্ শ্রমেণ শ্রমাৎ** বা বিনা (without effort); **দেবম্, দেবেন, দেবাৎ** বা নানা (without) ন সুখম্।

Examples

আ পরিতোষাদ্ বিদুষাম্ ন সাধু মন্যে প্রয়োগ-বিজ্ঞানম্। অশ্বমেধ-সহস্রেভ্যঃ সত্যমেবাতিরিচ্যতে। স ব্যাধঃ সুদূরাৎ তানবলোক্য পশ্চাদ্ধাবিতঃ। কো মামিতঃ পাশাৎ ত্রাতুং মিত্রাদন্যঃ সমর্থঃ। বজ্রাদপি কঠোরাণি মৃদূনি কুসুমাদপি লোকোত্তরাণাং নরাণাং চেতাংসি। এষোঽহং স্যন্দনাদ্ অবতরামি। কিমস্মাদধিকমানন্দ-কারণং ভবিষ্যতি। জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী। জ্ঞানং ধনাৎ গরীয়ঃ। দানাদপি পরতরা (উৎকৃষ্টতরা) শ্রদ্ধা। বাল্যাৎ প্রভৃতি পালিতঃ মে ভৃত্যঃ। গৃহাদ্বহিঃ ন গচ্ছেৎ। আবাল্যাচ্চরেদ্ধর্ম্মম্। গ্রামাৎ উত্তরস্যাং দিশি সরোবরোঽস্তি। ন ভবতি মহিমা বিনা বিপত্তেঃ। বিপদস্ত্রায়তে বন্ধুঃ। ততোঽহং রোষাৎ তস্য মূর্ধানম্ অচ্ছিনদম্। অদ্য তস্য মুখাৎ সর্বং জ্ঞাত্বা মে মহান্ পরিতোষঃ সমজনি। দুঃখাত্তু সর্বে নিবর্ত্তন্তে। স চ বণিক্ নগরাদ্বহিরতিদূরং জগাম। তস্মাদ্ গ্রামাদ্ দক্ষিণাং দিশমবলম্ব্য স প্রতস্থে। বাচ্যস্ত্বয়া মদ্বচনাৎ স রাজা। যুক্তিযুক্তমুপাদেয়ং বচনং বালকাদপি। শৈশবাদারভ্য।

ষষ্ঠী বিভক্তি (Sixth Case-ending)

৭৪। **ষষ্ঠী শেষে**——(১)—স্ব-স্বামিভাব, অবয়বাবয়বিভাব, আধারাধেয়ভাব প্রভৃতি নানা সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, **মম গৃহম্,**

(১) কারক-প্রাতিপদিকার্থ ব্যতিরিক্তঃ স্বস্বামিভাবাদিসম্বন্ধঃ শেষঃ, তত্র ষষ্ঠী স্যাৎ। এখানে শেষশব্দে কারক ও প্রাতিপাদিকার্থ ছাড়া অন্য সকল স্থানে অর্থাৎ স্বস্বামিভাব-প্রভৃতি সম্বন্ধ বুঝায়, এরূপস্থানে ষষ্ঠী হয়।

রামস্য হস্তৌ,**পুষ্পস্য** সৌন্দর্য্যম্, **নদ্যাঃ** জলম্, **তব** ভ্রাতা, **তস্য** পুত্রঃ, **গোর্দুগ্ধম্**, **বৃক্ষস্য** ছায়া, **অগ্নেঃ** শিখা, **বায়োর্বেগঃ**, **জলস্য** প্রবাহঃ।

(ক) **কর্মাদীনামপি সম্বন্ধমাত্রবিবক্ষয়া ষষ্ঠী এব** (বা)—ক্রিয়ার সহিত কেবলমাত্র সম্বন্ধ প্রকাশ করিবার ইচ্ছা হইলে কর্ম্ম প্রভৃতি কারকেও ষষ্ঠী বিভক্তি হয়। যথা, ভজে **শম্ভোশ্চরণয়োঃ** ; **নারায়ণস্য** অনুকরোতি ; সা লক্ষ্মীরুপকুরুতে যয়া **পরেষাম্** ; তাবদ্ **ভয়স্য** ভেতব্যং যাবদ্ভয়মনাগতম্ ; **অজ্ঞাতকুলশীলস্য** বাসো দেয়ো ন **কস্যচিৎ** ; স **সর্ব্বস্য** ('সর্বস্মিন্ হইবে') স্নিহ্যতি।

৭৫। **কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতি**—কৃৎ-প্রত্যয়ের যোগে কর্ত্তায় ও কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, কর্ত্তরি—**শিশোঃ** শয়নম্, **অশ্বস্য** গতিঃ, সূর্যস্য উদয়ঃ, কৃষ্ণস্য কৃতিঃ। কর্ম্মণি—**অন্নস্য** পাকঃ, **পয়সঃ** পানম্, **সুখস্য** ভোগঃ, **ধনস্য** দাতা, **বৃক্ষস্য** ছেদকঃ।

৭৬। **উভয়প্রাপ্তৌ কর্ম্মণি**—একই কৃৎপ্রত্যয়ের কর্ত্তা ও কর্ম্ম উভয়স্থানেই ষষ্ঠী বিভক্তি সম্ভব হইলে কেবল কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়, কর্ত্তায় হয় না (১)। যথা, **গবাং** দোহঃ গোপেন (The milking of the cow by the cowherd) ; **পয়সঃ** পানং শিশুনা ; **ধনস্য** দানং নৃপেণ ; **জলস্য** শোষণং সূর্যেণ ; **অর্থস্য** হরণং চৌরেণ। সর্বত্র 'কৃদ্‌যোগে কর্মণি ষষ্ঠী'।

---

(১) স্ত্রীপ্রত্যয়য়োঃ অকাকারয়োর্নায়ং নিয়মঃ—স্ত্রীলিঙ্গে অক ও অ প্রত্যয়ের যোগে কর্ত্তা ও কর্ম্ম উভয়েই ষষ্ঠী হয়। যথা, ভেদিকা বিভিৎসা বা **রুদ্রস্য জগতঃ** ; চিকীর্ষা **দেবদত্তস্য কটস্য**। শেষে বিভাষা—অক ও অ-প্রত্যয় ভিন্ন অন্য কৃৎপ্রত্যয়ের যোগে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, শব্দানামনুশাসনম্ **আচার্য্যেণ আচার্য্যস্য** বা ; বিচিত্রা জগতঃ কৃতিঃ **হরেঃ হরিণা** বা।

৩৩। ন লোকাব্যয়-নিষ্ঠা-খলর্থতৃনাম্—(**ল** + **উ** + **উক** + **অব্যয়** = লোকাব্যয়)। **ল** (লাদেশ—শতৃ, শানচ্, ক্বসু, কানচ্, স্যতৃ, স্যমান), **উ**, **উক**, **অব্যয়** (ক্ত্বা, ল্যপ্, তুমুন্, ণমুল্), **নিষ্ঠা** (ক্ত, ক্তবতু), **খলর্থ** প্রত্যয় (খল্, যুচ্) ও **তৃন্** প্রত্যাহারান্তর্গত (শতৃ, শানচ্, চানশ্, তৃন্) প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, শতৃ (১)—গৃহং গচ্ছন্ (going to the house), **জলং** পিবন্ (drinking water); শানচ্—**অন্নং** ভুঞ্জানঃ (eating food), **ব্যাকরণ**মধীয়ানঃ; ক্বসু—ওদনং পেচিবান্, গ্রামং জগ্মিবান্; কানচ্—**গুরুং** ববন্দানঃ, **শাস্ত্রং** শুশ্রুবাণঃ; স্যতৃ—**গৃহং** গমিষ্যন্, **বেদং** পঠিষ্যন্; স্যমান—**গুরুং** সেবিষ্যমাণঃ, **ধনং** দাস্যমানঃ; উ—**জলং** পিপাসুঃ (desirous of drinking water), **রিপূন্** জিষ্ণুঃ, **শিলাং** ক্ষিপ্নুঃ, **বিপক্ষং** নিরাকরিষ্ণুঃ, **ফলং** জিঘৃক্ষুঃ; উক—**গৃহং** গামুকঃ, **জলং** বর্ষুকঃ, **শত্রুং** ঘাতুকঃ (২); তুমুন্—**গৃহং** গন্তুম্, **চন্দ্রং** দ্রষ্টুম্; ক্ত্বা—**জলং** পীত্বা, **ফলং** গৃহীত্বা; ল্যপ্—**ব্যাকরণ**মধীত্য, **গৃহ**মাগত্য; ণমুল্—**গুরুং** সেবং সেবম্, **শাস্ত্রং** শ্রাবং শ্রাবম্; ক্ত—তেন **ব্যাকরণ**মধীতম্ (Grammar was studied by him), ময়া জলং পীতম্, ত্বয়া **চন্দ্রো** দৃষ্টঃ; ক্তবতু—স **গৃহং** গতবান্ (He went to the house), অহং **চন্দ্রং** দৃষ্টবান্, ত্বং **বেদ**মধীতবান্; খলর্থ (৩)—নৈতৎ সুকরং **ভবতা**,

---

(১) দ্বিষঃ শতুর্বা—শতৃপ্রত্যয়ান্ত দ্বিষ্ ধাতুর যোগে বিকল্পে ষষ্ঠী (পক্ষে তৃতীয়া) হয়; যথা, মুরস্য মুরং বা দ্বিষন্ (enemy) হরিঃ।

(২) কামুক শব্দের যোগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, ধনস্য কামুকঃ।

(৩) ঈষদ্দুঃসুষু কৃচ্ছ্রাকৃচ্ছ্রার্থেষু খল্—সু দুর্ ও ঈষৎ শব্দের পরবর্তী ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে যে খল্, যুচ্ প্রত্যয় হয় তাহাকে খলর্থ প্রত্যয় বলে। ইহাতে অ ও অন ভাগান্ত শব্দ হয়। যথা, সুগম, সুলভ, দুর্লভ, দুষ্কর, ঈষৎকর, সুশাসন, দুঃশাসন ইত্যাদি।

নৈতৎ দুষ্করং **তেন**, সর্ব্বমীষৎকরং **সুধিয়া**, **ময়া** সুমর্ষণঃ শত্রুঃ, **ত্বয়া** দুঃশাসনো রিপুঃ; শীলার্থ তৃন্—**লোকং** কর্ত্তা, **ধনং** দাতা, **অন্নং ভোক্তা, বিপক্ষং** নিরাকর্ত্তা।

সর্ব্বোঽয়ং কারকষষ্ঠ্যাঃ প্রতিষেধঃ শেষে ষষ্ঠী তু স্যাদেব—এই সকল নিষেধ-বিধান কারক-ষষ্ঠীর প্রতিষেধ, এই সকল স্থলে শেষে বা সম্বন্ধসামান্যে ষষ্ঠী হইতে পারে। যথা, **ব্রাহ্মণস্য** কুর্ব্বন্ হরিঃ (Hari is a worker for a Brahmin), **নরকস্য** জিষ্ণুঃ (conqueror of hell).

৭৮। **ক্তস্য চ বর্ত্তমানে**—বর্ত্তমান কালে বিহিত (১) ক্ত-প্রত্যয়ের যোগে কর্ত্তায় ষষ্ঠী বিভক্তি হয়। যথা, ধার্ম্মিকঃ **সতাং** মতঃ (A virtuous man is respected by the honest); যদি এতৎ **ভবতাম্** অভিমতম্ (If this be your pleasure), এতৎ **সর্ব্বেষাং** বিদিতম্ (It is known to all), রাজা **সতাং** পূজিতঃ (The king is honoured by the honest).

৭৯। **অধিকরণবাচিনশ্চ**—অধিকরণবাচ্যে বিহিত ক্ত-প্রত্যয়ের যোগে কর্ত্তায় ষষ্ঠী বিভক্তি হয়। যথা, **ইদম্ এষাং** শয়িতম্ (This is their bed), (শয্যতে অস্মিন্ ইতি শয়িতং শয্যা); এতৎ **এষাম্** আসিতম্ (This is the is seat of these). [আস্যতে অস্মিন্নিতি আসিতম্ = আসনম্]

৮০। **কৃত্যানাং কর্ত্তরি বা**—কৃত্য (তব্য, অনীয়, ণ্যৎ, যৎ, ও ক্যপ্) প্রত্যয়ের কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, তব্য—**মম** (ময়া বা) চন্দ্রঃ দ্রষ্টব্যঃ (The moon is to be seen by me);

---

(১) মতিবুদ্ধিপূজার্থেভ্যশ্চ—(মতি=ইচ্ছা) ইচ্ছার্থ, জ্ঞানার্থ, পূজার্থ ধাতুর উত্তর বর্ত্তমানকালে ক্ত প্রত্যয় হয়।

অনীয়—**তব** (ত্বয়া বা) কার্য্যং করণীয়ম্ ; ণ্যৎ—**শিষ্যস্য** (শিষ্যেন বা) বেদঃ পাঠ্যঃ ; যৎ—**অস্মাকম্** (অস্মাভিঃ বা) শত্রুঃ জেয়ঃ ; ক্যপ্—**সর্ব্বেষাং** (সর্ব্বৈঃ বা) হরিঃ স্তুত্যঃ (১)।

৮১। **অধীগর্থদয়েশাং কর্ম্মণি**——অধীগর্থ (অধি—ইক্+অর্থ= স্মরণার্থ), দয়্ ও ঈশ্ ধাতুর কর্ম্মে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, পুত্রঃ **মাতুঃ** (মাতরং বা) স্মরতি (The son remembers her mother) ; দয়্—**দরিদ্রস্য** (দরিদ্রং বা) দয়তে (takes pity on the poor man) ; ঈশ্—পিতা **পুত্রস্য** (পুত্রং বা) ঈষ্টে (The father is the master of the son).

(ক) সম্বন্ধমাত্র বিবক্ষা হইলে তৃপ্ত্যর্থ ধাতুর করণকারকে ষষ্ঠী বিভক্তি হয়। যথা নাগ্নিস্তৃপ্যতি **কাষ্ঠানাং** (Fire is not appeased with fuel) ; "**অপাং** হি তৃপ্তায় ন বারিধারা স্বাদুঃ সুগন্ধিঃ স্বদতে তুষারা।" (নৈষধচরিতম্) ; সম্বন্ধবিবক্ষা না থাকিলে করণে তৃতীয়া হইবে ; যথা, নাগ্নিস্তৃপ্যতি কাষ্ঠৈঃ।

৮২। **জাসি-নিপ্রহণ-নাট-ক্রাথ-পিষাং হিংসায়াম্**—হিংসা অর্থে জাসি ধাতু, নি-প্র পূর্ব্বক (অথবা প্র, নি, প্র-নি-পূর্ব্বক) হন্ ধাতু, নাট্, ক্রাথ্ ও পিষ্ ধাতুর কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, রাজা **চৌরস্য** উজ্জাসয়তি (The king punishes the thief) ; স **চৌরস্য** নিহন্তি প্রহন্তি, নিপ্রহন্তি, প্রণিহন্তি বা (He kills the thief) ; স **চৌরস্য** উজ্জাসয়তি ; স **চৌরস্য** ক্রাথয়তি (He is punishing the thief) স **শত্রোঃ** পিনষ্টি (He hurts or crushes the enemy).

---

(১) "তব্যানীয়ৌ ণ্যদ্ যৎ ক্যপ্ পঞ্চৈতে কৃত্যসংজ্ঞকাঃ"। দ্বিকর্মক ধাতুর কর্ম কৃত্যপ্রত্যয় দ্বারা উক্ত হইলে অপর কর্মে ও কর্তায় ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, নেতব্যাঃ **ব্রজং** গাবঃ **কৃষ্ণেন**। দোগ্ধব্যা গৌঃ **পয়ঃ গোপালেন**।

৮২। ষষ্ঠী হেতুপ্রয়োগে—'হেতু' শব্দের প্রয়োগে হেত্বর্থবোধক শব্দ ও 'হেতু' শব্দ উভয়ের উত্তর ষষ্ঠী বিভক্তি হয়। যথা, **অল্পস্য হেতোঃ** বহু হাতুম্ ইচ্ছসি (You wish to give up much for the sake of a little) ; **অন্নস্য হেতোঃ** বসতি (dwells with the object of getting food).

৮৪। সর্ব্বনাম্নস্তৃতীয়া চ—'হেতু'-শব্দের প্রয়োগে হেত্বর্থবোধক সর্ব্বনাম শব্দ ও হেতু শব্দ উভয়ের উত্তর ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা, **কস্য হেতোঃ ; কেন হেতুনা** বা স আগতঃ (with what object has he come (১) ?

৮৫। কৃত্বোঽর্থপ্রয়োগে কালেঽধিকরণে—(পা) কৃত্বসুচ্ ও সুচ্ প্রত্যয়ের প্রয়োগে কালাধিকরণে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, কৃত্বসুচ্ (কৃত্বঃ)—পঞ্চকৃত্বঃ **দিবসস্য** অধীতে (studies five times a day) ; সপ্তকৃত্বঃ **দিবসস্য** আগচ্ছতি। সুচ্ (ঃ)— **দ্বির্দিবসস্য** ভুঙ্‌ক্তে (takes food twice a day) ; ত্রিঃ **দিবসস্য** স্বপিতি।

৮৬। ষষ্ঠ্যতসর্থপ্রত্যয়েন—অতসুচ্-এর অর্থবোধক প্রত্যয়ান্ত (অর্থাৎ অতসুচ্, অস্, অস্তাৎ, আতি, রি ও রিষ্টাৎ প্রত্যয়যুক্ত)

---

(১) নিমিত্ত-পর্য্যায়-প্রয়োগে সর্বাসাং প্রায়দর্শনম্, অসর্বনাম্নাঃ প্রথমাদ্বিতীয়ে ন স্তঃ। নিমিত্তবোধক শব্দ ('হেতু, নিমিত্ত, কারণ, প্রয়োজন প্রভৃতি) যোগে সর্ব্বনাম হইলে প্রথমাদি সাত বিভক্তি এবং সর্ব্বনাম না হইলে তৃতীয়াদি পাঁচ বিভক্তি হয়। যথা, কিং নিমিত্তং স বসতি ? এইরূপ, কেন নিমিত্তেন, কস্মৈ নিমিত্তায়, কস্মাৎ নিমিত্তাৎ, কস্য নিমিত্তস্য, কস্মিন্ নিমিত্তে বা স বসতি ?

অ-সর্ব্বনাম স্থলে—জ্ঞানেন নিমিত্তেন, জ্ঞানায় নিমিত্তায়, জ্ঞানাৎ নিমিত্তাৎ, জ্ঞানস্য নিমিত্তস্য, জ্ঞানে নিমিত্তে বা হরিঃ সেব্যঃ।

শব্দের যোগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, অতসুচ্ (অতঃ)—**গ্রামস্য** দক্ষিণতঃ (to the south of the village) ; **মম** পুরতঃ, **গৃহস্য** উত্তরতঃ ; অস্ (অঃ)—**নগরস্য** পুরঃ (in the front of the town); **বৃক্ষস্য** অধঃ (under the tree) ; অস্তাৎ—**উদ্যানস্য** পুরস্তাৎ (in the front of the garden) ; আতি (আৎ)—**হিমালয়স্য** উত্তরাৎ (to the north of the Himalayas) ; রি—**বৃক্ষস্য** উপরি ; রিষ্টাৎ—**গ্রামস্য** উপরিষ্টাৎ। দিক্-শব্দ নিমিত্তক পঞ্চমীর স্থলে এখানে ষষ্ঠী বিহিত হইয়াছে।

৮৭। **एनपा द्वितीया च**—'এনপ্' প্রত্যয়ান্ত শব্দের যোগে ষষ্ঠী ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, **বৃক্ষবাটিকায়াঃ, বৃক্ষবাটিকাং** বা দক্ষিণেন (দক্ষিণ + এনপ্) সরঃ (The lake is to the south of the grove) ; **গ্রামস্য গ্রামং** বা উত্তরেণ নদী বর্ত্ততে।

৮৮। **दूरान्तिकार्थैः षष्ठ्यन्यतरस्याम्**—দূরার্থ ও অন্তিকার্থ (নিকটার্থ) শব্দের যোগে **ষষ্ঠী ও পঞ্চমী** বিভক্তি হয়। যথা, **গ্রামস্য গ্রামাৎ** বা দূরং বনম্ (The forest is to the far of the village), নগরস্য **নগরাৎ** বা অন্তিকং স বসতি (He lives near the city).

৮৯। **तुल्यार्थैरतुलोपमाभ्यां तृतीयान्यतरस्याम्**—তুল্যার্থ (তুল্য, সদৃশ, সম, সমান) শব্দের যোগে **ষষ্ঠী** ও **তৃতীয়া** বিভক্তি হয়। **চন্দ্রস্য চন্দ্রেণ** বা তুল্যঃ (like the moon)। **তস্য তেন** বা সদৃশঃ। **তব ত্বয়া** বা সমঃ। **বজ্রস্য বজ্রেণ** বা সমানঃ। **তুলা ও উপমা** শব্দের যোগে কেবল ষষ্ঠী বিভক্তি হয়। যথা, নাস্তি লক্ষ্মীপতেঃ তুলা (There is none equal to Narayana)। গিরিশস্য উপমা নাস্তি (There is none equal

to Siva). 'স্ফুটোপমং ভূতিসিতেন শম্ভুনা'। 'তুলাং যদারোহতি দন্তবাসসা'—এ সকল স্থলে সহার্থে তৃতীয়া।

৬০। **চতুর্থী চাশিষ্যায়ুষ্যমদ্রভদ্রকুশলসুখার্থহিতৈঃ**—আশীর্ব্বাদ বুঝাইলে আয়ুষ্য (দীর্ঘজীবন), মদ্র (মঙ্গল), ভদ্র (নিরাময়), কুশল, সুখ, অর্থ ও হিতবাচক শব্দের যোগে **ষষ্ঠী** ও **চতুর্থী** বিভক্তি হয়। যথা, **দেবদত্তস্য দেবদত্তায়** বা আয়ুষ্যং ভূয়াৎ (May Devadatta live long); মদ্রং ভদ্রং কুশলং নিরাময়ং সুখং শম্ অর্থঃ প্রয়োজনম্ হিতং পথ্যং বা **কৃষ্ণস্য কৃষ্ণায়** বা ভূয়াৎ। **তব তুভ্যং** বা কুশলং ভবতু। **ধার্ম্মিকস্য ধার্মিকায়** বা সুখং ভবতু (May the virtuous be happy).

Examples

সা হি রক্ষণবিধৌ তয়োঃ ক্ষমা। তেজসাং হি ন বয়ঃ সমীক্ষতে। যদি তং প্রেক্ষমাণা আত্মনঃ প্রভবিষ্যামি। গাত্রাণাম্ অনীশোঽস্মি সংবৃত্তঃ। ধনস্য নাথতে জনঃ। লোকাপবাদো বলবান্ মতো মে। অহমপি তস্য সংজ্ঞাং দদামি। প্রমাদঃ খলু মে সংবৃত্তঃ। ইক্ষ্বাকুবংশোঽভিমতঃ প্রজানাম্। মধুরমাসাং দর্শনম্। কস্য বা অন্যস্য কথয়িষ্যামি। পক্ষিণাং বায়সো ধূর্ত্তঃ। মম বস্ত্রমিদম্। বন্ধোর্গৃহং গচ্ছামি। প্রাণিনাং মানবঃ শ্রেষ্ঠঃ। কস্য হেতোঃ বিলপসি ভ্রাতঃ? অল্পস্য হেতোর্বহু হাতুমিচ্ছতি মূঢ়ঃ। অর্জ্জুনস্য তুল্যো বীরো নাস্তি। মাতুঃ স্মরতি শিশুঃ। ভিক্ষোর্দয়তে সাধুঃ। পশ্যতো বকমূর্খস্য নকুলৈর্ভক্ষিতাঃ সুতাঃ। জগতঃ স্রষ্টা বিধাতা সর্ব্বেষাম্ উপরি বর্ত্ততে। তস্য সদৃশো রাজা ভূমণ্ডলে নাস্তি। স্বার্থো যস্য পরার্থ এব স পুমানেকঃ সতামগ্রণীঃ। শরণং প্রপন্নো নীচো বা মহানপি বা সতাং রক্ষণীয়ঃ। কিমজ্ঞেয়ং খলু বুদ্ধিমতাম্।

অধিকরণ-কারক (Locative Case)

৫১। **আধারোऽধিকরণম্** –(পা) ক্রিয়ার (১) আধারকে অধিকরণ বলে। আধার ত্রিবিধ—**ঐকদেশিক, বৈষয়িক ও অভিব্যাপক।** যথা, ঐকদেশিক—বনে বসতি, বনৈকদেশে ইত্যর্থঃ ; নদ্যাং স্নাতি, নদ্যা একদেশে ইত্যর্থঃ ; গৃহে স্বপিতি, গৃহৈকদেশে ইত্যর্থঃ ; শয্যায়াং শিশুং শায়য়তি, শয্যৈকদেশে ইত্যর্থঃ। বৈষয়িক—জলে ইচ্ছা, জলবিষয়ে ইত্যর্থঃ ; বিদ্যায়ামনুরাগঃ, বিদ্যাবিষয়ে ইত্যর্থঃ। অভিব্যাপক—দুগ্ধে মাধুর্য্যমস্তি, দুগ্ধস্য সর্ব্বানবয়বান্ ব্যাপ্য ইত্যর্থঃ ; তিলেষু তৈলমস্তি, তিলস্য সর্ব্বানবয়বান্ ব্যাপ্য ইত্যর্থঃ ; বহ্নৌ দাহিকা শক্তিরস্তি, বহ্নেঃ সর্ব্বানবয়বান্ ব্যাপ্য ইত্যর্থঃ।

সপ্তমী বিভক্তি (Seventh Case-ending)

৫২। **সপ্তম্যধিকরণে**—(পা) অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি হয়। যথা, **গৃহে** তিষ্ঠতি, **শয্যায়াং** শেতে, **নদ্যাং** স্নাতি।

(ক) যে সময়ে ক্রিয়া অনুষ্ঠিত হয়, তাহাকে কালাধিকরণ বলে। উহাতে সপ্তমী বিভক্তি হয়। যথা, **বর্ষাসু** বৃষ্টিঃ ভবতি ; **সন্ধ্যায়াং** বালকাঃ ক্রীড়ন্তি।

---

(১) ক্রিয়ার সাক্ষাৎ আধার কর্তা বা কর্ম্ম। কর্তা বা কর্মের আধার অধিকরণ ; এইজন্য পরম্পরাসম্বন্ধে অধিকরণ ক্রিয়ারও আধার। যথা, দেবদত্তঃ কটে আস্তে (দেবদত্ত মাদুরে বসিয়া আছে)। এখানে উপবেশন ক্রিয়ার মুখ্য আধার দেবদত্তঃ, দেবদত্তের আধার কট। স্থাল্যাম্ ওদনং পচতি—এই বাক্যে পাক ক্রিয়ার আধার ওদন এবং ওদনের আধার স্থালী। ক্রিয়ার সহিত অন্বয় না হইলে কারক হয় না। এইজন্য কর্তা ও কর্মকে দ্বার করিয়া তন্নিষ্ঠ ক্রিয়ার আধারকে 'অধিকরণ' বলে—এইরূপ বুঝিতে হইবে। (কর্তৃকর্মদ্বারা তন্নিষ্ঠক্রিয়ায়াঃ আধারঃ কারকমধিকরণসংজ্ঞং স্যাৎ—সি কৌ)।

(খ) **অবচ্ছেদে সপ্তমী**—শরীরের একদেশ পৃথক্ ভাবে গ্রহণ করার নাম অবচ্ছেদ। অবচ্ছেদ বুঝাইলে অঙ্গবাচক শব্দের উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা, **কেশেষু** গৃহীত ইব মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ; স ব্যাধঃ **পাদদেশে** হতঃ; বৃক্ষং **মূলে** ছিনত্তি; **হৃদি** ভিন্নঃ স দীর্ঘরাবঃ পঞ্চত্বং গতঃ; **করে** ধৃত্বা স মাং প্রাহ। [বস্তুতঃ ইহা ঐকদেশিক অধিকরণ, অধিকরণে সপ্তমী]

৬৩। **ক্তস্যেন্‌বিষয়স্য কর্ম্মণি**—(বা)—ক্ত-প্রত্যয়ান্ত শব্দের উত্তর ইন্‌প্রত্যয় হইলে, উহার কর্মে সপ্তমী বিভক্তি হয়। যথা, (অধীতং ব্যাকরণমনেন ইতি) অধীতী **ব্যাকরণে** (one by whom grammar has been studied) ; (অবকীর্ণং ব্রতমনেন ইতি) অবকীর্ণী **ব্রতে**।

৬৪। **যস্য চ ভাবেন ভাবলক্ষণম্**—(পা) যাহার ক্রিয়ার কাল দ্বারা অন্য কর্ত্তার ক্রিয়ার কাল নিরূপিত হয়, তাহাতে সপ্তমী বিভক্তি হয়। এইরূপ সপ্তমীকে **ভাবে সপ্তমী** বলে। ইহাতে কৃদন্ত ক্রিয়াপদটি কর্ত্তার বিশেষণ হয়। যথা, **রবৌ** উদিতে পদ্মং প্রকাশতে (The sun having risen the lotus blooms) ; **সূর্য্যে** অস্তং গতে স গতঃ। **বিধৌ** উদিতে স সমাগতঃ।

৬৫। **ষষ্ঠী চানাদরে**—(পা) ভাবে সপ্তমীর স্থলে যদি অধিকন্তু অনাদরও বুঝায়, তাহা হইলে অনাদৃতের উত্তর **ষষ্ঠী ও সপ্তমী** বিভক্তি হয়। যথা, রুদতঃ **শিশোঃ** (রুদতি **শিশৌ** বা) মাতা জগাম (The mother went away disregarding the weeping child)—রুদন্তং শিশুমনাদৃত্য মাতা জগাম ইত্যর্থঃ। রুদতঃ **পিতুঃ** (রুদতি **পিতরি** বা) প্রাব্রাজীৎ—রুদন্তং পিতরমনাদৃত্য প্রব্রজ্যাং কৃতবান্ ইত্যর্থঃ।

৬৬। **সপ্তমীপঞ্চম্যৌ কারকমধ্যে**—(পা) দুই ক্রিয়ার মধ্যবর্ত্তী অধ্ববাচক ও কালবাচক শব্দের উত্তরে **সপ্তমী** ও **পঞ্চমী** বিভক্তি হয়। যথা, অধ্ববাচক—অয়মিহ স্থিত্বা **ক্রোশে** (**ক্রোশাৎ** বা) লক্ষ্যং

বিধ্যেৎ; কালবাচক—অয়মদ্য ভুক্ত্বা দ্ব্যহে (দ্ব্যহাৎ বা) ভোক্তা (having dined to-day he will dine again after the lapse of two days).

৪৭। **যতশ্চ নির্দ্ধারণম্**—(পা) জাতি, গুণ, ক্রিয়া অথবা সংজ্ঞা (নাম) দ্বারা একজাতীয় সমুদয় হইতে একটিকে বাছিয়া লওয়ার নাম নির্দ্ধারণ। যাহা হইতে নির্দ্ধারণ করা যায়, তাহার উত্তর **সপ্তমী** ও **ষষ্ঠী** বিভক্তি হয়। যথা, জাতি—**মনুষ্যেষু মনুষ্যাণাং** বা ক্ষত্রিয়ঃ শূরতমঃ (Kshatriyas are the most powerful of all men). গুণ—**গোষু গবাং** বা কৃষ্ণা বহুক্ষীরা (Among cows the black one gives much milk). ক্রিয়া—**পথিকেষু পথিকানাং** বা ধাবন্ শীঘ্রগামী (The traveller who runs, goes most quick among all). সংজ্ঞা—**কবিষু কবীনাং** বা কালিদাসঃ শ্রেষ্ঠঃ (Kalidas is the best of all poets); **পর্ব্বতেষু পর্ব্বতানাং** বা হিমালয়ঃ শ্রেষ্ঠঃ (The Himalayas are the highest of all mountains).

৪৮। **নিমিত্তাৎ কর্ম্মযোগে**—(পা) কর্মের সহিত যোগ (সমবায় বা সংযোগ সম্বন্ধ) থাকিলে হেতুবোধক শব্দে তৃতীয়া না হইয়া সপ্তমী হয়। যথা—**চর্মণি** দ্বীপিনং হন্তি, **দন্তয়োহ** ন্তি কুঞ্জরম্। **কেশেষু** চমরীং হন্তি, সীম্নি পুষ্কলকো হতঃ। (One kills the leopard for his skin, the elephant for his tusks, the Chamari deer for his hair and the musk deer for his musk). এখানে হনন-ক্রিয়ার কর্ম 'দ্বীপী,' 'কুঞ্জর' 'চমরী' ও 'পুষ্কলকের সহিত হননের হেতু চর্ম, দন্ত, কেশ ও সীমন্-এর সমবায় সম্বন্ধ (অঙ্গাঙ্গিভাব সম্বন্ধ,

(inseparable connection) থাকায় হেতু অর্থে তৃতীয়া স্থানে সপ্তমী হইয়াছে (১)।

কর্ম্মের সহিত উক্তরূপ যোগ না থাকিলে সপ্তমী হয় না। যথা, স বেতনেন ধান্যং লুনাতি (He reaps corn because he is paid for it).

৯৯। **साधु-निपुणाभ्यामर्चायां सप्तम्यप्रतेः**—(পা) প্রশংসা বুঝাইলে সাধু ও নিপুণ শব্দের যোগে সপ্তমী বিভক্তি হয়। যথা, **ব্যাকরণে** সাধুঃ (well up in Grammar); **সাহিত্যে** নিপুণঃ (proficient in literature). প্রতি শব্দের যোগ থাকিলে সপ্তমী হয় না। যথা, **কৃষ্ণঃ মাতরং** প্রতি সাধুঃ।

১০০। **स्वामीश्वराधिपति-दायाद-साक्षि-प्रतिभू-प्रसूतैश्च**—(পা) স্বামিন্ ঈশ্বর, অধিপতি, দায়াদ (heir), সাক্ষিন্, প্রতিভূ (জামিন) ও প্রসূত (born) শব্দের যোগে **সপ্তমী** ও **ষষ্ঠী** বিভক্তি হয়। যথা, যঃ **নরেষু নরাণাং** বা স্বামী, ঈশ্বরঃ, অধিপতিঃ বা (the Lord of men); **রাজ্যে রাজ্যস্য** বা দায়াদঃ (heir to the kingdom); **বিবাদে বিবাদস্য** বা সাক্ষী (witness in a law-suit); **ব্যবহারে ব্যবহারস্য** বা প্রতিভূঃ (a surety in a law-suit); **গোষু গবাং** বা প্রসূতঃ (born to inherit cows).

১০১। **प्रसितोत्सुकाभ्यां तृतीया च**—(পা) প্রসিত (very anxious) ও উৎসুক শব্দের যোগে **তৃতীয়া** ও **সপ্তমী** বিভক্তি হয়।

---

(১) "মুক্তাফলায় করিণং হরিণং পলায় সিংহং নিহন্তি ভুজবিক্রম-সূচনায়" প্রভৃতি স্থলে 'ক্রিয়ার্থোপপদস্য চ কর্ম্মণি স্থানিনঃ' এই সূত্র অনুসারে চতুর্থী ; মুক্তাফলং প্রাপ্তুম্ = মুক্তাফলায়, এইরূপ যোজনা।

যথা, কৃপণঃ ধনেষু ধনৈঃ বা প্রসিতঃ (A miser is very anxious for wealth); বালকঃ বিদ্যায়াং বিদ্যয়া বা উৎসুকঃ (The boy is eager for learning).

১০২। **যতশ্চাধ্ব-কাল নির্ম্মাণং তত্র পঞ্চমী, তদ্যুক্তাদধ্বনঃ প্রথমাসপ্তম্যৌ কালাৎ সপ্তমী চ** -যাহা হইতে পথ ও কালের পরিমাণ করা হয়, সেই অবধিবোধক শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়, পথবাচক শব্দে প্রথমা ও সপ্তমী হয় এবং কালবাচক শব্দে কেবল সপ্তমী হয়। যথা, কলিকাতা ইতঃ পঞ্চসু ক্রোশেষু পঞ্চ ক্রোশাঃ বা (Calcutta is ten miles away from this place); বিবাহাৎ পঞ্চমে দিনে; পৌষাৎ তৃতীয়ে মাসি।

(ক) সংস্কৃত ভাষায় ব্যবহাররীতি অনুসারে যুজ্, স্নিহ্, বি-শ্বস্, সম্-ভূ, ক্ষিপ্, নি-অস্ প্রভৃতি ধাতুর যোগে সপ্তমী বিভক্তি হয়। যথা যুজ্—ত্রৈলোক্যস্যাপি আধিপত্যং ত্বয়ি যুজ্যতে; স্নিহ্—স ময়ি স্নিহ্যতি (She loves me); বি-শ্বস্—স তস্য ভৃত্যে বিশ্বসিতি (He trusts his servant), নাহম্ এতস্মিন্ বিশ্বসিমি (I do not trust in this man); সম-ভূ—ত্বয়ি সর্বং সম্ভবতি (All things are possible to you); ক্ষিপ্—ময়ি লোষ্টং মা ক্ষিপ; নি-অস্—রাজা জ্যেষ্ঠপুত্রে রাজ্যভারং ন্যস্যতি।

১০৩। **অপাদান-সম্প্রদান-করণাধার কর্ম্মণাম্।**
কর্তুশ্চান্যোন্যসন্দেহে পরমেকং প্রবর্ত্ততে॥

একটি প্রাতিপদিকে একাধিক কারক হওয়ার সম্ভাবনা ঘটিলে, অপাদান, সম্প্রদান, করণ, অধিকরণ, কর্ম, কর্তা এই ক্রমে যেটি পরবর্ত্তী, সেই কারক হয়। যথা গৃহং প্রবিশ্য নির্গচ্ছতি (অপাদান না হইয়া কর্ম); গঙ্গাং গত্বা স্নাতি (অধিকরণ না হইয়া কর্ম্ম); অস্তি ঘটঃ

পশ্য (কর্ম্ম না হইয়া কর্ত্তা); বিপ্রায় দত্ত্বা বস্ত্রং গৃহ্লাতি (অপাদান না হইয়া সম্প্রদান)।

১০৪। নিবৃত্তৌ চ প্রবৃত্তিবৎ ক্রিয়ায়াঃ—ক্রিয়া-প্রবৃত্তি-স্থলেই তত্তৎ কারকের বিধান হইয়াছে; কিন্তু ক্রিয়া-প্রবৃত্তির-ন্যায় ক্রিয়া নিবৃত্তি-স্থলেও অর্থবিশেষে তত্তৎ কারকের বিধান হইয়া থাকে। যথা, অশ্বাৎ পতিতঃ, অশ্বান্ন পতিতঃ; অধ্যয়নাদ্বিরমতি, অধ্যয়নান্ন বিরমতি, ভিক্ষবে ভিক্ষাং দদাতি, ভিক্ষবে ভিক্ষাং ন দদাতি; মহম্মিদং স্বদতে, মহম্মিদং ন স্বদতে; হস্তেন গৃহ্লাতি, হস্তেন ন গৃহ্লাতি; বস্ত্রেণাচ্ছাদয়তি, বস্ত্রেণ নাচ্ছাদয়তি; গৃহে তিষ্ঠতি, গৃহে ন তিষ্ঠতি, শয্যায়াং শেতে, শয্যায়াং ন শেতে; জলং পিবতি, জলং ন পিবতি; চন্দ্রং পশ্যতি, চন্দ্রং ন পশ্যতি; মেঘো বর্ষতি, মেঘো ন বর্ষতি; নদী বহতি, নদী ন বহতি।

১০৫। বিবক্ষাবশাৎ কারকাণি—যে স্থলে যে কারক বিহিত হইল, বিবক্ষাবশতঃ অর্থাৎ বক্তার ইচ্ছানুসারে, তাহার অন্যথা-ভাব লক্ষিত হইয়া থাকে। যথা, গৃহং গচ্ছতি, গৃহে গচ্ছতি; গৃহং প্রবিশতি, গৃহে প্রবিশতি; পুষ্পেভ্যঃ স্পৃহয়তি, পুষ্পাণি স্পৃহয়তি; পুষ্পেভ্যঃ স্পৃহা, পুষ্পেষু স্পৃহা; অরয়ে কুপ্যতি, অরৌ কুপ্যতি; গাঃ দুগ্ধং দোগ্ধি, গোভ্যো দুগ্ধং দোগ্ধি; নৃপং ধনং যাচতে; নৃপাৎ ধনং যাচতে; বৃক্ষং পুষ্পং চিনোতি; বৃক্ষাৎ পুষ্পং চিনোতি; পুত্রং গৃহং নয়তি, পুত্রং গৃহে নয়তি; জলধিমমৃতং মমন্থুঃ, জলধেরমৃতং মমন্থুঃ; শিষ্যায় বিদ্যাং বিতরতি, শিষ্যে বিদ্যাং বিতরতি; হিমবতো গঙ্গা প্রভবতি, হিমবতি গঙ্গা প্রভবতি। তাবদ্ ভয়স্য ভেতব্যম্। মা প্রযচ্ছেশ্বরে ধনম্।

Examples

বেত্তি ধর্ম্মং শিষ্যঃ। বেদয়তি শিষ্যং ধর্ম্মম্। ভক্তঃ হরিং পশ্যতি। দর্শয়তি হরিং ভক্তম্। ভারং বহতি নয়তি বা ভৃত্যঃ। বাহয়তি নায়য়তি

বা ভারং ভৃত্যেন। অন্নমত্তি খাদতি বা বালকঃ। অন্নমাদয়তি খাদয়তি বা বালকেন মাতা। অজাং গ্রামং নয়তি হরতি বা গোপঃ। অজাং গ্রামং নায়য়তি হারয়তি বা গোপেন (স্বামী)। হারয়তি কারয়তি বা ভৃত্যং ভৃত্যেন বা কটম্। সারথিঃ অশ্বেন রথং বাহয়তি। সতাং কেনাপি কার্য্যেণ লোকস্যারাধনং ব্রতম্। বিভ্যতে হি নৃশংসেভ্যো ভয়ং গুণবতামপি। ন তেজস্তেজস্বী প্রসৃতমপরেষাং বিষহতে। শৈশবাৎ প্রভৃতি পোষিতাং প্রিয়াং ছদ্মনা পরিদদামি মৃত্যবে। সতাং সদ্ভিঃ সঙ্গঃ কথমপি হি পুণ্যেন ভবতি। গুণাঃ পূজাস্থানং গুণিষু ন চ লিঙ্গং ন চ বয়ঃ। লতায়াং পূর্ব্বলূনায়াং প্রসূনস্যাগমঃ কুতঃ। প্রকৃত্যৈব প্রিয়া সীতা রামস্যাসীৎ। প্রকৃত্যৈব যদ্বক্রম্। দক্ষিণেন বৃক্ষবাটিকাম্ আলাপ ইব শ্রূয়তে। ভবতীনাং সূনৃতয়ৈব গিরা কৃতমাতিথ্যম্। শকুন্তলা সখীমঙ্গুল্যা তর্জ্জয়তি। সৃষ্টিরপরা প্রতিভাতি সা মে। অথ ভবন্তমন্তরেণ কীদৃশঃ অস্যা দৃষ্টিরাগঃ। পাতুং ন প্রথমং ব্যবস্যতি জলং যুষ্মাস্বপীতেষু যা। তমস্তপতি সূর্য্যে কথমাবির্ভবিষ্যতি। যস্য মিত্রেণ সংলাপস্ততো নাস্তীহ পুণ্যবান্। অঙ্গারঃ শতধৌতেন মলিনত্বং ন মুঞ্চতি। সর্ব্বেষু শ্বাপদেষু সিংহঃ বলিষ্ঠঃ। পক্ষিণাং বায়সো ধূর্ত্তঃ। ন স্থাতব্যং ন গন্তব্যং দুর্জ্জনেন সমং ক্বচিৎ। তত্রভবতাং বিনোদায় বিচিত্রাং কথাং কথয়ামি। জগতীহ যৎ কিঞ্চিৎ ঘটতে তৎ সর্ব্বমেব শুভায়। তস্য পিতরি পরমা প্রীতির্বভূব। অতো ভবদ্ভ্যো ধর্ম্মং শ্রোতুমিহাগতঃ। যদেব ভবদ্ভ্যো রোচতে তৎ কথয়ামি। ভক্তায় ধারয়তি মোক্ষং হরিঃ। অর্দ্ধাসনং গোত্রভিদাঽধিতষ্ঠৌ। শূন্যমম্ববসদ্বনম্ রাজ্ঞঃ শাসনাচ্চাস্মৈ শুভানি বাসাংসি প্রদদুঃ। ত্বং হি মে পালনাৎ পতিঃ। তস্মান্ মম সক্তূন্ তস্মৈ প্রযচ্ছ। হেম্নঃ সংলক্ষ্যতে হ্যগ্নৌ বিশুদ্ধিঃ শ্যামিকাপি বা। চিরং ন সহতে স্থাতুং পরেভ্যো ভেদশঙ্কয়া।

Exercise

1. Translate into Sanskrit :—The king is giving riches to the poor. I asked him for a book. By and by his father came to the garden where the tree stood. With tears in his eyes he looked up to his father's face. Be not angry with me, what I say is true, though it be un-pleasant. If you wish to prosper you should always be laborius. If it does not rain soon, the plants will die. The royal officers then went to the court of justice and narrated everything to the Judges. The statement may be true though I can scarcely believe it. Tell my younger brother that I shall take with me some story books for him when I shall go home. I shall at once start for Benaras We remained there waiting for the arrival of his friends.

2. Translate into Bengali :—অহং ভ্রাত্রা সহ গচ্ছামি। শিশুঃ স্বভাবেন সরলঃ। সাধুঃ দরিদ্রায় ধনং বিতরতি। বানরাঃ বৃক্ষাদবরোহন্তি। ভ্রাতৃষু কো বলবান্? কিং কুলেন বিশালেন গুণৈর্হীনস্ত যো নরঃ। রামো লক্ষ্মণেন সীতয়া সহ বনং জগাম। জ্ঞানং সুখায় ভবতি। স শত্রুবিনাশায় অস্ত্রমাদত্তে। তৎ প্রত্যূষসময়ে যুবাভ্যামস্মাভিঃ সহ তত্র বনোদ্দেশে গন্তব্যম্। ইদং মহ্যং রোচতে। সাধবে কোঽপি ন কুপ্যতি। বুদ্ধিং বিনা দেহস্থ বলমপি বিফলং স্যাৎ। আদিত্যাৎ জায়তে বৃষ্টিঃ বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ। লোভাৎ জনঃ অর্থায় যততে। বুদ্ধিমতাং সংসর্গো লাভায় সুখায় চ ভবতি। অস্য প্রভাবাৎ ত্বং শত্রূণাম্ অজেয়ো ভবিষ্যসি। ন মাতুঃ সেবায়া অপরং কঞ্চন ধর্ম্মং করোম্যহম্। পিষ্টকং বালকায় রোচতে। রাজা চৌরং শতং দণ্ডয়তি। লোচনাভ্যাং বিহীনস্য দর্পণঃ কিং করিষ্যতি? পরোপকারায় হি সতাং জীবনম্। তৎ তস্য কিমপি দ্রব্যং যো হি যস্য প্রিয়ো জনঃ।

3. Illustrate the following :—তুমর্থাচ্চ ভাববচনাৎ ; ষষ্ঠী হেতুপ্রয়োগে ; প্রকৃত্যাদিভ্যশ্চ ; তাদর্থ্যে চতুর্থী ; মন্যকর্ম্মণ্যনাদরে বিভাষা ; ল্যব্‌লোপে কর্ম্মণ্যধিকরণে চ ; পঞ্চমী বিভক্তে ; হেতৌ চ ; কৃত্যানাং কর্ত্তরি বা ; এনপা দ্বিতীয়া চ ; যস্য চ ভাবেন ভাবলক্ষণম্‌ ; প্রসিতোৎসুকাভ্যাং তৃতীয়া চ ; যতশ্চ নির্দ্ধারণম্‌ ; ভীত্রার্থানাং ভয়হেতুঃ ; ক্রিয়য়া যমভিপ্রৈতি ; অধিশীঙ্‌স্থাসাং কর্ম ; গৌণে কর্ম্মণি দুহ্যাদেঃ প্রধানে নীহৃকৃষ্‌বহাম্‌।

4. Illustrate—অব্যয়যোগে প্রথমা, ঋতেযোগে দ্বিতীয়া, কৃতম্‌-যোগে তৃতীয়া, অলংযোগে চতুর্থী, আরাৎ-যোগে পঞ্চমী, উপরি যোগে ষষ্ঠী, অনাদরে সপ্তমী।

5. Use the following words in short sentences of your own :—ধিক্‌, বিনা, কলায়, মাসেন, বহিস্‌, পৃথক, নমঃ, অলম্‌, পরিতঃ সহ, স্বধা, বহিঃ, ঋতে, উৎসুকঃ, নিপুণঃ, উত্তরা, আ, স্বস্তি, অভিতঃ, নিকষা, প্রতি, শিষ্যায়, মোদকেভ্যঃ, শঠানাম্‌, বাতেন, প্রবাতে, গায়কাৎ, মোক্ষায়, উপবনে, সখীভিঃ, প্রমাদাৎ, অতিথিম্‌, বিনয়ঃ, শ্বাপদেষু, ব্যতীতে আদেশাৎ, মহতা, লোকেন, স্নেহাৎ।

6. Bring out the force of the case-endings in the following underlined words :—(*a*) উদিতে সূর্য্যে গচ্ছতি বালকঃ ; (*b*) হরয়ে রোচতে ভক্তিঃ ; (*c*) অধ্যয়নেন বসতি গুরুকুলে শিষ্যঃ ; (*d*) নরাণাং বিপ্রঃ শ্রেষ্ঠঃ ; (*e*) পশ্যতাং দেবানাং স দৈত্যো জয়তি স্বর্গম্‌।

7. Correct the errors in the following :—রে নৃশংস! ধিক্‌ ত্বম্‌। মাং সর্ব্বং সমর্পয়। বিতর কৃপাং মামপি দীনবন্ধু! নাস্তি মে মরণস্য ভয়ম্‌। সদ্‌ব্রাহ্মণং ধনং দদ্যাৎ। নদীভ্যো গঙ্গা শ্রেষ্ঠা। ন সাধুর্মরণং

বিভেতি। প্রভুর্ভৃত্যায় অভিক্রুধ্যতি। মাতা শিশুনা চন্দ্রং দর্শয়তি। প্রাসাদাদভিতস্তস্য সার্থমহং ব্যচরম্। অরণ্যেঽধিবস্তুং যতয় ইচ্ছতি। অস্য গিরেরভিতো বহবোঽশ্মানঃ সন্তি। তেন বিনা স্বর্গবাসোঽপি মাং ন রোচতে। স ব্যাঘ্রস্য ভয়াৎ গৃহাৎ প্রবিষ্টঃ। শিক্ষকঃ ন কদাপি সুশীলং বালকং ক্রুধ্যতি। স হি দরিদ্রেভ্যো দয়তে, অত ইদানীং স সর্ব্বৈঃ পূজিতো ভবতি। ক্রীড়নস্য কিং মে প্রয়োজনম্। বিপ্রান্ ধনমদাৎ রাজা। তব ঋতে মম অন্যঃ মিত্রো নাস্তি। উদ্যানস্য পরিতঃ সখা মে বিচরতি। প্রভুর্নিরপরাধং ভৃত্যং ক্রুধ্যতি। অসৌ বালকঃ কিং কৃতম্? পিতা পুত্রস্য প্রতি ন সন্তুষ্টঃ। পাপাত্মনঃ জীবনায় অমম্।

8. Fill up the blanks in the following :—

তরোশ্ছায়াম্——উপবিশন্তি——। ——গুণিনোঽপি ভয়মন্তি। মহীং——নৃপে প্রজানাং দুঃখং কুতঃ। গুণাঃ——গুণিষু। রবেঃ—— প্রতপ্তে——পান্থঃ আশ্রয়তি। ——জলং প্রযচ্ছেৎ। ——দৈত্যাঃ হতাঃ তস্মৈ—নমঃ। ——যস্তিষ্ঠতি স বান্ধবঃ। একঃ চন্দ্রঃ——হন্তি। পুস্তকং——দেহি। দর্শয়তি——ভক্তান্। বাহয়তি ভারং——। প্রাণব্যয়েনাপি——কার্য্যং করণীয়ম্। ভক্তিঃ——কল্পতে। ——শিবং ভজতি। ক্রোধঃ প্রভবতি——। ——সেব্যঃ হরিঃ।

9. Cite and illustrate the rules governing the change of a দ্বিকর্ম্মক ধাতু from the active into the passive voice.

10. Explain and illustrate অপাদান কারক।

11. Illustrate a নির্ধারণ বিভক্তি।

12. What are the vibhaktis in হেত্বর্থে? Illustrate them.

13. Correctly use মাসম্ অধীতম্ and মাসেন অধীতম্ in different sentences of your own.

14. Construct or compose short sentences to show or illustrate the use of :—(*a*) the verb ভী, ত্রৈ and পত্ governing nouns in the ablative case (অপাদান), (*b*) the verb আস্ or স্থা governing an accusative, (*c*) prepositions (কর্ম্মপ্রবচনীয়), বহিস্ (outside) and অন্তরা (between), (*d*) the verbs বস্ or শী governing an object, (*e*) the fourth case-ending (চতুর্থী বিভক্তি) in the accusative case (কর্ম্ম), (*f*) যাচ্ with two objects, (*g*) চতুর্থী in connection with অলম্, (*h*) পঞ্চমী in connection with প্রভৃতি।

15. Give instances of অনাদরে ষষ্ঠী and ভাবে সপ্তমী।

Ans. রুদতঃ শিশোঃ মাতা জগাম। অস্তং গতে সবিতরি বয়ং গৃহমাগতাঃ।

16. Explain grammatically the underlined words :—

(a) ক্রোশং কুটিলা নদী ; (b) লক্ষ্মীঃ হরিং প্রতি।

Ans. (a) The Second-case ending in ক্রোশম্ is by the rule 'অধ্বকালাভ্যামত্যন্তসংযোগে; (b) দ্বিতীয়া in হরিম্ is by the rule কর্ম্মপ্রবচনীয়যুক্তে দ্বিতীয়া।

17. What classes of verbs generally in their causative form convert the agent (প্রযোজ্যকর্তৃ) into the accusative ? Adduce two suitable examples.

18. Illustrate the use of the causative (ণিচ্) in connection with a গত্যর্থ root giving separately the non-causative form.

19. Give the causative form of হরেভূ্র্ত্যঃ কটং করোতি।

Ans. হরিভূ্র্ত্যেন ভৃত্যং বা কটং কারয়তি।

20. Construct short sentences to illustrate the verb যাচ্ or প্রচ্ছ্ governing double accusatives (দ্বিকর্ম্মক)।

21. When does an intransitive verb become transitive? Illustrate your answer with examples.

22. Bring out the force of the indeclinables in two of the following—(*a*) অতি দেবান্ কৃষ্ণঃ, (*b*) অন্তরেণ হরিং ন সুখম্, (*c*) অলং রুদিতেন, (*d*) দৈত্যেভ্যো হরিরলম্।

23. What case or cases are governed by ক৯প and ভী?

24. What is a কর্ম্মপ্রবচনীয়? Illustrate with examples.

Ans. প্রতি, পরি, অনু and অভি are কর্ম্মপ্রবচনীয় when they mean or indicate share, cause, state, repetition, inferiority, etc. as বৃক্ষং প্রতি, পরি, অনু বা বা বিদ্যোততে বিদ্যুৎ; ভক্তঃ হরিং প্রতি, পরি, অনু বা; বৃক্ষং প্রতি পরি বা সিঞ্চতি (waters every tree); নদীম্ অনু অবসিতা সেনা; অনু হরিং দেবাঃ; বৃক্ষম্ অভি বিদ্যোততে বিদ্যুৎ; জপমনু প্রাবর্ষৎ; অহং রামম্ অনুব্রতা; লক্ষ্মীঃ হরিং প্রতি।

———

তদ্ধিত

শব্দের উত্তর নানা অর্থে ইঞ্, অণ্ প্রভৃতি যে সকল প্রত্যয় হয়, তাহার নাম তদ্ধিত।

১। **তদ্ধিতেষ্বচাম্ আদেঃ**—(পা) অচো ঞ্ণিতি। কিতি চ। ঞ্, ণ্ ও ক্ ইৎ যায় এইরূপ তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে প্রাতিপদিকের আদ্য স্বরের বৃদ্ধি হয়। যথা, গর্গ + য্যঞ্ = গার্গ্যঃ, দশরথ + ইঞ্ = দাশরথিঃ, শিব + অণ্ = শৈবঃ, নড় + ফক্ = নাড়ায়নঃ।

২। **ন য্বাভ্যাং পদান্তাভ্যাং পূর্বৌ তু তাভ্যামৈচ্**—(পা) ঞ্, ণ্ ও ক্ ইৎ যায় এইরূপ তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে য ও বযুক্ত স্বরের বৃদ্ধি না হইয়া তাহাদের পূর্ব্বে যথাক্রমে ঐ এবং ঔ হয়। যথা, ব্যাকরণ + অণ্ = বৈয়াকরণঃ। শ্বাপদ + অণ = শৌবাপদম্। **দ্বারাদীনাঞ্চ**—দ্বার—দৌবারিকঃ, ন্যায়—নৈয়ায়িকঃ, ন্যগ্রোধ—নৈয়গ্রোধঃ। কিন্তু স্বাগত প্রভৃতির হয় না। যথা—স্বাগত—স্বাগতিকঃ, ব্যবহার—ব্যবহারিকঃ ইত্যাদি।

৩। **হৃদ্ভগসিন্ধ্বন্তে পূর্ব্বপদস্য চ**—(পা) ঞ্, ণ্, ও ক্ ইৎ যায় এইরূপ তদ্ধিত প্রত্যয় পরে হৃদ্, ভগ ও সিন্ধু ভাগান্ত শব্দের পূর্ব্বপদ ও উত্তরপদ উভয়েরই আদ্যস্বরের বৃদ্ধি হয়। যথা, সুহৃদ + য্যঞ্ = সৌহার্দ্যম্, সুভগ + য্যঞ্ = সৌভাগ্যম্, সুরসিন্ধু + অণ্ = সৌরসৈন্ধবম্।

৪। **অনুশতিকাদীনাঞ্চ**—(পা) ঞ্, ণ্ ও ক্ ইৎ যায় এইরূপ তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে অনুশতিক প্রভৃতি শব্দের উভয় পদের আদ্যস্বরের বৃদ্ধি হয়। যথা, অনুশতিক + ঠক্ = আনুশাতিকম্, এইরূপ—আধিদৈবিকম্, আধিভৌতিকম্, ঐহলৌকিকম্, পারলৌকিকম্, সার্ব্বভৌমঃ, ত্রৈবার্ষিকঃ, সৌর্য্যাচান্দ্রমসম্, আগ্নিমারুতম্ ইত্যাদি।

৫। **গুরুলঘ্বাদেরুত্তরপদস্য** (সুপদ্ম)--ঞ্, ণ্ ও ক্ ইৎ যায়, এইরূপ তদ্ধিতপ্রত্যয় পরে থাকিলে কোন কোন স্থানে উত্তরপদের আদ্য স্বরের বৃদ্ধি হয়। যথা, গুরুলঘু + অণ্ = গুরুলাঘবম্; এইরূপ, পিতৃ-পৈতামহম্, সুপাঞ্চালকঃ, দ্বিবার্ষিকঃ ইত্যাদি।

৬। **ওর্গুণঃ**—(পা) যকারাদি ও স্বরাদি তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে উবর্ণান্ত শব্দের অন্তস্থিত উবর্ণের গুণ হয়। যথা, মনু + অণ্ = মানবঃ; এইরূপ—ভার্গবঃ, বাভ্রবঃ, ঔপগবঃ; কিন্তু স্বয়ম্ভূ—স্বায়ম্ভুবম্।

৭। **যস্যেতি চ**—(পা) যকারাদি ও স্বরাদি তদ্ধিত প্রত্যয় এবং স্ত্রীলিঙ্গের ঈ প্রত্যয় পরে থাকিলে ইবর্ণান্ত ও অবর্ণান্ত শব্দের অন্ত্য স্বরের লোপ হয়। যথা, মুনি + অণ্ = মৌনম্, নদ + ঙীপ্ = নদী, দশরথ + ইঞ্ = দাশরথিঃ।

৮। **বান্তো যি প্রত্যয়ে**—(পা) যকারাদি তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে ওকার এবং ঔকারস্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যথা, গো + যৎ = গব্যম্, নৌ + যৎ = নাব্যম্।

৯। **তি বিংশতের্ডিতি**—(পা) ড ইৎ যায় এইরূপ প্রত্যয় পরে থাকিলে বিংশতি শব্দের তি ভাগের লোপ হয়। যথা—বিংশতি + ডট্ = বিংশঃ।

১০। **টেঃ**—(পা) ড্ ইৎ যায় এইরূপ প্রত্যয় পরে থাকিলে প্রাতিপদিকের টি অর্থাৎ অন্ত্যস্বর অবধি সমুদয় বর্ণের লোপ হয়। যথা, কিম্ + ডতম = কতমঃ, জল—জন্ + ড = জলজম্।

১১। **যুবোরনাকৌ**—(পা) প্রত্যয়স্থ 'যু' স্থানে অন এবং 'বু' স্থানে অক হয়। যথা, গর্গ + বুঞ্ = গার্গকম্, বৃদ্ধ + বুঞ্ = বার্দ্ধকম্। ভূ + ল্যুট্ = ভবনম্, নন্দ্ + ল্যু = নন্দনঃ।

১২। **আয়নেয়ীনীয়িয়ঃ ফঢখছঘাং প্রত্যয়াদীনাম্**—(পা) প্রত্যয়ের আদিস্থিত ফ্ স্থানে আয়ন্, ঢ স্থানে এয়, খ্ স্থানে

ঈন, ছ্ স্থানে ঈয়, এবং ঘ্ স্থানে ইয় হয়। যথা, নড়+ফক্=নাড়ায়নঃ, বিনতা+ঢক্=বৈনতেয়ঃ, কুল+খ=কুলীনঃ, ত্বদ্+ছ=ত্বদীয়ঃ, ক্ষত্র+ঘ=ক্ষত্রিয়ঃ।

অপত্যার্থ তদ্ধিত প্রত্যয়

১৩। **অপত্যপ্রত্যয়*—অত ইঞ্**। অপত্য অর্থে অকারান্ত প্রাতিপদিকের উত্তর ইঞ্ হয়; ঞ্ ইৎ, ই থাকে। যথা, দশরথস্যাপত্যম্—দাশরথিঃ (রাম), দ্রোণস্যাপত্যম্—দ্রৌণিঃ (অশ্বত্থামা), যুধিষ্ঠিরস্যাপত্যম্—যৌধিষ্ঠিরিঃ, অর্জ্জুনস্যাপত্যম্—আর্জ্জুনিঃ (অভিমন্যু), বিকর্ণস্যাপত্যম্—বৈকর্ণিঃ, কৃষ্ণস্যাপত্যম্—কার্ষ্ণিঃ, কুষীতকস্যাপত্যম্—কৌষীতকিঃ, প্রদ্যুম্নস্যাপত্যম্—প্রাদ্যুম্নিঃ, শূরস্যাপত্যম্—শৌরিঃ (কৃষ্ণ)।

১৪। **বাহ্বাদিভ্যশ্চ**—(পা) অপত্য অর্থে বাহু প্রভৃতি প্রাতিপদিকের উত্তর **ইঞ্**, হয়। বাহোরপত্যম্—বাহবিঃ, উপবাহোরপত্যম্—ঔপবাহবিঃ, সুমিত্রায়াঃ অপত্যম্—সৌমিত্রিঃ (লক্ষ্মণ বা শত্রুঘ্ন), বৃষল্যা অপত্যম্—বার্ষলিঃ।

১৫। **সুধাতুরকঙ্ চ**—ইঞ্, প্রত্যয় হইলে 'সুধাতৃ' এই প্রাতিপদিকের উত্তর অকঙ্ হয়, ঙ্ ইৎ অক থাকে। যথা,

* ন পততি বংশো যেন জাতেন তৎ অপত্যম্। যাহার জন্মের ফলে বংশের উচ্ছেদ হয় না, তাহাকে অপত্য বলে, এইজন্য অপত্যশব্দে পুত্র, কন্যা, পৌত্র, প্রপৌত্রাদি বুঝায়। ইহাদের মধ্যে পুত্র ও কন্যাকে অনন্তরাপত্য এবং পৌত্র, প্রপৌত্র প্রভৃতিকে অন্তরাপত্য বা গোত্রাপত্য বলে। এই সকল অপত্য অর্থে যে সকল প্রত্যয় হয়, তাহাদিগেকে সংক্ষেপে অপত্য প্রত্যয় বলে।

সুধাতুরপত্যম্—সৌধাতকিঃ ; ব্যাসস্যাপত্যম্—বৈয়াসকিঃ (son of Vyasa) ইত্যাদি।

১৬। **নড়াদিভ্যঃ ফক্**—অপত্য অর্থে নড় প্রভৃতি প্রাতিপদিকের উত্তর **ফক্** হয়, ফক্ স্থানে আয়ন থাকে। যথা, নড়স্যাপত্যম্—নাড়ায়নঃ, শকটস্যাপত্যম্—শাকটায়নঃ, দ্রোণস্যাপত্যম্—দ্রৌণায়নঃ, পর্বতস্যাপত্যম্—পার্বতায়নঃ, বদরস্যাপত্যম্—বাদরায়ণঃ, দক্ষস্যাপত্যম্—দাক্ষায়ণঃ।

১৭। **গর্গাদিভ্যো যঞ্**—অপত্য অর্থে গর্গ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর **যঞ্** হয়। ঞ্ ইৎ, য থাকে। যথা, গর্গস্যাপত্যম্—গার্গ্যঃ, বৎসস্যাপত্যম্—বাৎস্যঃ, অগস্তেরপত্যম্—আগস্ত্যঃ, পুলস্তেরপত্যম্—পৌলস্ত্যঃ, মণ্ডোরপত্যম্—মাণ্ডব্যঃ, মধোরপত্যম্—মাধব্যঃ, জিগীষোরপত্যম্—জৈগীষব্যঃ, কুণ্ডিন্যা অপত্যম্—কৌণ্ডিন্যঃ, যজ্ঞবল্কস্যাপত্যম্—যাজ্ঞবল্ক্যঃ, শণ্ডিলস্যাপত্যম্—শাণ্ডিল্যঃ, চণকস্যাপত্যম্—চাণক্যঃ, জমদগ্নেরপত্যম্—জামদগ্ন্যঃ, পরাশরস্যাপত্যম্—পারাশর্য্যঃ, অগ্নিবেশস্যাপত্যম্—আগ্নিবেশ্যঃ, দিতেরপত্যম্—দৈত্যঃ, অদিতেরপত্যম্—আদিত্যঃ, প্রজাপতেরপত্যম্—প্রাজাপত্যঃ।

১৮। **বিদাদিভ্যোঽঞ্**—অপত্য অর্থে বিদ্ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর **অঞ্** হয়। ঞ্ ইৎ, অ থাকে। যথা, বিদস্যাপত্যম্ বৈদঃ, উর্বস্যাপত্যম্—ঔর্বঃ, কশ্যপস্যাপত্যম্—কাশ্যপঃ, কুশিকস্যাপত্যম্—কৌশিকঃ, ভরদ্বাজস্যাপত্যম্—ভারদ্বাজঃ, বিশ্বনরস্যাপত্যম্—বৈশ্বানরঃ, শরদ্বোতঃপত্যম্—শারদ্বতঃ, শুনকস্যাপত্যম্—শৌনকঃ, পুত্রস্যাপত্যম্—পৌত্রঃ, দুহিতুরপত্যম্—দৌহিত্রঃ, ননান্দুঃ অপত্যম্—নানান্দ্রঃ, ইক্ষ্বাকোঃ অপত্যম্—ঐক্ষ্বাকঃ।

১৯। **শিবাদিভ্যোঽণ্**—অপত্য অর্থে শিব প্রভৃতি প্রাতিপদিকের উত্তর **অণ্** হয় ; ণ্ ইৎ, অ থাকে। যথা শিবস্যাপত্যম্—শৈবঃ, ককুৎস্থস্যাপত্যম্—কাকুৎস্থঃ, বিশ্রবণস্যাপত্যম্—বৈশ্রবণঃ, রবণস্যাপত্যম্—রাবণঃ, পৃথায়া অপত্যম্—পার্থঃ, ইলায়া অপত্যম্—ঐলঃ, সপত্নস্য অপত্যম্—সাপত্নঃ,যস্কস্যাপত্যম্—যাস্কঃ,ভৃগোরপত্যম্—ভার্গবঃ, মরীচেরপত্যম্—মারীচঃ, বশিষ্ঠস্যাপত্যম্—বাশিষ্ঠঃ, কুৎসস্যাপত্যম্—কৌৎসঃ, গোতমস্যাপত্যম্—গৌতমঃ, অঙ্গিরসোঽপত্যম্—আঙ্গিরসঃ, বিশ্বামিত্রস্যাপত্যম্—বৈশ্বামিত্রঃ,ধৃতরাষ্ট্রস্যাপত্যম্—ধার্ত্তরাষ্ট্রঃ, পাণ্ডোরপত্যম্—পাণ্ডবঃ, বসুদেবস্যাপত্যম্—বাসুদেবঃ, যদোরপত্যম্—যাদবঃ, পুরোরপত্যম্—পৌরবঃ, রঘোরপত্যম্—রাঘবঃ, কুরোরপত্যম্—কৌরবঃ, মনোরপত্যম্—মানবঃ, দ্রুপদস্যাপত্যম্—দ্রৌপদঃ, পর্বতস্যাপত্যম্—পার্ব্বতঃ।

২০। **মাতুরুৎ সংখ্যা-সং-ভদ্র-পূর্বায়াঃ**—অপত্য অর্থে সংখ্যাবাচক, সম্ ও ভদ্র শব্দের পরবর্তী মাতৃশব্দের উত্তর অণ্ হয় এবং মাতৃশব্দের ঋ-স্থানে উর্ হয়। যথা, দ্বয়োর্মাত্রোঃ অপত্যম্—দ্বৈমাতুরঃ, তিসৃণাং মাতৃণাম্ অপত্যম্—ত্রৈমাতুরঃ (রামঃ), ষণ্ণাং মাতৃণাম্ অপত্যম্—ষাণ্মাতুরঃ ; সংমাতুঃ অপত্যম্—সাংমাতুরঃ, ভদ্রমাতুঃ অপত্যম্—ভাদ্রমাতুরঃ। **অণ্** প্রত্যয় পরে থাকিলে কন্যা স্থানে 'কনীন' হয় (কন্যায়াঃ কনীন চ)। যথা, কন্যায়াঃ অপত্যম্—কানীনঃ।

২১। **কুর্ব্বাদিভ্যো ণ্যঃ**—অপত্য অর্থে কুরুপ্রভৃতি প্রাতিপদিকের উত্তর ণ্য হয়। ণ ইৎ য থাকে। যথা, কুরোঃ অপত্যম্—কৌরব্যঃ, পিতুঃ অপত্যম্—পৈত্র্যঃ, কবেঃ অপত্যম্—কাব্যঃ, যমস্য অপত্যম্—যাম্যঃ।

২২। **মনোরঞ্যতৌ ষুক্ চ**—অপত্যজাতি অর্থে মনু শব্দের উত্তর অঞ্ ও যৎ প্রত্যয় হয় ও ষ আগম হয়। যথা, মনোঃ অপত্যজাতিঃ

—মানুষঃ, মনুষ্যঃ। কিন্তু মনোঃ অপত্যম্—মানবঃ (অণ্), মনোঃ নিন্দিতাপত্যম্—মাণবঃ, অনধীতবেদতয়া মূঢ়স্তু মাণবকঃ।

২৩। **স্ত্রীভ্যো ঢক্**—অপত্য অর্থে স্ত্রী-প্রত্যয়ান্ত প্রাতিপদিকের উত্তর ঢক্ হয়, ঢক্ স্থানে এয় হয়। যথা, গঙ্গায়া অপত্যম্—গাঙ্গেয়ঃ, (ভীষ্ম), রাধায়া অপত্যম্—রাধেয়ঃ (কর্ণ), বিনতায়া অপত্যম্—বৈনতেয়ঃ, তাড়কায়া অপত্যম্—তাড়কেয়ঃ, সরমায়া অপত্যম্—সারমেয়ঃ, ভগিন্যা অপত্যম্—ভাগিনেয়ঃ, কুন্ত্যা অপত্যম্—কৌন্তেয়ঃ, রুক্মিণ্যা অপত্যম্—রৌক্মিণেয়ঃ, রোহিণ্যা অপত্যম্—রৌহিণেয়ঃ, গোধায়া অপত্যম্—গৌধেয়ঃ, ('গোধায়া অপত্যম্' এই অর্থে গৌধেয় (ঢক্) ও গৌধার (আরক্) এই দুই শব্দও নিপাতনে সিদ্ধ হয় (১)।

২৪। **শুভ্রাদিভ্যশ্চ**—অপত্য অর্থে শুভ্র প্রভৃতি প্রাতিপাদিকের উত্তর **ঢক্** হয়। যথা, শুভ্রস্যাপত্যম্—শৌভ্রেয়ঃ, অত্রেরপত্যম্—আত্রেয়ঃ, বিমাতুরপত্যম্—বৈমাত্রেয়ঃ, শকুনেরপত্যম্—শাকুনেয়ঃ, ইতরস্যাপত্যম্—ঐতরেয়ঃ।

ঢক্ প্রত্যয় হইলে, প্রাতিপাদিকের অন্তস্থিত উবর্ণের লোপ হয়। যথা, মৃকণ্ডোরপত্যম্—মার্কণ্ডেয়ঃ, কমণ্ডল্বা অপত্যম্—কামণ্ডলেয়ঃ। পাণ্ডু ও কদ্রু শব্দের উবর্ণের লোপ হয় না। যথা, পাণ্ডোরপত্যম্—পাণ্ডবেয়ঃ, কদ্র্বা অপত্যম্—কাদ্রবেয়ঃ।

২৫। **কল্যাণ্যাদীনামিনঙ্**—ঢক্ প্রত্যয় হইলে, কল্যাণী প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঈকার স্থানে ইনঙ্ (ইন) হয়। যথা, কল্যাণ্যাঃ অপত্যম্—কাল্যাণিনেয়ঃ, সুভগায়া অপত্যম্—সৌভাগিনেয়ঃ, দুর্ভগায়া অপত্যম্—দৌর্ভাগিনেয়ঃ, বন্ধক্যা অপত্যম্—বান্ধকিনেয়ঃ, কনিষ্ঠায়া অপত্যম্—কানিষ্ঠিনেয়ঃ।

---

(১) গোধায়া ঢক্—গৌধেয়ঃ। আরগুদীচাম্—গৌধারঃ।

২৬। **স্বসুশ্ছঃ**—অপত্য অর্থে স্বসৃ শব্দের উত্তর ছ হয়; ছ স্থানে ঈয় হয়। যথা, স্বসুরপত্যম্—স্বস্রীয়ঃ (sister's son). এইরূপ, ভ্রাতুঃ অপত্যম্—ভ্রাত্রীয়ঃ, ভ্রাতৃব্যঃ (১)। পিতৃষ্বসুরপত্যম্—পৈতৃষ্বসেয়ঃ(ঢক্) (২), পৈতৃষ্বস্রীয়ঃ (ছণ্); মাতৃষ্বসুরপত্যম্—মাতৃষ্বসেয়ঃ (ঢক্) (২), মাতৃষ্বস্রীয়ঃ (ছণ্)।

২৭। **রেবত্যাদিভ্যষ্ঠক্**—অপত্য অর্থে রেবতী প্রভৃতি প্রাতিপদিকের উত্তর **ঠক্** হয়; ঠক্ স্থানে ইক হয়। যথা, রেবত্যা অপত্যম্—রৈবতিকঃ, অশ্বপাল্যা অপত্যম্—আশ্বপালিকঃ।

২৮। **তদ্রাজস্য বহুষু তেনৈবাস্ত্রিয়াম্**—বহুবচনে রাজসংজ্ঞা-বাচক প্রাতিপদিকের উত্তর বিহিত অপত্যপ্রত্যয়ের বিকল্পে লোপ হয়। যথা, রঘোরপত্যানি—রঘবঃ, রাঘবাঃ; কুরোরপত্যানি—কুরবঃ, কৌরবাঃ; যদোরপত্যানি—যদবঃ, যাদবাঃ; ইক্ষ্বাকোরপত্যানি—ইক্ষ্বাকবঃ, ঐক্ষ্বাকাঃ; বৃষ্ণেরপত্যানি—বৃষ্ণয়ঃ, বার্ষ্ণেয়াঃ; নিমেরপত্যানি—নিময়ঃ, নৈমেয়াঃ। স্ত্রীলিঙ্গে অপত্য প্রত্যয়ের লোপ হয় না। যথা, যস্কস্যাপত্যানি স্ত্রিয়ঃ—যাস্ক্যঃ, বিদস্যাপত্যানি স্ত্রিয়ঃ—বৈদ্যঃ, অত্রেরপত্যানি স্ত্রিয়ঃ—আত্রেয্যঃ, রঘোরপত্যানি স্ত্রিয়ঃ—রাঘব্যঃ।

২৯। **অত্রিভৃগুকুৎসবশিষ্ঠগোতমাঙ্গিরোভ্যশ্চ**—বহুবচনে অত্র্যাদির উত্তর বিহিত অপত্যপ্রত্যয়ের লোপ হয়। যথা। যথা, অত্রেরপত্যানি—অত্রয়ঃ, ভৃগোরপত্যানি—ভৃগবঃ, কুৎসস্যাপত্যানি—কুৎসাঃ, বশিষ্ঠস্যাপত্যানি—বশিষ্ঠাঃ, গোতমস্যাপত্যানি—গোতমাঃ, অঙ্গিরসোঽপত্যানি—আঙ্গিরসাঃ। বহুবচনে গর্গাদির উত্তর বিহিত অপত্য-প্রত্যয়ের লোপ হয়। গর্গস্যাপত্যানি—গর্গাঃ, বৎসস্যাপত্যানি—বৎসাঃ, অগস্তের-পত্যানি—অগস্তয়ঃ, বিশ্বাবসরোপত্যানি—বিশ্বাবসবঃ, বভ্রোরপত্যানি

---

(১) ভ্রাতুর্ব্যচ চ (২) ঢকি লোপঃ।

—বভ্রবঃ, মুদ্গলস্যাপত্যানি—মুদ্গলাঃ, জমদগ্নেরত্যানি—জমদগ্নয়ঃ, জাতুকর্ণস্যাপত্যানি—জাতুকর্ণাঃ। স্ত্রীলিঙ্গে লোপ হয় না। যথা, গার্গ্যঃ স্ত্রিয়ঃ।

বিভিন্ন অর্থে তদ্ধিত প্রত্যয়

২০। **তদধীতে তদ্বেদ**—'তদ্ অধীতে' (reads that), 'তদ্ বেদ' (knows that), এই দুই অর্থে প্রাতিপাদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, তর্কং বেত্তি অধীতে বা—তার্কিকঃ (ঠঞ্ প্রত্যয়), ন্যায়ং বেত্তি অধীতে বা নৈয়ায়িকঃ(ঠক্ ;বেদান্তং বেত্তি অধীতে বা—বৈদান্তিকঃ (ঠক্), পুরাণং বেত্তি অধীতে বা—পৌরাণিকঃ (ঠক্), বেদং বেত্তি অধীতে বা—বৈদিকঃ (ঠঞ্), অলঙ্কারং (rhetoric) বেত্তি অধীতে বা—আলঙ্কারিকঃ (ঠক্), জ্যোতিষং বেত্তি অধীতে বা—জ্যোতিষিকঃ (ঠক্), ব্যাকরণং বেত্তি অধীতে বা—বৈয়াকরণিকঃ, বৈয়াকরণঃ (অণ্)। এইরূপ—শাব্দিকঃ, পৌরাণিকঃ, ঐতিহাসিকঃ, যান্ত্রিকঃ।

২১। **ক্রমাদিভ্যো বুন্**—ক্রম প্রভৃতি প্রাতিপাদিকের উত্তর বুন্ হয়। বুন্ এর অক থাকে। যথা, ক্রমং বেত্তি অধীতে বা—ক্রমকঃ, শিক্ষাং বেত্তি অধীতে বা—শিক্ষকঃ (বুন্), মীমাংসাং বেত্তি অধীতে বা—মীমাংসকঃ (বুন্), পদং বেত্তি অধীতে বা—পদকঃ (বুন্)।

২২। **তেন প্রোক্তম্**—'তেন প্রোক্তম্' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, ঋষিণা প্রোক্তম্—আর্ষম্ (অণ্) (said by the Rishi), মনুনা প্রোক্তম্—মানবম্ (অণ্), মানবীয়ম্ (ছ), বিষ্ণুনা প্রোক্তম্—বৈষ্ণবম্ (অণ্), পতঞ্জলিনা প্রোক্তম্—পাতঞ্জলম্ (অণ্), কণাদেন প্রোক্তম্—কাণাদম্ (অণ্), পাণিনিনা প্রোক্তম্—পাণিনীয়ম্ (ছ), জৈমিনিনা প্রোক্তম্—জৈমিনীয়ম্ (ছ), উশনসা প্রোক্তম্—ঔশনসম্ (অণ্), অঙ্গিরসা প্রোক্তম্—আঙ্গিরসম্ (অণ্), পরাশরেণ প্রোক্তম্

—পারাশরীয়ম্ (ছ), বৃহস্পতিনা প্রোক্তম্ বার্হস্পত্যম্ (ণ্য), নারদেন প্রোক্তম্—নারদীয়ম্ (ছ), বাল্মীকিনা প্রোক্তম্—বাল্মীকীয়ম্ (ছ), বোধায়নেন প্রোক্তম্—বৌধায়নীয়ম্ (ছ)। তিত্তিরিণা প্রোক্তম্—তৈত্তিরীয়ম্ (ছ)।

২৩। **তেন নির্বৃত্তম্**—'তেন নির্বৃত্তম্ (done) এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, কায়েন নির্বৃত্তম্—কায়িকম্ (ঠক্) (done by the body, corporeal), অঙ্গেন নির্বৃত্তম্—আঙ্গিকম্ (ঠঞ্), শরীরেণ নির্বৃত্তম্—শারীরিকম্ (ঠক্), বাচা নির্বৃত্তম্—বাচিকম্ (ঠক্), পুরুষেণ নির্বৃত্তম্—পৌরুষেয়ম্ (ঢক্), মক্ষিকাভিঃ নির্বৃত্তম্—মাক্ষিকম্ (অণ্), ক্ষুদ্রাভিঃ নির্বৃত্তম—ক্ষৌদ্রম্ (অঞ্)। দিনেন নির্বৃত্তম্—দৈনিকম্ (ending in a day), মাসেন নির্বৃত্তম্—মাসিকম্ (lasting for a month), বর্ষেণ নির্বৃত্তম্ বার্ষিকম্ (ঠঞ্), সংবৎসরেণ নির্বৃত্তম্—সাংবৎসরিকম্ (ঠঞ্), সাংবৎসরীয়ম্ (ছণ্)। অহন্ শব্দ স্থানে অহ্ন হয়। যথা, অহ্না নির্বৃত্তম্—আহ্নিকম্ (ঠক্)।

২৪। **তেন রক্তং রাগাৎ**—'তেন রক্তম্' (তাহার দ্বারা রঞ্জিত) এই অর্থে রঞ্জক দ্রব্য (রাগ)বাচক প্রাতিপাদিকের উত্তর যথাসম্ভব উক্তপ্রত্যয় সকল হয়। যথা, কষায়েণ রক্তম্—কাষায়ম্ (অণ্) (dyed with reddish colour), কুসুম্ভেন রক্তম্—কৌসুম্ভম্ (অণ্) (dyed with saffron flower), নীল্যা রক্তম্—নৈলম্ (অণ্), হরিদ্রয়া রক্তম্—হারিদ্রম্ (অঞ্), মঞ্জিষ্ঠয়া রক্তম্—মাঞ্জিষ্ঠম্ (অণ্), লাক্ষয়া রক্তম্—লাক্ষিকম্ (ঠক্) (dyed with lac), রোচনয়া রক্তম্—রৌচনিকম্ (ঠক্), পীতেন রক্তম্—পীতকম্ (কন্)।

২৫। **সাস্য দেবতা**—'সা অস্য দেবতা' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, শিবোঽস্য দেবতা—শৈবঃ

(অণ্) (a worshipper of Siva), বিষ্ণুরস্য দেবতা—বৈষ্ণবঃ (অণ্), শক্তিরস্য দেবতা—শাক্তঃ (অণ্), গণপতিরস্য দেবতা—গাণপত্যঃ (ষ্যণ্), প্রজাপতিরস্য দেবতা—প্রাজাপত্যঃ (ষ্যঞ্), বায়ুরস্য দেবতা—বায়ব্যঃ (যৎ), অগ্নিরস্য দেবতা—আগ্নেয়ঃ (ঢক্), সোমোঽস্য দেবতা—সৌম্যঃ (ষ্যঞ্), দ্যাবাপৃথিব্যৌ অস্য দেবতে—দ্যাবাপৃথিবীয়ম্ (ছ), দ্যাবাপৃথিব্যম্ (যৎ), অগ্নীষোমাবস্য দেবতে—অগ্নীষোমীয়ম্ (ছ), অগ্নীষোম্যম্ (যৎ)।

২৬। **তস্য সমূহঃ**—'তস্য সমূহঃ' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, ভিক্ষাণাং সমূহঃ—ভৈক্ষম্ (অণ্) (alms), অঙ্গারাণাং সমূহঃ—আঙ্গারম্ (অণ্) (multitude of fire-brands), ময়ূরাণাং সমূহঃ—মায়ূরম্ (অঞ্)(a flock of peacocks), ধেনূনাং সমূহঃ—ধৈনুকম্ (বুঞ্), কলাপানাং সমূহঃ—কালাপকম্ (বুঞ্), রাজন্যানাং সমূহঃ—রাজন্যকম্ (বুঞ্) (a number of Kshatriyas), রাজপুত্রাণাং সমূহঃ—রাজপুত্রকম্ (বুঞ্),মনুষ্যাণাং সমূহঃ—মানুষ্যকম্ (বুঞ্), অপূপানাং সমূহঃ—আপূপিকম্ (ঠক্ or ঠঞ্), গণিকানাং সমূহঃ—গাণিক্যম্ (ষ্যঞ্), ব্রাহ্মণানাং সমূহঃ—ব্রাহ্মণ্যম্ (য) (an assembly of Brahmanas).

২৭। **গ্রাম-জন-বন্ধু-সহায়েভ্যস্তল্**—সমূহ অর্থে গ্রাম, জন, বন্ধু ও সহায় শব্দের উত্তর তল্ হয়। ল্ ইৎ ত থাকে। তল্-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ। যথা—গ্রামাণাং সমূহঃ—গ্রামতা, জনানাং সমূহঃ—জনতা (crowd, a number of men), বন্ধূনাং সমূহঃ—বন্ধুতা, সহায়ানাং সমূহঃ—সহায়তা। এইরূপ—গজানাং সমূহঃ—গজতা (a number of elephants)।

২৮। **কমলাদিভ্যঃ খণ্ডচ্**—(বা) কমল প্রভৃতি প্রাতিপদিকের উত্তর সমূহ অর্থে **খণ্ডচ্** প্রত্যয় হয়। চ্ ইৎ খণ্ড থাকে।

যথা, কমলানাং সমূহঃ—কমলখণ্ডম্ কুমুদানাং সমূহঃ—কুমুদখণ্ডম্; এইরূপ পদ্মিনীখণ্ডম্, নলিনীখণ্ডম্।

৩৯। **দূর্ব্বাদিভ্যঃ কাণ্ডঃ**—(বা) দূর্ব্বা প্রভৃতি প্রাতিপদিকের উত্তর সমূহ অর্থে কাণ্ড প্রত্যয় হয়। যথা, দূর্ব্বাণাং সমূহঃ—দূর্ব্বাকাণ্ডম্, তৃণানাং সমূহঃ—তৃণকাণ্ডম্, কর্ম্মণাং সমূহঃ—কর্ম্মকাণ্ডম্।

৪০। **তত্র ভবঃ**—'তত্র ভবঃ' (১) এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, মথুরায়াং ভবঃ—মাথুরঃ (অণ্), কলিঙ্গে ভবঃ—কালিঙ্গঃ (অণ্), শরদি ভবঃ শারদঃ (অণ্), বসন্তে ভবঃ—বাসন্তিকঃ (ঠক্), হেমন্তে ভবঃ হৈমন্তিকঃ (ঠঞ্), হৈমন্তঃ (অণ্), সমুদ্রে ভবঃ—সামুদ্রিকঃ (ঠঞ্) (marine, sea-born), দ্বীপে ভবঃ—দ্বৈপায়নঃ (ফক্), দ্বৈপ্যঃ (ষ্যঞ্), অকালে ভবঃ—আকালিকঃ (ঠক্), শশ্বদ্ভবঃ—শাশ্বতিকঃ (ঠক্) (eternal), কুলে ভবঃ—কুলীনঃ (খ) (born of a high family), দুষ্কুলে ভবঃ—দৌষ্কুলেয়ং (ঢক্), দুষ্কুলীনঃ (খ), প্রাচি ভবম্—প্রাচ্যম্ (যৎ) (eastern), দিশি ভবম্—দিশ্যম্ (যৎ), বর্গে ভবান্—বর্গ্যাম্ (যৎ), কণ্ঠে ভবম্—কণ্ঠ্যম্ (যৎ), দন্তে ভবম্—দন্ত্যম্ (যৎ), তালুনি ভবম্—তালব্যম্ (যৎ) ; ওষ্ঠে ভবম্—ওষ্ঠ্যম্ (যৎ), জিহ্বামূলে ভবম্—জিহ্বামূলীয়ম্ (ছ), অন্তরে ভবম্—আন্তরিকম্ (ঠক্), মনসি ভবম্—মানসম্ (অণ্), মানসিকম্ (ঠক্) ; শরীরে ভবম্—শারীরিকম্ (ঠক্), অরণ্যে ভবঃ—আরণ্যকো (বুঞ্) মনুষ্যঃ, আরণ্যঃ (অণ্) পশুঃ, কোশে ভবম্—কৌশেয়ম্ (ঢক্), ইহ ভবম্—ঐহিকম্ (ঠঞ্), লোকে ভবম্—লৌকিকম্ (ঠঞ্), ভূমৌ ভবঃ—ভৌমঃ (অণ্) দিবি ভবঃ—দিব্যম্ (যৎ), অগ্রে ভবম্ অগ্র্যম্ (যৎ), আদৌ ভবম্—আদ্যম্ (যৎ), অন্তে ভবম্—অন্ত্যম্—(যৎ), বেশে ভবা—

(১) এ স্থলে 'ভব' শব্দে 'জাত, স্থিত, সংক্রান্ত, আবির্ভূত প্রভৃতি অনেক অর্থ বুঝায়।

বেশ্যা (যৎ), সর্ব্বকালে ভবম্—সার্ব্বকালিকম্ (ঠঞ্), কদাচিদ্ভবম্—কাদাচিৎকম্ (বুঞ্), সম্প্রতি ভবম্—সাম্প্রতিকম্ (ঠঞ্), অধ্যাত্মং ভবম্—আধ্যাত্মিকম্ (ঠঞ্), অধিভূতং ভবম্—আধিভৌতিকম্ (ঠঞ্), অধিদেবং ভবম্—আধিদৈবিকম্ (ঠঞ্), মধ্যন্দিনে ভবম্—মাধ্যন্দিনম্ (অণ্), নগরে ভবঃ নাগরিকঃ (ঠক্), গ্রামে ভবঃ—গ্রাম্যঃ (যৎ), গ্রামীণঃ (খঞ্)। অকস্মাৎ, বহিস, এই দুই প্রাতিপদিকের টির লোপ হয়। যথা, অকস্মাদ্ভবম্—আকস্মিকম্ (ঠঞ্) (sudden), বহির্ভবম্—বাহ্যং (ষ্যঞ্), বাহীকম্ (ঈকন্) (external)।

৪১। **স্ত্রীপুংসাভ্যাং নঞ্স্নঞৌ ভবনাৎ**—'ভব' প্রভৃতি অর্থে স্ত্রী শব্দের উত্তর **নঞ্** এবং পুম্স্ শব্দের উত্তর **স্নঞ্** প্রত্যয় হয়। ঞ্ ইৎ, ন ও স্ন থাকে ; যথা, স্ত্রিয়াং ভবঃ—স্ত্রৈণঃ, স্ত্রিয়া অপত্যম্—স্ত্রৈণম্, স্ত্রিয়া জিতঃ—স্ত্রৈণঃ, স্ত্রীণাং সমূহঃ—স্ত্রৈণম্, স্ত্রী ভক্তির্যস্য—স্ত্রৈণঃ। পুংস্ত্ব ভবম্—পৌংস্নঃ (manhood), পুংসঃ অপত্যম্—পৌংস্নম্, পুংসঃ ইদম্—পৌংস্নম্, পুংসঃ কর্ম্ম—পৌংস্নম্।

হৈমন, **শৌবস্তিক**, পৌনঃপুনিক, প্রতীচ্য, উদীচ্য ও তিরশ্চীন এই কয়েকটি শব্দ নিপাতনে সিদ্ধ। যথা, হেমন্তে ভবম্—হৈমনম্ (অণ্) **শ্বো ভবম্ শৌবস্তিকম্** (ঠঞ্) পুনঃ পুনর্ভবম্—পৌনঃপুনিকম্ (ঠঞ্), প্রতীচি ভবম্—প্রতীচ্যম্ (যৎ, western), উদীচি ভবম্—উদীচ্যম্ (যৎ) (northern), তিরশ্চি ভবম্—তিরশ্চীনম্ (খ) (oblique)।

৪২। **তত্র সাধুঃ**—'তত্র সাধুঃ' (তাহাতে নিপুণ, কুশল) এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, সভায়াং সাধুঃ—সভ্যঃ (যৎ), সমাজে সাধুঃ—সামাজিকঃ (ঠক্), অতিথৌ সাধুঃ—আতিথেয়ঃ (ঢক্), বেদে সাধুঃ—বৈদিকঃ (ঠক্), সংগ্রামে সাধুঃ—সাংগ্রামিকঃ (ঠঞ্), সংযুগে (war) সাধুঃ সাংযুগীনঃ (খঞ্), বিতণ্ডায়াং

সাধুঃ—বৈতণ্ডিকঃ (ঠক্), সংকথায়াং সাধুঃ—সাংকথিকঃ (ঠক্), সংগ্রহে সাধুঃ—সাংগ্রহিকঃ (ঠক্)।

৪৩। **দেয়মৃণে**—ঋণ বুঝাইলে দেয় অর্থে, কালবাচক প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, মাসে দেয়ম্—মাসিকম্ (ঠঞ্) ঋণম্, বর্ষে দেয়ম্—বার্ষিকম্ (ঠঞ্), অব্দে দেয়ম্—আব্দিকম্ (ঠঞ্); সংবৎসরেণ দেয়ম্—সাংবৎসরিকম্ (ঠঞ্); অগ্রহায়ণে দেয়ম্—আগ্রহায়ণিকম্ (ঠঞ্), শ্রাবণে দেয়ম্—শ্রাবণিকম্ (ঠক্)।

৪৪। **তমধীষ্টো ভৃতো ভূতো ভাবী**—ব্যাপ্তি বুঝাইলে অধীষ্ট (পূজাপূর্ব্বক নিযুক্ত), ভৃত (বেতনাদি দ্বারা ক্রীত), ভূত ও ভাবী এই চারি অর্থে কালবাচক শব্দের উত্তর ঠঞ্ প্রত্যয় হয়। যথা, মাসং ব্যাপ্য অধীষ্টঃ—মাসিকো গুরুঃ, মাসং ব্যাপ্য ভৃতঃ—মাসিকো দাসঃ, মাসং ব্যাপ্য ভূতঃ—মাসিকো ব্যাধিঃ, মাসং ব্যাপ্য ভাবী—মাসিক উৎসবঃ। এইরূপ—দৈনিকম্, বার্ষিকম্। চতুরো মাসান্ ব্যাপ্য ভাবি ব্রতম্—চাতুর্মাস্যং (ষ্যঞ্) ব্রতম্।

৪৫। **বর্ষাল্লুক্ চ**—দ্বিগু সমাসে বর্ষশব্দের উত্তর খ, ছ ও ঠঞ্ প্রত্যয় হয় এবং বিকল্পে তাহাদের লোপ হয়। যথা, দ্বে বর্ষে অস্য বয়ঃ—দ্বিবর্ষীণঃ (খ), দ্বিবর্ষীয়ঃ (ছ), দ্বিবার্ষিকঃ (ঠঞ্); দ্বিবর্ষঃ (two year old), পঞ্চ বর্ষাণ্যস্য বয়ঃ—পঞ্চবর্ষীণঃ, পঞ্চবর্ষীয়ঃ, পঞ্চবার্ষিকঃ, পঞ্চবর্ষঃ।

৪৬। **তত আগতঃ**—'ততঃ আগতঃ' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, মথুরায়া আগতঃ—মাথুরঃ (অণ্), নগরাদাগতঃ—নাগরিকঃ (ঠক্), আপণাদাগতঃ—আপণিকঃ (ঠক্), উপাধ্যায়াদাগতম্—ঔপাধ্যায়কম্ (বুঞ্), পিতামহাদাগতম্—পৈতামহকম্ (বুঞ্), মাতুরাগতম্—মাতৃকম্ (ঠঞ্) (maternal), সবিতুরাগতম্—সাবিত্রম্ (অণ্), ভ্রাতুরাগতম্—ভ্রাতৃকম্ (ঠঞ্)

(fraternal), পিতুরাগতম্—পৈতৃকম্ (ঠঞ্), পিত্র্যম্ (যৎ) (paternal) ; স্ত্রিয়া আগতম্—স্ত্রৈণম্ (নঞ্), পুংস আগতম্—পৌংস্নম্ (স্নঞ্)।

৪৭। **তদর্হতি**—'তৎ অর্হতি' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা, শতমর্হতি—শতিকঃ (ঠক্) ; সহস্রমর্হতি—সাহস্রিকঃ (ঠঞ্); ছেদমর্হতি—ছেদ্যঃ (যৎ), ভেদমর্হতি—ভেদ্যঃ (যৎ), দণ্ডমর্হতি—দণ্ড্যঃ (যৎ), অর্ঘমর্হতি—অর্ঘ্যঃ (যৎ), বধমর্হতি—বধ্যঃ (যৎ); যজ্ঞমর্হতি—যজ্ঞীয়ঃ (ছ), দক্ষিণামর্হতি—দক্ষিণীয়ঃ (ছ), দক্ষিণ্যঃ (যৎ)।

৪৮। **তস্মাদনপেতম্**—(১) 'তস্মাৎ অনপেতম্' (অর্থাৎ তাহা দ্বারা যুক্ত) এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, ধর্ম্মাদনপেতম্—ধর্ম্ম্যম্ (যৎ), ন্যায়াদনপেতম্—ন্যায্যম্ (যৎ), অর্থাদনপেতম্—অর্থ্যম্ (যৎ), পথোঽনপেতম্—পথ্যম্(যৎ),বিধেরনপেতম্—বৈধম্ (অণ্)। শাস্ত্রাদনপেতম্—শাস্ত্রীয়ম্ (ছ)।

৪৯। **তস্যেদম্**—(পা) 'তস্য ইদম্' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়গুলি হয়। যথা, বিষ্ণোরিদম্—বৈষ্ণবম্ (অণ্), শিবস্যেদম্—শৈবম্ (অণ্), জনপদস্যেদম্—জানপদম্ (অণ্), তস্যেদম্—তদীয়ম্ (ছ), এতস্যেদম্—এতদীয়ম্—(ছ), দেবস্যেদম্—দৈবম্ (অণ্), অসুরস্যেদম্—আসুরম্ (অণ্), সম্রাজ ইদম্—সাম্রাজ্যম্ (ষ্যঞ or ণ্য), ইন্দ্রস্যেদম্—ঐন্দ্রম্ (অণ্) মহেন্দ্রস্যেদম্—মাহেন্দ্রম্—(অণ্), মনস ইদম্—মানসম্—(অণ্) শরীরস্যেদম্—শারীরম্ (অণ্) (bodily), পিতুরিদম্—পিত্র্যম্ (যৎ) (paternal), গোরিদম্—গব্যম্ (যৎ), মহিষস্যেদম্—মাহিষম্ (অণ্), বেণোরিদম্ বৈণবম্ (অণ্), পলাশস্যেদম্—পালশম্ (অণ্), খদিরস্যেদম্—খাদিরম্

(১) ধর্মপথ্যর্থন্যায়াদনপেতে।

(অণ্) বিল্বস্যেদম—বৈল্বম্—(অণ্), মুঞ্জানামিদম্—মৌঞ্জম্ (অণ্), স্ত্রিয়া ইদম—স্ত্রৈণম্ (নঞ), পুংস ইদম্—পৌংস্নম্ (স্নঞ), গঙ্গায়া ইদম্ —গাঙ্গম্ (অণ্), হিমবত ইদম্—হৈমবতম্ (অণ), পশুপতেরিদম্—পাশুপতম্ (অণ্), শঙ্করস্যেদম—শাঙ্করম্ (অণ্), সুরস্যেদম্—সৌরম্ (অণ্), চন্দ্রস্যেদম—চান্দ্রম (অণ্), বেদস্যেদম্—বৈদিকম্ (ঠঞ্), উপনিষদ ইদম—ঔপনিষদম্ (অণ্), পৃথিব্যা ইদম্—পার্থিবম্ (অণ্) (earthly), জলস্যেদম্—জলীয়ম্ (ছ), তেজস ইদম্—তৈজসম্ (অণ্), বায়োরিদম্—বায়বীয়ম্ (ছ), শত্রোরিদম্—শাত্রবম্ (অণ্), রুরোরিদম্ —রৌরবম্ (অণ্), ন্যঙ্কোরিদম্—নয়ঙ্কবম্ (অণ্) ন্যাঙ্কবম্ (অণ্), শ্বাপদস্যেদম্—শৌবাপদম্ (অণ্), শ্বাপদম্ (অণ্), ভরতস্যেদম্—ভারতম্ (অণ্), ভারতবর্ষস্যেদম্—ভারতবর্ষীয়ম্ (ছ) (belonging to India), যুষ্মাকমিদম্—যুষ্মদীয়ম্ (ছ) (belonging to you), অস্মাকমিদম—অস্মদীয়ম্ (ছ) (belonging to us), তব ইদম্—ত্বদীয়ম্ (ছ), মম ইদম্—মদীয়ম্ (ছ), যুষ্মাকমিদম্—যৌষ্মাকীণম্ (খঞ্), যৌষ্মাকম্ (অণ্), অস্মাকমিদম্—আস্মাকীনম্ (খঞ্), আস্মাকম্ (অণ্), তব ইদম্—তাবকীনম্ (খঞ্), **তাবকম্** (অণ্) (thine), মম ইদম্—মামকীনম্ (খঞ্), **মামকম্** (অণ্) (mine), পরস্যেদম্—**পরকীয়ম্** (belonging to others), স্ব শব্দের উত্তর বিকল্পে, যথা, স্বস্যেদম্—স্বকীয়ম্, স্বীয়ম্ (own, relating to one's self). সৌর, সারব, স্বায়ম্ভুব, ভবদীয় ও অন্যদীয় শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, সূর্য্যস্যেদম্ —সৌরম্ (অণ্) দিনম্, সরয্বা ইদম্—সারযম্, (অণ্) জলম্, স্বয়ম্ভুব ইদম্—স্বায়ম্ভুবম্ (অণ্) ধাম, ভবত ইদম্—ভবদীয়ম্ (ছ) অন্যস্যেদম্—অন্যদীয়ম্ (ছ)।

৫০। **তস্য বিকারঃ**—(পা) 'তস্য বিকারঃ', এই অর্থে প্রাতিপদিকের **উত্তর** যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা সুবর্ণস্য বিকারঃ

—সৌবর্ণঃ (অণ্) (golden), রজতস্য বিকারঃ—রাজতঃ (অণ্), সীসস্য বিকারঃ—সৈসঃ(অণ্), দারোর্বিকারঃ—দারবঃ(অণ্),দেবদারোর্বিকারঃ—দৈবদারবঃ (অঞ্), পয়সাং বিকারঃ—পায়সঃ (অণ্) (made of milk), অগ্নেঃ বিকারঃ—আগ্নেয়ঃ (ঢক্), মুদ্গস্য বিকারঃ—মৌদ্গঃ (অণ্), ইক্ষোর্বিকারঃ—ঐক্ষবঃ (অণ্), গুড়স্য বিকারঃ—গৌড়ঃ (অণ্), পিষ্টস্য বিকারঃ পৈষ্টঃ (অণ্), তিলস্য বিকারঃ—তৈলম্ (অণ্)।

৫১। **তদস্য পণ্যম্**–(পা) 'তৎ অস্য পণ্যম্' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, লবণমস্য পণ্যম্—লাবণিকঃ (ঠঞ্) (a vendor of salt), তৈলমস্য পণ্যম্—তৈলিকঃ (ঠঞ্) (an oilman), অপূপা অস্য পণ্যম্—আপূপিকঃ (ঠঞ্) তণ্ডুলমস্য পণ্যম্—তাণ্ডুলিকঃ (ঠঞ্), মোদকা অস্য পণ্যম্—মৌদকিকঃ (ঠঞ্) (a confectioner), উশীরমস্য পণ্যম্—ঔশীরিকঃ (ঠঞ্), তাম্বূলমস্য পণ্যম্—তাম্বূলিকঃ (ঠঞ্) (a seller of betel).

৫২। **প্রহরণম্**—'তৎ অস্য প্রহরণম্' (weapon) এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, ধনুরস্য প্রহরণম্—ধানুষ্কঃ(ঠক্) (an archer), অসিঃ অস্য প্রহরণম্—আসিকঃ (ঠক্) (a swordsman), পরশুরস্য প্রহরণম্—পারশবিকঃ, প্রাসোঽস্য প্রহরণম্—প্রাসিকঃ,পরশ্বধঃ (axe) অস্য প্রহরণম্—পারশ্বধিকঃ (ঠঞ্), তরবারিরস্য প্রহরণম্—তারবারিকঃ, শক্তিরস্য প্রহরণম্—শাক্তীকঃ, যষ্টিরস্য প্রহরণম্—যাষ্টীকঃ (ঈকক্) (১)।

৫৩। **প্রয়োজনম্**—'তৎ অস্য প্রয়োজনম্' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, যশঃ প্রয়োজনমস্য যশস্যম্ (যৎ) (leading to fame), আয়ুঃ প্রয়োজনমস্য—আয়ুষ্যম্ (যৎ) (promoting long life), কামঃ প্রয়োজনমস্য—কাম্যম্ (যৎ),

(১) শক্তিযষ্ট্যোরীকক্।

স্বর্গঃ প্রয়োজনমস্য—স্বর্গ্যম্ (যৎ), গৃহপ্রবেশনং প্রয়োজনমস্য—গৃহপ্রবেশনীয়ম্ (ছ), অনুপ্রবচনং প্রয়োজনমস্য—অনুপ্রবচনীয়ম্ (ছ), সংবেশনং (নিদ্রা) প্রয়োজনমস্য—সংবেশনীয়ম্ (ছ)।

৫৪। **শীলম্**—'তৎ অস্য শীলম্' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, তপোঽস্য শীলম্—তাপসঃ (অণ্), ('গুরোঃ দোষাণামাবরণং ছত্রম্) ছত্রমস্য শীলম্—**ছাত্রঃ** (ণ) (১), ভিক্ষাস্য শীলম্—ভৈক্ষঃ (অণ্), প্ররোহোঽস্য শীলম্—প্রারোহঃ (অণ্), চুরা অস্য শীলম্—চৌরঃ (অণ্)।

৫৫। **সময়স্তদস্য প্রাপ্তম্**—'তৎ অস্য প্রাপ্তম্' এই অর্থে কালবাচক প্রতিপাদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, সময়োঽস্য প্রাপ্তঃ—সাময়িকঃ (ঠঞ্) (observing time or season, seasonable), কালোঽস্য প্রাপ্তঃ—কালিকঃ (ঠক্) (relating to time), দিষ্টমস্য প্রাপ্তঃ—দৈষ্টিকঃ (ঠক্) (fatalist), ঋতুরস্য প্রাপ্তঃ আর্ত্তবঃ (অণ্) (২)।

৫৬। **অধিকৃত্য কৃতে গ্রন্থে**—গ্রন্থ বুঝাইলে, 'অধিকৃত্য কৃতম্', এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, রামমধিকৃত্য কৃতম্—রামায়ণম্, ভগবন্তম্ অধিকৃত্য কৃতম্—ভাগবতম্, বাক্যানি চ পদানি চ অধিকৃত্য কৃতম্—বাক্যপদীয়ম্ (ছ), রাঘবান্ পাণ্ডবাংশ্চাধিকৃত্য কৃতম্—রাঘবপাণ্ডবীয়ম্ (ছ), কিরাতমর্জ্জুনঞ্চাধিকৃত্য কৃতম্—কিরাতার্জ্জুনীয়ম্ (ছ), অনুশাসনমধিকৃত্য কৃতম্—আনুশাসনিকম্, অশ্বমেধমধিকৃত্য কৃতম্—আশ্বমেধিকম্ (ঠঞ্), আশ্রমবাসমধিকৃত্য কৃতম্—আশ্রমবাসিকম্ (ঠঞ্), মুষলমধিকৃত্যকৃতম্—মৌষলম্ (অণ্),

---

(১) ছত্রাদিভ্যো ণঃ।

(২) ঋতোরণ। কালাড্‌ৎ। প্রকৃষ্টে ঠঞ্।

মহাপ্রস্থানমধিকৃত্য কৃতম্—মাহাপ্রাস্থানিকম্ (ঠঞ্), স্বর্গারোহণম্ অধিকৃত্য কৃতম্—স্বার্গারোহণিকম্ (ঠক্)।

৫৭। তস্মৈ প্রভবতি সন্তাপাদিভ্যঃ—'তস্মৈ প্রভবতি' এই অর্থে, সন্তাপ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, সন্তাপায় প্রভবতি—সান্তপিকঃ (ঠঞ্), সন্নাহায় প্রভবতি—সান্নাহিকঃ, সংগ্রামায় প্রভবতি—সাংগ্রামিকঃ, সঙ্ঘাতায় প্রভবতি—সাঙ্ঘাতিকঃ, উৎপাতায় প্রভবতি—ঔৎপাতিকঃ (ঠঞ্)।

(ক) **কর্ম্মণ উকঞ্**—'তস্মৈ প্রভবতি' (সমর্থ হয়) এই অর্থে ধনুঃ বুঝাইলে কর্ম্মন্ শব্দের উত্তর উকঞ্ প্রত্যয় হয়। যথা, কর্ম্মণে প্রভবতি—কার্ম্মুকম্—ধনুঃ (a bow)।

৫৮। তস্মৈ হিতম্—'তস্মৈ হিতম্', (তাহার পক্ষে মঙ্গলকর) এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, অধ্বরায় (proper for or suitable to a sacrifice) হিতম্—অধ্বরীণম্ (খ), ব্রহ্মণে হিতম্—ব্রহ্মণ্যম্ (যৎ), বিশ্বজনেভ্যো হিতম্ বিশ্বজনীনম্ (খ) (suitable to or conducive to the good for all men), সর্ব্বজনেভ্যঃ হিতম্—সর্ব্বজনীনম্ (খ) (১), সার্ব্বজনিকম্ (ঠঞ্) (suitable to all men, universal (২)।

৫৯। নক্ষত্রেণ যুক্তঃ কালঃ—'তদ্‌যুক্ত কাল' বুঝাইলে নক্ষত্রবাচক প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, বিশাখয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ—বৈশাখঃ (অণ্), জ্যেষ্ঠয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ—জ্যৈষ্ঠঃ (অণ্), আষাঢ়য়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ—আষাঢ়ঃ (অণ্), শ্রবণয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ—শ্রাবণঃ (অণ্), শ্রাবণিকঃ (ঠঞ্), ভদ্রয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ—ভাদ্রঃ (অণ্),

(১) আত্মবিশ্বজনভোগোত্তরপদাৎ খঃ।

(২) সর্ব্বজনেষু সাধুঃ **সার্ব্বজনীনঃ** (খঞ্)।

ভদ্রপদয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ—ভাদ্রপদঃ (অণ্), অশ্বিন্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ—আশ্বিনঃ (অণ্), কৃত্তিকয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ—কার্ত্তিকঃ (অণ্), কার্ত্তিকিকঃ (ঠক্), অগ্রহায়ণ্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ অগ্রহায়ণঃ, আগ্রহায়ণঃ (অণ্), আগ্রহায়ণিকঃ (ঠক্), মৃগ্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ—মার্গঃ (অণ্), মৃগশীর্ষেণ নক্ষত্রেণ যুক্তো মাসঃ মার্গশীর্ষঃ (অণ্), মঘয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ—মাঘঃ (অণ্), ফল্গুন্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ—ফাল্গুনঃ (অণ্), ফাল্গুনিকঃ (ঠক্), চিত্রয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ—চৈত্রঃ (অণ্), তিষ্য ও পুষ্য শব্দের য লোপ হয়। যথা, তিষ্যেণ নক্ষত্রেণ যুক্তো মাসঃ—তৈষঃ (অণ্) ; পুষ্যেণ নক্ষত্রেণ যুক্তো মাসঃ—পৌষঃ (অণ্)।

৬০। **তদ্বহতি**—'তৎ বহতি', এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, ধুরং বহতি—ধূর্য্যঃ (যৎ), ধৌরেয়ঃ (ঢক্) capable of taking or bearing burden foremost), সর্ব্বধুরাং বহতি—সর্ব্বধুরীণঃ (খ), চতুর্ধুরাং বহতি—চতুর্ধুরীণঃ (খ), হলং বহতি—হালিকঃ (ঠক্) (ploughman, cattle), সীরং বহতি—সৈরিকঃ (ঠক্), রথং বহতি—রথ্যঃ (যৎ) (a car, a carriage-horse), যুগং বহতি—যুগ্যঃ (যৎ) (carriage-horse), শকটং বহতি—শাকটঃ (অণ্)।

৬১। **বেতনাদিভ্যো জীবতি**—'তেন জীবতি' এই অর্থে বেতন প্রভৃতি প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, বেতনেন জীবতি—বৈতনিকঃ (ঠক্), (hired labourer), বাহনেন জীবতি—বাহনিকঃ (ঠক্), জালেন জীবতি—জালিকঃ (ঠক্), (a fisherman, a cheat), উপদেশেন জীবতি—ঔপদেশিকঃ (ঠঞ্), ধনুষা জীবতি—ধানুষ্কঃ (ঠক্), ক্রয়বিক্রয়াভ্যাং জীবতি—ক্রয়বিক্রয়িকঃ

(ঠন্), আয়ুধেন জীবতি—আয়ুধিকঃ (ঠক্) আয়ুধীয়ঃ (ছণ্), বাগুরয়া জীবতি— বাগুরিকঃ (ঠক্), নাবা জীবতি—নাবিকঃ (ঠক্), ব্যবহারেণ জীবতি—ব্যবহারিকঃ (ঠন্), (litigant), কুল—কৌলিকঃ (তাঁতি)।

৬২। তাদর্থ্যে—তাদর্থ্য (তাহার জন্য) বুঝাইলে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয়সকল হয়। যথা, পাদার্থমুদকম্—পাদ্যম্ (যৎ), অর্ঘার্থমুদকম্—অর্ঘ্যম্ (যৎ), বলয়ে ইদম—বালেয়ম্ (ঢঞ্), অতিথয়ে ইদম্—আতিথ্যম্(ঞ্য), অগ্নিদেবতায়ৈ ইদম্—অগ্নিদেবত্যম্ (যৎ), পিতৃদেবতায়ৈ ইদম্—পিতৃদেবত্যম্ (যৎ)।

২০৪। **दक्षिणादाच्। आहि च दूरे। उत्तराच्च**—দক্ষিণ ও উত্তর শব্দের সপ্তমী ও প্রথমার স্থানে **আৎ** ও **আহি** হয় ; ৎ ইৎ, আ থাকে। যথা, দক্ষিণা দক্ষিণাহি (to the south of), উত্তরা উত্তরাহি।

বিবিধ তদ্ধিত-প্রত্যয়

২০৫। **सायंचिरंप्राह्णेप्रगेऽव्ययेभ्यष्टयुट्युलौ तुट् च**—'ভব অর্থে' সায়ম্, চিরম্, প্রাহ্ণে, প্রগে ও কালবাচক অব্যয় শব্দের উত্তর ট্যু

ও ট্যুল্ হয় এবং ত আগম হয়। যথা, অদ্য ভবম্—অদ্যতনম্ (of to-day), প্রাতর্ভবম্—প্রাতস্তনম্, সায়ং ভবম্—সায়ন্তনম্, (pertaining to the evening), এইরূপ—দোষাতনম্, দিবাতনম্, পুরাতনম্, চিরন্তনম্, সদাতনম্, অধুনাতনম্, ইদানীন্তনম্, তদানীন্তনম্, পূর্ব্বাহ্লতনম্, পৌর্ব্বাহ্লিকম্—(ঠঞ্) ; অপরাহ্লে ভবম্—অপরাহ্লতনম্, আপরাহ্লিকম্ (ঠঞ্), ঊর্দ্ধতনঃ, উপরিতনঃ, অধস্তনঃ, প্রাক্তনঃ (prior, former)। আদৌ ভবঃ—আদিমঃ (first, prior), মধ্যে ভবঃ—মধ্যমঃ (middle), অগ্রে ভবঃ—অগ্রিমঃ (chief, elder), অন্তে ভবঃ—অন্তিমঃ (final, last) ; পশ্চাৎ ভবঃ—পশ্চিমঃ, পাশ্চাত্ত্যঃ ; দক্ষিণা ভবঃ—দাক্ষিণাত্যঃ।

২০৬। **अमेह-क्व-त्र-तसिलभ्यस्त्यः**—অমা, ইহ, ক্ব, এবং তসিল্ ও ত্রল্ প্রত্যয়ান্ত প্রাতিপদিকের উত্তর ত্য হয়। যথা, অমাত্যঃ (minister, councillor), ইহত্যঃ, ক্বত্যঃ ; তসিল্-প্রত্যয়ান্ত—ততস্ত্যঃ, অতস্ত্যঃ, কুতস্ত্যঃ ; ত্রল্-প্রত্যয়ান্ত—তত্রত্যঃ, অত্রত্যঃ, কুত্রত্যঃ।

২০৭। **कृभ्वस्तियोगेऽभूततद्भावे च्विः**—কৃ, ভূ ও অস্ ধাতুর যোগে, অভূততদ্ভাব অর্থে প্রাতিপদিকের উত্তর **চ্বি** হয়। চ্বির সমুদয় ইৎ, কিছুই থাকে না।

(ক) च्वौ च—'অভূততদ্ভাব অর্থে' প্রত্যয় হইলে, প্রাতিপদিকের অন্তস্থিত হ্রস্ব স্বর দীর্ঘ হয়। যথা, অলঘুং লঘুং করোতি—লঘূকরোতি (makes something light that was not so before), অলঘুর্লঘুঃ ভবতি—লঘূভবতি, অলঘুর্লঘুঃ স্যাৎ—লঘূস্যাৎ।

(খ) अस्य च्वौ—'অভূততদ্ভাব অর্থে' প্রত্যয় হইলে, প্রাতিপদিকের

অন্তস্থিত অবর্ণস্থানে ঈ হয়। যথা, অশুক্লং শুক্লং করোতি—শুক্লীকরোতি, অশুক্লঃ শুক্লো ভবতি—শুক্লীভবতি—অশুক্লঃ শুক্লঃ স্যাৎ—শুক্লীস্যাৎ।

(গ) রীঙ্ ঋতঃ—'অভূততদ্ভাব অর্থে' প্রত্যয় হইলে প্রাতিপদিকের অন্তস্থিত ঋকারের স্থানে **রী** হয়। যথা, অশ্রোতারং শ্রোতারং করোতি—শ্রোত্রীকরোতি, শ্রোত্রীভবতি, শ্রোত্রীস্যাৎ।

২০৮। **অরুর্মনশ্চক্ষুশ্চেতোরহোরজসাং লোপশ্চ**—'অভূততদ্ভাব অর্থে' প্রত্যয় হইলে, **অরুস্, মনস্, চক্ষুস্, চেতস্, রহস্, রজস্**, ইহাদের অন্ত্য বর্ণের লোপ হয়। যথা, অরূকরোতি, অরূভবতি, অরূস্যাৎ; বিমনীকরোতি, বিমনীভবতি বিমনীস্যাৎ; উচ্চক্ষূকরোতি, উচ্চক্ষূভবতি, উচ্চক্ষূস্যাৎ। সুচেতীকরোতি সুচেতীভবতি, সুচেতীস্যাৎ; বিরহীকরোতি, বিরহীভবতি, বিরহীস্যাৎ; বিরজীকরোতি, বিরজীভবতি, বিরজীস্যাৎ।

২০৯। **বিভাষা সাতি কার্ৎস্ন্যে**—(পা) 'কার্ৎস্ন্য' (১) বুঝাইলে, অভূততদ্ভাব অর্থে, কৃ, ভূ, অস্ ধাতুর যোগে বিকল্পে **সাতি** হয়; ই ইৎ, সাৎ থাকে। যথা, কৃৎস্নং (whole) লবণং জলং করোতি —জলসাৎ করোতি, কৃৎস্নং লবণং জলং ভবতি—জলসাদ্ভবতি, কৃৎস্নং লবণং জলং স্যাৎ—জলসাৎ স্যাৎ; এইরূপ—ভস্মসাৎ করোতি (completely reduces to ashes), ভস্মসাদ্ভবতি, ভস্মসাৎ স্যাৎ। পক্ষে চ্বি। যথা, জলীকরোতি, জলীভবতি, জলীস্যাৎ; ভস্মীকরোতি, ভস্মীভবতি, ভস্মীস্যাৎ।

২১০। **অভিবিধৌ সম্পদা চ**—(পা) 'অভিবিধি' (২) বুঝাইলে

---

(১) একস্যা ব্যক্তেঃ সর্ব্বাবয়বাবচ্ছেদেনান্যথাভাবঃ কার্ৎস্ন্যম্। কৃৎস্নং সকলম্, তস্য ভাবঃ।

(২) বহ্বীনাং ব্যক্তীনাং কিঞ্চিদবয়বাবচ্ছেদেনান্যথাভাবঃ অভিবিধিঃ।

'অভূততদ্ভাব অর্থে' কৃ, ভূ' অস্ ও সম্-পূর্ব্বক পদ-ধাতুর যোগে বিকল্পে **সাতি** হয়। যথা, অগ্নিসাৎ করোতি, অগ্নিসাদ্ভবতি, অগ্নিসাৎ স্যাৎ অগ্নিসাৎ সম্পদ্যতে। পক্ষে চ্বি। যথা, অগ্নীকরোতি, অগ্নীভবতি, অগ্নীস্যাৎ, অগ্নীসম্পদ্যতে।

২১১। **তদধীনবচনে**—'অধীনতা' অর্থেও হয়। যথা, রাজ্ঞোঽধীনং করোতি—রাজসাৎ করোতি—(bring in under the control of the king), রাজ্ঞোঽধীনং ভবতি—রাজসাদ্ভবতি, রাজ্ঞোঽধীনং স্যাৎ—রাজসাৎ স্যাৎ; রাজ্ঞোঽধীনং সম্পদ্যতে—রাজসাৎ সম্পদ্যতে। পক্ষে চ্বি। যথা, রাজীভবতি, রাজীস্যাৎ।

২১২। **দেয়ে ত্রা চ**—'দেয়' বুঝাইলে, কৃ, ভূ, অস্ ও সম্-পূর্ব্বক পদ্-ধাতুর যোগে সাতি ও ত্রা হয়। যথা, ব্রাহ্মণায় দেয়ং করোতি ব্রাহ্মণসাৎ করোতি (gives to a Brahman what ought to be given to him), ব্রাহ্মণত্রা করোতি, ব্রাহ্মণসাদ্ভবতি, ব্রাহ্মণত্রা-ভবতি।

২১৩। **কৃঞো দ্বিতীয়-তৃতীয়-শম্ব-বীজাৎ কৃষৌ ডাচ্**—কৃ-ধাতুর যোগে দ্বিতীয়, তৃতীয়, শম্ব, বীজ এই সকল প্রাতিপদিকের উত্তর কর্ষণ অর্থে **ডাচ্** হয়; ড্ চ্ ইৎ, আ থাকে। যথা, দ্বিতীয়াকরোতি, তৃতীয়াকরোতি (ploughs the field for the second or third time), দ্বিতীয়াং তৃতীয়াং কর্ষণং করোতি ইত্যর্থঃ; শম্বাকরোতি, (plough the field contrawise to what it was ploughed before) অনুলোমকৃষ্টং ক্ষেত্রং প্রতিলোমং কর্ষতীত্যর্থঃ, বীজাকরোতি বীজেন সহ কর্ষতীতীর্থঃ।

২১৪। **সংখ্যায়াশ্চ গুণান্তায়াঃ**—গুণ-শব্দ অন্তে থাকিলে

সংখ্যাবাচক শব্দের উত্তর, কৃ-ধাতু যোগে, 'কর্ষণ অর্থে **ডাচ্** হয়। যথা, দ্বিগুণাকরোতি, ত্রিগুণাকরোতি ক্ষেত্রম্ (he ploughs the field twice or thrice), দ্বিগুণং ত্রিগুণং কর্ষতীত্যর্থঃ।

২১৫। **সময়াচ্চ যাপনায়াম্**—(পা) 'যাপন' বুঝাইলে, সময় শব্দের উত্তর **ডাচ্** হয়। যথা, সময়াকরোতি (procrastinates), সময়ং যাপয়তীত্যর্থঃ।

২১৬। **সপত্রনিষ্পত্রাদতিব্যথনে**—'ব্যথন অর্থে' সপত্র, নিষ্পত্র, এই দুই প্রাতিপদিকের উত্তর **ডাচ্** হয়। যথা, সপত্রাকরোতি মৃগং ব্যাধঃ, সপত্রং শরম্ অস্য শরীরে প্রবেশয়ন্ ব্যথয়তীত্যর্থঃ; নিষ্পত্রাকরোতি, শরীরাৎ শরম্ অপরপার্শ্বে নিষ্ক্রাময়ন্ ব্যথয়তীত্যর্থঃ।

২১৭। **নিষ্কুলান্নিষ্কোষণে**—(পা) 'নিষ্কোষণ (১) অর্থে নিষ্কুল এই প্রাতিপদিকের উত্তর **ডাচ্** হয়। যথা, নিষ্কুলাকরোতি দাড়িমম্ (takes out the kernel or seeds of the pomegaranate), দাড়িমস্য অন্তরবয়বান্ বহির্নিঃসারয়তীত্যর্থঃ।

২১৮। **সুখপ্রিয়াদানুলোম্যে**—(পা) আনুলোম্য (আনুকূল্য) অর্থে সুখ, প্রিয়, এই দুই প্রাতিপদিকের উত্তর **ডাচ্** হয়। যথা, সুখাকরোতি, প্রিয়াকরোতি মিত্রম্ (pleases the friend) অনুকূলাচরণেন আনন্দয়তীত্যর্থঃ।

২১৯। **দুঃখাৎ প্রাতিলোম্যে**—(পা) 'প্রাতিলোম্য (প্রাতিকূল্য) বুঝাইলে' দুঃখ এই প্রাতিপদিকের উত্তর **ডাচ্** হয়। যথা, দুঃখাকরোতি ভৃত্যঃ (the servant troubles the master), স্বামিনং পীড়য়তীত্যর্থঃ।

২২০। **শূলাৎ পাকে**—(পা) 'পাক অর্থে' শূল এই প্রাতিপদিকের উত্তর **ডাচ্** হয়। যথা, শূলাকরোতি মাংসম্, শূলেন পচতীত্যর্থঃ।

---

(১) কোষ হইতে বহিষ্করণ।

২২১। **সত্যাদশপথে**—(পা) 'শপথ ভিন্ন অর্থে' সত্য এই প্রাতিপদিকের উত্তর **ডাচ্** হয়। যথা, সত্যাকরোতি ভাণ্ডং বণিক্, ক্রেতব্যমিতি প্রতিজানীতে ইত্যর্থঃ।

২২২। **মদ্রাৎ পরিবাপণে**—(পা) 'মুণ্ডন অর্থে' মদ্র শব্দের উত্তর ডাচ্ হয়। যথা, মদ্রাকরোতি (shaves on the auspicious occasion), সাকল্যং মুণ্ডনং করোতীত্যর্থঃ।

তদ্ধিত পরিশিষ্ট

১। **পুংবত্তসিত্রলাদিষু ভাষিতপুংস্কস্য**—তসিল্, ত্রল্, চরট্, জাতীয়, দেশীয় ও পাশ প্রত্যয় পরে থাকিলে, ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়। যথা, উত্তরস্যা দিশঃ—উত্তরতঃ, উত্তরস্যাং দিশি—উত্তরতঃ, সর্ব্বস্যাং দিশি—সর্বত্র, অর্পিতা ভূতপূর্ব্বা—অর্পিত-চরী, জাত্যা ব্রাহ্মণী—ব্রাহ্মণজাতীয়া, ঈষদূনা পণ্ডিতা—পণ্ডিতদেশীয়া, কুৎসিতা পাচিকা—পাচকপাশা।

২। **কল্পাদিষু চ**—কল্প, রূপ, তর ও তম প্রত্যয় পরে থাকিলে ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়। যথা, ঈষদূনা পণ্ডিতা—পণ্ডিতকল্পা; প্রশস্তা গায়িকা—গায়করূপা, ইয়মনয়োরতিশয়েন নিপুণা—নিপুণতরা, ইয়মাসামতিশয়েন চপলা—চপলতমা।

৩। **ঈয়ূপোর্বিভাষা**—কল্প প্রভৃতি প্রত্যয় পরে থাকিলে ভাষিতপুংস্ক ঈবন্ত ও উবন্ত স্ত্রীলিঙ্গ শব্দের বিকল্পে পুংবদ্ভাব হয়। যথা, ঈষদূনা বিদুষী—বিদুষীকল্পা, বিদ্বৎকল্পা; ঈষদূনা মেধাবিনী—মেধাবিনীরূপা, মেধাবিরূপা;

ইয়মনয়োরতিশয়েন মায়াবিনী—মায়াবিনীতরা, মায়াবিতরা; ইয়মাসামতিশয়েন মনোহারিণী—মনোহারিণীতমা, মনোহারিতমা; এইরূপ, বামোরূকল্পা, বামোরুকল্পা; বামোরূরূপা, বামোরুরূপা; বামোরূতরা; বামোরুতরা; বামোরূতমা, বামোরুতমা (১)।

৪। **শসি বহ্বল্পার্থস্য**—(২) শস্ প্রত্যয় পরে থাকিলে বহ্বর্থ ও অল্পার্থ ভাষিতপুংস্ক শব্দের স্ত্রীলিঙ্গে পুংবদ্ভাব হয়; যথা, বহ্বীভ্যো দেহি—বহুশো দেহি; অল্পাভ্যো দেহি—অল্পশো দেহি।

৫। **ত্বতলোর্গুণবচনস্য**—(বা) ত্ব ও তল্-প্রত্যয় পরে থাকিলে গুণবাচক ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়। যথা, নিপুণায়া ভাবঃ—নিপুণত্বম্; নিপুণতা; চপলায়া ভাবঃ—চপলত্বম্, চপলতা; মেধাবিন্যা ভাবঃ—মেধাবিত্বম্, মেধাবিতা; প্রিয়বাদিন্যা ভাবঃ—প্রিয়বাদিত্বম্, প্রিয়বাদিতা।

Exercise

1. Derive:—ত্রৈলোক্যম্, একতরম্, হিমবান্, ক্ষুধিতঃ, শান্তনবঃ, মাগধঃ, তরস্বী, সাহসঃ, রাজ্যম্, জীমূতকল্পঃ, আভিচারিকঃ, স্বামিনাম্, ভূয়ঃ, মাধবী, আদিত্যঃ, যতঃ, শ্রেষ্ঠঃ, সৌখ্যম্, একদা, পঙ্গুত্বম্, দুঃখিতম্, বরিষ্ঠম্, আধিপত্যম্, পক্ষিণঃ, পাশুপতম্, তদা, পার্ব্বতী, ধার্মিকঃ, তার্কিকঃ, ম্রাদিমা, ক্ষত্রিয়ঃ, শাক্তিকঃ, কুলীনঃ, শালীনঃ,

(১) বৈয়াকরণেরা উবন্তের পুংবদ্ভাব নিষেধ করিয়া বিকল্পে উপের হ্রস্ব বিধান করেন; আর পুংবদ্ভাবের অভাবপক্ষে ঈপের স্থলবিশেষে বিকল্পে ও স্থলবিশেষে নিত্য, হ্রস্ববিধান করিয়া থাকেন; তদনুসারে বিদুষীকল্পা, বিদ্বৎকল্পা এবং ব্রাহ্মণীক ব্রাহ্মণকল্পা হইতে পারে।

(২) 'শসি বহ্বল্পার্থস্য পুংবদ্ভাবো বক্তব্যঃ।'

ভাগিনেয়ঃ, পুত্রকঃ, মৃতকল্পঃ, বহুতিথঃ, হিরণ্ময়ঃ, রথ্যঃ, বায়ব্যম্, কুটীরঃ, মলিনম্, পিচ্ছিলঃ, বাতুলঃ, পাণ্ডুরঃ, অংসলঃ, মাণবঃ, সদা, কুত্র, বাচালঃ, অর্ণবঃ, পার্ব্বত্যঃ, স্রগ্বী, বৈশ্বানরঃ, তমিস্রা, পশ্চিমঃ।

2. Substitute single Sanskrit words for :—বহূনামতিশয়েন ক্ষুদ্রঃ ; অধুনোৎপন্নম্ ; বিদ্যাস্তি যস্যাঃ সা ; যস্যাঃ যশঃ অস্তি ; দারু যস্যাবয়বস্তৎ ; ইতরেণ প্রকারেণ ; কস্মিন্ কালে ; কাষ্ঠেন নির্ম্মিতম্ ; লক্ষ্মার্যস্যাস্তি ; সুহৃদো ভাবঃ ; দশরথস্যাপত্যং পুমান্ ; পঞ্চভিঃ প্রকারৈঃ ; ব্যাসস্য পুত্রঃ ; পৃথিব্যা ঈশ্বরঃ ; ব্যাকরণং বেত্তি যঃ সঃ ; দেবাদাগতম্ ; সর্ব্বস্মাৎ স্থানাৎ ; পিতা ইব ; যেষাং গুণাঃ সন্তি ; মানস্য যোগ্যঃ , শিবো দেবতা অস্য ; ভগিন্যাঃ অপত্যং স্ত্রী ; তৈলং পণ্যং যস্য সঃ ; অনলস্য ইদম্ ; অয়মেষামতিশয়েন বৃদ্ধঃ ; তেজো বিদ্যতে যস্যাঃ সা ; দারু অবয়বঃ যস্যাঃ সা ; বেদান্তং বেত্তি অধীতে বা ; মাংসেন জীবতি ; লক্ষ্মীরস্তি অস্য ; বিষ্ণুঃ দেবতা অস্য ; বনে ভবঃ ; ভাঃ অস্তি এষাম্ , অতিশয়েন লঘুঃ ; তব ইদম্ ; অশুক্লঃ শুক্লো ভবতি ; পূর্ব্বস্মিন্ বর্ষে ; সমানে অহনি ; হ্রস্বঃ পটঃ ; কুৎসিতোঽশ্বঃ ; তারা এব ; তিস্রো বিধাঃ ; তিলস্য স্নেহঃ ; হিরণ্যস্য বিকারঃ; অয়মনয়োরতিশয়েন প্রশস্যঃ ; জ্যোতিরস্যা অস্তি ; গাণ্ডিরস্যাস্তি ; পক্ষ অস্যাস্তি ; শমস্যাস্তি ; বিদ্যুৎ অস্মিন্নস্তি ; চতুর্ণাং পূরণঃ ; কন্যাকালে জাতঃ ; অগ্নিরস্য দেবতা ; তপসি সাধুঃ ; পথি কুশলঃ ; মনসি ভবঃ ; শক্তিরস্য দেবতা ; দ্বারে নিযুক্তঃ ; সমুদ্রে ভবঃ ; অর্ঘায় ইদম্ ; প্রতীচি ভবঃ ; সেনা এব ; রাজ্ঞ ইদম্ ; অনেন প্রকারেণ ; হলং বহতি যঃ ; চক্ষুষা গৃহ্যতে যৎ ; গোরিদম্ ; তৃষা জাতা অস্য ; দেবাৎ ঈষদূনঃ ; হ্রস্বা কুটী।

3. Give the comparative and superlative forms of :—উরু, স্থির, বলবৎ, পাপ, গুরু, প্রিয়, বৃদ্ধ, যুবন্, দীর্ঘ, স্থূল, দূর, মৃদু, প্রশস্য, পৃথু, অন্তিক, বহুল, অল্প, ক্ষিপ্র, কৃশ।

4. State the circumstances where the suffix ক is added.

5. Correct :—গুণমানয়ং যুবা, অসৌ উভয়ো বলিষ্ঠতমঃ, লক্ষ্মী-মানয়ং জনঃ, অত্র সর্ব্বে লক্ষ্মীমন্তঃ।

6. Illustrate a বিকারার্থ তদ্ধিত প্রত্যয়।

7. Show the use of পিতৃবৎ and পিতৃমৎ।

8. Form adjectives from the following :—পথিন্, প্রজ্ঞা, দিব্, অতিথি, যশস্, বাচ্, গ্রাম, শিব, বন, নিশা, বর্ষ, দিন, ভূমি, ধর্ম্ম, পৃথিবী, লোক, শক্তি, শঙ্কা, নগর, দশ, বল, বধ, পশু, জড়, চক্ষুঃ, উৎকণ্ঠা, ক্ষুধা, স্ত্রী, পর, পিত্ত, মাংস, বিধি, বায়ু, পুরুষ, ধন, হৃদয়, সুহৃদ্, ব্যথা, বন, বুভুক্ষা, স্ব and বচন।

9. Form nouns from the following :—শীত, শুচি, প্রবীণ, মহৎ, দরিদ্র, কঠিন, উদাসীন, সুভগ, বৃদ্ধ, প্রিয়, বিষম, দীর্ঘ, কর্কশ, জড়, ভৃশ, কৃশ, সরল, কুটিল, মলিন, বৎসল, লঘু, কাতর, ধীর, স্থির, প্রবল and নিপুণ।

10. Distinguish in meaning between আরণ্য and আরণ্যক ; অর্থী and অর্থবান্ ; বর্ণী and বর্ণবান্; ব্রহ্মণ্য and ব্রাহ্মণ্য; উদন্বান্ and উদকবান্ ; রাজন্বান্ and রাজবান্ ; দন্তুর and দন্তবান্।

11. Shorten the following sentences—রামো দশরথস্য পুত্রঃ ; অয়ং ঘটো মৃদো বিকারঃ ; অয়ং রাজা সর্ব্বভূমেরীশ্বরঃ ; ইদং বস্ত্রং কষায়েণ রক্তম্ ; যথা কদম্বং ভবতি তথা ইয়ং পৃথিবী ; খট্বা কাষ্ঠেন নির্ম্মিতা ; পণ্ডিতোঽয়ং বেদান্তং বেত্তি ; রামঃ সদৈব অতিথিষু সাধুঃ ; কর্ম্মণি কুশলঃ জনঃ সুখী ভবতি ; অয়মলঙ্কারঃ রৌপ্যস্য বিকারঃ ; ঈষদূনো বিদ্বান্ জনঃ গচ্ছতি ; জলেন ব্যাপ্তং গৃহং পরিত্যজ্য পলায়তে।

স্ত্রী-প্রত্যয়

পুংলিঙ্গ শব্দের **স্ত্রীলিঙ্গ** করিতে হইলে (পুংলিঙ্গ) শব্দের উত্তর **টাপ্, ডাপ্, ঙীপ্, ঙীষ্ ঙীন্ এবং উঙ্** প্রত্যয় হইয়া থাকে। ইহার মধ্যে টাপ্ ও ডাপ্ প্রত্যয়ের **'আ'** থাকে, ঙীপ্ ঙীষ্ ও ঙান্ প্রত্যয়ের 'ঈ' থাকে এবং উঙ্ প্রত্যয়ের 'ঊ' থাকে।

(i) **স্ত্রী-প্রত্যয় পরে থাকিলে সাধারণ নিয়ম**—স্বরান্ত-শব্দের অন্তস্থিত অকার ও ঈকারের লোপ হয়। যথা, অজ—অজা, গৌর—গৌরী, সুধী—সুধী।

(ii) শব্দ ব্যঞ্জনান্ত হইলে উহার 'টা'—বিভক্তির রূপের ন্যায় যাবতীয় কার্য্য হয়, এবং তাহার পরে স্ত্রী-প্রত্যয় যুক্ত হয়। যথা—রাজন্ (+টা=রাজ্ঞা)—রাজ্ঞী ; মঘবন্ (মঘোনা)—মঘোনী, শ্বন্ (শুনা)—শুনী, বিদ্বস্ (বিদুষা)—বিদুষী ; তস্থিবস্—তস্থুষী।

(iii) শব্দের অন্তস্থিত তদ্ধিত প্রত্যয়ের 'য' লুপ্ত হয়। যথা, গার্গ্য—গার্গী, আগস্ত্য—আগস্তী, মাধুর্য—মাধুরী, চাতুর্য্য—চাতুরী।

১। **অজাদ্যতষ্টাপ্**—(পা) অজ প্রভৃতি জাতিবাচক শব্দ এবং অকারান্ত প্রাতিপদিকের উত্তর স্ত্রীলিঙ্গে **টাপ্** হয়। ইহার ট্ ও প্ ইৎ, আ থাকে। যথা, অজ—অজা, অশ্ব—**অশ্বা**, চটক—চটকা, মূষিক—মূষিকা, বৎস—বৎসা, নন্দন—**নন্দনা**, জ্যেষ্ঠ—জ্যেষ্ঠা, বাল—বালা মধ্যম—মধ্যমা, কোকিল—কোকিলা, কৃশ—কৃশা, দীন—দীনা, মলিন—মলিনা, কৃপণ—কৃপণা, ক্রূর—ক্রূরা (cruel), সরল—সরলা, প্রবল—প্রবলা, অচল—অচলা (fixed), নিপুণ—নিপুণা, চতুর—চতুরা,

তরল—তরলা, চপল—চপলা (unsteady, বিদ্যুৎ), দক্ষিণ—দক্ষিণা, উত্তর—উত্তরা, পূর্ব্ব—পূর্ব্বা, পশ্চিম—পশ্চিমা, প্রথম—প্রথমা, দ্বিতীয়—দ্বিতীয়া, তৃতীয়—তৃতীয়া, অনুকূল—অনুকূলা, প্রতিকূল—প্রতিকূলা (unfavourable), মনোহর—মনোহরা।

২। **টাপস্ত্রৈব হলান্তানাম্**—ব্যঞ্জনান্ত শব্দের মধ্যে ক্ষুধ্, বাচ্, নিশ্, গির্ প্রভৃতি কতকগুলির উত্তর স্ত্রীলিঙ্গে **টাপ্** হয়। যথা, ক্ষুধ্—ক্ষুধা, বাচ্—বাচা, নিশ্—নিশা, গির্—গিরা, দিশ্—দিশা।

৩। **শূদ্রা চামহৎপূর্ব্বা জাতি :**—(পা) মহৎ শব্দ পূর্ব্বে না থাকিলে জাতি অর্থে (**অর্থাৎ** শূদ্রজাতীয় স্ত্রীলোক বুঝাইতে) শূদ্র শব্দের উত্তর **টাপ্** হয়। যথা, শূদ্র—**শূদ্রা** (শূদ্রজাতীয় স্ত্রীলোক)। কিন্তু মহাশূদ্র—মহাশূদ্রী (আভীরী, গয়লা স্ত্রী, গয়লা বৌ), **শূদ্রের স্ত্রী** অর্থে—**শূদ্রী** (wife of a Sudra)।

৪। **প্রত্যয়স্থাৎ কাৎ পূর্বস্থাদ্ ইদাপ্যসুপঃ**—টাপ্ হইলে প্রত্যয়-ককারের পূর্ব্ববর্ত্তী আকারের স্থানে ইকার হয়। যথা, নায়ক—নায়িকা, পাচক—পাচিকা, গায়ক—গায়িকা, সাধক—সাধিকা, বালক—বালিকা। কিন্তু ঐ টাপ্ সুবন্ত পদের পরবর্ত্তী হইলে ইকার হয় না। যথা, বহুপরিব্রাজকা নগরী।

৫। **ক্ষিপকাদীনাং চ**—(১) ক্ষিপকা প্রভৃতির ককারের পূর্ববর্তী অকারের স্থানে ইকার হয় না। যথা, অষ্টকা, ইষ্টকা (brick), কন্যকা (daughter), করকা (hail), চটকা—চড়াই, তারকা (star), অধিত্যকা (valley), উপত্যকা, ক্ষিপকা, সেবকা (service)।

---

(১) 'ত্যকনশ্চ নিষেধঃ'। 'তারকা জোতিষি'। 'অষ্টকা পিতৃদৈবত্যে'।

অর্থবিশেষে কয়েকটি শব্দের উত্তর বিকল্পে ইকার হয়। যথা—তারক—তারকা (a star), তারিকা (able to protect) ; বর্ণক—বর্ণকা (a garment), বর্ণিকা (an expounder) ; অষ্টক—অষ্টকা শ্রাদ্ধবিশেষ, অষ্টিকা (in other cases), সূতক—সূতিকা ; পুত্রক—পুত্রকা, পুত্রিকা (a daughter) ; বৃন্দারক—বৃন্দারকা or বৃন্দারিকা (prominent), বর্ত্তক—বর্ত্তকা (kind of quail 'বটের' পাখী), বর্ত্তিকা (paint-brush of a lamp, বাতি)।

৬। **ষিদ্-গৌরাদিভ্যশ্চ**—ষ্ ইৎ প্রত্যয়ান্ত শব্দ এবং 'গৌর' প্রভৃতি অকারান্ত প্রাতিপদিকের উত্তর ঙীষ্ হয়। ঙ্, ষ্ ইৎ, ঈ থাকে। যথা ষ্-ইৎ প্রত্যয়ান্ত—রজক—রজকী, নর্ত্তক—**নর্ত্তকী**, কমলাক্ষ—কমলাক্ষী। **গৌরাদি**—গৌর—গৌরী, কুমার—কুমারী ; কিশোর—কিশোরী ; সুন্দর—সুন্দরী, তরুণ—তরুণী, পিতামহ—পিতামহী, নদ—নদী, তট—তটী (bank), নট—নটী, পট—পটী, কদল—কদলী, স্থল—**স্থলী** (অকৃত্রিমা ভূমি), (**স্থলা**—কৃত্রিমা ভূমি) ; কাল—কালী, নাগ—নাগী, মণ্ডল—মণ্ডলী, বেতস—বেতসী, আমলক—আমলকী, তূণ—তূণী, দ্রোণ—দ্রোণী, বদর—বদরী, কবর—কবরী (খোঁপা)।

৭। **জাতেরস্ত্রীবিষয়াদযোপধাত্**—জাতি বুঝাইলে, যাহা স্ত্রীলিঙ্গ নয় এবং যাহার উপধায় যকার নাই, এইরূপ জাতিবাচক অকারান্ত প্রাতিপদিকের উত্তর **ঙীষ্** হয়। যথা, সিংহ—সিংহী, ব্যাঘ্র—ব্যাঘ্রী, ভল্লুক—ভল্লুকী, মৃগ—মৃগী, হরিণ—হরিণী, কুরঙ্গ—কুরঙ্গী, গর্দ্দভ—গর্দ্দভী, শূকর—শূকরী, কুক্কুর—কুক্কুরী, জম্বুক—জম্বুকী, শৃগাল—শৃগালী, বিড়াল—বিড়ালী, ঘোটক—ঘোটকী, মহিষ—মহিষী,

হংস—হংসী, সারসী, কাকী, বকী, চক্রবাকী, শুকী, পিকী ; মানুষ—মানুষী, ব্রাহ্মণ—ব্রাহ্মণী, গোপ—গোপী, চণ্ডাল—চণ্ডালী, পিশাচ—পিশাচী, রাক্ষস—রাক্ষসী, নিশাচর—নিশাচরী।

যে সকল জাতিবাচক প্রাতিপদিকের উপধাস্থলে য থাকে, তাহাদের উত্তর **ঈপ্ হয় না**। যথা, বৈশ্য—বৈশ্যা। গবয় (গোসদৃশ জন্তু), হয়, মূকয়, মৎস্য, মনুষ্য ইহাদের উত্তর হয়। যথা, গবয়ী, হয়ী, (mare) মূকয়ী।

(১) ঈপ্ হইলে, মৎস্য ও মনুষ্য শব্দের য লোপ হয়। যথা, **মৎসী, মনুষী** (woman)।

৮। **ঋন্নেভ্যো ঙীপ্**—ঋকারান্ত এবং ন্-কারান্ত প্রাতিপদিকের উত্তর **ঙীপ্** হয়। যথা, দাতৃ—দাত্রী, ধাতৃ—ধাত্রী, কর্তৃ—কর্ত্রী, জনয়িতৃ—জনয়িত্রী, প্রসবিতৃ—প্রসবিত্রী। গৌণ ঋকারান্ত বলিয়া—**সুদতী**, চারুদতী, কুন্দদতী, শুভ্রদতী (২)। কামিন্—কামিনী (woman), মানিন্—মানিনী, মায়াবিন্—মায়াবিনী, তপস্বিন্—তপস্বিনী, বিলাসিন্—বিলাসিনী, অধিকারিন্—অধিকারিণী, উপকারিন্—উপকারিণী, অনুরাগিন্—অনুরাগিণী, প্রিয়বাদিন্—প্রিয়বাদিনী, মনোহারিন্—মনোহারিণী।

৯। **ন ষট্-স্বস্রাদিভ্যঃ**—ডতি-প্রত্যয়ান্ত শব্দ, ষট্ অর্থাৎ ষ্-কারান্ত ও ন্-কারান্ত সংখ্যাবাচক শব্দ এবং স্বসৃ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর **ঈপ্** হয় না। যথা, স্বসা, মাতা, দুহিতা, যাতা, ননান্দা, তিস্রঃ, চতস্রঃ ; কতি, যতি, ততি, পঞ্চ, ষট, সপ্ত, অষ্ট নব, দশ ইত্যাদি।

---

(১) সূর্য্যতিষ্যাগস্ত্যমৎস্যানাং য উপধায়াঃ।

(২) 'বয়সি দন্তস্য দতৃ' এই সূত্র অনুসারে 'দন্ত' স্থানে 'দতৃ' আদেশ, এইজন্য ইহা গৌণ ঋকারান্ত।

১০। **মনঃ**—ন-কারান্তের মধ্যে মন্-ভাগান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, (সীমন্)—সীমা, পামান্—পামা ; (সুদামন্)—সুদামা, অতিমহিমা।

১১। **অনো বহুব্রীহেঃ**—বহুব্রীহি সমাস হইলে, অন্-ভাগান্তপ্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, বহূনি সন্ত্যস্যাং পর্ব্বাণি (পর্বন্ শব্দ) —বহুপর্বা বেণুযষ্টিঃ (a bamboo stick having many knots).

১২। **ডাবুভাভ্যামন্যতরস্যাম্**—মন্-ভাগান্ত শব্দ এবং বহুব্রীহি সমাস হইলে অন্-ভাগান্ত প্রাতিপদিকের উত্তর **ডাপ্** হয়। ড্, প্, ইৎ, আ থাকে। যথা সীমা সীমে সীমাঃ ; বহুপর্ব বহুপর্বে বহুপর্বাঃ ; পক্ষে—বহুপর্ব বহুপর্বাণৌ বহুপর্বণঃ।

১৩। **অন উপধালোপিনোঽন্যতরস্যাম্**—যে সকল অন্-ভাগান্ত প্রাতিপদিকের উপধার লোপ হইতে পারে, বহুব্রীহি সমাস হইলে, তাহাদের উত্তর বিকল্পে **ডাপ্** ও **ঈপ্** হয়। যথা, বহবঃ সন্ত্যত্র রাজানঃ —বহুরাজ্ঞী, বহুরাজ্ঞ্যৌ, বহুরাজ্ঞ্যঃ। পক্ষে বহুরাজানৌ বহুরাজানঃ।

১৪। **যুনস্তিঃ**—যুবন্ শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে 'তি' হয়। যথা, যুবন্—যুবতিঃ।

১৫। **উগিতশ্চ**—উকারেৎ, ঋকারেৎ প্রত্যয়ের যোগে নিষ্পন্ন প্রাতিপদিকের উত্তর ঙীপ্ হয়। **উকারেৎ**—ভবৎ (ভা + ডবতু) —ভবতী (you), ইয়ৎ—ইয়তী, শ্রীমৎ—শ্রীমতী, বুদ্ধিমৎ—বুদ্ধিমতী, পুত্রবৎ—পুত্রবতী, লজ্জাবৎ—লজ্জাবতী, বলবৎ—বলবতী, এতাবৎ—এতাবতী, কৃতবৎ—কৃতবতী, প্রেয়স্—প্রেয়সী. শ্রেয়স্—শ্রেয়সী, গরীয়স্ —গরীয়সী, লঘীয়স্—লঘীয়সী, কনীয়স্—কনীয়সী। **ঋকারেৎ**—সৎ (অস্ + শতৃ)—সতী, রুদৎ—রুদতী, শৃণ্বৎ—শৃণ্বতী, দ্বিষৎ—দ্বিষতী, বিভ্রৎ—বিভ্রতী, কুর্বৎ—কুর্বতী গৃহ্ণৎ—গৃহ্ণতী জানৎ—জানতী,।

১৬। **শপ্শ্যনোর্নিত্যম্**—ঙীপ্ হইলে ভ্বাদি (শপ্) ও দিবাদিগণীয়

(শ্যন্) ধাতুর উত্তর বিহিত শতৃ প্রত্যয় স্থানে **নুম্** হয়; উ ম্ ইৎ, ন থাকে; ন পূর্ববর্তী তকারে মিলিত হয়। যথা, **ভ্বাদিগণীয়**—ধাবৎ—ধাবন্তী, গচ্ছৎ—**গচ্ছন্তী**, পতৎ—পতন্তী, তিষ্ঠৎ—**তিষ্ঠন্তী**, চলৎ—চলন্তী, পশ্যৎ—পশ্যন্তী, কারয়ৎ—কারয়ন্তী, স্মারয়ৎ—স্মারয়ন্তী, স্থাপয়ৎ—স্থাপয়ন্তী, পালয়ৎ—পালয়ন্তী। **দিবাদিগণীয়**—দীব্যৎ—দীব্যন্তী, নশ্যৎ—নশ্যন্তী, জীর্য্যৎ—জার্য্যন্তী, নৃত্যৎ—নৃত্যন্তী।

১৭। **বা নুদাদেঃ**—(১) তুদাদিগণীয়ের উত্তর বিকল্পে **নুম্** হয়। যথা, তুদৎ—তুদন্তী, তুদতী; ইচ্ছৎ—**ইচ্ছন্তী**, **ইচ্ছতী**; পৃচ্ছৎ—পৃচ্ছন্তী, পৃচ্ছতী; স্পৃশৎ—স্পৃশন্তী, স্পৃশতী; সিঞ্চৎ—সিঞ্চন্তী, সিঞ্চতী।

১৮। **অদাদেশ্চাদন্তাৎ**—(১) অদাদিগণীয় আকারান্তের উত্তর বিকল্পে। যথা, যাৎ—যান্তী, যাতী; মাৎ—মান্তী, মাতী; ভাত্—ভান্তী, ভাতী; স্নাৎ—**স্নান্তী**, **স্নাতী**।

১৯। **বিভাষা স্যতুঃ**—(১) ঈপ্ হইলে স্যতৃ-প্রত্যয়স্থানে বিকল্পে **নুম্** হয়। যথা, ভবিষ্যৎ—ভবিষ্যন্তী, ভবিষ্যতী; করিষ্যৎ—করিষ্যন্তী, করিষ্যতী; দাস্যৎ—দাস্যন্তী, দাস্যতী; দ্রক্ষ্যৎ—দ্রক্ষ্যন্তী, দ্রক্ষ্যতী।

২০। **টিড্ঢাণঞ্ দ্বয়সজ্-দঘ্নঞ্-মাত্রচ্-তয়প্-ঠক্-ঠঞ্-কঞ্-ক্করপঃ**—ট্ ইৎ, ঢক্, অণ্, অঞ্, দ্বয়সচ্, দঘ্নচ্, তয়প্, ঠক্, ঠঞ্, কঞ্, ও ক্করপ্ প্রত্যয়ের যোগে নিষ্পন্ন প্রাতিপদিকের উত্তর **ঙীপ্** হয়। যথা, **টকারেৎ প্রত্যয়-নিষ্পন্ন**—গায়ন—গায়নী, কর্ম্মকর—কর্ম্মকরী, অর্থকর—অর্থকরী, যশস্কর—যশস্করী, নিশাচর—নিশাচরী, ভয়ঙ্কর—ভয়ঙ্করী, চতুর্থ—চতুর্থী, পঞ্চম—পঞ্চমী, ষষ্ঠ—ষষ্ঠী, সপ্তম—সপ্তমী, অষ্টম

---

(১) আচ্ছীনদ্যোর্নুম্। শী ও ঈপ্ প্রত্যয় পরে থাকিলে অকারান্ত অঙ্গের পরস্থিত শতৃ ও স্যতৃ প্রত্যয় স্থানে বিকল্পে নুম্ হয়।

—অষ্টমী, নবম—নবমী, দশমী, একাদশী, দ্বাদশী, ত্রয়োদশী, চতুর্দ্দশী, ষোড়শ—ষোড়শী, দ্বয়—দ্বয়ী, ত্রয়ী ; দয়াময়—দয়াময়ী, স্বর্ণময়ী, মৃন্ময়—**মৃন্ময়ী**, হিরণ্ময়—**হিরণ্ময়ী**, নদ—নদী, দেব—দেবী, **মহারাজ—মহারাজী** ; [কিন্তু **ট্** ইৎ হইলেও কিঙ্কর, যৎকর, তৎকর, বহুকর প্রভৃতির উত্তর ঙীপ্ হয় না। যথা, **কিঙ্কর—কিঙ্করা** ইত্যাদি **স্ত্রী-কিঙ্কর** বুঝাইতে হয়। **কিঙ্করস্য ভার্য্যা কিঙ্করী**] **(ঢ)** ভাগিনেয়—ভাগিনেয়ী, আত্রেয়—আত্রেয়ী ; **(অণ্)** কুম্ভকার—কুম্ভকারী, ঐন্দ্র—ঐন্দ্রী, ভার্গব—ভার্গবী ; **(অঞ্)** বৈষ্ণব—বৈষ্ণবী, পৌত্র—পৌত্রী, মানুষ—মানুষী ; **(দ্বয়সচ্)** উরুদ্বয়স—উরুদ্বয়সী (উরুপরিমাণ) ; **(দঘ্নচ্)** উরুদঘ্নী, গিরিকূটদঘ্নী ; **(মাত্রচ্)** উরুমাত্র—উরুমাত্রী ; **(তয়প্)** চতুষ্টয়—চতুষ্টয়ী, পঞ্চতয়—পঞ্চতয়ী ; **(ঠক্)** বার্ষিক—বার্ষিকী, দৌবারিক—দৌবারিকী ; **(ঠঞ্)** লাবণিক—লাবণিকী ; **(কঞ্)** ঈদৃশ—**ঈদৃশী**, তাদৃশ—তাদৃশী, যাদৃশ—যাদৃশী, কীদৃশ—কীদৃশী, সদৃশী, এতাদৃশ—এতাদৃশী, অন্যাদৃশ—অন্যাদৃশী ; **(ক্বরপ্)** নশ্বর—**নশ্বরী**, ইত্বর—ইত্বরী, গত্বর—**গত্বরী**। বহুব্রীহি সমাস হইলে ঙীপ্ হয় না। যথা, বহুকুরুচরা নগরী।

২১। **অঞ্চতেশ্চোপসংখ্যানম্**—প্রাচ্ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর **ঙীপ্** হয়। যথা, প্রাচ্—প্রাচী, অবাচ্—অবাচী।

প্রতীচি প্রভৃতি নিপাতনে সিদ্ধ হয়। যথা, প্রত্যচ্—প্রতীচী, প্রত্যঞ্চী ; উদচ্—উদীচী, উদঞ্চী ; তির্য্যচ্—তিরশ্চী, তির্য্যঞ্চী।

২২। **পুংযোগাদাখ্যায়াম্**—'জায়া অর্থে' জাতিবাচী অকারান্ত প্রাতিপাদিকের উত্তর **ঙীষ্** হয়। যথা, ব্রাহ্মণস্য জায়া ব্রাহ্মণী, শূদ্রস্য জায়া—শূদ্রী, গোপস্য জায়া—গোপী, গণকস্য জায়া—গণকী, নাপিতস্য জায়া—নাপিতী, নিষাদস্য জায়া—নিষাদী।

২৩। **পালকান্তান্ন**—পালক অন্তে থাকে, এইরূপ জাতিবাচী অকারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা, গোপালকস্য জায়া—গোপালিকা, পশুপালকস্য জায়া—পশুপালিকা।

২৪। **ইন্দ্র-বরুণ-ভব-শর্ব্ব-মৃড়-হিমারণ্য-যব-যবন-মাতুলাচার্য্যাণামানুক্**—'জায়া'-অর্থে ইন্দ্র প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঙীষ্ হইলে 'আনুক্' (আন) আগম হয়। যথা, ইন্দ্রস্য জায়া—ইন্দ্রাণী, বরুণস্য জায়া—বরুণানী, ভবস্য জায়া—ভবানী, শর্ব্বস্য (শিবস্য) জায়া—শর্ব্বাণী, রুদ্রাণী, মৃড়ানী। (শিব—শিবা)।

(ক) হিমারণ্যয়োর্মহত্ত্বে—'মহত্ত্ব (vastness) বুঝাইলে হিম ও অরণ্য শব্দের উত্তর আনুক্ হয়। যথা, মহৎ হিমম্—হিমানী (vast) snow, a glacier), মহৎ অরণ্যম্—অরণ্যানী (a vast forest).

(খ) যবাদ্দোষে—'দুষ্ট (দোষযুক্ত) যব' বুঝাইলে যব শব্দের উত্তর আনুক্ হয়। যথা, দুষ্টো যবঃ—**যবানী** (যবের ন্যায় দেখিতে অন্য শস্যবিশেষ) (১)।

(গ) **যবনাল্লিপ্যাম্**—'লিপি' (the written characters) অর্থে যবন শব্দের উত্তর আনুক্ হয়। যথা, **যবনানাং লিপিঃ—যবনানী** (the alphabet of the Yavanas). যবনস্য স্ত্রী—যবনী।

(ঘ) **মাতুলোপাধ্যায়য়োরানুগ্ বা**—মাতুল এবং উপাধ্যায় শব্দের **পত্নী** অর্থে বিকল্পে আনুক্ হয়। যথা, মাতুলস্য জায়া—**মাতুলানী, মাতুলী** (মামী); উপাধ্যায়স্য জায়া—উপাধ্যায়ানী, উপাধ্যায়ী (the wife of a preceptor).

---

(১) অয়মেব চ অস্য দোষো যৎ স্বীয়যবত্বজাতেরভাবেহপি তদাকারানুকৃতিঃ; জাত্যন্তরমেবানেন অভিধীয়তে—তত্ত্ববোধিনী।

যা তু **স্বয়মেব অধ্যাপিকা** তত্র বা ঙীষ্ বাচ্যঃ—স্বয়ং অধ্যাপিকা বুঝাইলে উপাধ্যায় শব্দের উত্তর বিকল্পে ঙীষ্ হয়। যথা, উপাধ্যায়—উপাধ্যায়ী, উপাধ্যায়া (herself a professor).

(ঙ) **আচার্য্যদণত্বং চ—জায়া** বুঝাইলে আচার্য্য শব্দের উত্তর আনুক্ হয় এবং প্রাপ্তি থাকিলেপ উহার ন্ স্থানে ণ হয় হয় না, কিন্তু **স্বয়ং অধ্যাপিকা** বুঝাইলে আচার্য্য শব্দের উত্তর টাপ্ হয়।] যথা, আচার্য্যস্য **জায়া—আচার্যানী** (the wife of professor), স্বয়মধ্যাপিকা—**আচার্য্যা** (herself a Professor).

২৫। **অর্য-ক্ষত্রিয়াভ্যাং বা স্বার্থে**—স্ত্রীলিঙ্গে অর্য্য ও ক্ষত্রিয় শব্দের উত্তর বিকল্পে ঙীপ্ ও আনুক্ এবং পক্ষে টাপ্ হয়; কিন্তু **পত্নী** বুঝাইলে নিত্য ঙীষ্ হয়, যথা, অর্য—অর্য্যাণী, অর্য্যা (a female of the Vaisya caste); অর্যস্য জায়া—অর্যী (the wife of a Vaisya). ক্ষত্রিয়—**ক্ষত্রিয়াণী, ক্ষত্রিয়া** (a female of the Kshatriya caste); ক্ষত্রিয়ী (the wife of a Kshariya) (১)।

২৬। **বহ্বাদিভ্যশ্চ**—বহু প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঙীষ হয়। যথা, বহু—**বহ্বী, বহুঃ**; পদ্ধতি—পদ্ধতী, পদ্ধতিঃ; শক্তি (২) —শক্তী, শক্তিঃ, চণ্ড—চণ্ডী, চণ্ডা; অরাল—অরালী, অরালা; কৃপণী, কৃপণা; কল্যাণী, কল্যাণা; পুরাণ—পুরাণী, পুরাণা; উদার—উদারী, উদারা; বিকট—বিকটী, বিকটা; বিশাল—বিশালী, বিশালা; বিশঙ্কট—বিশঙ্কটী, বিশঙ্কটা (great, big).

---

(১) ব্রহ্মন্ শব্দের স্ত্রীলিঙ্গে **ব্রহ্মাণী** হয় না; পাণিনিবিরুদ্ধ বলিয়া উহা প্রচলিত ভুল। ব্রহ্মাণী-শব্দ অন্য প্রকারে নিষ্পন্ন। যথা, ব্রহ্মাণমানয়তি জীবয়তীতি ব্রহ্মন্+অন্+অণ্ (কর্ম্মণ্যণ্) ততো ঙীপ। (২) অস্ত্র অর্থে।

২৭। **শোণাৎ প্রাচাম্**—শোণ শব্দের উত্তর বিকল্পে ঙীষ্ হয়। যথা, শোণী, শোণা, (a red mare),

২৮। **স্বাঙ্গাচ্চোপসর্জনাদসংযোগোপধাৎ**—বহুব্রীহি সমাস হইলে অবয়ববাচক প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঙীষ্ হয়। যথা, চন্দ্রমুখী, চন্দ্রমুখা ; **সুকেশী, সুকেশা** ; তাম্রনখী, তাম্রনখা। উপধাতে সংযুক্ত বর্ণ থাকিলে ঙীষ্ হয় না। যথা, **মৃগনেত্রা**, চারুগুল্ফা, লোলজিহ্বা। অঙ্গ প্রভৃতির উত্তর বিকল্পে ঙীষ্ হয়; যথা, **কৃশাঙ্গী, কৃশাঙ্গা** ; চারুগাত্রী, চারুগাত্রা ; বিম্বোষ্ঠী, বিম্বোষ্ঠা ; কোকিলকণ্ঠী, কোকিল-কণ্ঠা ; **কুন্দদন্তী, কুন্দদন্তা** ; চারুকর্ণী, চারুকর্ণা।

২৯। **নখমুখাৎ সংজ্ঞায়াম্**—সংজ্ঞা বুঝাইলে, নখ ও মুখ এই দুই অবয়ববাচক প্রাতিপদিকের উত্তর **ঈপ্** হয় না। যথা, শূর্পণখা (রাবণ ভগিনী), গৌরমুখা। অন্যথা, তাম্রমুখী কন্যা।

৩০। **ন ক্রোড়াদিবহ্বচঃ**—ক্রোড় প্রভৃতি এবং দুইটির অধিক স্বরবিশিষ্ট অবয়ববাচক প্রাতিপদিকের উত্তর ঙীষ্ হয় না। যথা, সুক্রোড়া, তীক্ষ্ণখুরা, চারুশিখা, দীর্ঘশিখা, **মৃগনয়না, চন্দ্রবদনা**, চারু-দশনা, পৃথুজঘনা, লোলরসনা। নাসিকা ও উদর শব্দের উত্তর বিকল্পে হয়। যথা, তুঙ্গনাসিকী, তুঙ্গনাসিকা ; **কৃশোদরী, কৃশোদরা**।

৩১। **সহ-নঞ্-বিদ্যমানপূর্বাচ্চ**—সহ, নঞ্ ও বিদ্যমান শব্দ পূর্ব্বে থাকিলে, অবয়ববাচক প্রাতিপদিকের উত্তর ঙীষ্ হয় না। যথা, সকেশা, অকেশা, বিদ্যমানকেশা।

৩২। **বহুব্রীহেরূধসো ঙীষ**—বহুব্রীহি সমাস হইলে উধস্ শব্দের উত্তর নিত্য **ঙীষ্** ও টি স্থানে অন্ হয়। যথা, পীনমস্যা উধঃ—পীনোধ্নী (a cow with large udders), ঘটবদস্যা

উধঃ—ঘটোঘ্নী; দ্বিবিধমস্যা উধঃ—দ্বিবিধোঘ্নী, অতি অস্যাঃ উধঃ—অত্যূঘ্নী।

৩৩। **দামহায়নান্তাচ্চ**—বহুব্রীহি সমাস হইলে, সংখ্যাবাচক শব্দের পরবর্ত্তী দামন্ ও হায়ন এই দুই প্রাতিপদিকের উত্তর **ঙীষ্‌** হয়। যথা, দ্বে অস্যা দাম্নী—দ্বিদাম্নী (a cow tied with two ropes). ত্রীণ্যস্য দামানী—ত্রিদাম্নী, দ্বে অস্যা হায়নে—দ্বিহায়নী (a cow two years old), ত্রিহায়ণী, **চতুর্হায়ণী** গৌঃ ; হায়নশব্দ বয়োচাচক না হইলে ঈপ্‌ ও ণত্ব হয় না , যথা, দ্বিহায়না, ত্রিহায়না, **চতুর্হায়না** শালা (a hall of four years' existence).

৩৪। **কৃদিকারাদক্তিনঃ**—ইকারান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে **ঈপ্‌** হয়। যথা, শ্রেণী শ্রেণিঃ, রাজী রাজিঃ, আলী আলিঃ, কটী কটিঃ, রাত্রী রাত্রিঃ, রজনী রজনীঃ, শারী শারিঃ, যষ্টী যষ্টিঃ, কপী, কপিঃ শকটী শকটিঃ।

ক্তি-প্রত্যয়নিষ্পন্ন ইকারান্ত প্রাতিপদিকের উত্তর ঙীষ্‌ হয় না ; যথা, গতিঃ, স্থিতিঃ, কৃতিঃ, মতিঃ, ভক্তিঃ, মুক্তিঃ, বুদ্ধিঃ। পুংলিঙ্গ সখিশব্দের নিত্য ঙীষ্‌ হয়। সখা—সখী (a female friend).

৩৫। **পত্যুর্নো যজ্ঞসংযোগে**—যজ্ঞসংযোগে অর্থাৎ যজ্ঞে ফলভাগিত্ব বুঝাইলে, **পতি** এই প্রাতিপদিকের উত্তর ঙীপ্‌ ও ইকার স্থানে **ন** হয়। যথা, বশিষ্ঠস্য পত্নী (wife), বশিষ্ঠানুষ্ঠিতযজ্ঞফল-ভোক্ত্রীত্যর্থঃ। গ্রামস্য পতিরিয়ম্ (this is the mistress of the village). এ স্থলে পতি শব্দের অর্থ অধিকারিণী, যজ্ঞফলভোক্ত্রী নহে, এজন্য ঈপ্‌ ও ন হইল না।

৩৬। **বিভাষা সপবস্য**—সমাসে পতি শব্দ উত্তরপদ হইলে

স্ত্রীলিঙ্গে ঙীপ্ প্রত্যয় হইয়া বিকল্পে ন আগম হয়। যথা, গৃহপতি—**গৃহপতিঃ, গৃহপত্নীঃ** (the misress of the house).

২৭। **নিত্যং সপত্ন্যাদিষু**—সপত্নী প্রভৃতি শব্দে নিত্য ন আগম হয়। যথা, সমানঃ পতিঃ যস্যা সা—সপত্নী (সতীন, নিপাতনে সমান স্থানে স) একঃ পতিঃ যস্যাঃ সা—একপত্নী সাধ্বী, বীরঃ পতিরস্যাঃ—বীরপত্নী, বৃদ্ধঃ পতিরস্যাঃ—বৃদ্ধপত্নী, ভদ্রঃ পতিরস্যাঃ—ভদ্রপত্নী, পঞ্চ পতয়োঽস্যাঃ পঞ্চপত্নী দ্রৌপদী, পতিরস্ত্যস্যাঃ—**পতিবত্নী** (a woman whose husband is living, জীবদ্ভর্তৃকা), অন্তরস্ত্যস্যাঃ—**অন্তর্বত্নী** (a pregnant woman) গর্ভিণী।

২৮। **পাদোঽন্যতরস্যাম্**—বহুব্রীহি সমাস হইলে, পাদভাগান্ত প্রাতিপদিকের উত্তর **ঙীপ্** হয়। যথা, দ্বাবস্যাঃ পাদৌ—**দ্বিপদী** (two-footed) ; ত্রয়োঽস্যাঃ পাদাঃ—**ত্রিপদী** ; এইরূপ চতুষ্পদী, বহুপদী, শতপদী। পক্ষে দ্বিপাৎ, ত্রিপাদ। দেবমন্ত্র বুঝাইলে টাপ্ হয়। দ্বিপদা ঋক্, **ত্রিপদা গায়ত্রী**।

২৯। **পাণিগৃহীতী ভার্য্যায়াম্**—পত্নী অর্থ বুঝাইলে বহুব্রীহি সমাসে পাণি-গৃহীত শব্দের উত্তর **ঙীপ্** হয়। যথা, পাণির্গৃহীতোঽস্যাঃ পাণিগৃহীতী (ভার্যা) ; অন্যত্র পাণিগৃহীতা (simply caught hold by the hand) নারী।

৪০। **বোতো গুণবচনাৎ**—গুণবাচক উকারান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঙীষ্ হয়। যথা, মৃদ্বী মৃদুঃ, **সাধ্বী সাধুঃ**, পট্বী পটুঃ, **গুর্ব্বী গুরুঃ**, লঘ্বী লঘুঃ, অণ্বী অণুঃ, স্বাদ্বী স্বাদুঃ।

যে সকল গুণবাচক উকারান্ত প্রাতিপদিকের উপধাস্থলে সংযুক্ত বর্ণ থাকে তাহাদের উত্তর হয় না। যথা, পাণ্ডুঃ।

৪১। **ঊঙুতঃ**—উকারান্ত প্রাতিপদিকের উত্তর **ঊঙ্** হয়; ঙ্ ইৎ ঊ থাকে। যথা, কুরূঃ (a woman of the Kuru country). বন্ধূঃ, ব্রহ্মবন্ধূঃ, ভীরূঃ, পঙ্গূঃ।

৪২। **অপ্রাণিজাতেশ্চারজ্জ্বাদীনামুপসংখ্যানম্**—প্রাণী নহে এইরূপ জাতিবাচক শব্দের উত্তর ঊঙ্ হয়। যথা, অলাবূঃ, কর্কন্ধূঃ, সরযূঃ; কিন্তু রজ্জু প্রভৃতির উত্তর হয় না। যথা, রজ্জুঃ, ধেনুঃ, আখুঃ, হনুঃ, কমণ্ডলুঃ, রেণুঃ, কৃকবাকুঃ, বৃত্তবাহুঃ (a woman having well-rounded arms), অধ্বর্য্যুঃ।

৪৩। **বিভাষা তন্বাদেঃ**—তনু প্রভৃতি উকারান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঊঙ্ হয়। যথা, তনূঃ, তনুঃ; চক্ষূঃ, চক্ষুঃ।

৪৪। **শ্বশুরস্যোকারাকারলোপশ্চ**—শ্বশুর শব্দের উকার ও অকারের লোপ হয় ও ঊঙ্ হয়। যথা, শ্বশুরস্য জায়া **শ্বশ্রূঃ** (mother-in-law, শাশুড়ী)।

৪৫। **ঊরূত্তরপদাদৌপম্যে**—উপমা বুঝাইলে, ঊরু এই প্রাতিপদিকের উত্তর ঊঙ্ হয়। যথা, রম্ভে ইবাস্যা ঊরূ—রম্ভোরূঃ (plantain thighed), করভাবিবাস্যা ঊরূ—করভোরূঃ (having thighs like the trunk of an elephant), করিকরাবিবাস্যা ঊরূ—করিকরোরূঃ।

৪৬। **সংহিতশফলক্ষণবামাদেশ্চ**—সংহিত প্রভৃতি শব্দের পরবর্ত্তী ঊরু এই প্রাতিপদিকের উত্তর **ঊঙ্** হয়। যথা, সংহিতোরূঃ, বামোরূঃ, সহিতোরূঃ, সহোরূঃ, শফোরূঃ।

Exercise

1. Illustrate a শতৃপ্রত্যয়ান্ত word in feminine.
2. How is a গুণবাচক বিশেষণ ending in short u (উ)

changed into the feminine from? Give two illustrations.

3. Give the corresponding feminine forms for the following :—

আচার্য্য, অশ্ব, গোপ, শূদ্র, ধাতৃ, বিদ্বস্, পুত্র, শ্বন্, সখি, বরুণ, ভদ্র, জগ্মিবস্, ব্যাঘ্র, ঈদৃশ, মূষিক, হয়, রুদ্র, শ্বশুর, পাচক, নর, মঘবন্, সেবক, কুর্ব্বৎ, শিব, পতি, রাজন্, সুন্দর, হরিণ, ভর্ত্তৃ, উদচ্, পুত্রক, চটক, মাতুল, কৃশাঙ্গ, সুকণ্ঠ, সুগাত্র, পৃচ্ছৎ, অগ্নি, (অগ্নায়ী), মনু (মনাবী), রজক ; শূদ্র—(শূদ্রী the wife of the Sudra, শূদ্রা—a woman of a Sudra caste) ; যবন—(যবনী a female of Yavana। যবনানী--the Yavana alphabet), (সূর্য—সূর্য্যা wife of Surya, সূরী—Kunti, not a goddess) ; পাণিগৃহীত-(পাণিগৃহীতী—wife, পাণিগৃহীতা–a woman whose hand has been held); স্থল (স্থলী–a natural ground, স্থলা—an artificial ground) ; কাল (কালী black-coloured, কালা—indigo plant), নীল (নীলী—indigo plant ; নীলা—a blue-coloured insect) ; বৈশ্য (বৈশ্যী—the wife of Vaisya, বৈশ্যা—a woman of the Vaisya caste) ; কবর (কবরা—variegated, কবরী—a braid of hair).

4. Distinguish grammatically between :—উপাধ্যায়ানী and উপাধ্যায়া ; আচার্য্যনী and আচার্য্যা ; ক্ষত্রিয়াণী and ক্ষত্রিয়া, শূদ্রী and শূদ্রা ।

5. Mention a few words that have more than one form in the feminine gender with different meanings.

6. Correct the errors in the following :—বলবান্ মে

লজ্জা। বিদুষীং স্ত্রীলোকং পূজয়। অত্র ব্রহ্মপুত্রঃ অতিবেগবতী। নর্তকীনাং গায়কীনাঞ্চ সমাবেশঃ। ইয়ং বরাহী ইয়ঞ্চ অশ্বী। চটুলনয়নী সা রমণী। ইয়ং নর্তকী সুগায়কী। রামো সর্ব্বেষাং প্রকৃতীনাং প্রিয়োঽভবৎ। অপারা হি সত্যস্য মহিমা। শূদ্রাণ্যা ইয়ং পঞ্চমা দুহিতা। যাদৃশী তৃতীয়া কন্যা তাদৃশৈব চতুর্থী।

সমাস—Coumpound

১। **সমর্থঃ পদবিধিঃ**—পদসম্বন্ধীয় বিধানকে **পদবিধি** বলে। এই পদবিধিকে সমর্থ অর্থাৎ সঙ্গতার্থবিশিষ্ট বুঝিতে হইবে। পদবিধি পাঁচ প্রকার—**সমাস, একশেষ, তদ্ধিত, কৃৎ** ও **সনাদ্যন্তধাতু।** পদবিধির অন্য নাম **বৃত্তি**। সমাস-প্রভৃতি স্ব-ঘটক পদগুলির অর্থ ছাড়া একটি বিশিষ্ট অর্থ প্রকাশ করে, এইজন্য ইহাদিগকে বৃত্তি বলে—**পরার্থাভিধানং বৃত্তিঃ।**

পদবিধি অর্থাৎ সমাস-প্রভৃতি পরস্পর প্রয়োজন-বিশিষ্ট পদগুলির মধ্যেই হইয়া থাকে। যথা. রাজপুরুষঃ ইহার ‘রাজপুরুষ’ এই অর্থ বুঝাইবার পক্ষে ‘রাজ্ঞঃ’ পদের যেরূপ প্রয়োজন, ‘পুরুষঃ’ এই পদেরও সেইরূপ প্রয়োজন; ইহাদের মধ্যে অন্বয়ও আছে; এইজন্য এই দুই পদে সমাস হইতে পারিয়াছে। পরস্পর প্রয়োজন বা অন্বয় না থাকিলে সমাস-প্রভৃতি হয় না। যথা, পশ্য দেবদত্ত কষ্টম্ শ্রিতঃ বিষ্ণুমিত্রঃ গুরুকুলম্ (দেবদত্ত বিপদ্ দেখ, বিষ্ণুমিত্র গুরুগৃহে গমন

করিয়াছে)—এখানে 'কষ্টম্' শ্রিতঃ' এই দুইপদে দ্বিতীয়া তৎপুরুষ সমাস হইয়া 'কষ্টশ্রিতঃ' হইবে না।

বাক্যমধ্যস্থ একাধিক পদ পৃথক্‌ভাবে এবং মিলিতভাবে দুই ভাবেই অর্থ প্রকাশ করিতে পারে। যথা, 'রাজার পুরুষ, এবং 'রাজস্বামিক-পুরুষ' এই দুয়েরই অর্থ এক। ইহাদের মধ্যে পূর্ব্বটির নাম **ব্যপেক্ষা** বা **ব্যাস** এবং পরবর্ত্তীটির নাম **একার্থীভাব** বা **সমাস**। এইজন্য, দুই বা ততোধিক পদ পরস্পর মিলিত হইয়া একটিমাত্র মিলিত অর্থ প্রকাশ করিলে তাহাকে **সমাস**, এবং সমাসের বাক্যকে **ব্যাসবাক্য**, সমাস-বাক্য বা বিগ্রহবাক্য বলে।

যে যে পদে সমাস হয়, তাহাদের প্রত্যেককে **সমস্যমান পদ** এবং সমাসবদ্ধ শব্দকে **সমস্তপদ** বলে। যথা, 'রাজ্ঞঃ পুরুষঃ' ইহারা প্রত্যেকে সমস্যমান পদ এবং 'রাজপুরুষঃ' একটি সমস্ত পদ। সমাসস্থ প্রথম পদকে **পূর্ব্বপদ** এবং পরপদকে **উত্তর পদ** বলে।

২। **সমাসশ্চতুর্বিধঃ**—সমাস প্রধানতঃ **চারি** প্রকার। যথা, **অব্যয়ীভাব, তৎপুরুষ, বহুব্রীহি, দ্বন্দ্ব**। একপ্রকার তৎপুরুষের নাম **কর্ম্মধারয়** এবং একপ্রকার কর্ম্মধারয়ের নাম **দ্বিগু**। 'সহ সুপাকে' পৃথক্ সমাস ধরিলে সমাস পাঁচ প্রকার। ইহাদের মধ্যে দ্বন্দ্ব ও বহুব্রীহি দুই বা ততোধিক পদে হইতে পারে, কিন্তু তৎপুরুষ, অব্যয়ীভাব ও সহসুপা (বা সুপ্‌সুপা) দুই পদেই হইয়া থাকে।

৩। **পূর্বপদার্থপ্রধানোঽব্যয়ীভাবঃ**—অব্যয়ীভাব-সমাসে পূর্ব্ব পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়। উপগৃহম্ (*near* the house), যথাশক্তি (*according* to power) ইত্যাদি স্থলে 'উপ' 'যথা', প্রভৃতি পূর্ব্বপদের অর্থ প্রধানভাবে প্রতীয়মান হইয়া থাকে।

৪। **উত্তরপদার্থপ্রধানস্তৎপুরুষঃ**—তৎপুরুষ-সমাসে উত্তর পদের অর্থ

প্রধানভাবে প্রতীয়মান হয়। তরুচ্ছায়া (the *shade* of the tree), গঙ্গাজলম্ (the *water* of the Ganges) ইত্যাদি স্থলে 'ছায়া', 'জল' প্রভৃতি পরপদের অর্থ প্রধানভাবে প্রতীয়মান হইয়া থাকে।

৫। **অন্যপদার্থপ্রধানো বহুব্রীহিঃ**—বহুব্রীহি-সমাসে সমস্যমান কোন পদের অর্থ প্রধানভাবে প্রতীয়মান না হইয়া, তদুপলক্ষিত অন্য পদার্থ প্রধানভাবে প্রতীয়মান হয়। বহুধনঃ (*one* who has much wealth), দীর্ঘবাহুঃ (*one* who has long arms) ইত্যাদি স্থলে বহু, ধন, দীর্ঘ, বাহু প্রভৃতি কোন পদের অর্থই প্রধানভাবে প্রতীয়মান হয় না; কিন্তু বহুধন ও দীর্ঘবাহু-বিশিষ্ট ব্যক্তিরূপ অন্য পদার্থ প্রধানভাবে প্রতীয়মান হইয়া থাকে।

৬। **উভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ**—দ্বন্দ্ব-সমাসে সমস্যমান উভয় পদের অর্থই প্রধানভাবে প্রতীয়মান হয়। অশ্বগজৌ (the *horse* and the *elephant*), তালতমালৌ ইত্যাদি স্থলে 'অশ্ব, গজ, তাল, তমাল' প্রভৃতি যাবতীয় পদার্থই প্রধানভাবে প্রতীয়মান হইয়া থাকে।

কিন্তু সকল স্থলে এই সকল লক্ষণের সমাবেশ হয় না, স্থল-বিশেষে ব্যতিক্রম লক্ষিত হইয়া থাকে। উন্মত্তগঙ্গম্ (a *country* where the Ganges is very boisterous), সপ্তগোদাবরম্ ইত্যাদি অব্যয়ীভাবে পূর্ব্বপদার্থ প্রধানভাবে প্রতীয়মান না হইয়া অন্য পদার্থ প্রধানভাবে প্রতীয়মান হইয়া থাকে। অকিঞ্চনঃ (*one* who has nothing), আপন্নজীবিকঃ ইত্যাদি তৎপুরুষে উত্তরপদার্থ প্রধানভাবে প্রতীয়মান না হইয়া, অন্য পদার্থ প্রধানভাবে প্রতীয়মান হয়। দ্বিত্রাঃ (*two* or *three*), পঞ্চষাঃ (*five* or ৬ ইত্যাদি বহুব্রীহিতে, অন্য পদার্থ প্রধানভাবে প্রতীয়মান না হইয়া উভয় পদার্থই প্রধানভাবে প্রতীয়মান হয়। হংস-সারসম্ (a *collection* of

swans and cranes), দংশমশকম্ ইত্যাদি দ্বন্দ্বে উভয় পদার্থ প্রধানভাবে প্রতীয়মান না হইয়া, তৎসমাহাররূপ পদার্থ প্রধানভাবে প্রতীয়মান হয়। সুতরাং পূর্ব্বোক্ত লক্ষণ সকল 'প্রায়িক' অভিপ্রায়ে নির্দিষ্ট।

৭। **কৃত্তদ্ধিতসমাসাশ্চ**—কৃৎপ্রত্যয়ান্ত, তদ্ধিতপ্রত্যয়ান্ত এবং সমাসযুক্ত শব্দ প্রাতিপদিক বলিয়া কথিত হয়।

৮। **সুপো ধাতুপ্রাতিপদিকয়োঃ**—ধাতু ও প্রাতিপদিকের বিভক্তির লোপ হয়। যথা, 'মুনেঃ শিষ্যঃ' এই বাক্যের উভয়পদের বিভক্তির লোপে 'মুনিশিষ্য' এই নূতন প্রাতিপদিক হইল। এখন প্রয়োজন অনুসারে ইহার উত্তর সমস্ত বিভক্তিই হইতে পারে। যথা, মুনিশিষ্যঃ গচ্ছতি, মুনিশিষ্যং পশ্য, মুনিশিষ্যেণ গতম্, মুনিশিষ্যায় দেহি, মুনিশিষ্যস্য আচারঃ, মুনিশিষ্যে স্নেহঃ।

৯। **ন লোপঃ প্রাতিপদিকান্তস্য**—প্রাতিপদিকের অন্তস্থিত ন্-এর লোপ হয়। যথা, রাজ্ঞঃ পুত্রঃ—(রাজন্ পুত্র)—রাজপুত্রঃ।

১০। **যস্যেতি চ**—ঈ এবং তদ্ধিত স্বর পরে থাকিলে প্রাতিপদিকের অন্তস্থিত ইবর্ণ ও অবর্ণের লোপ হয়।

১১। **নস্তদ্ধিতে**—তদ্ধিতপ্রত্যয়ের (১) স্বরবর্ণ ও য পরে থাকিলে ন্‌কারান্ত প্রাতিপদিকের ন-এর লোপ হয়। 'যুবা রাজা' এই বাক্যে 'সুপো ধাতুপ্রাতিপদিকয়োঃ' এই সূত্র অনুসারে বিভক্তি লোপে যুবন্ + রাজন্, 'রাজাহঃ-সখিভ্যষ্টচ্' সূত্রে টচ্ (অ) যোগ, 'নলোপঃ প্রাতিপদিকান্তস্য' সূত্রে পূর্ব্ব অর্থাৎ যুবন্-এরই ন্-লোপ, বর্ত্তমান সূত্রে পরের ন্-লোপ, 'যস্যেতি চ' সূত্রে জ-এর অকার লোপ পরে প্রথমা—যুবরাজঃ

১২। **প্রথমানির্দিষ্টং সমাস উপসর্জ্জনম্**—সমাসবিধানের জন্য

(১) সমাসান্ত স্বর তদ্ধিত।

সূত্রসমূহে যে পদটি প্রথমান্ত, তাহাকে উপসর্জ্জন বলে। যথা,—**পঞ্চমী** ভয়েন ; **সপ্তমী** শৌণ্ডৈঃ ইত্যাদি সূত্রে।

১৩। **উপসর্জ্জনং পূর্ব্বম্**—সমাসে উপসর্জ্জন পদটি পূর্ব্বে বসে। যথা, ব্যাঘ্রাৎ ভয়ম্—ব্যাঘ্রভয়ম্ ; দানে শৌণ্ডঃ—দানশৌণ্ডঃ। পূর্ব্বসূত্র অনুসারে ব্যাঘ্র ও দান উপসর্জ্জন ; এইজন্য উহারা পূর্ব্বে বসিয়াছে।

রাজদন্তাদিষু পরম্—রাজদন্ত প্রভৃতি স্থলে উপসর্জ্জন পদের পরনিপাত হয়। যথা—দন্তানাং রাজা রাজদন্তঃ।

১৪। **একবিভক্তি চাপূর্ব্বনিপাতে**—সমাসে দুই পদমধ্যে যেটি সর্বদা এক বিভক্তিতে থাকে তাহাও উপসর্জ্জন, তাহা পূর্বে বসে না। যথা, 'দিশয়োঃ মধ্যং পশ্যামি, দিশয়োঃ মধ্যেন গচ্ছামি, দিশয়োঃ মধ্যাৎ আগচ্ছতি' ইত্যাদি স্থলে 'দিশয়োঃ' পদে সর্বদা ষষ্ঠী, কিন্তু মধ্য শব্দে নানা বিভক্তি আছে। এইজন্য 'দিশয়োঃ' উপসর্জ্জন, কিন্তু ইহা পূর্বে বসে না। যথা, দিশয়োঃ মধ্যে—অপদিশম্।

১৫। **গোস্ত্রিয়োরুপসর্জ্জনস্য**—গোশব্দ এবং স্ত্রী-প্রত্যয়ান্ত শব্দ উপসর্জ্জন হইলে উহাদের অন্ত্যস্বর হ্রস্ব (১) হয়। যথা, চিত্রা গৌর্যস্য = চিত্রগুঃ, মালামতিক্রান্তঃ অতিমালঃ, নির্গতঃ কৌশাম্ব্যাঃ নিষ্কৌশাম্বিঃ।

১৬। **সর্বনাম্নো বৃত্তিমাত্রে পুংবদ্ভাবঃ**—সমস্ত সমাসে এবং অন্য চারিটি বৃত্তিতেও সর্ব্বনামশব্দের পুংবদ্ভাব হয়। যথা, তস্যাঃ মুখম্ তন্মুখম্ ; দক্ষিণপূর্বা, পূর্বোত্তরা।

১৭। **আন্ মহতঃ সমানাধিকরণজাতীয়য়োঃ**—সমানাধিকরণ উত্তরপদ এবং জাতীয় প্রত্যয় পরে থাকিলে মহৎ শব্দের অন্ত্যবর্ণ (ত্)

---

(১) হ্রস্বাদেশে আ স্থানে অ, ঈ এ ঐ স্থানে ই, ঊ ও ঔ স্থানে উ হয়।

স্থানে আ হয়। যথা,— মহান্ দেবঃ মহাদেবঃ; মহানবমী; মহাজাতীয়ঃ।

সমাসে সংহিতা নিত্যা—সমাসে সম্ভাবনা থাকিলে সন্ধি অবশ্যই করিতে হইবে। ‘পঞ্চাননঃ’ স্থলে ‘পঞ্চ-আননঃ, অথবা ‘শরচ্চন্দ্রঃ’ স্থলে শরৎচন্দ্রঃ এরূপ হইবে না।

———

অব্যয়ীভাব-সমাস

১। **অব্যয়ীভাবশ্চ**—অব্যয়ীভাব সমাসে সমাসবদ্ধ ভাগ ক্লীবলিঙ্গ ও অব্যয় হয়। যথা, অধিহরি।

২। **হ্রস্বো নপুংসকে প্রাতিপদিকান্তস্য**—ক্লীবলিঙ্গ প্রাতিপদিকের অন্তস্থিত দীর্ঘস্বর হ্রস্ব হয়। যথা, গঙ্গায়াঃ সমীপে উপগঙ্গম্, নদ্যাঃ সমীপে উপনদি।

৩। **অব্যয়াদাপ্-সুপঃ**—অব্যয়ের পরবর্তী আপ্-প্রত্যয় (স্ত্রী-প্রত্যয়) এবং সুপ্ বিভক্তির লোপ হয়। যথা, যথাবিধি, আজন্ম, উপবধূ, উপকর্তৃ, অনুগঙ্গং বারাণসী।

৪। **নাব্যয়ীভাবাদতোঽম্ ত্বপঞ্চম্যাঃ**—অকারান্ত অব্যয়ীভাবের পরবর্তী বিভক্তির লোপ না হইয়া বিভক্তির স্থানে অম্ হয়। যথা, যথাভিমতম্। পঞ্চমীর স্থানে হয় না। যথা, যথাভিমতাৎ।

৫। **তৃতীয়াসপ্তম্যোর্বহুলম্**—তৃতীয়া ও সপ্তমী বিভক্তির স্থানে বিকল্পে অম্ হয়। যথা, যথাভিমতম্, যথাভিমতেন; যথাভিমতম্, যথাভিমতে।

৬। **অব্যয়ং বিভক্তি-সমীপ-সমৃদ্ধি-ব্যৃদ্ধ্যর্থাভাবাত্যয়া-সম্প্রতি-**

শব্দপ্রাদুর্ভাব-পশ্চাদ্-যথানুপূর্ব্যযৌগপদ্য-সাদৃশ্য-সম্পত্তি-সাকল্যান্তবচনেষু —বিভক্তি প্রভৃতি নিম্নলিখিত অর্থবাচক অব্যয়ের সহিত সুবন্তপদের অব্যয়ীভাব সমাস হয়। সূত্রে 'অব্যয়' প্রথমান্ত, এইজন্য অব্যয়পদ উপসর্জ্জন এবং উহা পূর্ব্বে বসিবে। যথা, **বিভক্তি** অর্থে, গৃহে—অধিগৃহম্ (in the house); হরৌ—অধিহরি। **সমীপ**—গৃহস্য সমীপম্—উপগৃহম্—(near the house); গঙ্গায়াঃ সমীপম্—উপগঙ্গম্। **সমৃদ্ধি**—মদ্রাণাং সমৃদ্ধিঃ—সুমদ্রম্। **ব্যৃদ্ধি**—(বি+ঋদ্ধি poverty)—যবনানাং ব্যৃদ্ধিঃ—দুর্যবনম্। **অর্থাভাব** (absence of something)—বিঘ্নস্য অভাবঃ—নির্বিঘ্নম্, ভিক্ষায়াঃ অভাবঃ দুর্ভিক্ষম্ (famine), মক্ষিকাণাম্ অভাবঃ—নির্মক্ষিকম্ (i. e., loneliness)। **অত্যয়**—(ধ্বংস) হিমস্যাত্যয়ঃ—অতিহিমম্; বাধায়াঃ অত্যয়ঃ—অতিবাধম্। **অসম্প্রতি**—নিদ্রা সম্প্রতি ন যুজ্যতে—অতিনিদ্রম্ (past sleeping time), শোকঃ সম্প্রতি ন যুজ্যতে—অতিশোকম্। **শব্দপ্রাদুর্ভাব** (শব্দের প্রকাশ)—হরিশব্দস্য প্রকাশঃ—অতিহরি। **পশ্চাৎ**—রথস্য পশ্চাৎ—অনুরথম্ (behind the chariot), গৃহস্য পশ্চাৎ—অনুগৃহম্। **যথা**—'যথা'-শব্দের অর্থ—যোগ্যতা, বীপ্সা, পদার্থানতিবৃত্তি ও সাদৃশ্য। **যোগ্যতা**—রূপস্য যোগ্যম্—অনুরূপম্ (in conformity with), কুলস্য যোগ্যম্—অনুকূলম্। **বীপ্সা**—দিনং দিনম্—প্রতিদিনম্ (every day), গৃহং গৃহম্—প্রতিগৃহম্। **অনতিবৃত্তি**—শক্তিমনতিক্রম্য—যথাশক্তি (according to one's power), জ্ঞানমনতিক্রম্য—যথাজ্ঞানম্। **আনুপূর্ব্ব্য**—জ্যেষ্ঠস্যানুপূর্ব্ব্যেণ—অনুজ্যেষ্ঠম্ (according to seniority), বর্ণানাম্ আনুপূর্ব্ব্যেণ—অনুবর্ণম্। **যৌগপদ্য**—চক্রেণ যুগপৎ—সচক্রম্ (along with the discus) **সাদৃশ্য**—হরেঃ সদৃশম্—সহরি (like Hari)। **সম্পত্তি** (অনুরূপ স্বভাব বা কর্ম্ম)—

ক্ষত্রাণাং সম্পত্তিঃ—সক্ষত্রম্। **সাকল্য** (totality)—তৃণমপি অপরিত্যজ্য—সতৃণম্। **অন্ত** (end)—অগ্নিগ্রন্থ-পর্য্যন্তম্—সাগ্নি (as far as the chapter on fire).

৭। **যথাঽসাদৃশ্যে**—সাদৃশ্য অর্থ না বুঝাইলে 'যথা' এই অব্যয়ের সহিত সুবন্ত পদের অব্যয়ীভাব সমাস হয়। যথা, যথাবৃদ্ধং ব্রাহ্মণান্ আমন্ত্রয়স্ব—Invite every old Brahmin. সাদৃশ্য অর্থ হইলে সমাস হয় না। যথা, যথা হরিস্তথা হরঃ।

৮। **যাবদবধারণে**—অবধারণ বুঝাইলে, সুবন্ত পদের সহিত 'যাবৎ' এই শব্দের সমাস হয়। যথা, যাবদমত্রং ব্রাহ্মণানামন্ত্রয়স্ব (Invite as many Brahmanas as there are pots), যাবন্ত্যমত্রাণি সন্তি তাবত আমন্ত্রয়স্বেত্যর্থঃ। যাবন্তঃ শ্লোকাস্তাবন্তোঽচ্যুতপ্রণামাঃ—যাবচ্ছ্লোকম্।

৯। **অপ-পরি-বহি-রঞ্চবঃ পঞ্চম্যা**—পঞ্চম্যন্ত পদের সহিত অপ, পরি, বহিস্ এবং অঞ্চুভাগান্ত শব্দের বিকল্পে সমাস হয়। যথা—অপত্রিগর্ত্তং, পরিত্রিগর্ত্তং বৃষ্টো দেবঃ (it rained including Trigarta), বহির্গ্রামম্ (out-side the village), গ্রামাদ্বহিঃ; প্রাগুপবনম্ (to the east of the garden), উপবনাৎ প্রাক্।

১০। **আঙ্মর্য্যাদাভিবিধ্যোঃ**—মর্য্যাদা (তাহা ছাড়া) ও অভিবিধি (তাহা সমেত) বুঝাইলে সুবন্ত পদের সহিত আঙ্ এই অব্যয়ের বিকল্পে সমাস হয়। যথা, আপাটলিপুত্রম্, (আপাটলিপুত্রাৎ বা excluding Patliputra) বৃষ্টো দেবঃ, আকুমারম্ (আকুমারাৎ বা including Kumarasambhava) যশঃ কালিদাসস্য।

১১। **লক্ষণেনাভিপ্রতী আভিমুখ্যে**—আভিমুখ্য বুঝাইলে লক্ষণবাচক সুবন্ত পদের সহিত, অভি, প্রতি, এই দুই অব্যয়ের বিকল্পে

সমাস হয়। যথা, অভ্যগ্নি, অগ্নিম্ অভি (towards fire) শলভাঃ পতন্তি ; প্রত্যগ্নি, অগ্নিং প্রতি।

১২। **অনুর্যৎসময়া**—সময়া (নৈকট্য) বুঝাইলে তদ্বাচক শব্দের সহিত অনু এই অব্যয়ের বিকল্পে সমাস হয়। যথা অনুবনম্ অশনিঃ গতঃ—বনস্য সমীপং গত ইত্যর্থঃ।

১৩। **যস্য চায়ামঃ**—যাহার দৈর্ঘ্য বুঝায়, তাহার সহিত অনু এই অব্যয়ের বিকল্পে সমাস হয়। যথা, অনুগঙ্গম্ (গঙ্গায়া অনু) বারাণসী—গঙ্গা-দৈর্ঘ্যসদৃশদৈর্ঘ্যোপলক্ষিতা ইত্যর্থঃ।

১৪। **পারে মধ্যে ষষ্ঠ্যা বা**—ষষ্ঠ্যন্ত পদের সহিত পার ও মধ্য শব্দের বিকল্পে অব্যয়ীভাব সমাস হয়। নিপাতনে একারাগম হয়। যথা, সমুদ্রস্য পারম্—পারে-সমুদ্রম্ (the sea shore). পক্ষে ষষ্ঠী সমাস।

১৫। **নদীভিশ্চ**—'সমাহার' বুঝাইলে, নদীবাচক সুবন্ত পদের সহিত সংখ্যাবাচক শব্দের অব্যয়ীভাব সমাস হয়। যথা, তিসৃণাং গঙ্গানাং সমাহারঃ—ত্রিগঙ্গম্, এইরূপ পঞ্চনদম্, সপ্তগোদাবরম্।

১৬। **অন্যপদার্থে চ সংজ্ঞায়াম্**—সংজ্ঞা বুঝাইলে ও অন্য পদার্থ প্রতীয়মান হইলে, নদীবাচকের সহিত সুবন্ত পদের অব্যয়ীভাব সমাস হয়। যথা, উন্মত্তা গঙ্গা যস্মিন্—উন্মত্তগঙ্গম্, এইরূপ—লোহিতগঙ্গম্, তুষ্ণীংগঙ্গম্, শনৈর্গঙ্গম্, ইমানি দেশবিশেষনামানি।

১৭। **তিষ্ঠদ্গুপ্রভৃতীনি চ**—অব্যয়ীভাব সমাসে তিষ্ঠদ্গু প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, তিষ্ঠন্তি গাবো যস্মিন্ কালে দোহায়—তিষ্ঠদ্গু (the time when cows stand for being milked) ; আয়ান্তি যস্মিন্ কালে গাবো গোষ্ঠম্—আয়তীগবম্ (the time when the cows come back to their shed).

সমাসান্ত-বিধান

১৮। **অব্যয়ীভাবে শরৎপ্রভৃতিভ্যঃ**—অব্যয়ীভাব সমাস হইলে শরদ্ প্রভৃতি (১) শব্দের উত্তর টচ্ হয়, ট্ চ্ ইৎ অ থাকে। যথা, শরদঃ সমীপম—উপশরদম্; এইরূপ প্রতিদিশম্, আহিমবতম্, অনুদৃশম্।

১৯। **জরায়া জরসন্যতরস্যাম্**—স্বরাদি প্রত্যয় পরে থাকিলে জরা-শব্দ স্থানে জরস্ হয়। পূর্ব্ব সূত্র অনুসারে টচ্ হইলে এই সূত্র অনুসারে জরস্ হইয়াছে। যথা, জরায়াঃ সমীপম্—উপজরসম্ (when decay is near).

২০। **প্রতি-পর-সমনুভ্যোঽক্ষ্ণঃ**—প্রতি, পর, সম্, অনু—ইহাদের পরবর্ত্তী অক্ষি-শব্দের উত্তর টচ্ হয়। যথা, অক্ষ্ণঃ প্রতি—প্রত্যক্ষম্ (before one's eyes), অক্ষ্ণঃ পরম্—পরোক্ষম্—(out of sight) (নিপাতনে ওকারাগম), অক্ষ্ণোঃ সমীপম্—সমক্ষম্ (in the presence of), অক্ষ্ণোঃ পশ্চাৎ—অন্বক্ষম্ (afterwards).

২১। **অনশ্চ**—অন্‌ভাগান্ত শব্দের উত্তর টচ্ হয়। যথা, রাজ্ঞঃ সমীপম্—উপরাজম্ (near the king), আত্মনি—অধ্যাত্মে—(in the spirit), অধ্বনি অধ্বনি—প্রত্যধ্বম্।

২২। **নপুংসকাদন্যতরস্যাম্**—ক্লীবলিঙ্গ অন্‌ভাগান্ত শব্দের উত্তর বিকল্পে অন্ হয়; যথা, চর্ম্মণঃ সমাপম্—উপচর্ম্মম্ (উপচর্ম্ম near the skin).

---

(১) শরদ্, বিপাশ্, অনস্, মনস্, অনডুহ্, উপানহ্, দিব, হিমবৎ, হিরুক্, বিদ্, সদ্, দিশ্, দৃশ্, বিশ্, চতুর্, ত্যদ্, যদ্, কিয়ৎ, জরা।

২৩। **नदीपौर्णमास्याग्रहायणीभ्यः ; गिरेश्च सेनकस्य**—নদী, পৌর্ণমাসী, অগ্রহায়ণী এবং গিরি শব্দের উত্তর বিকল্পে টচ্ হয়। যথা, নদ্যাঃ সমীপম্—উপনদম্ উপনদি ; উপপৌর্ণমাসম্, উপপৌর্ণমাসি ; উপাগ্রহায়ণম্ উপাগ্রহায়ণি। গিরেঃ সমীপম্—উপগিরম্, উপগিরি (near the mountain), (সেনক একজন বৈয়াকরণ)।

২৪। **झयः**—পঞ্চমভিন্ন স্পর্শবর্ণান্ত শব্দের উত্তর বিকল্পে টচ্ হয়। যথা, দৃষদঃ সমীপম্—উপদৃষদম্, উপদৃষৎ ; অনুসমিধম্ অনুসমিৎ।

২৫ ; **प्रतेरुरसः सप्तमीस्थात्**—প্রতি-শব্দের পরবর্ত্তী সপ্তম্যর্থে বর্ত্তমান উরস্ শব্দের উত্তর টচ্ হয়। যথা, উরসি—প্রত্যুরসম্।

২৬। **अनुगवमायामे**—দৈর্ঘ্য বুঝাইলে, অনুগবম্ এই পদ নিপাতনে সিদ্ধ হয়। যথা, গোঃ পশ্চাৎ—অনুগবম্।

তৎপুরুষ-সমাস

১। **परवल्लिङ्गं द्वन्द्वतत्पुरुषयोः**—দ্বন্দ্ব ও তৎপুরুষ সমাস হইলে সমস্ত ভাগ পরপদের লিঙ্গ প্রাপ্ত হয়।

দ্বিতীয়া তৎপুরুষ

২। **द्वितीया श्रितातीत-पतित-गतात्यस्त प्राप्तापन्नैः**—শ্রিত, অতীত, পতিত, গত, অত্যস্ত (অতিক্রান্ত), প্রাপ্ত ও আপন্ন এই কয়টি সুবন্ত পদের সহিত দ্বিতীয়া তৎপুরুষ সমাস হয়। যথা, কষ্টং শ্রিতঃ—কষ্টশ্রিতঃ ; দুঃখমতীতঃ—দুঃখাতীতঃ ; কূপং পতিতঃ—কূপপতিতঃ ;

গৃহং গতঃ—গৃহগতঃ; তুহিনমত্যস্তঃ—তুহিনাত্যস্তঃ, সুখং প্রাপ্তঃ—সুখপ্রাপ্তঃ, সুখমাপন্নঃ—সুখাপন্নঃ।

৩। **গম্যাদীনামুপসংখ্যানম্**—গমী, বুভুক্ষু প্রভৃতি সুবন্ত পদের সহিত দ্বিতয়ান্ত পদের দ্বিতীয়া তৎপুরুষ সমাস হয়। গ্রামং গমী—(গম্+ইনি ঔণাদিক)—গ্রামগমী (going to village), অন্নং বুভুক্ষুঃ—অন্নবুভুক্ষুঃ, বেদং বিদ্বান্—বেদবিদ্বান্।

৪। **খট্বা ক্ষেপে**—নিন্দা বুঝাইলে, ক্ত-প্রত্যয়নিষ্পন্ন সুবন্ত পদের সহিত দ্বিতীয়ান্ত খট্বা শব্দের সমাস হয়। যথা, খট্বাম্ আরূঢ়ঃ—খট্বারূঢ়ঃ (a silly fool) উৎপথপ্রস্থিত ইত্যর্থঃ। **ইহ নিত্যসমাসঃ বাক্যেন নিন্দা ন গম্যতে।**

৫। **অত্যন্তসংযোগে চ**—অত্যন্তসংযোগ বুঝাইলে সুবন্ত পদের সহিত দ্বিতীয়ান্ত কালবাচক সুবন্ত পদের সমাস হয়; যথা, মুহূর্ত্তং সুখম্—মুহূর্ত্তসুখম্ (happiness lasting for a moment), মাসং গম্যঃ—মাসগম্যঃ, বর্ষং ভোগ্যঃ—বর্ষভোগ্যঃ; মুহূর্ত্তং মাসং বর্ষং ব্যাপ্য ইত্যর্থঃ।

তৃতীয়া-তৎপুরুষ

৬। **তৃতীয়া তৎকৃতার্থেন গুণ-বচনেন**—তৃতীয়ান্ত পদের সহিত তৎকৃত, গুণবাচক ও অর্থশব্দের সহিত তৃতীয়া তৎপুরুষ সমাস হয়। যথা, লোষ্ট্রেণ কাণঃ লোষ্ট্রকাণঃ, ক্রোধেন পিঙ্গলঃ ক্রোধ-পিঙ্গলঃ, আতপেন শ্যামঃ আতপশ্যামঃ, ধান্যেন (হেতৌ তৃতীয়া) অর্থঃ ধান্যার্থঃ।

৭। **পূর্ব্বসদৃশ-সমোনার্থ-কলহ-নিপুণ-মিশ্র-শ্লক্ষ্ণৈঃ**—সুবন্ত পূর্ব্ব, সদৃশ, সম, ঊনার্থ (ঊন, হীন, শূন্য, রহিত প্রভৃতি), কলহ, নিপুণ, মিশ্র এবং শ্লক্ষ্ণ (polished) শব্দের সহিত তৃতীয়ান্ত পদের সমাস হয়। যথা, মাত্রা সদৃশী—মাতৃসদৃশী, পিত্রা সমঃ—পিতৃসমঃ; এইরূপ, মাষোনম্, একোনঃ, ধর্ম্মহীনঃ, উৎসাহশূন্যঃ, একেন ঊনঃ—একোনঃ, বিদ্যয়া

হীনঃ—বিদ্যাহীনঃ, শ্রমেণ রহিতঃ—শ্রমরহিতঃ, গর্ব্বেণ শূন্যঃ—গর্ব্বশূন্যঃ, অঙ্গেন বিকলঃ—অঙ্গবিকলঃ; বাক্কলহঃ, অসিকলহঃ, বাঙ্‌নিপুণঃ; গুড়েন মিশ্রঃ—গুড়মিশ্রঃ, আচারেণ শ্লক্ষ্ণঃ—আচারশ্লক্ষ্ণঃ।

৮। **কর্ত্তৃকরণে কৃতা বহুলম্**—কৃৎপ্রত্যয়নিষ্পন্ন সুবন্ত পদের সহিত কর্ত্তায় ও করণে বিহিত তৃতীয়া-বিভক্ত্যন্ত পদের সমাস হয়। যথা, **কর্ত্তায়**, ব্যাঘ্রেণ হতঃ—ব্যাঘ্রহতঃ, অহিনা দষ্টঃ—অহিদষ্টঃ, ব্যাসেন রচিতঃ—ব্যাসরচিতঃ, পাণিনিনা প্রণীতম্—পাণিনিপ্রণীতম্, নারদেন প্রোক্তম্—নারদপ্রোক্তম্, দ্বিজেন ভক্ষ্যম্—দ্বিজভক্ষ্যম্, পুত্রেণ দেয়ম্—পুত্রদেয়ম্। **করণে**, নখৈর্ভিন্নঃ,—নখভিন্নঃ, অসিনা ছিন্নম্—অসিচ্ছিন্নম্, অগ্নিনা দগ্ধঃ—অগ্নিদগ্ধঃ, জলেন সিক্তঃ—জলসিক্তঃ, অঞ্জলিনা পেয়ম্—অঞ্জলিপেয়ম্, শিরসা ধার্যম্—শিরোধার্যম্।

৯। **কৃত্যৈরধিকার্থবচনে**—প্রশংসা বা নিন্দার আধিক্য বুঝাইলে কৃত্যপ্রত্যয়ান্ত পদের সহিত কর্ত্তায় ও করণে বিহিত তৃতীয়া বিভক্ত্যন্ত পদের সমাস হয়। যথা, বাতেন ছেদ্যম্ বাতচ্ছেদ্যম্ 'তৃণম্', কাকেন পেয়া কাকপেয়া 'নদী'।

১০। **অন্নেন ব্যঞ্জনম্**—অন্নবাচক শব্দের সহিত ব্যঞ্জনবাচক তৃতীয়ান্ত পদের সমাস হয়। যথা, দধ্না ওদনঃ—দধ্যোদনঃ—(rice-made relishable with curd).

চতুর্থী-তৎপুরুষ

১১। **চতুর্থী তদর্থার্থ-বলি-হিত-সুখ-রক্ষিতৈঃ**—সুবন্ত বলি, হিত, সুখ ও রক্ষিত শব্দের সহিত চতুর্থ্যন্ত পদের সমাস হয়। যথা, ভূতায় বলিঃ—ভূতবলিঃ (an offering to the Bhutas), পুত্রায়

হিতম্—পুত্রহিতম্ (good for a son), ভ্রাত্রে সুখম্—ভ্রাতৃসুখম্, গোভ্যো রক্ষিতম্ (what is kept for cows).

অর্থেন নিত্যসমাসো বিশেষ্য-লিঙ্গতা চেতি বক্তব্যম্—অর্থ শব্দের সহিত চতুর্থ্যন্ত পদের সমাস হয়। সমস্তভাগ বিশেষ্যের লিঙ্গ প্রাপ্ত হয়। যথা, দ্বিজায় ইদম্—দ্বিজার্থং পয়ঃ (নিত্যসমাস)।

১২। **বিকৃতিঃ প্রকৃত্যা তাদর্থ্যে**—তাদর্থ্য বুঝাইলে, প্রকৃতিস্থলীয় সুবন্ত পদের সহিত বিকৃতিস্থলীয় চতুর্থ্যন্ত পদের সমাস হয়। যথা, কুণ্ডলায় হিরণ্যম্—কুণ্ডলহিরণ্যম্, যূপায় দারু—যূপদারু।

পঞ্চমী-তৎপুরুষ

১৩। **পঞ্চমী ভয়েন**—ভয় প্রভৃতি (১) সুবন্ত পদের সহিত পঞ্চম্যন্ত পদের সমাস হয়। যথা, ব্যাঘ্রাৎ ভয়ম্—ব্যাঘ্রভয়ম্ (fear from a tiger), ব্যাঘ্রাৎ ভীতঃ—ব্যাঘ্রভীতঃ, ব্যাঘ্রাৎ ভীতিঃ—ব্যাঘ্রভীতিঃ, ব্যাঘ্রাৎ ভীঃ—ব্যাঘ্রভীঃ।

ভয়ার্থক ত্রাস, শঙ্কা প্রভৃতি এবং আগত, নির্গত, জুগুপ্সু প্রভৃতি সুবন্ত পদের সহিতও পঞ্চমীতৎপুরুষ সমাস হয়। যথা, ব্যাঘ্রাৎ ত্রাসঃ—ব্যাঘ্রত্রাসঃ, পাপাৎ শঙ্কা—পাপশঙ্কা, বিদেশাৎ আগত্য—বিদেশাগতঃ, গৃহাৎ নির্গতঃ—গৃহনির্গতঃ, পাপাৎ জুগুপ্সুঃ—পাপজুগুপ্সুঃ ইত্যাদি।

১৪। **অপেতাপোঢ়-মুক্ত-পতিতা-পত্রস্তৈরল্পশঃ**—'অল্পে অল্পে' এইরূপ বুঝাইলে অপেত, অপোঢ়, মুক্ত, পতিত, অপত্রস্ত, এই কয়টি শব্দের সহিত পঞ্চম্যন্ত পদের সমাস হয়। যথা, সুখাৎ অপেতঃ সুখাপেতঃ, কল্পনাৎ অপোঢ়ঃ কল্পনাপোঢ়ঃ ; এইরূপ, পাপমুক্তঃ, স্বর্গপতিতঃ তরঙ্গাপত্রস্তঃ।

---

(১) 'ভয়ভীতভীতিভীভিরিতি বাচ্যম্'।

'অল্পে অল্পে' এইরূপ অর্থ না বুঝাইলে হয় না। যথা, প্রাসাদাৎ পতিতঃ (fallen suddenly from the palace).

ষষ্ঠী-তৎপুরুষ

১৫। **ষষ্ঠী**—'সমর্থ' সুবন্ত পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয়। যথা, গঙ্গায়াঃ জলম্—গঙ্গাজলম্, তরোঃ ছায়া—তরুচ্ছায়া, অগ্নেঃ শিখা অগ্নিশিখা, বায়োঃ বেগঃ—বায়ুবেগঃ জলস্য প্রবাহঃ—জলপ্রবাহঃ সুখস্য ভোগঃ—সুখভোগঃ, পয়সঃ পানম্—পয়ঃপানম্, কন্যায়াঃ দানম্—কন্যা-দানম্, গবাং দোহঃ—গোদোহঃ, আজ্ঞায়াঃ ভঙ্গঃ—আজ্ঞাভঙ্গঃ, দশায়াঃ অন্তঃ—দশান্তঃ, সূর্যস্য উদয়ঃ—সূর্যোদয়ঃ, বৃষ্টেঃ পাতঃ—বৃষ্টিপাতঃ, শিরসঃ ছেদঃ—শিরশ্ছেদঃ, গবাং বধঃ—গোবধঃ,পিতুঃ গৃহম্—পিতৃগৃহং, রাজ্ঞঃ ভবনম্—রাজভবনম্, মনোঃ বচনম্,—মনুবচনম্, অর্থস্য নাশঃ—অর্থনাশঃ, কূপস্য উদকম্—কূপোদকম্।

১৬। **কৃদ্‌যোগা চ ষষ্ঠী সমস্যতে**—যে কৃৎপ্রত্যয়ান্ত শব্দের যোগে ষষ্ঠী হয়, তাহার সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয়। যথা, সুখস্য ভোগঃ—সুখভোগঃ, পয়সঃ পানম্—পয়ঃপানম্, গবাং দোহঃ—গোদোহঃ, সূর্যস্য উদয়ঃ—সূর্য্যোদয়ঃ।

ষষ্ঠী-তৎপুরুষ-নিষেধ

প্রতিপদবিধানা ষষ্ঠী ন সমস্যতে—পদযোগে বিহিত ষষ্ঠী বিভক্তির সহিত (অর্থাৎ শেষে ষষ্ঠী ভিন্ন ষষ্ঠীর সহিত) সমাস হয় না। যথা, সর্পিষো জ্ঞানম্, মাতুঃ স্মরণম্, চৌরস্য নিহননম্।

১৭। **ন নির্দ্ধারণে**—নির্দ্ধারণ অর্থে বিহিত ষষ্ঠী সমাস হয় না। যথা, মনুষ্যানাং ক্ষত্রিয়ঃ শূরঃ, গবাং কৃষ্ণা বহুক্ষীরা।

১৮। **পূরণ-গুণ-সুহিতার্থ-সদব্যয়-তব্য-সমানাধিকরণেন**—পূরণবাচক, গুণবাচক, সুহিতার্থ অর্থাৎ তৃপ্ত্যর্থক, সৎ (শতৃ ও শানচ্) প্রত্যয়ান্ত শব্দ,

অব্যয় (তুমুন্, ক্ত্বা, ল্যপ্, ণমুল্ প্রত্যয়), তব্য প্রত্যয় এবং সমানাধিকরণ (এক বিভক্তি যুক্ত) শব্দের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা, রাজ্ঞাং প্রথমঃ, পুত্রয়োঃ দ্বিতীয়ঃ, ভ্রাতৃণাং তৃতীয়ঃ, শিষ্যাণাং চতুর্থঃ, ছাত্রাণাং পঞ্চমঃ। পটস্য শৌক্লম্, কোকনদস্য লৌহিত্যম্, আকাশস্য নীলিমা, দ্রাক্ষায়াঃ মাধুর্য্যম্। অপাং তৃপ্তঃ, ফলানাং সুহিতঃ, দ্বিজস্য কুর্ব্বন্ বা কুর্ব্বাণঃ, ব্রাহ্মণস্য কৃত্বা, ব্রাহ্মণস্য কর্ত্তব্যম, রাজ্ঞঃ দশরথস্য, তক্ষকস্য সর্পস্য, পাণিনেঃ সূত্রকারস্য।

অনিত্যোঽয়ং গুণেন নিষেধঃ—গুণবাচক সুবন্ত পদের সহিত কোন কোন স্থলে ষষ্ঠী তৎপুরুষ সমাস হয়। যথা, অর্থস্য গৌরবম্—অর্থগৌরবম্, বুদ্ধেঃ মান্দ্যম্—বুদ্ধিমান্দ্যম্। **তৎস্থৈশ্চ গুণৈঃ ষষ্ঠী সমস্যতে**—দ্রব্যে স্থিত গুণের সহিত ষষ্ঠীতৎপুরুষ সমাস হয়। যথা, পদ্মস্য সৌরভম্—পদ্মসৌরভম্, চন্দনস্য গন্ধঃ—চন্দনগন্ধঃ, কপিত্থস্য রসঃ—কপিত্থরসঃ।

১৯। **তৃজকাভ্যাং কর্ত্তরি**—তৃচ্ ও অক প্রত্যয়ের যোগে নিষ্পন্ন শব্দের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা, **তৃচ্**—জগতঃ স্রষ্টা, সুখস্য দাতা, দুঃখস্য হর্ত্তা ; **অক**—প্রজানাং পালকঃ, বৃক্ষাণাং ছেদকঃ, শত্রূণাং ঘাতকঃ। **যাজকাদির** হয়। যথা, শূদ্রযাজকঃ, দেবপূজকঃ, রাজপরিচারকঃ, বেদাধ্যাপকঃ, সর্ব্বোৎসাহকঃ, দেবস্নাতকঃ, জলপরিষেচকঃ, ভুবনভর্ত্তা, হবির্হোতা, গুণগ্রহীতা, গুণগ্রাহকঃ।

২০। **ক্তেন চ পূজায়াম্**—মতি, বুদ্ধি ও পূজার্থে বর্ত্তমানকাল-বিহিত ক্ত-প্রত্যয়ের সহিত ষষ্ঠ্যন্ত সমাস হয় না। যথা, রাজ্ঞাং মতঃ, সর্ব্বেষাং বিদিতঃ, সতাং পূজিতঃ।

২১। **কর্ম্মণি চ**—'উভয়প্রাপ্তৌ কর্ম্মণি' এই নিয়মবিহিত ষষ্ঠ্যন্ত পদের সহিত সমাস হয় না। যথা, পয়সঃ পানং দেবদত্তেন, সূত্রস্য কৃতিঃ পাণিনিনা।

সপ্তমী-তৎপুরুষ

২২। **সপ্তমী শৌণ্ডৈঃ**—শৌণ্ড প্রভৃতি (১) শব্দের সহিত সপ্তম্যন্ত শব্দের সমাস হয়। যথা, দানে শৌণ্ডঃ—দানশৌণ্ডঃ, শাস্ত্রে প্রবীণঃ—শাস্ত্রপ্রবীণঃ, রণে পণ্ডিতঃ—রণপণ্ডিতঃ, ক্রীড়ায়াম্ কুশলঃ—ক্রীড়াকুশলঃ, কর্ম্মসু নিপুণঃ—কর্ম্মনিপুণঃ, আতপে শুষ্কঃ—আতপশুষ্কঃ, স্থাল্যাং পক্কঃ—স্থালীপক্কঃ।

২৩। **কৃত্যৈর্ঋণে**—ঋণ বুঝাইলে, কৃত্যপ্রত্যয় নিষ্পন্ন শব্দের সহিত সপ্তম্যন্ত পদের সমাস হয়। যথা, মাসে দেয়ম্—মাসদেয়ম্ ঋণম্, বর্ষে পরিশোধ্যম্—বর্ষপরিশোধ্যম্ ঋণম্।

২৪। **ক্তেনাহোরাত্রাবয়বাঃ**—ক্ত-প্রত্যয়নিষ্পন্ন শব্দের সহিত দিন ও রাত্রির অবয়ববোধক সপ্তম্যন্ত পদের সমান হয়। যথা, পূর্বাহ্ণে কৃতম্—পূর্বাহ্ণকৃতম্, অপরাহ্ণে কৃতম্—অপরাহ্ণকৃতম্, পূর্বরাত্রে কৃতম্—পূর্ব-রাত্রকৃতম্, অপররাত্রে কৃতম্—অপররাত্রকৃতম্।

২৫। **ধ্বাঙ্ক্ষেণ ক্ষেপে**—নিন্দা বুঝাইলে, কাকবাচক সুবন্ত শব্দের সহিত সপ্তম্যন্ত পদের সমাস হয়। যথা, তীর্থে কাক ইব—তীর্থকাকঃ; এইরূপ তীর্থবায়সঃ, তীর্থধ্বাঙ্ক্ষঃ, অনবস্থিত ইত্যর্থঃ।

একদেশী সমাস

একদেশ শব্দের অর্থ অবয়ব বা অংশ। অংশবাচক শব্দের সহিত সমগ্রবাচক শব্দের সমাসকে **একদেশী সমাস** বলে। এই সমাসে সমগ্রবাচক শব্দে ষষ্ঠী বিভক্তির একবচন থাকে এবং প্রথমান্ত অংশবাচক শব্দটি পূর্বে বসে। ইহা ষষ্ঠীতৎপুরুষের প্রকারবিশেষ।

---

(১) শৌণ্ড, ধূর্ত্ত, কিতব, প্রবীণ, সংবীত, পটু, পণ্ডিত, কুশল, চপল, নিপুণ, সিদ্ধ, শুষ্ক, পক্ক ইত্যাদি।

২৬। **पूर्व्वापराधरोत्तरमेकदेशिनैकाधिकरणे**—একবচনান্ত অবয়বীর সহিত পূর্ব্ব, অপর, অধর, উত্তর ইহাদের সমাস হয়। যথা, পূর্ব্বং কায়স্য—পূর্ব্বকায়ঃ (the forepart of the body); এইরূপ অপরকায়ঃ, অধরকায়ঃ, উত্তরকায়ঃ। একবচন না হইলে হয় না। যথা, পূর্ব্বং ছাত্রাণাম্ আমন্ত্রয়স্ব।

২৭। **अर्धं नपुंसकम्**—একবচনান্ত অবয়বীর সহিত ক্লীবলিঙ্গ অর্দ্ধ শব্দের সমাস হয়। যথা, অর্দ্ধং পিপ্পল্যাঃ—অর্দ্ধং-পিপ্পলী (a half of the pepper), অন্য লিঙ্গে হয় না। যথা, গ্রামস্য অর্দ্ধঃ (part) —গ্রামার্দ্ধঃ একবচন না হইলে হয় না। যথা, অর্দ্ধং পিপ্পলীনাম্।

২৮। **कालाः परिमाणिना**—পরিচ্ছেদ-বাচক পদের সহিত কালবাচক পদের সমাস হয়। যথা, মাসো জাতস্য—মাসজাতঃ (born a month ago), বর্ষো মৃতস্য—বর্ষমৃতঃ।

২৯। **सर्व्वोऽपि एकदेशः कालेन समस्यते**—পূর্ব্বম্ অহ্নঃ—পূর্ব্বাহ্নঃ (the early part of the day), মধ্যম্ অহ্নঃ—মধ্যাহ্নঃ (midday); অপরাহ্নঃ, সায়াহ্নঃ; পূর্ব্বং রাত্রেঃ পূর্বরাত্রঃ (forepart to the night); অপরং রাত্রেঃ অপররাত্রঃ; মধ্যরাত্রঃ; পশ্চিমরাত্রঃ (last part of the night.)

একদেশ না বুঝাইলে একদেশী সমাস না হইয়া কর্ম্মধারয় হয়। যথা, পূর্ব্বম্ অহঃ পূর্ব্বাহঃ (previous day); পূর্ব্বা রাত্রিঃ পূর্ব্বরাত্রিঃ (previous night).

৩০। **द्वितीय-तृतीय-चतुर्थ-तुर्याण्यन्यतरस्याम्**—ষষ্ঠ্যন্ত অবয়বীর সহিত দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, তুর্য্য, ইহাদের বিকল্পে সমাস হয়। যথা, দ্বিতীয়ং ভিক্ষায়াঃ—দ্বিতীয়ভিক্ষা, তৃতীয়ং ভিক্ষায়াঃ—তৃতীয়ভিক্ষা, চতুর্থং ভিক্ষায়াঃ—চতুর্থভিক্ষা, তুর্য্যং ভিক্ষায়াঃ—তুর্য্যভিক্ষা। পক্ষে

ষষ্ঠীসমাস। যথা, ভিক্ষায়া দ্বিতীয়ম্—ভিক্ষাদ্বিতীয়ম্; এইরূপ, ভিক্ষা-তৃতীয়ম্, ভিক্ষাচতুর্থম্, ভিক্ষাতুর্য্যম্।

কর্ম্মধারয় সমাস

২১। **তৎপুরুষঃ সমানাধিকরণঃ কর্ম্মধারয়ঃ**—যে তৎপুরুষসমাসে সমস্যমান পদ সকল সমানাধিকরণ (অর্থাৎ এক বিভক্তিযুক্ত বিশেষ্য-বিশেষণভাবাপন্ন অথবা অভেদ-সম্বন্ধে একার্থ-প্রতিপাদক) হয়, উহাকে **কর্ম্মধারয়** বলে।

২২। **বিশেষণং বিশেষ্যেণ বহুলম্**—বিশেষ্য পদের সহিত বিশেষণ পদের সমান হয়। যথা, নীলম্ উৎপলম্—নীলোৎপলম্, নবঃ পল্লবঃ—নবপল্লবঃ, মধুরং বচনম্—মধুরবচনম্, নবম্ অন্নম্—নবান্নম্, সর্ব্বে লোকাঃ—সর্বলোকাঃ, দৃঢ়ো বন্ধঃ—দৃঢ়বন্ধঃ, সুরভি চন্দনম্—সুরভিচন্দনম্, নবঃ জলধরঃ—নবজলধরঃ, সন্ পুরুষঃ—সৎপুরুষঃ, মহান্ বীরঃ—মহাবীরঃ, পরমঃ পুরুষঃ—পরমপুরুষঃ, কেবলঃ বৈয়াকরণঃ—কেবলবৈয়াকরণঃ, জরন্ নৈয়ায়িকঃ—জরন্নৈয়ায়িকঃ।

২৩। **পুংবৎ কর্ম্মধারয়-জাতীয়-দেশীয়েষু**—কর্ম্মধারয় সমাস হইলে ভাষিতপুংস্ক (১) স্ত্রীলিঙ্গ পূর্ব্বপদের পুংবদ্ভাব হয়। যথা সুন্দরী মহিলা—সুন্দরমহিলা, কৃষ্ণা চতুর্দ্দশী—কৃষ্ণচতুর্দ্দশী, পাচিকা স্ত্রী—পাচকস্ত্রী, পঞ্চমী কন্যা—পঞ্চমকন্যা, সুকেশী ভার্য্যা—সুকেশভার্য্যা, ব্রাহ্মণী ভার্য্যা—ব্রাহ্মণভার্য্যা; ঈষদূনা কারিকা—কারকজাতীয়া,

---

(১) যে সকল শব্দ স্ত্রীলিঙ্গ পুংলিঙ্গ উভয় হয়, তাহাদিগকে ভাষিতপুংস্ক বলে। যথা, সুন্দর শব্দ, ইহার স্ত্রীলিঙ্গে সুন্দরী, পুংলিঙ্গ সুন্দর উভয়ই হয়। যে সকল শব্দ নিত্য স্ত্রীলিঙ্গ উহাদিগকে ভাষিতপুংস্ক বলা যায় না। যেমন, শ্রী, লক্ষ্মী প্রভৃতি।

কারকদেশীয়া। উঙ্-প্রত্যয়ান্তের হয় না। যথা, বামোরূঃ ভার্য্যা—বামোরূভার্য্যা।

২৪। **ক্তেন নঞ্‌বিশিষ্টেনানঞ্**—নঞ্-বিশিষ্ট ক্ত-প্রত্যয়ান্ত পদের সহিত নঞ্-শূন্য ক্ত-প্রত্যয়ান্ত পদের সমাস হয়। যথা, কৃতঞ্চ তৎ অকৃতঞ্চ-কৃতাকৃতম্ (partly done), ভুক্তঞ্চ তৎ অভুক্তঞ্চ—ভুক্তাভুক্তম্, পীতঞ্চ তৎ অপীতঞ্চ—পীতাপীতম্, ক্লিষ্টঞ্চ তৎ অক্লিষ্টঞ্চ—ক্লিষ্টাক্লিষ্টম্, পক্কঞ্চ তৎ অপক্কঞ্চ—পক্কাপক্কম্। সমান প্রকৃতিস্থলেই হয়; সিদ্ধঞ্চ অভুক্তঞ্চ, এরূপ স্থলে সমাস হইবে না।

২৫। **বর্ণো বর্ণেন**—বর্ণবাচক পদের সহিত বর্ণবাচক পদের সমাস হয়। যথা, নীলশ্চ স লোহিতশ্চ—নীললোহিতঃ, লোহিতশ্চ স ধবলশ্চ—লোহিতধবলঃ, পীতশ্চ স ধবলশ্চ—পীতধবলঃ।

২৬। **পূর্ব্বোত্তরকালয়োঃ ক্তঃ**—পূর্ব্বকাল ও উত্তরকাল বুঝাইলে ক্ত-প্রত্যয়ান্ত পদের সমাস হয়। যথা, পূর্ব্বং স্নাতঃ পশ্চাদনুলিপ্তঃ—স্নাতানুলিপ্তঃ। এইরূপ—যাতায়াতঃ, শয়িতোত্থিতঃ, দত্তাপহৃতম্, ভুক্তোদ্গীর্ণম্, সুপ্তোত্থিতঃ। এইরূপ সমাসকে 'স্নাতানুলিপ্ত'বৎ সমাস বলে।

২৭। **দিক্‌সংখ্যে সংজ্ঞায়াম্**—সংজ্ঞা (বস্তু বা ব্যক্তির নাম) বুঝাইলে দিক্‌বাচক ও সংখ্যাবাচক পদের সহিত সুবন্তপদের কর্ম্মধারয় সমাস হয়। যথা, পূর্ব্বঃ ইষুকামঃ পূর্ব্বেষুকামঃ (দেশের নাম), সপ্ত ঋষয়ঃ সপ্তর্ষয়ঃ (বিখ্যাত তারকাসপ্তকের নাম)। সংজ্ঞা না বুঝাইলে সমাস হয় না। যথা, উত্তরাঃ বৃক্ষাঃ, পঞ্চ ব্রাহ্মণাঃ।

২৮। **কিং ক্ষেপে**—নিন্দা বুঝাইলে কিম্ শব্দের সহিত কর্ম্মধারয় সমাস হয় ও সমাসান্ত প্রত্যয় হয় না। যথা, কুৎসিতঃ রাজা কিংরাজা, কুৎসিতঃ সখা কিংসখা, কুৎসিতঃ মন্ত্রী কিংমন্ত্রী।

ময়ূরব্যংসকাদি সমাস

৩৯। **ময়ূরব্যংসকাদয়শ্চ**—কর্ম্মধারয় সমাসে ময়ূরব্যংসক প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, ব্যংসকঃ ময়ূরঃ—ময়ূরব্যংসকঃ (a cunning peacock), উদক্ চ অবাক্ চ—উচ্চাবচম্ (various), নাস্তি কিঞ্চন যস্য—অকিঞ্চনঃ, নাস্তি কুতোঽপি ভয়ং যস্য—অকুতোভয়ঃ, অন্যোঽর্থঃ—অর্থান্তরম্, অন্যো দেশঃ—দেশান্তরম্। চিদেব—চিন্মাত্রম্।

৪০। **আখ্যাতমাখ্যাতেন ক্রিয়াসাতত্যে**—ক্রিয়ার সতত অনুষ্ঠান বুঝাইলে, আখ্যাত (ক্রিয়াপদের) সহিত আখ্যাতের সমাস হয়; পদটি নিপাতনে সিদ্ধ হয়। যথা, অশ্নীত পিবত ইত্যেবং সততমভিধীয়তে যস্যাং ক্রিয়ায়াং সা—অশ্নীতপিবতা, এইরূপ পচতভৃজ্জতা, খাদতমোদতা, খাদতাচামতা।

উপমান কর্ম্মধারয়

উপমান কর্ম্মধারয়, উপমিত কর্ম্মধারয় ও রূপক কর্ম্মধারয় উপমা-বিষয়ক। উপমার বস্তু তিনটি—**উপমান উপমেয় ও সাধারণ ধর্ম্ম** (সামান্যবচন) (১)। যাহার সহিত তুলনা দেওয়া হয় তাহাকে উপমান, যে বস্তুটির তুলনা দেওয়া হয় তাহাকে উপমেয় বা উপমিত, এবং উভয়গত যে গুণসম্বন্ধে তুলনা দেওয়া হয়, তাহাকে সাধারণধর্ম্ম বা সামান্যবচন বলে। যথা, মুখখানি চন্দ্রের মত সুন্দর (মুখং চন্দ্র ইব সুন্দরম্), এখানে চন্দ্র উপমান, মুখ উপমেয় এবং সৌন্দর্য্য উভয়গত সাধারণ ধর্ম্ম।

৪১। **উপমানানি সামান্যবচনৈঃ**—সমানধর্ম্ম বাচক পদের সহিত উপমানবাচক পদের সমাস হয়। ইহাকে **উপমান কর্ম্মধারয়**

---

(১) যেন উপমীয়তে তদুপমানম্, যদুপমীয়তে তদুপমেয়ম্, যেন বিষয়েণ উপমীয়তে স সাধারণধর্ম্মঃ।

বলে। যথা, ঘন ইব শ্যামঃ—ঘনশ্যামঃ—(dark like cloud), অর্ণব ইব গভীরঃ—অর্ণবগভীরঃ, শৈল ইব উন্নতঃ—শৈলোন্নতঃ, অনল ইব উজ্জ্বলঃ—অনলোজ্জ্বলঃ, নবনীতমিব কোমলম্—নবনীতকোমলম্।

এই সমাসে উপমেয় থাকে না। 'ঘন ইব শ্যামঃ কেশঃ, এইরূপ উপমেয় পদ উল্লেখ করিলে সমাস হয় না।

উপমিত কর্ম্মধারয়

৪২। **উপমিতং ব্যাঘ্রাদিভিঃ সামান্যাপ্রয়োগে**—ব্যাঘ্র প্রভৃতি (১) উপমানবাচক পদের সহিত উপমেয় পদের সমাস হয়। ইহাকে **উপমিত কর্ম্মধারয়** বলে। যথা, পুরুষো ব্যাঘ্র ইব—পুরুষব্যাঘ্রঃ, পুরুষঃ সিংহ ইব—পুরুষসিংহঃ, রাজা চন্দ্র ইব—রাজচন্দ্রঃ, মুখং কমলম্ ইব—মুখকমলম্ (lotus-like face), করঃ কিসলয়মিব—করকিসলয়ম্, অধরঃ পল্লব ইব—অধরপল্লবঃ, বদনং সুধাকর ইব—বদনসুধাকরঃ। উপমান ও উপমেয়ের সামান্য ধর্ম্মের প্রয়োগ থাকিলে হয় না। যথা, পুরুষো ব্যাঘ্র ইব শূরঃ; মুখং কমলমিব সুন্দরম্।

রূপক কর্ম্মধারয়

৪৩। **রূপকমভেদে**—উপমান ও উপমেয়ের অভেদ প্রতীতি হইলে (অর্থাৎ উপমেয়ই যদি উপমানরূপে গৃহীত হয়) তাহাকে **রূপক কর্ম্মধারয়** বলে। যথা, মুখমেব চন্দ্রঃ মুখচন্দ্রঃ; দুঃখমেব অনলঃ দুঃখানলঃ (যথা, দুঃখানলেন দগ্ধঃ), জ্ঞানমেব আলোকঃ জ্ঞানালোকঃ (যথা, জ্ঞানালোকঃ ভাতি); হৃদয়মেব মন্দিরম্ হৃদয়মন্দিরম্ (যথা, হৃদয়মন্দিরে প্রতিষ্ঠিতঃ)।

---

(১) ব্যাঘ্র, সিংহ, ঋক্ষ, ঋষভ, বৃক, বরাহ, কুঞ্জর, চন্দ্র, কমল, কিসলয় ইত্যাদি।

[পূর্ব্বপদ উপমেয় ও পরপদ উপমান—এই অবস্থায় সমাস হইয়া যদি সাধারণধর্ম্ম উপমেয়ের অনুকূল হয়, তাহা হইলে উপমিত কর্ম্মধারয় এবং সাধারণধর্ম্ম যদি উপমানের অনুকূল হয়, তাহা হইলে রূপক কর্ম্মধারয় হয়। যথা, 'পুরুষসিংহঃ বদতি', 'মুখচন্দ্রং স্পৃশতি', এইরূপ স্থলে বলা ও স্পর্শ করা উপমান সিংহ ও চন্দ্রের পক্ষে সম্ভব নহে; উপমেয় পুরুষ ও মুখের পক্ষেই সম্ভব। সুতরাং এই স্থলে উপমিত কর্ম্মধারয়। যে স্থলে সাধারণধর্ম্ম উভয়ের অনুকূল, তথায় উপমিত ও রূপক দুই সমাসই হইবে।]

মধ্যপদলোপী কর্ম্মধারয়

৪৪। **শাকপার্থিবাদীনাং সিদ্ধয়ে উত্তরপদলোপস্যোপসংখ্যানম্**—সমাসে শাকপার্থিব প্রভৃতির মধ্যপদের লোপ হয়। ইহাকে শাকপার্থিবাদি কর্ম্মধারয় বা **মধ্যপদলোপী কর্ম্মধারয়** বলে। যথা, শাকপ্রিয়ঃ পার্থিবঃ শাকপার্থিবঃ (a king fond of vegetables), ছায়াপ্রধানঃ তরুঃ ছায়াতরুঃ, বিন্ধ্যনামা গিরি বিন্ধ্যগিরিঃ; সিংহচিহ্নিতমাসনম্ সিংহাসনম্, দেবপূজকো ব্রাহ্মণঃ দেবব্রাহ্মণঃ।

দ্বিগু সমাস

৪৫। **সংখ্যাপূর্ব্বো দ্বিগুঃ**—যে কর্ম্মধারয়ে পূর্বপদে সংখ্যাবাচক শব্দ থাকে, উহাকে দ্বিগু বলে।

৪৬। **তদ্ধিতার্থোত্তরপদ-সমাহারে চ**—তদ্ধিতার্থে, উত্তরপদ পরে ও সমাহার বুঝাইলে, দ্বিগু সমাস হয়।

যে দ্বিগু সমাস কোন তদ্ধিত প্রত্যয়ের অর্থ প্রকাশ করে, তাহাকে **তদ্ধিতার্থ দ্বিগু** বলে। পঞ্চভিঃ গোভিঃ ক্রীতঃ পঞ্চগুঃ (bought for five cows), এখানে তদ্ধিত 'তেন ক্রীতঃ' এই অর্থ প্রকাশ করিতেছে। যে দ্বিগু সমাসে সমস্যমান পদদ্বয়ের পরে অন্য একটি পদ অধিক থাকে,

তাহাকে **উত্তরপদ দ্বিগু** বলে। যথা, পঞ্চ হস্তাঃ প্রমাণমস্য—পঞ্চহস্ত-প্রমাণঃ (anything five cubits long) ; পঞ্চঃ গাবঃ ধনমস্য—পঞ্চগবধনঃ (whose wealth consists of five cows)। যে দ্বিগু সমাসে সমাহার (aggregate) বুঝায়, তাহাকে **সমাহার দ্বিগু** বলে।

৪৭। **দ্বিগুরেকবচনম্। স নপুংসকম্**—সমাহারদ্বিগুনিষ্পন্ন শব্দ ক্লীবলিঙ্গ ও একবচনান্ত। যথা, পঞ্চানাং গবাং সমাহারঃ—পঞ্চগবম্; পঞ্চানাং বটূনাং সমাহারঃ—পঞ্চবটু।

৪৮। **অকারান্তোত্তরপদো দ্বিগুঃ স্ত্রিয়ামিষ্টঃ**—সমাহার দ্বিগু হইলে, অকারান্ত শব্দের উত্তর ঈপ্ হয়। যথা, ত্রয়াণাং লোকানাং সমাহারঃ ত্রিলোকী, চতুর্ণাং পদানাং সমাহারঃ চতুষ্পদী, পঞ্চানাং নলানাং সমাহারঃ পঞ্চনলী, সপ্তানাং পদানাং সমাহারঃ সপ্তপদী, সপ্তানাং শতানাং সমাহারঃ সপ্তশতী।

৪৯। **পাত্রাদ্যন্তস্য ন**—পাত্র প্রভৃতির উত্তর ঈপ্ হয় না। যথা, ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ ত্রিভুবনম্, চতুর্ণাং যুগানাং সমাহারঃ চতুর্যুগম্, পঞ্চানাং পাত্রাণাং সমাহারঃ পঞ্চপাত্রম্।

নঞ্ তৎপুরুষ

৫০। **নঞ্**—নঞ্ (১) এই অব্যয়ের সহিত যে তৎপুরুষ সমাস

(১) নঞ্এর অর্থ ছয় প্রকার। যথা—

তৎসাদৃশ্যমভাবশ্চ তদন্যত্বং তদল্পতা।

অপ্রাশস্ত্যং বিরোধশ্চ নঞর্থাঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ॥

সাদৃশ্য, অভাব, ভিন্নতা, অল্পতা এবং অপ্রশস্ততা এবং বিরোধ এই ছয়টি নঞের অর্থ। ক্রমিক উদাহরণ যথা—ন ব্রাহ্মণঃ অব্রাহ্মণঃ (ব্রাহ্মণসদৃশঃ), ন সুখম্ (সুখস্যাভাবঃ), ন ঘটঃ অঘটঃ (ঘটাদন্যঃ), ন কেশী অকেশী (অল্পকেশী), ন কালঃ অকালঃ (অপ্রশস্তকালঃ), ন সুর অসুরঃ (সুরবিরোধী)।

হয়, তাহাকে নঞ্ তৎপুরুষ বলে। নঞ্-এর পরে ব্যঞ্জনবর্ণ থাকিলে নঞ্ স্থানে **অ** এবং স্বরবর্ণ থাকিলে নঞ্ স্থানে **অন্** হয় (**নলোপো নঞঃ, তস্মান্নুডচি**)। যথা, ন ব্রাহ্মণঃ অব্রাহ্মণঃ ; ন মোঘঃ অমোঘঃ ; ন অশ্বঃ অনশ্বঃ ; ন উপকারঃ অনুপকারঃ।

৫১। **নগোঽপ্রাণিষ্বন্যতরস্যাম্**—প্রাণী না বুঝাইলে নগ শব্দের ন বিকল্পে অ হয়। যথা, নগঃ, অগঃ বা (পর্ব্বতঃ বৃক্ষো বা) ; কিন্তু —বানরঃ শীতেন অগঃ (motionless), এখানে নিত্যই অ হইল।

কু-তৎপুরুষ সমাস

৫২। **কু গতি প্রাদয়ঃ**—নিন্দার্থক 'কু' এই অব্যয়ের সহিত, গতি সংজ্ঞক অব্যয়ের সহিত, এবং প্র, পরা প্রভৃতি অব্যয়ের সহিত তৎপুরুষ সমাস হয়। কুশব্দের সহিত সমাসকে **কু-সমাস,** গতির সহিত সমাসকে **গতি-সমাস** এবং প্র, পরা প্রভৃতির সহিত সমাসকে **প্রাদি সমাস** বলে। কু-সমাস যথা—

৫৩। **কোঃ কত্ তত্পুরুষেঽচি**—তৎপুরুষ সমাসে পূর্ব্বপদ যদি 'কু' হয় এবং উত্তরপদের আদিতে যদি স্বরবর্ণ থাকে, তাহা হইলে কুস্থানে কৎ হয়। যথা, কুৎসিতঃ অশ্বঃ কদশ্বঃ, কুৎসিতমন্নং কদন্নম্, কুৎসিতঃ আচারঃ কদাচারঃ, কুৎসিতঃ অভ্যাসঃ কদভ্যাসঃ।

৫৪। **ত্রি রথবদয়োশ্চ**—ত্রি, রথ ও বদ শব্দ পরে থাকিলে কুস্থানে কৎ হয়। যথা, কুৎসিতাঃ ত্রয়ঃ কত্রয়ঃ (the wicked three), কুৎসিতঃ রথঃ কদ্রথঃ, কুৎসিতঃ বদঃ কদ্বদঃ (a bad speaker).

৫৫। কা পথ্যক্ষয়োঃ—পথিন্ ও অক্ষ শব্দের পরে থাকিলে কুশব্দ স্থানে কা হয়। যথা, কুৎসিতঃ পন্থাঃ কাপথম্ (a bad road), কুৎসিতঃ অক্ষঃ কাক্ষঃ (a s de-long look).

৫৬। ঈষদর্থে—ঈষৎ অর্থ বুঝাইলে কুস্থানে কা হয়। যথা, কু (ঈষৎ) মধুরম্, কামধুবম্, কু (ঈষৎ) জলম্ কাজলম্। (a little water).

৫৭। বিভাষা পুরুষে—পুরুষ শব্দের সহিত সমাস হইলে কুশব্দ স্থানে বিকল্পে কা হয়। যথা, কুৎসিতঃ পুরুষঃ কুপুরুষঃ, কাপুরুষঃ ; ঈষৎ অর্থে নিত্য কা হয়। যথা, কু (ঈষৎ) পুরুষঃ কাপুরুষঃ (a coward).

৫৮। কবং চোষ্ণে—উষ্ণ শব্দের সহিত সমাস হইলে কুশব্দ স্থানে বিকল্পে কা ও কব হয়। যথা, কু (ঈষৎ) উষ্ণম্, কোষ্ণম্, কবোষ্ণম্, কদুষ্ণম্—(slghtly warm, tepid).

গতি-সমাস

অব্যয়ের সহিত ক্রিয়ার সমাসকে **গতি সমাস** বলে। 'সমাসেঽনঞ্ পূর্ব্বে ক্ত্বো ল্যপ্' (নঞ্-ভিন্ন সমাসে ক্ত্বা স্থানে ল্যপ্ হয়), এই সূত্রের নঞ্ তৎপুরুষ (অকৃত্বা, অজিত্বা etc.) ভিন্ন যে সমাস, তাহাই গতি সমাস। যথা, প্রণম্য, উপকৃত্য, সন্দৃশ্য। সাধারণতঃ উপসর্গের সহিত এই সমাস হয়। অন্য গতিসমাসের বিষয় নিম্নে প্রদর্শিত হইতেছে। এই সকল স্থলে সমাস না হইলে ল্যপ্ হইত না।

৫৯। ঊর্য্যাদি চ্বি-ডাচশ্চ—ধাতুর সহিত উরী (১) প্রভৃতি শব্দের এবং চ্বি ও ডাচ্ প্রত্যয়ের সমাস হয়। যথা, 'উরী—উরীকরোতি, উরীকরণম্, উরীকৃত্য ; আবিস্—আবিষ্করোতি, আবিষ্ক্রিয়া, আবিষ্কৃত্য ; প্রাদুস্—প্রাদুর্ভবতি, প্রাদুর্ভাবঃ প্রাদুর্ভূয়। চ্বি—স্বীকরোতি, স্বীকারঃ,

(১) উরী, উররী, আবিস, প্রাদুস্ স্বধা, স্বাহা, বৌষট্ ইত্যাদি।

স্বীকৃত্য ; ভস্মীভবতি, ভস্মীভাবঃ, ভস্মীভূয়। ডাচ্—সময়াকরোতি, সময়াকরণম্, সময়াকৃত্য , দুঃখাকরোতি, দুঃখাকৃত্য।

৬০। **अनुकरणञ्चानितिपरम्**—ধাতুর সহিত অনুকরণ-বাচক শব্দের সমাস হয়। যথা, খাট্‌করোতি, খাট্‌করণম্, খাটকৃত্য ; দ্রাঙ্করোতি, দ্রাঙ্‌ক্রিয়া, দ্রাঙ্‌কৃত্য। 'ইতি' শব্দ পরে থাকিলে হয় না। যথা, খাডিতি কৃত্বা নিষ্ঠীবতি, দ্রামিতি কৃত্বা পতিতঃ।

৬১। **आदरानादरयोः सदसती**—যথাক্রমে আদর ও অনাদর অর্থে ধাতুর সহিত সৎ ও অসৎ শব্দের সমাস হয়। যথা, সৎকরোতি, সৎকারঃ, সৎকৃত্য ; অসৎকরোতি, অসৎক্রিয়া, অসৎকৃত্য।

৬২। **भूषणेऽलम्**—ভূষণ অর্থ বুঝাইলে, ধাতুর সহিত অলম্ শব্দের সমাস হয়। যথা, অলঙ্করোতি, অলঙ্করণম্, অলঙ্কৃত্য।

৬৩। **अन्तरपरिग्रहे**—ধাতুর সহিত অন্তর্ শব্দের সমাস হয়। যথা, অন্তর্ভবতি, অন্তর্ভাবঃ, অন্তর্ভূয়। পরিগ্রহ অর্থে হয় না। যথা, অন্তর্হত্বা গতঃ, হতং পরিগৃহ্য গত ইত্যর্থঃ।

৬৪। **पुरोऽव्ययम्**—ধাতুর সহিত পুরস্ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা, পুরস্করোতি, পুরস্কারঃ, পুরস্কৃত্য।

৬৫। **अस्तं च**—ধাতুর সহিত অস্তম্ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা, অস্তঙ্গচ্ছতি, অস্তঙ্গতঃ, অস্তঙ্গত্য।

৬৬। **अच्छ-गत्यर्थ वदेषु**—বদ্ ধাতুর ও গত্যর্থ-ধাতুর সহিত অচ্ছ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা, অচ্ছবদতি, অচ্ছোদ্য। অচ্ছগচ্ছতি (goes towards). অচ্ছগত্য—অভিমুখমিত্যর্থঃ।

৬৭। **तिरोऽन्तर्द्धौ**—অন্তর্দ্ধি অর্থাৎ ব্যবধান (disappearance) বুঝাইলে, ধাতুর সহিত তিরস্ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা, তিরোভবতি, তিরোভাবঃ, তিরোভূয়।

৬৮। **বিভাষা কৃঞি**—কৃ ধাতুর সহিত বিকল্পে 'তিরস্' এই অব্যয় শব্দের সমাস হয়। যথা, তিরস্কৃত্য, তিরঃ কৃত্বা।

৬৯। **সাক্ষাৎপ্রভৃতীনি চ**—কৃ-ধাতুর সহিত সাক্ষাৎ (১) প্রভৃতি শব্দের বিকল্পে সমাস হয়। যথা, সাক্ষাৎকৃত্য, সাক্ষাৎ কৃত্বা ; নমস্কৃত্য নমঃ কৃত্বা ; বশেকৃত্য, বশে কৃত্বা ; মিথ্যাকৃত্য, মিথ্যা কৃত্বা।

৭০। **অনত্যাধান উরসি-মনসী**—কৃ-ধাতুর সহিত উরসি, মনসি, এই দুই সপ্তম্যন্ত পদের বিকল্পে সমাস হয়। যথা, উরসিকৃত্য, উরসি কৃত্বা (having accepted) স্বীকৃত্যেত্যর্থঃ। মনসিকৃত্য, মনসি কৃত্বা নিশ্চিত্যেত্যর্থঃ। অনত্যাধান (উপশ্লেষ, সংযোগ) অর্থে হয় না। যথা, উরসি শয়িত্বা।

৭১। **মধ্যে পদে নিবচনে চ**—কৃ-ধাতুর সহিত মধ্যে, পদে, নিবচনে, এই তিন সপ্তম্যন্ত পদের বিকল্পে সমাস হয়। যথা, মধ্যেকৃত্য, মধ্যে কৃত্বা, পদেকৃত্য, পদেকৃত্বা ; নিবচনেকৃত্য, নিবচনেকৃত্বা। উপশ্লেষ (contact) অর্থে হয় না। যথা, মধ্যে শয়িত্বা, পদে ধৃত্বা।

৭২। **নিত্যং হস্তে পাণাবুপযমনে**—বিবাহ অর্থ বুঝাইলে কৃ-ধাতুর সহিত হস্তে, পাণৌ, এই দুই সপ্তম্যন্ত পদের নিত্য সমাস হয়। যথা— হস্তেকৃত্য, পাণৌকৃত্য (দারকর্ম্ম কৃত্বেত্যর্থঃ)।

প্রাদি সমাস

প্র, পরা প্রভৃতি কুড়িটি উপসর্গের অন্য নাম প্রাদি। প্রাদির সহিত সুবন্তের সমাসকে **প্রাদি-সমাস** বলে। যথা, সু (শোভনঃ) পুরুষঃ সুপুরুষঃ ; দুঃ (দুষ্টঃ) জনঃ দুর্জনঃ, উৎ (গর্হিতঃ) মার্গঃ উন্মার্গঃ।

(১) সাক্ষাৎ, মিথ্যা, নমস্, অর্থে, বশে, অমা, অদ্ধা, উষ্ণম্, শীতম্, আর্দ্রম্, বিকসনে প্রহসনে ইত্যাদি।

এইরূপে সুবন্ত পদের সহিত প্রাদি সমাসের স্থান অনন্ত। এইরূপ ভিন্ন নিয়ে কয়েকটি বিশেষ স্থান প্রদর্শিত হইয়াছে।

৭৩। **অত্যাদয়ঃ ক্রান্তাদ্যর্থে দ্বিতীয়য়া**—ক্রান্ত প্রভৃতি অর্থে দ্বিতীয়ান্ত পদের সহিত অতি প্রভৃতির সমাস ও স্ত্রীলিঙ্গ দ্বিতীয়ান্ত পদের পুংবদ্ভাব হয়। যথা, অতিক্রান্তঃ খট্বাম্—অতিখট্বঃ (without a bed stead), উপক্রান্তঃ বেলাম্—উদ্বেলঃ (overflowing the banks).

৭৪। **অবাদয়ঃ ক্রুষ্টাদ্যর্থে তৃতীয়য়া**—ক্রুষ্ট প্রভৃতি অর্থে তৃতীয়ান্ত পদের সহিত অব প্রভৃতির সমাস ও স্ত্রীলিঙ্গ তৃতীয়ান্ত পদের পুংবদ্ভাব হয়। যথা, অবক্রুষ্টঃ কোকিলয়া—অবকোকিলঃ (what is cried out by the cuckoo i. e., spring).

৭৫। **পর্যাদয়ো গ্লানাদ্যর্থে চতুর্থ্যা**—গ্লান প্রভৃতি অর্থে চতুর্থ্যন্ত পদের সহিত পরি প্রভৃতির সমাস ও স্ত্রীলিঙ্গ চতুর্থ্যন্ত পদের পুংবদ্ভাব হয়। যথা, পরিগ্লানঃ অধ্যয়নায়—পর্য্যধ্যয়নঃ (weary of study). পরিগ্লানঃ সেবায়ৈ—পরিসেবঃ।

৭৬। **নিরাদয়ঃ ক্রান্তাদ্যর্থে পঞ্চম্যা**—ক্রান্ত প্রভৃতি অর্থে পঞ্চম্যন্ত পদের সহিত নির্ প্রভৃতির সমাস ও স্ত্রীলিঙ্গ পঞ্চম্যন্ত পদের পুংবদ্ভাব হয়। যথা, নিষ্ক্রান্তঃ কৌশাম্ব্যাঃ—নিষ্কৌশাম্বিঃ (gone out of Kausambi), উত্থিতঃ নিদ্রায়াঃ—উন্নিদ্রঃ (risen from sleep).

উপপদ তৎপুরুষ সমাস

৭৭। **তত্রোপপদং সপ্তমীস্থম্**—ধাতু অধিকারে কৃৎপ্রত্যয় বিধানে সূত্রে সপ্তমী নির্দিষ্ট পদকে **উপপদ** বলে। যথা, 'কর্ম্মণ্যণ্' (১) সূত্রে

'কর্ম্মণ্যণ্'=কর্ম্ম উপপদ থাকিলে ধাতুর উত্তর অণ্ হয়। কুম্ভকারঃ।

কর্ম্মন্ শব্দে সপ্তমী বিভক্তি। সুতরাং কর্ম্মপদ এখানে উপপদ। অর্থাৎ, কৃৎপ্রত্যয় করিবার সময়ে ধাতুর পূর্বে যে পদ থাকে, তাহাকে উপপদ বলে। এই উপপদের সহিত ধাতুর সমাস হয়। এইজন্য উপপদের বিভক্তির লোপ হয়। যথা, কুম্ভং করোতীতি বাক্যে উপপদ সমাস করিয়া বিভক্তি লোপ হইলে 'কুম্ভ-কৃ' হইল। তাহার পরে উহার উত্তর অণ্ প্রত্যয় যুক্ত হইয়া 'কুম্ভকার' শব্দ গঠিত হইল। এইরূপ সর্ব্বত্র।

৭৮। **उपपदमतिङ्**—ধাতুর সহিত সুবন্ত উপপদের সমাস হয়, এই সমাসকে উপপদ তৎপুরুষ সমাস বলে। তিঙন্ত পদের সহিত সমাস হয় না। যথা, কুম্ভং করোতীতি বাক্যে উপপদ কুম্ভম্-এর সহিত অতিঙন্ত 'কৃ' ধাতুর এই সমাস হইয়া কুম্ভ-কৃ হইলে তদুত্তর অণ্ হইয়াছে। এইরূপ—সূত্রধারঃ, মাল্যকারঃ, নিশাচরঃ, জলচরঃ, পঙ্কজম্, জলজম্, ভুজগঃ, বিহগঃ ইত্যাদি উপপদ সমাস নিষ্পন্ন।

৭৯। **अमैवाव्ययेन**—উপপদের সহিত অব্যয় মধ্যে কেবল অম্ভাগান্ত অব্যয়ের (ণমুল্, খমুঙ্) সহিতই সমাস হয়। যথা, স্বাদুঙ্কারং ভুঙ্‌ক্তে (স্বাদু-কৃ-ণমুল্), লবণঙ্কারং ভুঙ্‌ক্তে।

৮০। **क्त्वा च**—তৃতীয়ান্ত উপপদের সহিত ক্তাপ্রত্যয়ান্ত অব্যয়ের সমাস হয়। যথা, উচ্চৈঃকৃত্য বা উচ্চৈঃকৃত্বা।

সমাসান্ত-বিধান

৮১। **अहःसर्व्वैकदेश-संख्यातपुण्याच्च रात्रेः**—সংখ্যাবাচক শব্দ, অব্যয়, অহন্ ও সর্ব্বশব্দ, একদেশবাচক শব্দ এবং সংখ্যাত ও পুণ্যশব্দ পূর্ব্বে থাকিলে সমাসে রাত্রি শব্দের উত্তর অচ্ প্রত্যয় হয়। চ্ ইৎ অ থাকে। যথা, দ্বিরাত্রম্, অতিরাত্রঃ, অহোরাত্রঃ, সর্ব্বরাত্রঃ, পূর্ব্বরাত্রঃ, মধ্যরাত্রঃ, সংখ্যাতরাত্রঃ, পুণ্যরাত্রঃ।

৮২। **অহ্নোঽহ্ন এতেভ্যঃ**—সংখ্যাবাচক শব্দ, অব্যয়, অহন্ ও সর্ব্বশব্দ, একদেশবাচকশব্দ এবং সংখ্যাত ও পুণ্য শব্দ পূর্ব্বে থাকিলে সমাসে অহন্ স্থানে 'অহ্ন' হয়। যথা, দ্বয়োরহ্নোঃ ভবঃ—দ্ব্যহ্নঃ ; এইরূপ—পরাহ্নঃ, নিরহ্ন, সর্ব্বাহ্নঃ, পূর্ব্বাহ্নঃ, মধ্যাহ্নঃ, সংখ্যাতাহ্নঃ। সমাহার দ্বিগু সমাসে হয় না। যথা, দ্বয়োরহ্নোঃ সমাহারঃ দ্ব্যহঃ ; ত্র্যহঃ ; সপ্তাহঃ। পুণ্য শব্দের পরবর্ত্তী হইলে টচ্ ও ক্লীবলিঙ্গ হয়—পুণ্যাহম্।

৮৩। **ততপুরুষস্যাঙ্গুলেঃ সংখ্যাব্যয়াদেঃ**—সংখ্যাবাচক ও অব্যয় শব্দের পরবর্ত্তী অঙ্গুলি শব্দের উত্তর অচ্ হয়। যথা, দ্বে অঙ্গুলী প্রমাণমস্য—দ্ব্যঙ্গুলং দারু ; এইরূপ—ত্র্যঙ্গুলম্, নিরঙ্গুলম্।

৮৪। **রাজাহঃসখিভ্যষ্টচ্**—রাজন্, অহন্ ও সখি শব্দের উত্তর টচ্ হয়। ট্ চ্ ইৎ, অ থাকে। যথা, অঙ্গানাং রাজ—অঙ্গরাজঃ, মহান্ রাজা—মহারাজঃ ; পরমমহঃ—পরমাহঃ, উত্তমমহঃ—উত্তমাহঃ ; রাজ্ঞঃ সখা—রাজসখঃ, প্রিয়ঃ সখা—প্রিয়সখঃ।

৮৫। **গোরতদ্ধিতলুকি**—গো-শব্দের উত্তর টচ্ হয়। যথা, রাজ্ঞো গোঃ রাজগবঃ, পরমো গোঃ—পরমগবঃ, দশ গাবো ধনমস্য—দশগবধনঃ, পঞ্চানাং গবাং সমাহারঃ—পঞ্চগবম্। তদ্ধিতার্থে হয় না। যথা, পঞ্চভির্গোভিঃ ক্রীতঃ—পঞ্চগুঃ।

৮৬। **অনোঽশ্মায়ঃসরসাং জাতিসংজ্ঞয়োঃ**-জাতি ও সংজ্ঞা বুঝাইলে অনস্, অশ্মন্, অয়স্ ও সরস্ শব্দের উত্তর টচ্ হয়। যথা, **জাতি**—উপানসম্ (a kind of cart), অমৃতাশ্মঃ (a kind of stone), কালায়সম, মণ্ডুকসরসম্ ; **সংজ্ঞা**—মহানসম্ (kitchen), পিণ্ডাশ্মঃ, লোহিতায়সম্ (copper), জলসরসম্।

৮৭। **গ্রামকৌটাভ্যাং চ তক্ষ্ণঃ**—গ্রাম ও কৌট শব্দের পরবর্ত্তী তক্ষন্ শব্দের উত্তর টচ্ হয়। যথা, গ্রামতক্ষঃ (a carpenter of

the village), সূত্রধর ইত্যর্থঃ ; কৌটতক্ষঃ স্বতন্ত্র ইত্যর্থঃ। অন্যত্র—রাজ্ঞস্তক্ষা রাজতক্ষা (a king's carpenter).

৮৮। **অতেঃ শুনঃ**—অতি শব্দের পরবর্ত্তী শ্বন্ শব্দের উত্তর টচ্ হয়। যথা, অতিক্রান্তঃ শ্বানম্—অতিশ্বো (surpassing a dog) বরাহঃ ; অতিশ্বী সেবা।

৮৯। **নাবো দ্বিগোঃ**—দ্বিগুসমাসস্থিত নৌ-শব্দের উত্তর টচ্ হয় ; যথা, দ্বয়োর্নাবোঃ সমাহারঃ—দ্বিনাবম্, পঞ্চ নাবো ধনমস্য—পঞ্চনাবধনঃ। তদ্ধিতার্থে হয় না। যথা, পঞ্চভিঃ নৌভিঃ ক্রীতঃ—পঞ্চনৌঃ। দ্বিগু ভিন্ন স্থলে, রাজ্ঞো নৌঃ—রাজনৌঃ ; নবীনা নৌঃ—নবীননৌঃ।

৯০। **অর্দ্ধাচ্চ**—অর্ধশব্দের পরবর্ত্তী নৌ শব্দের উত্তর টচ্ হয়। যথা, অর্দ্ধং নাবঃ—অর্দ্ধনাবম্। পরলিঙ্গ হইল না।

৯১। **দ্বিত্রিভ্যামঞ্জলেঃ**—দ্বিগুঃ সমাস হইলে, দ্বি ও ত্রি শব্দের পরবর্ত্তী অঞ্জলি শব্দের উত্তর বিকল্পে টচ্ হয়। দ্বে অঞ্জলী প্রমাণমস্য—দ্ব্যঞ্জলম্, দ্ব্যঞ্জলি (of the measure of two handfuls). এইরূপ ত্র্যঞ্জলম্, ত্র্যঞ্জলি। অন্যত্র, দ্বয়োরঞ্জলিঃ—দ্ব্যঞ্জলিঃ।

৯২। **অক্ষ্ণোঽদর্শনাৎ**—অক্ষি শব্দের উত্তর অচ্ হয়। চ্ ইৎ অ থাকে ; যথা, গবামক্ষীব—গবাক্ষঃ (window)। চক্ষু বুঝাইলে হয় না। যথা, বালকস্য অক্ষি—বালকাক্ষি (eye of a boy).

৯৩। **বৃদ্ধ-মহজ্জাতেভ্য উক্ষ্ণঃ**—বৃদ্ধ, মহৎ ও জাত শব্দের পরবর্ত্তী উক্ষন্ শব্দের উত্তর টচ্ হয়। যথা, বৃদ্ধঃ উক্ষা—বৃদ্ধোক্ষঃ (an old bull). মহান্ উক্ষা—মহোক্ষঃ, জাতঃ উক্ষা—জাতোক্ষঃ।

৯৪। **নিঃশ্রেয়স পুরুষায়ুষে**—নিঃশ্রেয়স ও পুরুষায়ুষ নিপাতনে সিদ্ধ হয়। যথা, নিশ্চিতং শ্রেয়ঃ—নিঃশ্রেয়সম্ ; পুরুষস্যায়ুঃ—পুরুষায়ুষম্।

৯৫। **বিভাষা সেনাসুরাচ্ছায়াশালানিশানাম্**—তৎপুরুষ সমাসে সেনা, সুরা, ছায়া, শালা ও নিশাশব্দ বিকল্পে নপুংসক হয়। যথা, ব্রাহ্মণসেনম্, ব্রাহ্মণসেনা; যবসুরম্ যবসুরা; তরুচ্ছায়ম্, তরুচ্ছায়া; গোশালম্, গোশালা; শ্বনিশম্, শ্বনিশা।

৯৬। **ছায়া বাহুল্যে**—পূর্ব্ব পদার্থের বাহুল্য বুঝাইলে, ছায়া শব্দ নিত্য নপুংসক হয়। যথা, ইক্ষূণাং ছায়া—ইক্ষুচ্ছায়ম্ শরাণাং ছায়া—শরচ্ছায়ম্।

৯৭। **সভারাজাঽমনুষ্যপূর্ব্বা**—প্রভুপর্য্যায় শব্দ পূর্ব্বে থাকিলে (সভা) শব্দ নিত্য নপুংসক হয়। যথা, প্রভুসভম্, নৃপসভম্, ঈশ্বরসভম্। রাজসভা প্রভৃতি স্থলে হয় না। রাক্ষস, পিশাচ প্রভৃতি শব্দ পূর্ব্বে থাকিলে, সভা শব্দ নিত্য নপুংসক হয়। যথা, রক্ষঃসভম্, পিশাচসভম্। অন্যত্র—মনুষ্যসভা, দেবসভা।

৯৮। **অশালা চ**—শালা-ভিন্নার্থবাচক সভা শব্দ নিত্য নপুংসক হয়। যথা, স্ত্রীসভম্, স্ত্রীণাং সমূহ ইত্যর্থঃ; শিশুসভম্, শিশূনাং সমবায় ইত্যর্থঃ। অন্যত্র, ধর্মসভা—ধর্মশালেত্যর্থঃ।

৯৯। **কুক্কুট্যাদীনামণ্ডাদিষু**—অণ্ড প্রভৃতি শব্দ পরে থাকিলে কুক্কুটী প্রভৃতির পুংবদ্ভাব হয়। যথা, কুক্কুট্যা অণ্ডম্—কুক্কুটাণ্ডম্, হংস্যা অণ্ডম্—হংসাণ্ডম্, কুক্কুট্যাঃ শাবঃ—কুক্কুটশাবঃ, হংস্যাঃ শাবঃ—হংস-শাবঃ, মৃগ্যাঃ পদম্—মৃগপদম্, মৃগ্যাঃ ক্ষীরম্—মৃগক্ষীরম্।

———

বহুব্রীহি-সমাস

১। **অনেকমন্যপদার্থে**—দুই বা ততোধিক সমানাধিকরণ (একবিভক্তিযুক্ত) প্রথমান্ত পদে সমাস হইয়া সমস্যমানব্যতীত অন্য পদের অর্থ বুঝাইলে সেই সমাসকে বহুব্রীহি সমাস বলে। যথা, পীতম্ অম্বরং যস্য সঃ পীতাম্বরঃ (হরিঃ); এইরূপ, আরূঢ়ো বানরো যম্—আরূঢ়-বানরো বৃক্ষঃ, কৃতং কর্ম্ম যেন—কৃতকর্ম্মা পুরুষঃ, দত্তং ধনং যস্মৈ—দত্তধনো দরিদ্রঃ, উদ্ধৃতম্ উদকং যস্মাৎ—উদ্ধৃতোদকঃ কূপঃ, দীর্ঘৌ বাহূ যস্য—দীর্ঘবাহুঃ পুরুষঃ; প্রফুল্লানি কমলানি যস্মিন্—প্রফুল্লকমলং সরঃ। এই সকল স্থানেই সমানাধিকরণ বহুব্রীহি। অন্য পদার্থ না বুঝাইলে বহুব্রীহি সমাস হয় না, কর্ম্মধারয় হয়। যথা, পীতম্ অম্বরম্—পীতাম্বরম্ (yellow robe).

অন্যপদ প্রধান বহুব্রীহি সমাসে সমস্ত-পদ বিশেষণ; বিশেষ্য (অন্যপদ) যে লিঙ্গ, ইহারও সেই লিঙ্গ হইয়া থাকে। কর্ম্মধারয় সমাসের সমস্ত-পদ বিশেষ্য এবং উত্তরপদপ্রধান, সুতরাং উত্তরপদ যে লিঙ্গ, ইহারও সেই লিঙ্গ হইয়া থাকে। লিঙ্গ দ্বারাই বহুব্রীহি ও কর্ম্মধারয় নির্ণয় করা যায়।

২। **অবর্জ্যো বহুব্রীহি ব্যধিকরণো জন্মাদ্যুত্তরপদঃ**—সাধারণতঃ ব্যধিকরণ স্থলে বহুব্রীহি সমাস না হইলেও, জন্মন্ প্রভৃতি শব্দ উত্তরপদ থাকিলে ব্যধিকরণ বহুব্রীহি হয়। যথা, শরেষু জন্ম যস্য সঃ—শরজন্মা, কণ্ঠে কালঃ যস্য সঃ—কণ্ঠেকালঃ (শিবঃ), চক্রং পাণৌ যস্য সঃ—চক্রপাণিঃ (বিষ্ণুঃ)।

৩। **সংখ্যয়াঽব্যয়াসন্নাদূরাধিকসংখ্যাঃ সংখ্যেয়ে**—সংখ্যাবাচক বিশেষণ শব্দের সহিত অব্যয়, আসন্ন, অদূর, অধিক ও সংখ্যাবাচকের বহুব্রীহি সমাস হয়।

(ক) **বহুব্রীহৌ সংখ্যেয়ে ডজবহুগণাত**—বহুব্রীহি সমাসে সংখ্যা-বাচক শব্দের উত্তর ডচ্ হয়, ড্ চ্ ইৎ অ থাকে। যথা, দশানাং সমীপে যে তে—উপদশাঃ (নব একাদশ বা), বিংশতেরাসন্নাঃ—আসন্ন-বিংশাঃ, ত্রিংশতোঽদূরে—অদূরত্রিংশাঃ, চত্বারিংশতোঽধিকাঃ—অধিক-চত্বারিংশাঃ, দ্বৌ বা ত্রয়ো বা—দ্বিত্রাঃ, পঞ্চ বা ষড়্ বা—পঞ্চষাঃ। বহু এবং গণ শব্দের উত্তর হয় না। যথা, বহুনাং সমীপে—উপবহবঃ। এইরূপ, উপগণাঃ। চতুর্ শব্দের উত্তর ডচ্ না হইয়া অচ্ হয়। যথা, ত্রয়ো বা চত্বারো বা—ত্রিচতুরাঃ।

৪। **দিঙ্নামান্যন্তরালে**—অন্তরাল বুঝাইলে, দিগ্বাচক পূর্ব্ব-প্রভৃতি শব্দের বহুব্রাহি-সমাস হয়। যথা, পূর্ব্বস্যা উত্তরস্যাশ্চ দিশো-রন্তরালম্—পূর্ব্বোত্তরা (north-east), দক্ষিণস্যাঃ পূর্ব্বস্যাশ্চ দিশো-রন্তরালম্—দক্ষিণপূর্ব্বা, উত্তরস্যাঃ পশ্চিমায়াশ্চ দিশোরন্তরালম্—উত্তর-পশ্চিমা।

৫। **জ্যোতির্জনপদ-রাত্রি-নাভি-নাম-গোত্র-রূপ-স্থান-বর্ণ-বয়োবচন-বন্ধুষু**—সমাসে জ্যোতিঃ প্রভৃতি শব্দ পরে থাকিলে, 'সমান'-শব্দ-স্থানে 'স' হয়, যথা, সমানং জ্যোতির্যস্য সঃ সজ্যোতিঃ, সমানো জনপদো যস্য সঃ—সজনপদঃ সমানা রাত্রির্যস্য সঃ—সরাত্রিঃ, সমানো নাভিঃ যস্য সঃ—সনাভিঃ, সমানং নাম যস্য সঃ—সনামা, সমানং গোত্রমস্য—সগোত্রঃ, এইরূপ, সরূপঃ, সস্থানঃ, সবর্ণঃ, সপক্ষঃ, সপিণ্ডঃ, সবয়াঃ, সতীর্থ্যঃ (fellow-student), সবন্ধুঃ, সবচনঃ, সব্রহ্মচারী।

ধর্ম্ম, উদর্য্য ও জাতীয় শব্দ পরে থাকিলে, বিকল্পে স হয়। যথা, সধর্ম্মা, সমানধর্ম্মা ; সদর্য্যঃ, সমানোদর্যঃ ; সজাতীয়ঃ, সমানজাতীয়ঃ।

তুল্যযোগ বহুব্রীহি

৬। **তেন সহেতি তুল্যযোগে**—ক্রিয়ার সহিত তুল্যযোগ (equal participation in the action of the verb) বুঝাইলে তৃতীয়ান্ত

পদের সহিত সহ-শব্দের বহুব্রীহি সমাস হয়। ইহাকে **তুল্যযোগ বহুব্রীহি** বলে।

৭। **বোপসর্জ্জনস্য**—বহুব্রীহি সমাসে সহশব্দ-স্থানে বিকল্পে 'স' হয়। যথা, পুত্রেণ সহ—সপুত্রঃ, সহপুত্রঃ; অনুজেন সহ—সানুজঃ, সহানুজঃ, বান্ধবেন সহ—বান্ধবঃ, সহবান্ধবঃ; ভৃত্যেন সহ—সভৃত্যঃ, সহভৃত্যঃ। **আশার্ব্বাদ বুঝাইলে 'সহ' শব্দ স্থানে স হয় না।** যথা, স্বস্তি রাজ্ঞে সহপুত্রায়, সহামাত্যায়, সহবান্ধবে। ('প্রকৃত্যাশিষি')।

ব্যতিহার বহুব্রীহি

৮। **তত্র তেনেদমিতি সরূপে**—যুদ্ধ বুঝাইলে ব্যতিহার অর্থাৎ পরস্পর এক কার্য্য অনুষ্ঠান অর্থে, সমানরূপ তৃতীয়ান্ত ও সপ্তম্যন্ত পদের বহুব্রীহিসমাস হয়। ইহাকে **ব্যতিহার বহুব্রীহি** বলে।

৯। **অন্যেষামপি দৃশ্যতে**—ব্যতিহার বহুব্রীহি সমাস হইলে, পূর্ব্ব পদের অন্ত্যস্বর দীর্ঘ হয়।

১০। **ইচ্ কর্ম্মব্যতিহারে**—কর্ম্মব্যতিহারে সমাস হইলে, পর পদের উত্তর ইচ্ হয়; চ্ ইৎ ই থাকে, ও শব্দটি অব্যয় হয়। ইচ্ পরে থাকিলে অন্ত্য উবর্ণের গুণ হয়। যথা—কেশেষু কেশেষু গৃহীত্বা ইদং যুদ্ধং প্রবৃত্তম্—কেশাকেশি (a fight in which one seizes the hair of the other), দণ্ডৈশ্চ দণ্ডৈশ্চ প্রহৃত্য ইদং যুদ্ধং প্রবৃত্তম্—দণ্ডাদণ্ডি; এইরূপ—মুষ্টীমুষ্টি, বাহূবাহবি, অস্যসি।

নঞ্ বহুব্রীহি

১১। **নঞোঽস্ত্যর্থানাং বা চোত্তরপদলোপঃ**—নঞ্ এর পরে অস্ত্যর্থ বাচক শব্দ থাকলে সুবন্তশব্দের সহিত উহার বহুব্রীহি সমাস হয়। ইহাকে **নঞ্ বহুব্রীহি** বলে। ইহাতে অস্ত্যর্থ শব্দটী বিকল্পে লুপ্ত হয়।

যথা, অবিদ্যমানঃ পুত্রঃ যস্য সঃ—অপুত্রঃ, বা অবিদ্যমানপুত্রঃ; অবিদ্যমানঃ আদির্যস্য সঃ অনাদিঃ বা অবিদ্যমানাদিঃ। নঞ্-এর সহিত শব্দটি অস্ত্যর্থ না হইলে উহার লোপ হয় না, কিন্তু নঞ্ বহুব্রীহি সমাস হয়। যথা, অনুপনীতঃ পুত্রঃ যস্য সঃ—অনুপনীতপুত্রঃ। [নঞ্ তৎপুরুষে পরপদ প্রধান এবং নঞ্ বহুব্রীহিতে অন্যপদ প্রধান—উভয়ের মধ্যে এই প্রভেদ।]

মধ্যপদলোপী বহুব্রীহি

১২। **প্রাদিভ্যো ধাতুজস্য বা চোত্তরপদলোপঃ**—প্রাদি অর্থাৎ উপসর্গের পরস্থিত ধাতু-নিষ্পন্ন শব্দের পরবর্ত্তী সুবন্ত পদের সহিত অন্য পদার্থ বুঝাইলে বহুব্রীহি সমাস হয়। ইহাতে ধাতুনিষ্পন্ন শব্দটির বিকল্পে লোপ হয়, এইজন্য ইহাকে **মধ্যপদলোপী বহুব্রীহি** বলে। যথা, প্রপতিতানি পর্ণানি যস্য সঃ—প্রপর্ণঃ বা প্রপতিতপর্ণঃ বৃক্ষঃ (a tree whose leaves have completely fallen down). বিগতঃ ধবঃ যস্যাঃ সা—বিধবা বা বিগত-ধবা নারী (a woman whose husband is dead); এইরূপ উন্মুখঃ বা উন্নতমুখঃ, ব্যর্থঃ বা বিগতার্থঃ, অন্বর্থঃ বা অনুগতার্থঃ। অপগতঃ শোকোঽস্য—অশোকঃ, নির্গতং মলম্ অস্মাৎ—নির্ম্মলঃ, অভুক্তানি পর্ণান্যনয়া—অপর্ণা, যথা ভূতোঽর্থোঽস্মিন্—যথার্থঃ, প্রতিগতমক্ষমস্মিন্—প্রত্যক্ষঃ, অধঃকৃতং মুখমনেন—অধোমুখঃ, নিঃ (নষ্টং) ধনমস্য—নির্ধনঃ, বিচলিতং মনোঽস্য—বিমনাঃ, উৎকণ্ঠিতং মনোঽস্য—উন্মনাঃ, সুস্থিতং মনোঽস্য—সুমনাঃ। দুর্ম্মনাঃ ইত্যাদি।

[(ক) **একস্যৈ কা দশনি**—দশন্‌শব্দ পরে থাকিলে, এক-শব্দ-স্থানে একা হয়। যথা, একাধিকা দশ—একাদশ।

(খ) **দ্ব্যষ্টনোর্দ্বাষ্টা সংখ্যাম্**—( ) সংখ্যাবাচক শব্দ পরে থাকিলে, দ্বি স্থানে দ্বা, ও অষ্টন্-স্থানে অষ্টা হয়। যথা, দ্ব্যধিকা বিংশতিঃ দ্বাবিংশতিঃ, দ্ব্যধিকা ত্রিংশৎ—দ্বাত্রিংশৎ, অষ্টাধিকা দশ—অষ্টাদশ, অষ্টাধিকা বিংশতিঃ—অষ্টাবিংশতিঃ, অষ্টাধিকা ত্রিংশৎ—অষ্টাত্রিংশৎ।

(গ) **ত্রেস্ত্রয়ঃ**—ত্রি-স্থানে ত্রয়স্ হয়; যথা, ত্র্যধিকা দশ—ত্রয়োদশ, ত্র্যধিকা বিংশতিঃ—ত্রয়োবিংশতিঃ, ত্র্যধিকা ত্রিংশৎ—ত্রয়স্ত্রিংশৎ।

(ঘ) **বিভাষা চত্বারিংশৎপ্রভৃতৌ সর্ব্বেষাম্**—চত্বারিংশৎ প্রভৃতি (২) পরে থাকিলে, দ্বি স্থানে দ্বা, ত্রি-স্থানে ত্রয়ঃ, অষ্টন্-স্থানে অষ্টা বিকল্পে হয়। যথা, দ্ব্যধিকা চত্বারিংশৎ—দ্বাচত্বারিংশৎ, দ্বিচত্বারিংশৎ; দ্ব্যধিকা পঞ্চাশৎ—দ্বাপঞ্চাশৎ, দ্বিপঞ্চাশৎ—এইরূপ ত্রয়শ্চত্বারিংশৎ, ত্রিচত্বারিংশৎ; ত্রয়ঃপঞ্চাশৎ, ত্রিপঞ্চাশৎ; অষ্টাচত্বারিংশৎ, অষ্টচত্বারিংশৎ অষ্টাপঞ্চাশৎ, অষ্টপঞ্চাশৎ।

(ঙ) **নাশীতি শতাদৌ বহুব্রীহৌ**—অশীতি ও শত প্রভৃতি সংখ্যাবাচক শব্দ পরে এবং বহুব্রীহি সমাসে পূর্ব্বোক্ত কার্য্য হয় না। যথা, দ্ব্যশীতিঃ, ত্র্যশীতিঃ, দ্বিশতম্, ত্রিসহস্রম্। বহুব্রীহি-সমাসে—দ্বিত্রাঃ (two or three), ত্রিচতুরাঃ (three or four).

(চ) **একাদিশ্চৈকস্য চাদুক্**—একোন-স্থানে, বিকল্পে একান্ন ও একাদ্ন হয়। যথা, একোনবিংশতিঃ, একান্নবিংশতিঃ, একাদ্নবিংশতিঃ (nineteen).]

বহুব্রীহিসমাসে পূর্ব্বনিপাত ও পরনিপাত

১২। **সপ্তমীবিশেষণে বহুব্রীহৌ**—বহুব্রীহি সমাসে সপ্তম্যন্ত পদ ও বিশেষণ পদ পূর্ব্বে বসে। যথা, ধর্ম্মে মতিঃ যস্য সঃ—ধর্ম্মমতিঃ; দীর্ঘৌ বাহূ যস্য সঃ—দীর্ঘবাহুঃ।

(১) দ্ব্যষ্টনঃ সংখ্যায়ামবহুব্রীহ্যশীত্যোঃ।

(২) চত্বারিংশৎ, পঞ্চাশৎ, ষষ্টি, সপ্ততি, নবতি।

১৪। **बहुव्रीहौ सर्व्वनाम-संख्ययोरुपसंख्यानम्**—বহুব্রীহি সমাসে সর্ব্বনাম শব্দ ও সংখ্যাবাচক শব্দ পূর্ব্বে বসে। যথা, সর্ব্বঃ শ্বেতঃ যস্য সঃ—সর্ব্বশ্বেতঃ; ত্রয়ঃ শুক্লাঃ যস্য সঃ—ত্রিশুক্লঃ।

১৫। **वा प्रियस्व**—প্রিয়শব্দ পূর্ব্ব বসে বিকল্পে। যথা, প্রিয়ঃ পুত্রো যস্য সঃ—প্রিয়পুত্রঃ, অথবা পুত্রপ্রিয়ঃ; প্রিয়ং ভূষণং যস্যাঃ সা—প্রিয়-ভূষণা অথবা ভূষণপ্রিয়া।

১৬। **निष्ठा**—নিষ্ঠা (ক্ত ও ক্তবতু) প্রত্যয়ান্ত পদ পূর্ব্বে বসে। যথা, কৃতং কৃত্যং যেন সঃ—কৃতকৃত্যঃ; পীতম্ উদকং যথা সা—পীতোদকা; জগ্ধং তৃণং যয়া সা—জগ্ধতৃণা গৌঃ।

(ক) **जातिकालसुखादिभ्यःपरा निष्ठा वाच्या**—জাতিবাচক, কালবাচক ও সুখবাচক শব্দের সহিত সমাস হইলে নিষ্ঠাপ্রত্যয়ান্ত শব্দ পরে বসে। যথা, সারঙ্গঃ জগ্ধঃ যয়া সা—সারঙ্গজগ্ধা (one who has eaten peacok); মাসঃ জাতঃ যস্যাঃ সা—মাসজাতা; সুখং জাতং যস্যাঃ সা—সুখজাতা।

(খ) **वाहिताग्न्यादिषु**—আহিতাগ্নি প্রভৃতি শব্দে নিষ্ঠা-প্রত্যয়ান্ত শব্দ বিকল্পে পূর্বে বসে। যথা, আহিতঃ অগ্নিঃ যেন সঃ—আহিতাগ্নিঃ অথবা অগ্ন্যাহিতঃ; (one who kept the fire alight per-petually); পুত্রঃ জাতঃ যস্য সঃ—জাতপুত্রঃ অথবা পুত্রজাতঃ।

১৭। **प्रहरणार्थेभ्यः परे निष्ठासप्तम्यौ**—প্রহরণ (weapon) বাচক শব্দের সহিত সমাসে নিষ্ঠাপ্রত্যয়ান্ত ও সপ্তম্যন্ত পদ পরে বসে। যথা, উদ্যতঃ অসিঃ যেন সঃ—উদ্যতাসিঃ; দণ্ডঃ পাণৌ যস্য সঃ—দণ্ডপাণিঃ।

১৮। **गड्वादेः परा सप्तमी**—গড়ু প্রভৃতি পদের সহিত সমাসে সপ্তম্যন্ত পদ পরে বসে। যথা, গড়ুঃ কণ্ঠে যস্য সঃ—গড়ুকণ্ঠঃ (one

having an excrescence on the throat) ; পদ্মং নাভৌ যস্য সঃ —পদ্মনাভঃ (বিষ্ণুঃ) ; ঊর্ণা নাভৌ যস্য স ঊর্ণনাভঃ (spider).

বহুব্রীহি সমাসে পুংবদ্ভাব

১৯। **স্ত্রিয়াঃ পুংবদ্ভাষিতপুংস্কাদনূঙ্ সমানাধিকরণে স্ত্রিয়ামপূরণী-প্রিয়াদিষু**—বহুব্রীহি সমাসে সমানাধিকরণ স্ত্রীলিঙ্গ শব্দ উত্তরপদ হইলে, ভাষিতপুংস্ক (অর্থাৎ যে স্ত্রীলিঙ্গ শব্দের পুংলিঙ্গ শব্দ আছে, এইরূপ) স্ত্রীলিঙ্গ পদ পুংলিঙ্গ হয়। ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দ ঊঙ্ প্রত্যয়ান্ত, হইলে, অথবা উত্তর পদটি পূরণাবচক কিংবা প্রিয়াদির অন্তর্ভুক্ত হইলে হয় না। যথা, স্থিরা বুদ্ধিঃ যস্য সঃ—স্থিরবুদ্ধিঃ ; রূপবতী ভার্য্যা যস্য সঃ—রূপবদ্ভার্য্যঃ। **ঊঙ্ প্রত্যয়ান্ত**—বামোরূঃ ভার্য্যা যস্য সঃ—বামোরূভার্যঃ। **পূরণবাচক**—কল্যাণী পঞ্চমী যাসাং রাত্রীণাং তাঃ—কল্যাণীপঞ্চমাঃ রাত্রয়ঃ। প্রিয়াদি (১)—শোভনা প্রিয়া যস্য সঃ—শোভনাপ্রিয়ঃ। সুলোচনা কান্তা যস্য সঃ সুলোচনাকান্তঃ।

২০। **ন কোপধায়াঃ**—যে স্ত্রীলিঙ্গ শব্দের উপধাস্থলে তদ্ধিতের কিংবা অক-প্রত্যয়ের ক থাকে, তাহার পুংবদ্ভাব হয় না। যথা, **তদ্ধিত**—রসিকা ভার্য্যা অস্য—রসিকাভার্য্যঃ ; **অক প্রত্যয়**—পাচিকা ভার্য্যা অস্য—পাচিকাভার্য্যঃ। অন্যত্র হয় ; যথা, একা ভার্য্যা অস্য—একভার্য্যঃ।

২১। **ন সংজ্ঞা-পূরণয়োশ্চ**—সংজ্ঞাবচক ও পূরণবাচক স্ত্রীলিঙ্গের পুংবদ্ভাব হয় না। যথা, **সংজ্ঞাবাচক**, দত্তা ভার্য্যাস্য—দত্তাভার্য্যঃ ; গঙ্গা ভার্য্যাস্য—গঙ্গাভার্য্যঃ। **পূরণবাচক**, দ্বিতীয়া ভার্য্যাস্য—দ্বিতীয়াভার্য্যঃ পঞ্চমী ভার্য্যাস্য—পঞ্চমীভার্য্যঃ।

২২। **স্বাঙ্গাচ্চ তঃ। জাতেশ্চ**—জাতিবাচক ও স্বাঙ্গবাচক

---

(১) প্রিয়াদি—প্রিয়া, মনোজ্ঞা, কল্যাণী, সুভগা, দুর্ভগা ভক্তি, স্বসা, কান্তা, সমা, চপলা, দুহিতা, বাণী, অবলা, তনয়া।

স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয় না। যথা, **জাতিবাচক,** ব্রাহ্মণী ভার্য্যাস্য —ব্রাহ্মণীভার্য্যঃ, ক্ষত্রিয়া ভার্য্যাস্য—ক্ষত্রিয়াভার্য্যঃ। **স্বাঙ্গবাচক**— সুকেশী ভার্য্যাস্য—সুকেশীভার্য্যঃ, কৃশাঙ্গী ভার্য্যাস্য—কৃশাঙ্গীভার্য্যঃ।

২৩। **অপ্ পূরণীপ্রমান্যোঃ**—পূরণবাচক ও প্রমাণীশব্দের উত্তর অপ্ হয়। প্ ইৎ, অ থাকে। কল্যাণী পঞ্চমী যাসাং রাত্রীণাং তাঃ— **কল্যাণীপঞ্চমাঃ** রাত্রয়ঃ (a succession of nights of which the fifth is auspicious)। স্ত্রী প্রমাণী যেষাং তে—স্ত্রী-প্রমাণাঃ (having a woman for authority) কুটুম্বিনঃ।

বহুব্রীহি সমাসে সমাসান্ত-বিধান

২৪। **উরঃপ্রভৃতিভ্যঃ কপ্**—উরস্ (১) প্রভৃতি শব্দের উত্তর কপ্ হয়, প্ ইৎ, ক থাকে। ব্যূঢ়মুরোঽস্য—ব্যূঢ়োরস্কঃ (having a broad chest), উপানদ্ভ্যাং সহ বর্ত্তমানঃ—সোপানৎকঃ (with shoes on), ভাবিতঃ পুমাননেন—ভাবিতপুংস্কঃ। ন বিদ্যতে অর্থোঽস্মিন্— নিরর্থকম্, অনর্থকম্ (২)।

২৫। **ইনঃ স্ত্রিয়াম্**—স্ত্রীলিঙ্গে ইন্‌ভাগান্ত শব্দের উত্তর কপ্ হয়। যথা, বহবোঽস্যাং ধনিনঃ—বহুধনিকা নগরী, বহবোঽস্যাং বাগ্মিনঃ— বহুবাগ্মিকা সভা।

২৬। **নদ্যৃতশ্চ**—ঋকারান্ত ও নদীসংজ্ঞক শব্দের উত্তর কপ্ হয়। যথা, **ঋদন্ত**—একপিতৃকঃ, সমাতৃকঃ, মৃতভর্ত্তৃকা। **নদীসংজ্ঞক**— মৃতপত্নীকঃ, বহুকুমারীকঃ, মৃতবধূকঃ।

২৭। **শেষাদ্বিভাষা**—পূর্ব্বোক্ত ভিন্নের উত্তর বিকল্পে কপ্ হয়। যথা, লব্ধযশস্কঃ, লব্ধযশাঃ। সমানবয়স্কঃ, সমানবয়াঃ। মুণ্ডিতশিরস্কঃ, মুণ্ডিতশিরাঃ। অর্জ্জিতধনকঃ, অর্জ্জিতধনঃ।

---

(১) উরস, উপানহ, পুম্স্, দধি, মধু, শালি, সর্পিস্, অনডুহ্, নৌ, নির্ ও নঞ্ পূর্ব্বক। (২) 'অর্থান্নঞঃ'।

২৮। **ঈয়সশ্চ**—ঈয়সুন্প্রত্যয়ান্ত শব্দের উত্তর কপ্ হয় না। যথা, বহবঃ শ্রেয়াংসোঽস্য—বহুশ্রেয়ান্। এইরূপ—বহুপ্রেয়ান্; বহুশ্রেয়সী, বহুপ্রেয়সী।

২৯। **বন্দিতে ভ্রাতুঃ**—প্রশংসা বুঝাইলে, ভ্রাতৃশব্দের উত্তর কপ্ হয় না। যথা, সুভ্রাতা, পণ্ডিতভ্রাতা, সাধুভ্রাতা। অন্যত্র—মূর্খভ্রাতৃকঃ, চোরভ্রাতৃকঃ; (নিন্দা বুঝাইতেছে)।

৩০। **নাড়ীতন্ত্র্যোঃ স্বাঙ্গে**—স্বাঙ্গ বুঝাইলে, নাড়ী ও তন্ত্রী শব্দের উত্তর কপ্ হয় না। যথা, বহুনাড়ীঃ (having many arteries) কায়ঃ, বহুতন্ত্রী গ্রীবা। স্বাঙ্গ না বুঝাইলে, বহুনাড়ীকঃ স্তম্ভঃ (a pillar with many ornamental lines) বহুতন্ত্রীকা (many stringed) বীণা।

৩১। **সুপ্রাতাদয়ঃ**—বহুব্রীহি সমাসে 'সুপ্রাতঃ' প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, শোভনং প্রাতরস্য—সুপ্রাতঃ, শোভনং শ্বোঽস্য—সুশ্বঃ, শোভনং দিব্যাস্য—সুদিবঃ, শারিবিব কুক্ষিরস্য—শারিকুক্ষঃ, চতস্রোঽশ্রয়ঃ অস্য—চতুরশ্রঃ (having four corners).

৩২। **ধনুষোঽনঙ্**—বহুব্রীহি-সমাসে উত্তরপদস্থিত 'ধনুস্' শব্দের উত্তর অনঙ্ হয়। যথা, শার্ঙ্গং ধনুঃ অস্য—শার্ঙ্গধন্বা। ধৃতধন্বা।

৩৩। **বা সংজ্ঞায়াম্**—সংজ্ঞা বুঝাইলে বিকল্পে। যথা, শতধন্বা, শতধনুঃ। পুষ্পধন্বা, পুষ্প নুঃ (Cupid).

৩৪। **নাভেঃ সংজ্ঞায়াম্**—সংজ্ঞা বুঝাইলে 'নাভি' শব্দের উত্তর অপ্ হয়। যথা, ঊর্ণনাভঃ (spider) পদ্মনাভঃ (নারায়ণঃ)।

৩৫। **অন্তর্বহির্ভ্যাং চ লোম্নঃ**—অন্তর্ ও বহিস্ শব্দের পরবর্ত্তী লোমন্ শব্দের উত্তর অপ্ হয়। যথা, অন্তর্লোমানি যস্য—অন্তর্লোমঃ বহির্লোমানি যস্য—বহির্লোমঃ।

৩৬। **বহুব্রীহৌ সক্থ্যক্ষ্ণোঃ স্বাঙ্গাৎ ষচ্**—স্বাঙ্গ বুঝাইলে সক্থি ও অক্ষি শব্দের উত্তর ষচ্ হয়। ষ্ চ্ ইৎ অ থাকে। যথা, দীর্ঘে সক্থিনী অস্য—দীর্ঘসক্থঃ (one having long thighs) পুরুষঃ, বৃত্তে সক্থিনী অস্যাঃ—বৃত্তসক্থী নারী। দীর্ঘে অক্ষিণী অস্মিন্—দীর্ঘাক্ষং বদনম্। বিশালে অক্ষিণী অস্যাঃ—বিশালাক্ষী দেবী। স্বাঙ্গ না বুঝাইলে হয় না। যথা, দীর্ঘসক্থি (having long shafts) শকটম্, স্থূলাক্ষিঃ (having long joints) ইক্ষুদণ্ডঃ।

৩৭। **অঙ্গুলের্দারুণি**—দারু (কাঠ) বুঝাইলে অঙ্গুলি শব্দের উত্তর ষচ্ হয়। যথা, পঞ্চাঙ্গুলং দারু। দারু-ভিন্নস্থলে—পঞ্চাঙ্গুলির্হস্তঃ।

৩৮। **দ্বিত্রিভ্যাং ষো মূর্দ্ধ্নঃ**—দ্বি ও ত্রি শব্দের পরবর্ত্তী মূর্দ্ধন্ শব্দের উত্তর ষচ্ হয়। যথা, দ্বৌ মূর্দ্ধানাবস্য—দ্বিমূর্দ্ধঃ (two headed), ত্রয়ো মূর্দ্ধানোঽস্য—ত্রিমূর্দ্ধঃ (three-headed)। অন্যত্র হয় না। যথা, পঞ্চ মূর্দ্ধানোঽস্য—পঞ্চমূর্দ্ধা।

৩৯। **নিত্যমসিচ প্রজামেধয়োঃ**—নঞ্, দুর্, সু এই তিনের পরবর্ত্তী প্রজা ও মেধা শব্দের উত্তর নিত্য অসিচ (অস্) হয়। যথা, (অপ্রজস্) অপ্রজাঃ (having no progeny), দুষ্প্রজাঃ। 'মন্দ' ও 'অল্প' শব্দের পরবর্ত্তী মেধা শব্দের উত্তর অসিচ্ (অস্) হয়। যথা, দুর্ম্মেধাঃ, সুমেধাঃ, মন্দমেধাঃ, অল্পমেধাঃ।

৪০। **ধর্মাদনিচ্ কেবলাত**—কেবল 'ধর্ম্ম' শব্দের উত্তর অন্ হয়। যথা, সুধর্ম্মা, শুভধর্ম্মা, অর্জ্জিতধর্ম্মা; ধর্ম্ম-শব্দ অন্য শব্দের সহিত মিলিত থাকিলে হয় না। যথা, পরমস্বধর্ম্মঃ।

৪১। **দক্ষিণের্ম্মা লুব্ধযোগে**—ব্যাধসম্বন্ধ বুঝাইলে, দক্ষিণ শব্দের পরবর্ত্তী শব্দের উত্তর অন্ হয়। যথা, দক্ষিণে ঈর্ম্মং (ব্রণং) যস্য—দক্ষিণের্ম্মা (wounded on the right side) মৃগঃ, ব্যাধেন দক্ষিণ-পার্শ্বে কৃতব্রণ ইত্যর্থঃ।

৪২। **অঞ্ নাসিকায়াঃ সংজ্ঞায়াং নসং চাস্থূলাত্**—সংজ্ঞা বুঝাইলে, নাসিকা শব্দের স্থানে নস্ হয়। যথা, দ্রুরিব নাসিকা অস্য—দ্রুণসঃ; বাদ্ধ্রীব নাসিকা অস্য—বাদ্ধ্রীনসঃ, গৌরিব নাসিকাস্য—গোনসঃ। স্থূল শব্দের উত্তর হয় না। স্থূলা নাসিকাস্য—স্থূলনাসিকঃ। সংজ্ঞা না বুঝাইলে হয় না। যথা, তুঙ্গা (উন্নতা) নাসিকা অস্য—তুঙ্গনাসিকঃ পুরুষঃ।

৪৩। **উপসর্গাচ্চ**—উপসর্গের পরবর্ত্তী নাসিকা শব্দের স্থানে নস্ হয়। যথা, প্রণসঃ, উন্নসঃ, অপন্নসঃ। 'বিগ্র' প্রভৃতি নিপাতনে সিদ্ধ।

৪৪। **জায়ায়া নিঙ্**—জায়া শব্দের উত্তর নিঙ্ হয়, জায়া স্থানে 'জানি' হয়। যথা, যুবতির্জায়াস্য—যুবজানিঃ, প্রিয়া জায়াস্য—প্রিয়জানিঃ; সীতাজানিঃ (রামঃ)।

৪৫। **গন্ধস্যেদুত্-পূতি-সু-সুরভিভ্যঃ**—উৎ, পূতি, সু, সুরভি—ইহাদের পরবর্ত্তী গন্ধ শব্দের উত্তর ই হয়। যথা, উদ্‌গন্ধিঃ, সুগন্ধিঃ, পূতিগন্ধিঃ (having a repulsive smell), সুরভিগন্ধিঃ। নিজের গন্ধ না হইলে হয় না। যথা, সুগন্ধঃ পবনঃ।

৪৬। **অল্পাখ্যায়াম্**—অল্পসংযোগে বুঝাইলে গন্ধ শব্দের উত্তর ই হয়। যথা, ঘৃতগন্ধি (ঘৃতলেশযুক্ত), দধিগন্ধি ভোজনম্।

৪৭। **উপমানাচ্চ**—উপমানবাচক পদের পরবর্ত্তী গন্ধ শব্দের উত্তর ই হয়। যথা, পদ্মস্যেব গন্ধোঽস্য (smelling like lotus), পদ্মগন্ধিঃ, করীষগন্ধিঃ।

৪৮। **পাদস্য লোপোঽহস্ত্যদিভ্যঃ**—উপমানবাচক পদের পরবর্ত্তী পদ্-শব্দস্থানে পাদ্ হয়। যথা, ব্যাঘ্রস্যেব পাদাবস্য—ব্যাঘ্রপাৎ। হস্তিন্ (১) প্রভৃতির পরবর্ত্তী হইলে হয় না। যথা, হস্তিন ইব পাদাবস্য—হস্তিপাদঃ।

---

(১) হস্তিন্, কুদ্দাল, অশ্ব, অজ, কপোত, জাল, গণ্ড, গণ্ডোল ইত্যাদি।

৪৯। **संख्या-सुपूर्वस्य**—সংখ্যাবাচক শব্দ ও সু পূর্ব্বে থাকিলে পাদ শব্দ স্থানে পাদ্ হয়। যথা, দ্বিপাৎ, ত্রিপাৎ, চতুষ্পাৎ, সুপাৎ।

৫০। **कुम्भपदीषु च**—স্ত্রীলিঙ্গে কুম্ভ (১) প্রভৃতির পরবর্ত্তী পাদ-শব্দ স্থানে পদ্ হয়। যথা, কুম্ভপদী, একপদী, দ্বিপদী, ত্রিপদী, বিষ্ণুপদী, আর্দ্রপদী।

৫১। **वयसि दन्तस्य दतृ**—বয়স্ বুঝাইলে, সংখ্যাবাচক ও সুপূর্ব্বক দন্ত শব্দ স্থানে দতৃ হয়; ঋ ইৎ দৎ থাকে। দ্বিদন্, চতুর্দন, সুদন্, সুদতী। বয়স্ না বুঝাইলে হয় না। যথা, দ্বিদন্তঃ করী।

৫২। **सुहृद्दुर्हृदौ मित्रामित्रयोः**—মিত্র ও অমিত্র, এই দুই অর্থে যথাক্রমে সুহৃদ্ ও দুর্হৃদ্ এই দুই শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, শোভনং হৃদয়মস্য—সুহৃৎ (friend) মিত্রম্; দুষ্টং হৃদয়মস্য—দুর্হৃৎ (foe) অমিত্রঃ। অন্যত্র—সুহৃদয়ঃ (one who has a good heart), দুর্হৃদয়ঃ (one who has a bad heart).

৫৩। **तुमः काममनसोः**—কাম ও মনস্ শব্দ পরে থাকিলে, তুমুন্ প্রত্যয়ের অন্ত্যবর্ণের ম্-এর লোপ হয়। যথা, গন্তুম্ কামঃ যস্য সঃ =গন্তুকামঃ (willing to go), গন্তুমনাঃ (having a mind to go).

৫৪। **अवश्यमः कृत्ये**—কৃত্য প্রত্যয় পরে থাকিলে 'অবশ্যম্' শব্দের অন্ত্যবর্ণের লোপ হয়। যথা, অবশ্যম্ দেয়ম্—অবশ্যদেয়ম্; অবশ্যভব্যম্, অবশ্য-কর্ত্তব্যম্। অন্যত্র—অবশ্যম্ভাবী ম্-লোপ হয় নাই। "লুম্পেদবশ্যমঃ কৃত্যে তুং কামমনসোরপি।"

---

(১) কুম্ভ, এক, দ্বি, ত্রি, শত; শূল, জাল, গুণ, সূত্র, গোধা, তৃণ, বিষ্ণু, আর্দ্র, কূপ, শুচি ইত্যাদি।

দ্বন্দ্ব-সমাস

১। **চার্থে দ্বন্দ্বঃ**—'চ' (এবং and) এর অর্থে দ্বন্দ্ব সমাস হয়। দ্বন্দ্ব সমাস দুই প্রকার—ইতরেতরযোগ ও সমাহার।

ইতরেতর যোগ দ্বন্দ্ব

পরস্পর যোগ বুঝাইলে 'ইতরেতর দ্বন্দ্ব' সমাস হয়। এই দ্বন্দ্ব সমাসে শেষ পদের যে লিঙ্গ, সমস্ত পদেরও সেই লিঙ্গ হয়। দুইটি একবচনান্ত পদে সমাস হইলে সমস্ত-পদ দ্বিবচনান্ত হয় এবং অন্য সকল স্থলে বহু-বচনান্ত হয়। যথা, হরিশ্চ হরশ্চ—হরিহরৌ; রামশ্চ লক্ষ্মণশ্চ—রাম-লক্ষ্মণৌ; ভীমশ্চ অর্জ্জুনশ্চ—ভীমার্জ্জুনৌ; ধবশ্চ খদিরশ্চ পলাশশ্চ—ধবখদিরপলাশাঃ; কন্দশ্চ মূলঞ্চ ফলঞ্চ—কন্দমূলফলানি; শব্দশ্চ স্পর্শশ্চ রূপঞ্চ রসশ্চ গন্ধশ্চ—শব্দস্পর্শরূপরসগন্ধাঃ। 'হরিহরৌ' এস্থলে হরি, হর-এর পরস্পর যোগ বুঝাইতেছে; 'ধবখদিরপলাশাঃ' এস্থলে, ধব, খদির ও পলাশ-এর পরস্পর যোগ বুঝাইতেছে। এইরূপ সর্বত্র।

দ্বন্দ্ব-সমাসে পূর্ব্বনিপাত ও পরনিপাত

২। **দ্বন্দ্বে ঘি**—ঘি-সংজ্ঞক (সখি-ভিন্ন ইকারান্ত ও উকারান্ত) শব্দ পূর্বে বসে। যথা, হরিশ্চ হরশ্চ হরিহরৌ; হরিশ্চ হরশ্চ গুরুশ্চ হরিহরগুরবঃ; বিষ্ণুশ্চ হরশ্চ বিষ্ণুহরৌ; মৃদুশ্চ দৃঢ়শ্চ মৃদুদৃঢ়ৌ।

৩। **অজাদ্যন্তম্**—যে সকল পদের আদিতে স্বরবর্ণ এবং অন্তে অকার আছে, তাহারা পূর্বে বসে। যথা, ঈশশ্চ কৃষ্ণশ্চ ঈশকৃষ্ণৌ; ইন্দ্রশ্চ বহ্নিশ্চ ইন্দ্রবহ্নী। **বহুষ্বনিয়মঃ**—অনেক পদ হইলে কোন নিয়মের প্রয়োজন নাই। যথা, অশ্বরথেন্দ্রাঃ, ইন্দ্রাশ্বরথাঃ, অথবা অশ্বেন্দ্ররথাঃ।

৪। **অল্পাচতরম্**—দ্বন্দ্ব সমাসে অপেক্ষাকৃত অল্পস্বর বিশিষ্ট পদ পূর্ব্বে বসে। যথা, শিবশ্চ কেশবশ্চ—শিবকেশবৌ।

৫। **ঋতু-নক্ষত্রাণাং সমাক্ষরাণামানুপূর্ব্ব্যেণ**—সমান অক্ষর বিশিষ্ট ঋতু ও নক্ষত্রবাচক শব্দের মধ্যে যেটি ক্রম হিসাবে পূর্ব্ববর্ত্তী তাহা পূর্ব্বে বসে। যথা, হেমন্ত-শিশির-বসন্তাঃ; বসন্তনিদাঘৌ, শিশিরবসন্তৌ; অশ্বিনী-ভরণ্যৌ; কৃত্তিকা-রোহিণ্যৌ। সমানক্ষর না হইলে অল্পস্বর বিশিষ্ট পদ পূর্ব্বে বসে। যথা, গ্রীষ্ম-বসন্তৌ।

৬। **লঘ্বক্ষরং পূর্ব্বম্**—লঘুবর্ণ বিশিষ্ট পদ পূর্ব্বে বসে। যথা, কুশকাশম্।

৭। **অভ্যর্হিতঞ্চ**—অধিকতর পূজার্হ ব্যক্তি পূর্ব্বে বসে। যথা, তাপস-পর্ব্বতৌ; দেবযক্ষৌ; বাসুদেবার্জ্জুনৌ; মাতাপিতরৌ।

৮। **বর্ণানামানুপূর্ব্ব্যেণ**—ব্রাহ্মনাদিবর্ণবাচক পদের মধ্যে উচ্চতর বর্ণের নাম পূর্ব্বে বসে। যথা, ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যশূদ্রাঃ; ব্রাহ্মণক্ষত্রিয়াঃ; ক্ষত্রিয়বৈশ্যাঃ।

৯। **ভ্রাতুর্জ্যায়সঃ**—জ্যেষ্ঠভ্রাতার নাম পূর্ব্বে বসে। যথা, যুধিষ্ঠিরার্জ্জুনৌ; বলদেবকৃষ্ণৌ; রামলক্ষ্মণৌ; ধৃতরাষ্ট্রপাণ্ডু।

সমাহার-দ্বন্দ্ব

দুই বা বহু পদার্থের সমষ্টি বুঝাইলে 'সমাহার দ্বন্দ্ব' সমাস হয়। ইহার স্থানসমূহ নির্দিষ্ট। যে স্থলে সমাহার দ্বন্দ্বের বিষয় থাকে না, সেই স্থলেই ইতরেতরযোগ দ্বন্দ্ব হইয়া থাকে। সমাহার-দ্বন্দ্ব হইলে সমস্ত পদটি সকল স্থলেই ক্লীবলিঙ্গ ও একবচনান্ত হয়। সমাহারদ্বন্দ্বের স্থান, যথা :—

১০। **দ্বন্দ্বশ্চ প্রাণিতূর্য্যসেনাঙ্গানাম্**—দ্বন্দ্ব সমাসে প্রাণ্যঙ্গ, তূর্য্যঙ্গ ও সেনাঙ্গবাচক পদের সমাহার হয়। যথা, **প্রাণ্যঙ্গ**—পাণী চ পাদৌ চ পাণিপাদম্; করৌ চ চরণৌ চ—করচরণম্; দন্তাশ্চ ওষ্ঠৌ চ

দন্তৌষ্ঠম্ ; কর্ণৌ চ নাসিকা চ—কর্ণনাসিকম্ ; ভ্রুবৌ চ ললাটশ্চ—ভ্রূ-ললাটম্; পৃষ্ঠঞ্চ উদরঞ্চ—পৃষ্ঠোদরম্। **তুর্য্যাঙ্গ**—পণবশ্চ মৃদঙ্গশ্চ—পণব-মৃদঙ্গম্ ; শঙ্খশ্চ দুন্দুভিশ্চ—শঙ্খদুন্দুভি ; ভেরি চ পটহশ্চ—ভেরিপটহম্ ; ঋষভশ্চ গান্ধারশ্চ—ঋষভগান্ধারম্ ; ধৈবতশ্চ পঞ্চমশ্চ—ধৈবতপঞ্চমম্ ; ষড়্জশ্চ মধ্যমশ্চ—ষড়্জমধ্যমম্। **সেনাঙ্গ**—রথিকাশ্চ অশ্বারোহাশ্চ—রথিকাশ্বারোহম্ ; শাক্তীকাশ্চ যাষ্টীকাশ্চ—শাক্তীকযাষ্টীকম্ ; পরশবশ্চ করবালাশ্চ পরশুকরবালম্ ; ধনূংষি চ শরাশ্চ—ধনুঃশরম্ ; শরাশ্চ তূণীরাশ্চ শরতূণীরম্ (১)।

১১। **বিশিষ্টলিঙ্গো নদীদেশোঽগ্রামাঃ**—লিঙ্গের ভেদ থাকিলে নদীবাচক ও দেশবাচক পদের সমাহার হয়। যথা, গঙ্গা চ শোণশ্চ—গঙ্গাশোণম্ ; ব্রহ্মপুত্রশ্চ চন্দ্রভাগা চ—ব্রহ্মপুত্রচন্দ্রভাগম্। লিঙ্গভেদ না থাকিলে হয় না। যথা, গঙ্গা চ যমুনা চ—গঙ্গাযমুনে ; সরস্বতী চ দৃষদ্বতী চ সরস্বতীদৃষদ্বত্যৌ। দেশবাচক—যথা, কুরবশ্চ কুরুক্ষেত্রঞ্চ—কুরু-কুরুক্ষেত্রম্ ; কুরবশ্চ জাঙ্গলঞ্চ—কুরুজাঙ্গলম্ ; মথুরা চ পাটলিপুত্রশ্চ—মথুরাপাটলিপুত্রম্। লিঙ্গভেদ না থাকিলে হয় না। যথা, মদ্রাশ্চ কেকয়াশ্চ—মদ্রকেকয়াঃ ; বিদেহাশ্চ কলিঙ্গাশ্চ—বিদেহকলিঙ্গাঃ। গ্রাম্য-বাচক পদের সমাহার হয় না। যথা—জাম্ববশ্চ শালুকিনী চ—জাম্বব-শালুকিন্যৌ।

১২। **ক্ষুদ্রজন্তবঃ**—বহুবচনে ক্ষুদ্রজন্তুবাচক পদের সমাহার হয়। যথা, দংশাশ্চ মূষিকাশ্চ—দংশমূষিকম্, যুকাশ্চ মক্ষিকাশ্চ—যুক-মক্ষিকম্, মৎকুণাশ্চ পিপীলিকাশ্চ—মৎকুণপিপীলিকম্।

১৩। **যেষাঞ্চ বিরোধঃ শাশ্বতিকঃ**—যে সকল জন্তু পরস্পর নিত্যবিরোধী, বহুবচনে তদ্বাচক পদের নিত্যসমাহার হয়। যথা, অহয়শ্চ

(১) সেনাঙ্গবাচক পদে কেবল বহুবচনে সমাহার হয়, অন্য বচনে হয় না। যথা, শরশ্চ তূণীরশ্চ—শরতূণীরৌ, শক্তিশ্চ পরশুশ্চ করবালশ্চ—শক্তিপরশুকরবালাঃ।

নকুলাশ্চ—অহিনকুলম্; কাকাশ্চ উলূকাশ্চ (পেঁচা)—কাকোলূকম্; মার্জারশ্চ মূষিকাশ্চ—মার্জারমূষিকম্।

১৪। **শূদ্রাণামনিরবসিতানাম্**—শূদ্রবাচক পদের নিত্য সমাহার হয়। যথা, গোপাশ্চ নাপিতাশ্চ—গোপনাপিতম্; কর্ম্মকারাশ্চ কুম্ভকারাশ্চ—কর্ম্মকুম্ভকারম্; তাম্বুলিকাশ্চ তন্তুবায়াশ্চ—তাম্বুলিক-তন্তুবায়ম্। নিরবসিত (১) শূদ্রের হয় না। যথা, চণ্ডালাশ্চ মৃতপাশ্চ—চণ্ডালমৃতপাঃ।

১৫। **গবাশ্বপ্রভৃতীনি চ**—গবাশ্ব প্রভৃতির (২) নিত্য সমাহার হয়। যথা, গাবশ্চ অশ্বাশ্চ—গবাশ্বম্; অজাশ্চ অবিকাশ্চ—অজাবিকম্; পুত্রাশ্চ পৌত্রাশ্চ—পুত্রপৌত্রম্।

১৬। **বিভাষা বৃক্ষ-মৃগ-তৃণ-ধান্য-ব্যঞ্জন-পশুশকুন্যশ্ববড়ব-পূর্ব্বাপরাধরোত্তরাণাম্**—বহুবচনে বৃক্ষবাচক, মৃগবাচক, তৃণবাচক, ধান্যবাচক, ব্যঞ্জনবাচক, পশুবাচক এবং পক্ষিবাচক পদের বিকল্পে সমাহার হয়। যথা, **বৃক্ষবাচক**—অশ্বত্থাশ্চ ন্যগ্রোধাশ্চ—অশ্বত্থন্যগ্রোধম্, অশ্বত্থ-ন্যগ্রোধাঃ। **মৃগবাচক**—রুরবশ্চ পৃষতাশ্চ—রুরুপৃষতম্, রুরুপৃষতাঃ। **তৃণবাচক**—কুশাশ্চ কাশাশ্চ—কুশকাশম্, কুশকাশাঃ। **ধান্যবাচক**—তিলাশ্চ মাষাশ্চ—তিলমাষম্, তিলমাষাঃ; ব্রীহয়শ্চ যবাশ্চ—ব্রীহিযবম্, ব্রীহিযবাঃ; মুদ্গাশ্চ মাষাশ্চ—মুদ্গমাষম্ মুদ্গমাষাঃ। **ব্যঞ্জনবাচক**—দধি চ ঘৃতঞ্চ—দধিঘৃতম্, দধিঘৃতে। **পশুবাচক**—গাবশ্চ মহিষাশ্চ—গোমহিষম্, গোমহিষাঃ; গোমায়বশ্চ গর্দভাঞ্চ—গোমায়ুগর্দভম্, গোমায়ুগর্দভাঃ; **পক্ষিবাচক**—হংসাশ্চ চক্রবাকাশ্চ—হংসচক্রবাকম্, হংসচক্রবাকাঃ; হংসাশ্চ সারসাশ্চ—হংসসারসম্, হংসসারসাঃ; কোকিলাশ্চ ময়ূরাশ্চ—কোকিলময়ূরম্, কোকিলময়ূরাঃ; শুকাশ্চ বকাশ্চ—শুকবকম্,

---

(১) যৈর্ভুক্তে পাত্রং সংস্কারেণাপি ন শুধ্যতি তে নিরবসিতাঃ।

(২) গবাশ্বম্, অজাবিকম্, অজৈড়কম্, কুব্জবামনম্, কুব্জকিরাতম্।

শুকবকাঃ। **ফলবাচক**—বদরাণি চ আমলকানি চ—বদরামলকম্, বদরামলকানি ; খর্জ্জুরাণি চ নারিকেলানি চ—খর্জ্জুরনারিকেলম্, খর্জ্জুর-নারিকেলানি। অশ্ববড়ব প্রভৃতি তিনটী পদেরও বিকল্পে সমাহার হয়। যথা, অশ্বশ্চ বড়বা চ—অশ্ববড়বম্, অশ্ববড়বৌ ; পূর্ব্বং চ অপরং চ—পূর্ব্বাপরম্, পূর্ব্বাপরে ; অধরং চ উত্তরং চ—অধরোত্তরম্, অধরোত্তরে।

১৭। **বিপ্রতিষিদ্ধং চানধিকরণবাচি**—পরস্পর বিরুদ্ধ পদার্থের বিকল্পে সমাহার হয়। যথা, শীতঞ্চ উষ্ণঞ্চ—শীতোষ্ণম্, শীতোষ্ণে ; সুখং চ দুঃখং চ—সুখদুঃখম্ সুখদুঃখে ; জন্ম চ মরণং চ—জন্মমরণম্, জন্মমরণে ; আলোকশ্চ অন্ধকারশ্চ—আলোকান্ধকারম্, আলোকান্ধ-কারৌ। বিশেষণ হইলে হয় না। যথা, শীতোষ্ণে পয়সী।

১৮। **নৈকং দধিপয় আদীনাম্**—দধিপয়স্ প্রভৃতির সমাহার হয় না। যথা, দধিপয়সী ; সর্পির্মধুনী ; শুক্লকৃষ্ণে ; দীক্ষাতপসী ; উদূখলমুষলে ; ঋক্-সামে, বাঙ্মনসে।

১৯। **ফল-সেনা-বনস্পতি-মৃগ-শকুনি-ক্ষুদ্রজন্তু-ধান্য-তৃণানাং বহু-প্রকৃতিরেব**—ফলবাচক, সেনাঙ্গবাচক, বৃক্ষবাচক, পশুবাচক, পক্ষিবাচক, ক্ষুদ্রজন্তুবাচক, ধান্যবাচক এবং তৃণবাচক পদের বহুবচনান্ত স্থলেই সমাহার হয়। ইহাদের উদাহরণ পূর্ব্বসূত্রসমূহে প্রদর্শিত হইয়াছে।

সমাসান্ত-বিধান

২০। **দ্বন্দ্বাচ্চু-দ-ষ-হান্তাৎ সমাহারে**—সমাহার দ্বন্দ্বে চ্-বর্গান্ত, দ্কারান্ত, ষ্কারান্ত, ও হ্কারান্ত শব্দের উত্তর টচ্ হয়। যথা, বাক্ চ-ত্বক্ চ—বাক্ত্বচম্ ; এইরূপ—শ্রীস্রজম্, শমীদৃষদম্, সম্পদ্বিপদম্, বাক্ত্বিষম্, বাগ্বিপ্রুষম্, ছত্রোপানহম্, ধেনুগোদোহম্। সমাহার না হইলে হয় না। যথা, শ্রীস্রজৌ, প্রাবৃট্শরদৌ।

দ্বন্দ্বসমাসে বিশেষ বিধান

২১। **আনঙৃতো দ্বন্দ্বে**—বিদ্যাসম্বন্ধ ও গোত্র-সম্বন্ধ থাকিলে এবং ঋকারান্ত শব্দ পরবর্ত্তী হইলে পূর্ব্ববর্ত্তী ঋকারান্ত শব্দের ঋ-স্থানে আনঙ্‌ হয়; আনঙ্‌ এর আ থাকে। যথা, **বিদ্যাসম্বন্ধে**, হোতা চ পোতা চ—হোতাপোতারৌ, নেষ্টা চ উদ্‌গাতা চ—নেষ্টোদ্গাতারৌ; **গোত্রসম্বন্ধে**, পিতা চ মাতা চ—মাতাপিতরৌ, যাতা চ ননান্দা চ—যাতাননান্দরৌ (জা ও ননদ)।

২২। **পুত্র ঽন্যতরস্যাম্**—পুত্র শব্দ পরে থাকিলে ঋদন্ত শব্দের উত্তর আ হয়। যথা, পিতা চ পুত্রশ্চ—পিতাপুত্রৌ, মাতা চ পুত্রশ্চ—মাতাপুত্রৌ।

২৩। **দেবতাদ্বন্দ্বে চ**—দেবতাবাচক পদের দ্বন্দ্ব হইলে পূর্ব্বপদের উত্তর আ হয়। যথা, ইন্দ্রশ্চ, বরুণশ্চ, ইন্দ্রাবরুণৌ, মিত্রশ্চ বরুণশ্চ মিত্রাবরুণৌ, সূর্যশ্চ চন্দ্রমাশ্চ সূর্য্যাচন্দ্রমসৌ। কিন্তু—ব্রহ্মা চ প্রজাপতিশ্চ—ব্রহ্মপ্রজাপতী, অগ্নিশ্চ বাশ্চ—অগ্নিবায়ূ, বায়ুশ্চ অগ্নিশ্চ—বায়্বগ্নী।

২৪। **ঈদগ্নেঃ সোমবরুণয়োঃ**—সোম ও বরুণ শব্দ পরে থাকিলে, অগ্নি শব্দের উত্তর ঈৎ হয়, ত্‌ ইৎ ঈ থাকে। যথা, অগ্নিশ্চ সোমশ্চ—অগ্নীষোমৌ, অগ্নিশ্চ বরুণশ্চ—অগ্নীবরুণৌ।

২৫। **দিবো দ্যাবা**—দ্বন্দ্ব সমাস পূর্ব্ববর্ত্তী দিব্‌ শব্দস্থানে দ্যাবা হয়। যথা, দ্যৌশ্চ ভূমিশ্চ—দ্যাবাভূমী, দ্যৌশ্চ ক্ষমা চ—দ্যাবাক্ষমে (heaven and earth).

২৬। **দিবসশ্চ পৃথিব্যাম্**—পৃথিবী শব্দ পরে থাকিলে দিব স্থানে

দ্যাবা ও দিবস্ হয়। যথা, দ্যৌশ্চ পৃথিবী চ—দ্যাবাপৃথিব্যৌ, দিবস্পৃথিব্যৌ (heaven and earth).

২৭। **मातरपितरावुदीचाम्**—নিপাতনে সিদ্ধ হয়। যথা, পিতাচ মাতা চ—মাতরপিতরৌ।

২৮। **जायाशब्दस्य जम्भावो दम्भावश्च**—জায়া ও পতি শব্দের সমাস হইলে, বিকল্পে দম্পতীও জম্পতী হয়। যথা, জায়া চ পতিশ্চ—জায়াপতী, দম্পতী, জম্পতী (husband and wife)।

২৯। **नित्यं स्त्रीपुंसादयः**—(১) দ্বন্দ্ব সমাস হইলে, স্ত্রীপুংসৌ (২) প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, স্ত্রী চ পুমাংশ্চ—স্ত্রীপুংসৌ, বাক্ চ মনশ্চ—বাঙ্মনসে (speech and mind), নক্তশ্চ দিবা চ—নক্তন্দিবম্; রাত্রৌ চ দিবা চ—রাত্রিন্দিবম্, অহনি চ দিবা চ অহর্দিবম্; অহশ্চ রাত্রিশ্চ—অহোরাত্রঃ (day and night).

একশেষ প্রকরণ

একশেষ পঞ্চবৃত্তির অন্যতম একটি পৃথক বৃত্তি, ইহা সমাসের প্রথমেই কথিত হইয়াছে। সমাসে দুই বা বহুপদ মিলিত হইয়া একপদে পরিণত হয়; কিন্তু একশেষে দুই বা বহুপদের অস্তিত্বই থাকে না, মাত্র একটি পদ অবশিষ্ট থাকে। একশেষ সমাস নহে, এইজন্য একশেষেব উত্তর সমাসান্ত বিধান হয় না। যথা, পন্থাশ্চ পন্থাশ্চ—পন্থানৌ হয়, কিন্তু 'ঋক্পুরব্ধূঃপথামানক্ষে' এই সূত্র অনুসারে অ হইয়া পথৌ হইল না। একজাতীয় বলিয়া সাদৃশ্য থাকায় দ্বন্দ্বসমাসের পরে ইহা স্থাপিত হয়।

---

(১) "অচতুরবিচতুরসুচতুর" ইত্যাদি। (২) স্ত্রীপুংসৌ, ধেন্বনডুহৌ, ঋক্সামে, বাঙ্মনসে, অক্ষিভ্রুবম্, দারগবম্, উর্ব্বষ্ঠীবম্, পদষ্ঠীবম্ নক্তন্দিবম্, অহর্দিবম্, ঋগ যজুষম্, অহোরাত্রঃ, রাত্রিন্দিবম্, সরজসম্, নিঃশ্রেয়সম্, পুরুষায়ুষম্, জাতোক্ষঃ, মহোক্ষঃ, বৃদ্ধোক্ষঃ, উপশুনম্, গোষ্ঠাশ্বঃ, অচতুরঃ, বিচতুরঃ, সুচতুরঃ।

২০। **সরূপাণামেকশেষ একবিভক্তৌ**—এক বিভক্তি হইলে সমানাকার অনেক পদের একমাত্র অবশিষ্ট থাকে। দ্বি-পদের একশেষ হইলে অবশিষ্ট পদ দ্বিবচনান্ত, বহুপদের একশেষ হইলে অবশিষ্ট পদ বহুবচনান্ত হয়। যথা, তরুশ্চ তরুশ্চ—তরূ ; তরুশ্চ তরুশ্চ তরুশ্চ—তরবঃ ; ফলঞ্চ ফলঞ্চ—ফলে ; ফলঞ্চ ফলঞ্চ ফলঞ্চ—ফলানি।

২১। **পুমান্ স্ত্রিয়া**—সমানাকার স্ত্রীবাচক পদের সহিত সমাস হইলে পুরুষবাচক পদ অবশিষ্ট থাকে। যথা, ব্রাহ্মণশ্চ ব্রাহ্মণী চ ব্রাহ্মণৌ ; কুক্কুটশ্চ কুক্কুটী চ—কুক্কুটৌ; হংসী চ হংসশ্চ—হংসৌ। স্ত্রীলিঙ্গ-নিমিত্তক আপ্, ঈপ্, প্রভৃতি ব্যতিরিক্ত অন্যান্য অংশে সমানকার হওয়া আবশ্যক। শব্দের স্বরূপগত বৈলক্ষণ্য থাকিলে হয় না। যথা, হংসশ্চ সারসী চ—হংসসারস্যৌ।

২২। **ন ব্যক্তিসংজ্ঞানাম্**—ব্যক্তি বিশেষের সংজ্ঞাবাচক পদের একশেষ হয় না। যথা ইন্দ্রশ্চ ইন্দ্রাণী চ—ইন্দ্রেন্দ্রাণ্যৌ, ভবশ্চ ভবানী চ—ভবভবান্যৌ।

২৩। **ভ্রাতৃ-পুত্রৌ স্বসৃ-দুহিতৃভ্যাম্**—স্বসৃ-শব্দের সহিত ভ্রাতৃ-শব্দের ও দুহিতৃ শব্দের সহিত পুত্র শব্দের একশেষ হইলে, ভ্রাতৃ ও পুত্র শব্দ অবশিষ্ট থাকে। যথা, ভ্রাতা চ স্বসা চ—ভ্রাতরৌ, পুত্রশ্চ দুহিতা চ—পুত্রৌ।

২৪। **বিভাষা পিতা মাত্রা**—মাতৃ শব্দের সহিত একশেষ হইলে পিতৃ-শব্দ বিকল্পে অবশিষ্ট থাকে। যথা, পিতা চ মাতা চ—পিতরৌ, (parents), মাতাপিতরৌ।

২৫। **শ্বশুরঃ শ্বশ্রা**—শ্বশ্রূ শব্দের সহিত একশেষ হইলে শ্বশুর-শব্দ বিকল্পে অবশিষ্ট থাকে। যথা, শ্বশ্রূশ্চ শ্বশুরশ্চ—শ্বশুরৌ, শ্বশ্রূশ্বশুরৌ।

২৬। **নপুংসকমনপুংসকেনৈকবচনমন্যতরস্যাম্**—নপুংসক (ক্লীবলিঙ্গ) ভিন্ন শব্দের সহিত নপুংসক শব্দের সমাস হইলে, নপুংসক শব্দ অবশিষ্ট থাকে, তখন বিকল্পে একবচন হয়। যথা, শুক্লশ্চ শুক্লা চ শুক্লঞ্চ—শুক্লম্, শুক্লানি। নপুংসক শব্দের সহিত হইলে একবচন হয় না ; যথা, শুক্লঞ্চ শুক্লঞ্চ শুক্লঞ্চ—শুক্লানি।

নিত্য-সমাস

১। **अविग्रहो नित्यसमासः अस्वपदविग्रहो वा**—যে সমাসের মোটেই ব্যাসবাক্য হয় না, অথবা কোনরূপে হইলেও স্বঘটক পদে হয় না, তাহাকে **নিত্যসমাস** বলে। অতএব নিত্যসমাস দুই প্রকার—অবিগ্রহ এবং অস্বপদ বিগ্রহ। **অবিগ্রহ** (যাহার ব্যাসবাক্য হয় না), যথা, কৃষ্ণসর্পঃ (অতি বিষাক্ত কেউটে সাপ cobra)। নিত্যসমাসবদ্ধ কৃষ্ণসর্প শব্দের অর্থ কালো রং এর সাপ নহে, এইজন্যই 'কৃষ্ণঃ সর্পঃ' (a black snake) এইরূপ ব্যাসবাক্য হইতে পারে না। অস্বপদবিগ্রহ (যাহার নিজের পদে বাক্য হয় না), যথা অন্যঃ গ্রামঃ—গ্রামান্তরম্ (অন্যগ্রাম), জলম্ এব জলমাত্রম্ (কেবল জল)। এই সমস্ত স্থলে সমস্ত পদে যে সকল পদ আছে, ঐ সকল পদ যোগে ইহাদের ব্যাসবাক্য হয় নাই। সমাসঘটিত পদে ব্যাসবাক্য না হওয়ায় ইহাকে অস্বপদবিগ্রহ নিত্যসমাস বলে।

২। **अर्थेन नित्यसमासो विशेष्यलिङ्गता च वक्तव्यम्**—প্রয়োজনবাচী 'অর্থ' শব্দের সহিত চতুর্থ্যন্ত পদের সমাস হয়; এবং সমস্ত-পদটি বিশেষ্যের লিঙ্গ প্রাপ্ত হয়। যথা, দ্বিজায় অয়ম্ দ্বিজার্থঃ (সূপঃ), দ্বিজায় ইয়ং দ্বিজার্থা (যবাগূঃ), দ্বিজায় ইদং দ্বিজার্থং (পয়ঃ)। বাক্যে অর্থ শব্দের ব্যবহার নাই, অথচ দ্বিজ ও অর্থ এই দুই শব্দে সমাস হইয়াছে। অতএব ইহা অস্বপদবিগ্রহ নিত্যসমাস।

নিত্যসমাস বলিয়া কোন পৃথক্ সমাস নাই। যে কোন সমাসের উদাহরণ অবিগ্রহ বা অস্বপদবিগ্রহ হইলে, উহা নিত্যসমাস নাম প্রাপ্ত হয়। যথা, চতুর্থী তৎপুরুষ (দ্বিজার্থ), কর্ম্মধারয় (কিংরাজা, a bad king)। এস্থলে কঃ রাজা এইরূপ বাক্য করিলে অভিলষিত নিন্দার্থ পাওয়া যায় না, এইজন্য 'কুৎসিতঃ রাজা' এইরূপ যথাকথঞ্চিৎ বাক্য প্রদর্শন করা হয়। অতএব উহা অস্বপদবিগ্রহ নিত্যসমাস।

সহস্সুপা বা সুপ্সুপা-সমাস

সংস্কৃত ভাষায় এরূপ কতকগুলি সমস্ত-পদ ব্যবহৃত হয়, যাহা পূর্ব্বোক্ত কোন সমাসের নিয়মেরই অন্তর্ভুক্ত হয় না। এইরূপ সমাসকে **সহস্সুপা বা সুপ্সুপা সমাস** বলে।

১। **সহ সুপা**—সাপেক্ষ সঙ্গতার্থ সুবন্ত পদের সহিত অন্য সুবন্ত পদের সমাস হয়। যে স্থলে সমাসের অন্য কোন সূত্র দ্বারা সমাস সিদ্ধ হয় না, তখন এই সূত্র দ্বারা সমাস হয়। এইজন্য এই সমাসকে সহস্সুপা বা সুপ্সুপা সমাস বলে। যথা, পূর্ব্বং ভূতঃ ভূতপূর্ব্বঃ, (পাণিনি "ভূতপূর্ব্বে চরট্" বলিয়া একটি সূত্রে 'পূর্ব্ব' শব্দের পরনিপাত নির্দ্দেশ করিয়াছেন ; তাই পূর্বভূত না হইয়া ভূতপূর্ব হইল] ; বিস্পষ্টং পটুঃ বিস্পষ্টপটুঃ ; যথাসাধ্যং কর্ত্তব্যম্ যথাসাধ্যংকর্ত্তব্যম্।

অলুক্-সমাস

১। **অলুগুত্তরপদে**—সমাস হইলে কোনও কোনও স্থলে উত্তর পদ পরে থাকিলে পূর্ব্বপদের বিভক্তির লোপ হয় না। এইরূপ সমাসকে **অলুক্-সমাস** বলে। অলুক-সমাস বলিয়া কোন সমাস নাই। তৎপুরুষাদি যে কোন সমাসে পূর্ব্বপদের বিভক্তির লোপ না হইলে তখন তাহা অলুক-সমাস নামে অভিহিত হইয়া থাকে। এইজন্য অন্যান্য সমাসের উদাহরণই অলুক্ সমাসের উদাহরণ,

২। **পঞ্চম্যাঃ স্তোকাদিভ্যঃ**—স্তোকার্থ, অন্তিকার্থ, দূরার্থ ও কৃচ্ছ্র শব্দের পরবর্ত্তী পঞ্চমী বিভক্তির লোপ হয় না। যথা, স্তোকান্মুক্তঃ, অল্পান্মুক্তঃ, অন্তিকাদাগতঃ, সমীপাদাগতঃ, দূরাদাগতঃ, বিপ্রকৃষ্টাদাগতঃ, কৃচ্ছ্রান্মুক্তঃ।

৩। **ওজঃসহোঽম্ভস্তমসস্তৃতীয়ায়াঃ**—ওজস্, সহস্, অম্ভস্ ও তমস্ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা, ওজসাকৃতম্ (forcibly done), সহসাকৃতম্, অম্ভসাকৃতম্, তমসাবৃতম্।

৪। **পুংসানুজো জনুষান্ধ ইতি চ**—অনুজ শব্দ পরে থাকিলে পুম্স্ পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা, পুংসানুজঃ (having an elder brother) ; এইরূপ অন্ধ শব্দ পরে থাকিলে, জনুস্ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। জনুষান্ধঃ (blind from birth).

৫। **আত্মনশ্চ**—পূরণবাচক-শব্দ পরে থাকিলে, আত্মন্ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ না। যথা, আত্মনাপঞ্চমঃ, আত্মনা-দশমঃ (himself and nine others).

৬। **বৈয়াকরণাখ্যায়াং চতুর্থ্যাঃ**—ব্যাকরণের সংজ্ঞা বুঝাইলে, আত্মন্-শব্দের পরবর্ত্তী চতুর্থী বিভক্তির লোপ হয় না। যথা, আত্মনে-পদম্, আত্মনেভাষা।

৭। **পরস্য চ**—পর শব্দের উত্তরও হয় না। যথা, পরস্মৈপদম্, পরস্মৈভাষা।

৮। **হলদন্তাৎ সপ্তম্যাঃ সংজ্ঞায়াম্**—সংজ্ঞা বুঝাইলে, ব্যঞ্জন-বর্ণান্ত ও অকারান্ত শব্দের পরবর্ত্তী সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা যুধিষ্ঠিরঃ, ত্বচিসারঃ (one whose strength is in the skin e.g., bamboo). অরণ্যেতিলকাঃ, বনেকিংশুকাঃ, কূপেপিশাচকাঃ।

৯। **গবিযুধিভ্যাং স্থিরঃ**—গবি ও যুধি শব্দের পর স্থির থাকিলে স স্থানে ষ হয় এবং সপ্তমীর লোপ হয় না। যথা, গবিষ্ঠিরঃ, যুধিষ্ঠিরঃ।

১০। **হৃদ্দিভ্যাং চ**—হৃদ্ ও দিব্ শব্দের সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা, হৃদিস্পৃক্, দিবিস্পৃক্।

১১। **अमूर्द्धमस्तकात् स्वाङ्गादकामे**—স্বাঙ্গবাচকশব্দের পরবর্ত্তী সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা, কণ্ঠেকালঃ (dark in the throat), উরসিলোমা (having hairy chest), শিরসিশিখঃ। কাম-শব্দ পরে থাকিলে হয়। যথা, মুখকামঃ।

১২। **बन्धे च विभाषा**—বন্ধ-শব্দ পরে থাকিলে, বিকল্পে। যথা, হস্তেবন্ধঃ, হস্তবন্ধঃ, পদেবন্ধঃ, পদবন্ধঃ।

১৩। **तत्पुरुषे कृति बहुलम्**—তৎপুরুষ-সমাসে কৃৎ-প্রত্যয় নিষ্পন্ন পদ পরে থাকিলে, সপ্তমী বিভক্তির লোপের স্থির নিয়ম নাই; অর্থাৎ, কোনও কোনও স্থলে হয়, কোনও কোনও স্থলে হয় না, কোনও কোনও স্থলে বিকল্পে হয়। যথা, **অলুক্**—অন্তেবাসী (শিষ্য), স্তম্বেরমঃ (হাতী), কর্ণেজপঃ (কাণে কুমন্ত্রণা যে দেয়); পঙ্কেরুহঃ, মনসিশয়ঃ, প্রাবৃষিজঃ, শরদিজঃ। **লুক্**—কুরুচরঃ. স্থণ্ডিলশায়ী, কূটস্থঃ; গৃহস্থঃ। **বিকল্পে**—সরসিজম্, সরোজম্, মনসিজঃ, মনোজঃ গ্রামেবাসঃ, গ্রামবাসঃ, গ্রামেবাসী, গ্রামবাসী।

১৪। **षष्ठ्या आक्रोशे**—ভর্ৎসনা (abuse) বুঝাইলে, ষষ্ঠী বিভক্তির লুক্ হয় না। যথা, চৌরস্যকুলম্, দাসস্যতনয়ঃ। **पुत्र ऽन्यतरस्याम्**—ভর্ৎসনা বুঝাইলে ও পুত্র-শব্দ পরে থাকিলে, ষষ্ঠী বিভক্তির বিকল্পে লোপ হয় না। যথা, দাস্যাঃ পুত্রঃ, (নিন্দা অর্থে), দাসীপুত্রঃ; বৃষল্যাঃ পুত্রঃ, বৃষলীপুত্রঃ।

১৫। **वाग्दिक्पश्यद्भ्यो युक्तिदण्डहरेषु**—যুক্তি, দণ্ড ও হর শব্দ পরে থাকিলে, যথাক্রমে বাচ্, দিশ্ পশ্যৎ শব্দের উত্তরবর্ত্তী ষষ্ঠী বিভক্তির লোপ হয় না। যথা, বাচোযুক্তিঃ, দিশোদণ্ডঃ, পশ্যতোহরঃ (দেখিতেছে এই অবস্থায় চুরি করে)।

১৬। **দৈবাত্ প্রিয়ে**—(১) প্রিয় শব্দ পরে থাকিলে দেব-শব্দের পরবর্ত্তী ষষ্ঠী বিভক্তির লোপ হয় না। যথা, দেবানাম্প্রিয়ঃ (মূর্খ)। অন্যত্র, দেবপ্রিয়ঃ (dear to the gods).

১৭। **শেপ-পুচ্ছ-লাঙ্গুলেষু শুনঃ**—সংজ্ঞা (নাম) বুঝাইলে এবং শেপ, পুচ্ছ ও লাঙ্গূল শব্দ পরে থাকিলে, শ্বন্-শব্দের পরবর্ত্তী ষষ্ঠী বিভক্তির লোপ হয় না। যথা, শুনঃশেপঃ, শুনঃপুচ্ছঃ, শুনোলাঙ্গূলঃ।

১৮। **দিবশ্চ দাসে**—সংজ্ঞা বুঝাইলে, দাস-শব্দ পরে, দিব্-শব্দের পরবর্ত্তী বিভক্তির লোপ হয় না। যথা, দিবোদাসঃ।

১৯। **ঋতো বিদ্যাগোত্রসম্বন্ধেভ্যঃ**—বিদ্যাসম্বন্ধবাচক ও গোত্র-সম্বন্ধবাচক ঋকারান্ত-শব্দের পরবর্ত্তী ষষ্ঠী বিভক্তির লোপ হয় না। যথা, হোতুঃপুত্রঃ, হোতুরন্তেবাসী (ছাত্র), পিতুঃ পুত্রঃ, পিতুরন্তেবাসী।

২০। **বিভাষা স্বসৃপত্যোঃ**—স্বসৃ ও পতি শব্দ পরে বিকল্পে। যথা, মাতুঃষ্বসা, মাতৃষ্বসা (মাসী); (২) পিতুঃষ্বসা, পিতৃষ্বসা, (পিসী); দুহিতুঃপতি, দুহিতৃপতিঃ, ননান্দুঃ-পতি, ননন্দৃপতিঃ (নন্দাই)।

২১। **পাত্রেসমিতাদয়শ্চ**—কুৎসা বুঝাইলে, পাত্রেসমিত (৩) প্রভৃতির সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা, পাত্রেসমিতাঃ, (ভোজন কালে পাত্রে এব সঙ্গতাঃ ন তু কার্যকালে, এইরূপ অর্থ)। গেহেশূরঃ—গেহে এব শূরঃ, ন তু অন্যত্র ইত্যর্থঃ।

---

(১) 'দেবানাং প্রিয় ইতি চ মূর্খে'। যঃ কস্যাপি প্রিয়ো ন স্যাৎ স দেবানাং প্রিয়ো মতঃ।

(২) মাতুঃপিতুর্ভ্যামন্যতরস্যাম্—এই সূত্রদ্বারা মাতুঃস্বসা পিতুঃস্বসাও হয়;

(৩) পাত্রেসমিতাঃ, পাত্রেবহুলাঃ, গেহেশূরঃ, গেহেনর্দ্দী, গেহেবিজেতা, গেহেদৃপ্তঃ, গেহেধৃষ্টঃ, গর্ত্তেতৃপ্তঃ, গোষ্ঠেশূরঃ, গোষ্ঠেপটুঃ, গোষ্ঠেপণ্ডিতঃ, গোষ্ঠেপ্রগল্ভঃ ইত্যাদি।

সর্ব্বসমাস সাধারণ বিধি

১। **ঋক্পূরব্ধূঃ-পথামানক্ষে**—(পথাম্ + অ + অনক্ষে) যে কোনও সমাসে ঋচ্, পুর্, অপ্, ধুর্ ও পথিন্ শব্দ উত্তরপদ হইলে ইহাদের উত্তর সমাসান্ত অ হয়। যথা, অর্দ্ধম্ ঋচঃ অর্দ্ধর্চ্চঃ, অধিগতা ঋক্ অনেন অধিগতর্চ্চঃ ; বিষ্ণোঃ পূঃ বিষ্ণুপুরম্ ; (ক্লীবত্বং লোকাৎ (i. e. out of usage) ; বিমলা আপোঽস্মিন্—বিমলাপং সরঃ; উদ্ধৃতা আপোঽস্মাৎ—উদ্ধৃতাপঃ কূপঃ, কূপস্যাপঃ—কূপাপাঃ (কূয়োর জল) ; নির্ম্মলা আপঃ—নির্ম্মলাপাঃ (pure water) ; রাজস্য ধূঃ—রাজ্যধুরা (রাজ্যের ভার), মহতী ধূঃ—মহাধুরা, ধৃতা ধুরনেন—ধৃতধুরঃ। ধূ শব্দের সহিত অক্ষ শব্দের সম্বন্ধ থাকিলে হয় না। যথা, অক্ষস্য ধূঃ—অক্ষধূঃ, দৃঢ়া ধুরস্মিন্—দৃঢ়ধূঃ অক্ষঃ (axle) ; পথিন্—পথঃ সমীপম্—উপপথম্, জলস্য পন্থাঃ—জলপথঃ, মহান্ পন্থাঃ—মহাপথঃ, ত্রয়াণাং পথাং সমাহারঃ ত্রিপথম্, চতুর্ণাং পথাং সমাহারঃ—চতুষ্পথম্, রম্যঃ পন্থাঃ অস্মিন্—রম্যপথং নগরম্, রম্যপথা নগরী, ক্ষেত্রঞ্চ পন্থাশ্চ ক্ষেত্রপথৌ।

২। **দ্ব্যন্তরুপসর্গেভ্যোঽপ ইৎ**—দ্বি, অন্তর্ ও উপসর্গের পরবর্ত্তী অপ্ শব্দের পূর্ব্বস্থ অ-কার স্থানে ঈ হয়। যথা, দ্বয়োর্দিশোঃ আপোঽস্য—দ্বীপম্ (an island), এইরূপ—অন্তরীপম্, সমীপম্ (সম্ + অপ্ + অ) প্রতীপম্ (বিরুদ্ধ)।

৩। **ঊদনোর্দেশে**—দেশ বুঝাইলে, 'অনু'র পরবর্ত্তী 'অপ্' এর 'অ' স্থানে 'উ' হয়। যথা, অনুকূলা আপঃ অস্মিন্নিতি অনূপো দেশঃ।

৪। **অচ্ প্রত্যন্ববপূর্ব্বাত্ সামলোম্নঃ**—প্রতি, অনু, অব, এই তিনের পরবর্ত্তী লোমন্ ও সামন্-শব্দের উত্তর অচ্ হয়। যথা, প্রতি-লোমম্, অনুলোমম্, অবলোমম্, প্রতিসামম্, অবসামম্।

৫। **কৃষ্ণোদক পাণ্ডু সংখ্যাপূর্বায়া ভূমেঃ**— কৃষ্ণ, উদক্, পাণ্ডু ও সংখ্যাবাচকের পরবর্ত্তী 'ভূমি' শব্দে উত্তর অচ্ হয়। যথা, কৃষ্ণ-ভূমঃ (a place with black soil), উদগ্ভূমঃ, পাণ্ডুভূমঃ, দ্বিভূমঃ প্রাসাদঃ, চতুর্ভূমং গৃহম্ (four-storied house).

৬। **ব্রহ্মহস্তিপল্যরাজভ্যো বর্চ্চসঃ**—(১) ব্রহ্মন্, হস্তিন্, পল্য, ইহাদের পরবর্ত্তী বর্চ্চস্ (তেজ) শব্দের উত্তর অচ্ হয়। যথা, ব্রহ্মবর্চ্চসম্ (power of Brahmana), হস্তিবর্চ্চসম্, রাজবর্চ্চসম্।

৭। **অবসমন্ধেভ্যস্তমসঃ**—অব, সম, অন্ধ, ইহাদের পরবর্ত্তী তমস্-শব্দের উত্তর অচ্ হয়। যথা, অবতমসম্ (slight darkness), সন্তমসম্ (great darkness), অন্ধতমসম্ (গাঢ় অন্ধকার)।

৮। **অন্ববতপ্তাদ্রহসঃ**—অনু, অব, তপ্ত, ইহাদের পরবর্ত্তী রহস্-শব্দের উত্তর অচ্ হয়। যথা, অনুরহসম্, অবরহসম্, তপ্তরহসম্ (extreme privacy)।

৯। **উপসর্গাদধ্বনঃ**—উপসর্গের পরবর্ত্তী অধ্বন্ শব্দের উত্তর অচ্ হয়। যথা, প্রগতঃ অধ্বানম্—প্রাধ্বো রথঃ, অধ্বনোঽভাবঃ—নিরধ্বম্, অধ্বানং প্রতি—প্রত্যধ্বম্। অন্যত্র, উত্তমোঽধ্বা, উত্তমাধ্বা।

১০। **শ্বসোবসীয়ঃ শ্রেয়সঃ**—শ্বস্ শব্দের পরবর্ত্তী বসীয়স্ ও শ্রেয়স্ শব্দের উত্তর অচ্ হয়। যথা, শোবসীয়সম্ (happiness)। শ্বঃশ্রেয়সম্ (prosperity).

১১। **হৃদয়স্য হৃল্লেখ-যদ্-অণ্-লাসেষু**— লেখ, যৎপ্রত্যয়, অণ্-প্রত্যয় ও লাস পরে থাকিলে হৃদয় স্থানে হৃৎ হয়। যথা, হৃল্লেখঃ

(১) ব্রহ্মহস্তিভ্যাং বর্চ্চসঃ পল্যরাজভ্যাং চেতি বক্তব্যম্।

(sorrow for anything missing), হৃদয়স্য প্রিয়ং হৃদ্যম্ (যৎ), হৃদয়স্য ইদং হার্দ্দম্ (অণ্) (affection), হৃদয়স্য লাসঃ—হৃল্লাসঃ।

১২। **বা শোকষ্যঞ্-রোগেষু**—শোক, ষ্যঞ প্রত্যয় ও রোগ শব্দ পরে থাকিলে হৃদয় স্থানে হৃৎ হয় বিকল্পে। যথা, হৃচ্ছোকঃ বা হৃদয়-শোকঃ, সৌহার্দ্দ্যম্, বা সৌহৃদ্যম্, হৃদ্‌রোগঃ বা হৃদয়রোগঃ।

১৩। **উদকস্যোদঃ সংজ্ঞায়াম্**—সংজ্ঞা বুঝাইলে সমাসে উদক স্থানে উদ হয়। যথা, উদমেঘঃ (storm cloud)। উদক্ শব্দ উত্তর-পদ হইলেও উদ হয়। যথা, ক্ষীরোদঃ (the milk ocean), অচ্ছোদঃ (a lake of transparent water)। পেষ, বাস, বাহন, ও ধি পরে থাকিলেও উদ হয়। যথা, উদপেষং পিনষ্টি (grinds it with water) উদবাসঃ (a house in a stream or a pond), উদবাহনম্ (water vessel), উদধিঃ ঘটঃ।

১৪। **ঙ্যাপোঃসংজ্ঞাচ্ছন্দসোর্বহুলম্**—নাম বুঝাইলে বহুলভাবে ঙী ও আপ্ প্রত্যয়ের স্বর হ্রস্ব হয়। যথা, কালিদাসঃ, চণ্ডিদাসঃ, অজক্ষীরম্।

১৫। **পৃষোদরাদীনি যথোপদিষ্টম্**—পৃষোদর প্রভৃতি শব্দ যেরূপ প্রয়োগ, সেইরূপই নিপাতনে সিদ্ধ হয়। যথা, পৃষতঃ উদরম্ পৃষোদরম্ ত্-লোপ; বারীণাং বাহকঃ বলাহকঃ; শবানাং শয়নম্—শ্মশানম্ ইত্যাদি।

১৬। **উপসর্গস্য ঘঞ্যমনুষ্যে বহুলম্**—মানুষ না বুঝাইলে ঘঞ্ প্রত্যয়ের পূর্ব্ববর্ত্তী উপসর্গের হ্রস্বস্বর বিকল্পে দীর্ঘ হয়। যথা, প্রতীকারঃ, প্রতিকারঃ, পরীবাদঃ, নীহারঃ। মানুষ বুঝাইলে হয় না। যথা, নিষাদঃ।

১৭। **মিত্রে চর্ষৌ**—যদি কোন ঋষিকে বুঝায় তাহা হইলে মিত্র শব্দের পূর্ব্ববর্ত্তী পূর্ব্বপদের অন্ত্য স্বর দীর্ঘ হয়। যথা, বিশ্বামিত্রঃ (a sage), ঋষি না বুঝাইলে 'বিশ্বমিত্রম্' (a friend of the world).

১৮। **তদ্‌বৃহতোঃ করপত্যোশ্চৌরদেবতয়োঃ সুট্‌ তলোপশ্চ**—'তৎ' শব্দের পরবর্ত্তী 'কর', এবং 'বৃহৎ' শব্দের পরবর্ত্তী 'পতি' যথাক্রমে চোর ও দেবতা বুঝাইলে ('তৎ' শব্দের) ত্‌-এর লোপ হয় ও স্‌ আগম হয়। যথা, তস্করঃ (a thief), বৃহস্পতিঃ (দেবগুরু)।

সুট্‌-নিষ্পন্ন অন্য কয়েকটি শব্দ :—গোষ্পদম্‌ (স্থান-পরিমাণার্থে), আস্পদম্‌ (স্থানার্থে), আশ্চর্য্যম্‌ (অসাধারণ অর্থে), প্রায়শ্চিত্তম্‌, প্রায়শ্চিত্তিঃ (atonement), বনস্পতিঃ (a tree).

সমাসান্ত-নিষেধ

১। **ন পূজনাৎ**—প্রশংসাবাচী সু ও অতি শব্দ পূর্ব্বে থাকিলে, সমাসান্ত প্রত্যয় হয় না। যথা, শোভনো রাজা—সুরাজা, শোভনো রাজা অস্মিন্‌—সুরাজা দেশঃ, অতিশয়েন রাজা—অতিরাজা। এইরূপ—সুসখা, অতিসখা, সুগোঃ, অতিগোঃ, সুপন্থাঃ।

২। **কিমঃ ক্ষেপে**—কুৎসাবাচী কিম্‌-শব্দ পূর্ব্বে থাকিলে সমাসান্ত হয় না। যথা, কুৎসিতে রাজা—কিংরাজা (a bad king), কুৎসিতঃ সখা—কিংসখা (a bad friend), কুৎসিতঃ পন্থাঃ অস্মিন্‌—কিম্পন্থাঃ (having a bad road) দেশঃ। 'স কিংরাজা যো ন রক্ষতি প্রজাঃ। "স কিংসখা সাধু ন শাস্তি যোঽধিপম্‌।"

৩। **নঞস্তৎপুরুষাৎ**—তৎপুরুষ-সমাসে নঞ্‌ পূর্ব্বে থাকিলে সমাসান্ত বিধি হয় না। যথা—অরাজা (not a king), অসখা, অগোঃ।

৪। **পথো বিভাষা**—পথিন্‌ শব্দের উত্তর বিকল্পে সমাসান্ত হইলে উহা নপুংসক লিঙ্গ হয়। যথা, অপথম্‌, অপন্থাঃ (not a path)।

Exercise

1. Point out the distinction between Sandhi and Samasa.

2. Point out the distinction between কর্ম্মধারয় and বহুব্রীহি ; সমাহার-দ্বন্দ্ব and সমাহার-দ্বিগু ; তৎপুরুষ and বহুব্রীহি ; কর্ম্মধারয় and দ্বিগু ।

3. Form compounds with—শোণিতং প্রিয়ং যস্য সঃ ; ব্রাহ্মণী ভার্য্যা যস্য সঃ ; ভগ্নং ধনুঃ যস্য সঃ ; পাপং চ পুণ্যং চ ; সর্ব্বান্ জয়তি যঃ সঃ ; কুৎসিতঃ অশ্বঃ ; নির্গতং তেজো যস্মাৎ সঃ ; রূপবতী ভার্য্যা যস্য সঃ ; কর্ণৌ চ নাসিকে চ ; গতং মনঃ যস্য সঃ ; অল্পা মেধা যেষাং তে ; শিবস্য পশ্চাৎ ; ব্যাঘ্রাৎ ভীতঃ ; সুবর্ণনির্ম্মিতং কঙ্কণম্ ; আতপায় ছত্রম্ ; বস্ত্রস্য অর্দ্ধম্ ; হিমস্যাত্যয়ঃ ; পাণী চ পাদৌ চ ; অহয়শ্চ নকুলাশ্চ ; স্তোকাৎ মুক্তঃ ; রাজ্ঞঃ পুরুষঃ ; মধ্যম্ অহ্নঃ ; কূপে মণ্ডুক ইব ; স্বস্থে রমতে অসৌ ; মুখং চন্দ্র ইব ; ঘন ইব শ্যামঃ ; অন্যো রাজা ; শাকপ্রিয়ঃ পার্থিবঃ ; সাম গায়তি ; বৃদ্ধস্য সখা ; অশ্বানাম্ উরু ইব উরো যস্য সঃ ; ত্রয়াণাং লোকানাং সমাহারঃ ; মহান্ বাহুঃ যস্য স ।

4. Give Sanskrit compound words for the following :—A king's man ; a person possessed of long arms; fear from thieves; a person who has a beautiful wife ; the shade of a tree ; towards the fire ; according to one's ability ; like his mother ; fallen from heaven ; a hundred fools ; one who takes a share ; one who has found livelihood ; first bathed and afterwards anointed ; black like cloud ; a bad friend.

5. Expoud the Samasas in the following :—স্নাতানুলিপ্তঃ ; কৃষ্ণসারঙ্গঃ ; ময়ূরব্যংসকঃ ; পয়োধরঃ ; দ্ব্যঙ্গুলম্ ; দ্বিরাত্রম্ ; পূর্ব্বাহ্লঃ; প্রাপ্তজীবিকঃ; ত্রিভুবনম্; চন্দ্রকান্তি; অপুত্রঃ; সুগন্ধি; দ্বিপাৎ; সুহৃৎ ; বহুশ্রেয়ান্ ; চিত্রগুঃ ; অন্তরীপম্ ; মহোক্ষঃ ; রাজসখঃ; নৃসিংহঃ; আপন্নবিত্তঃ ; মুখকমলম্ ; অগ্রজঃ ; কদন্নম্ ; সিংহসঙ্কাশঃ; ধ্যানস্তিমিতলোচনঃ ; সমিৎপাণিঃ ; গতবয়স্কঃ ; জাতমৃতঃ ; বৃকভীতঃ ।

6. Distinguish between অপথঃ and অপন্থাঃ। Explain নিত্যসমাস।

7. Construct short sentences to show the distinction of মহাধনম্, মহদ্ধনম্ and মহাধন । মাতাপিতৃহীনঃ, মাতৃপিতৃহীনঃ।

8. Illustrate the difference in meaning between রাজসখঃ and রাজসখা, পূর্ব্বাহ্লঃ and পূর্ব্বাহঃ, গ্রামার্দ্ধঃ and অর্দ্ধগ্রামঃ, খট্বারূঢ়ঃ and খট্বামারূঢ়ঃ।

9. Explain সমানাধিকরণবহুব্রীহি।

10. Give compound words for :—সতী বুদ্ধিঃ; নির্ম্মলং জলং যস্যাঃ সা; শক্তিমনতিক্রম্য; পুত্রেণ সহ বর্ত্তমানঃ; তমসা আচ্ছন্নঃ।

11. Give single words for —সুন্দরীণাং বুদ্ধিঃ and সুন্দরী বুদ্ধির্যস্য; রামস্য সখা; ত্রয়াণাং লোকানাং সমাহারঃ; মাতা চ পিতা চ; অন্যো গ্রামঃ; গতাসুনাম্‌ রূপম্; শার্ঙ্গং ধনুর্যস্য সঃ; ধর্ম্মস্য পন্থাঃ; সু শোভনো মেধা যস্য সঃ; সু (শোভনঃ) গন্ধঃ যস্য তৎ; অগ্নিং প্রতি; অহনি অহনি; চতুর্ণাং যুগানাং সমাহারঃ; কুৎসিতো রাজা; রাজ্ঞঃ পন্থাঃ; কমলে ইব অক্ষিণী যস্যাঃ সা; দ্যৌশ্চ পৃথিবী চ তয়োঃ; প্রিয়ং সখায়ম্, নদ্যাঃ সমীপে; দশানাং গ্রামাণাং সমাহারঃ; মালমতিক্রান্তঃ; দন্তানাং রাজা; না সিংহ ইব।

12. Show by two different sentences that the word পীতাম্বর can be taken both as a কর্মধারয় and a বহুব্রীহি।

13. Explain and illustrate the distinction between কর্মধারয় and বহুব্রীহি। What is an অব্যয়ীভাব সমাস ? Give two instances of অব্যয়ীভাব সমাস।

14. Distinguish between উন্নতমনঃ and উন্নতমনাঃ and use them properly into different sentences. Expound the compound words মহদ্ভয়ম্ and মহাভয়ম্ and show their proper use.

15. Define *Samasa*. How many kinds of *Samasas* are there ? Name them and give one example of each. Is একশেষ a *Samasa* ? Give reasons for your answer.

16. Clearly explain the উপপদ সমাস and give illustrative examples. Distinguish between রূপক and উপমিত compound by proper examples.

17. Why মহারাজেন and not মহারাজ্ঞা ? Under what rule of *Samasa* does the final ন্ of রাজন্ disappear in such cases ?

18. Explain and illustrate the difference between একশেষ and দ্বন্দ্ব। Clearly explain the difference between সমাহারদ্বিগু and সমাহার দ্বন্দ্ব by suitable examples. What is the difference between মহাভুজঃ and মহদ্ভুজঃ ? Use the words in different sentences.

19. Give an example of সমাহারদ্বিগু and an example of সমাহারদ্বন্দ্ব in two different sentences of your own.

20. Clearly explain উপমিত সমাস, মধ্যপদলোপী সমাস and একদেশী সমাস with illustrative examples.

21. Correct the errors in the following :—আসমুদ্রস্য পৃথিব্যাঃ অয়ং রাজা ; আসমুদ্রস্য ক্ষিতিতলস্য অয়ং মহারাজা ; ইয়ং নারী মৃতভর্ত্রী ; মাতাপিতাহীনঃ শিশুরয়ম্। বহুপন্থাঃ অয়ং গ্রামঃ।

———

ব্যাকরণ কৌমুদী

পঞ্চম ভাগ

অনুবাদ ও রচনা-প্রকরণ

(Translation and Composition)

মধ্যশিক্ষা পর্ষৎ উচ্চতর মাধ্যমিক পাঠ্যক্রমের মানবিক শাখায় নির্দিষ্ট পাঠ্যপুস্তক বহির্ভূত কয়েকটি অতিরিক্ত বিষয় সংস্কৃত পাঠ্য-তালিকায় সংযোজিত করিয়াছেন। ইহাতে ব্যাকরণ, অনুবাদ ও রচনা স্থান পাইয়াছে। ব্যাকরণের পরই অনুবাদের উপর জোর দেওয়া হইয়াছে। এই অনুবাদ সংস্কৃত হইতে বাংলা অথবা ইংরাজীতে ও ইংরাজী হইতে সংস্কৃতে করিতে হইবে। রচনার মধ্যে বিশেষ করিয়া অনুচ্ছেদ রচনা (Paragraph writing), ভাব সম্প্রসারণ (Amplification) বা ভাব-প্রকাশন (Expression of ideas) ও বস্তু-সংক্ষেপ, সংক্ষিপ্ত বর্ণনা, বা সংক্ষেপীকরণ (Summary writing)ই পাঠ্যক্রমে নির্দিষ্ট আছে।

ব্যাকরণ সম্পর্কে প্রথম হইতে চতুর্থভাগে বলা হইয়াছে। ব্যাকরণের নিয়মের যথাযথ প্রয়োগ ও তৎসহ অনুবাদচর্চার উদ্দেশ্যে প্রথম হইতে চতুর্থভাগের প্রত্যেক বিষয়ের শেষে ইংরাজী হইতে সংস্কৃতে ও সংস্কৃত হইতে ইংরাজী ও বাংলায় অনুবাদের উদাহরণ ও অনুশীলনী দেওয়া হইয়াছে। এইভাগে অনুবাদ সম্পর্কে কয়েকটি বিশেষ প্রয়োজনীয় বিষয়ের উল্লেখ করা হইল ও আরও উদাহরণ ও অনুশীলনী দেওয়া হইল। রচনা প্রকরণে নির্দিষ্ট বিষয়গুলি ছাড়াও সারসঙ্কলন (pre-

cis-writing), ভাবার্থ লিখন (substance-writing) ও পত্র-লেখন (Letter-writing)ও স্থান পাইয়াছে। উদাহরণ ও অনুশীলনীর সাহায্যে ছাত্র-ছাত্রীগণ এইগুলি আয়ত্ত করিবে।

অনুবাদ-প্রকরণ

একভাষা হইতে সম্পূর্ণ ভিন্ন অপর এক ভাষায় যথাযথ রূপান্তর খুবই কঠিন ব্যাপার। অনুবাদ যদিও আক্ষরিক হওয়া বাঞ্ছনীয় কিন্তু সর্বক্ষেত্রে তাহা সম্ভব নাও হইতে পারে। বাংলা হইতে সংস্কৃতে বা সংস্কৃত হইতে বাংলায় অনুবাদ তত কঠিন নহে কারণ বাংলাভাষার শব্দসম্পদ সংস্কৃত হইতেই গৃহীত। তাহার বাগ্‌বিধিও অনেকাংশেই সংস্কৃতানুগ। ইংরাজী ও সংস্কৃত দুই ভাষায় প্রকাশের প্রথা স্বতন্ত্র এবং পরস্পরের মধ্যে শব্দ ও প্রতিশব্দের অবিকল মিল পাওয়া দুষ্কর। কাজেই ভাবানুবাদের আশ্রয় লইতেই হইবে। কিন্তু তাই বলিয়া তাহা যেন মূলের ব্যাখ্যা বা ভাবার্থ না হয়। মূলকে অতিক্রম না করিয়া মূলের সহিত অনুবাদের যাথার্থ্য বজায় রাখিয়া ভাবগত মিলের সাহায্যে অনুবাদ করিলে তবেই তাহা সুষ্ঠু অনুবাদ হইবে। এই প্রকরণে যে সমস্ত উদাহরণ ও অনুশীলনী দেওয়া হইল তাহার অধিকাংশই বিশ্ববিদ্যালয় ও মধ্যশিক্ষাপর্ষতের প্রশ্নপত্র হইতে গৃহীত। এইগুলির অভ্যাস করিলে শিক্ষার্থিগণের অনুবাদ করা সহজসাধ্য হইবে।

অনুবাদ সম্পর্কে বিশেষ কয়েকটি জ্ঞাতব্য বিষয় :—

(১) যে বাক্যটি বা অনুচ্ছেদটি অনুবাদ করিতে হইবে প্রথমে তাহা সতর্কতার সহিত পড়িয়া বাক্য পরম্পরাগত বক্তব্যবিষয়টি বুঝিতে হইবে। সংস্কৃত অনুবাদে সংস্কৃত বাগ্‌বিধিকে অনুসরণ করিতে হইবে। পূর্বে ব্যাকরণের যে সমস্ত নিয়ম উল্লেখ করা হইয়াছে

তাহার সুষ্ঠু প্রয়োগেই শিক্ষার্থিগণ অনুবাদে সৌকর্য দেখাইতে পারিবে।

(২) ইংরাজী হইতে সংস্কৃতে অনুবাদের সময় প্রথমে মার্জিত বাংলায় অনুবাদ করিয়া পরে তাহার সংস্কৃত অনুবাদ করিলে অনুবাদ করা সহজ হইবে।

(৩) কোনও সংস্কৃত বাক্যকে বা অনুচ্ছেদকে প্রথমে ইংরাজী অনুবাদ করিয়া পরে আবার তাহাকে সংস্কৃতে রূপান্তর করিলে অনুবাদ সহজেই আয়ত্ত হইবে। অনুবাদ ও প্রত্যনুবাদের দ্বারাই ভাষার ব্যবহার অভ্যাস হয়।

(৪) মনে রাখিতে হইবে যে আক্ষরিক অনুবাদ মানে এই নহে যে শুধু কথার মানে বসাইলেই হইবে। অনুবাদ-ভাষার প্রাঞ্জলতা ও সৌন্দর্যেই তাহা সাহিত্যরস মধুর হইয়া সার্থক অনুবাদ হইবে। যেমন, There is a dry log in front—ইহার অনুবাদ "শুষ্কং কাষ্ঠং তিষ্ঠত্যগ্রে" এইরূপ ভাবেও করা যায় আবার "নীরস স্তরুবরঃ পুরতো ভাতি" এই ভাবেও হয়। নিঃসন্দেহে পরের অনুবাদটিই সুন্দর।

(৫) ইংরাজীর মত প্রথমে nominative পরে verb এবং তৎপরে object বসাইতে হইবে এইরূপ কোন ও ধরাবাঁধা নিয়ম সংস্কৃতে নাই। তথাপি সাধারণতঃ প্রথমে কর্তা, পরে কর্ম ও তৎপরে ক্রিয়া বসে। যেমন, I go home=অহং গৃহং গচ্ছামি।

(৬) ইংরাজী 'there is', 'there was'-এর অনুবাদে কখনও তত্র অস্তি বা তত্র আসীৎ লিখিবে না। শুধু "অস্তি" বা "আসীৎ" লিখিবে।

(৭) ইংরাজী article (a, an, the)গুলির আক্ষরিক অনুবাদ না করিলেও চলে। যেমন, The boy—বালকঃ। A flower—পুষ্পম্।

(৮) কখনও কখনও এইগুলির কশ্চিৎ, কাচিৎ, বা কিঞ্চিৎ দিয়া অনুবাদ করা হয়। যেমন, There is a boy—অস্তি কশ্চিদ্ বালকঃ। There was a hunter named Bhairava—আসীৎ ভৈরবো নাম ব্যাধঃ।

(৯) ইংরাজী has, ও had দিয়া বাক্য থাকিলে অনেকস্থলে ইংরাজী nominativeটি সংস্কৃতে possessive ও objectটি nominative হয়। যেমন,

I have a house—মম একং গৃহম্ অস্তি।

He had three sons—তস্য ত্রয়ঃ পুত্রাঃ আসন্।

(১০) Ram is the son of Dasaratha—এই বাক্যটির অনুবাদ করিবার সময় 'is'-এর অনুবাদে 'ভবতি' করিতে হয় না। 'রামঃ দশরথস্য পুত্রঃ' এই লিখিলেই চলে।

(১১) ইংরাজীতে number দুইটি—একবচন ও বহুবচন। কিন্তু সংস্কৃতে number তিনটি—একবচন, দ্বিবচন ও বহুবচন। কাজেই ইংরাজীতে দ্বিবচন বুঝাইতেও বহুবচন ব্যবহার করা হয়। কিন্তু সংস্কৃতে দ্বিবচন বুঝাইতে দ্বিবচনের পদই ব্যবহার করিতে হইবে। যেমন, A man—নরঃ। To men—নরৌ। Two flowers—পুষ্পে।

(১২) ইংরাজী hands, feet, eyes প্রভৃতি শব্দের বহুবচনের অনুবাদ সংস্কৃতে দ্বিবচনে করিতে হইবে। যেমন, হস্তৌ, পাদৌ, লোচনে ইত্যাদি।

উদাহরণ

1. Translation from English into Sanskrit :

(a) When they reached the top of the mountain, they found Rama engaged in collecting fruits from the

trees. (b) It was a spring morning. The children were playing merrily. The sky was bright with rays of the sun. (c) In the evening the boy went out on a walk and he took me with him. On the way we (two) saw a blind man. (d) Then his father came to the spot and was very indignant to see the mark of wounds in the person of his son. (e) In ancient times there lived in this country a rich merchant who had four sons and two daughters. (f) In summer bees gather honey from flowers. After summer leaves being dry drop down from the branches of the trees. (g) Early in the morning I quitted my bed and coming out saw a man coming in this direction. [1946]

Ans. (a) পর্বতশিখরমারুহ্য তে রামং বৃক্ষেভ্যঃ ফলাহরণরত-মপশ্যন্। (b) বসন্তপ্রভাতমিদম্ আসীৎ। শিশবঃ হর্ষেণ অক্রীড়ন্। নভঃ সৌরকরোজ্জ্বলমাসীৎ। (c) বালকঃ সায়ং ভ্রমিতুং বহিরগচ্ছৎ, মাং চ তেন সহ নিনায়। পথি আবাং একম্ অন্ধম্ অপশ্যাব। (d) ততঃ তস্য পিতা তৎস্থানমাগত্য পুত্রশরীরে ক্ষতচিহ্নমালোক্য চ অতীব রুষ্টোঽভবৎ। (e) পুরা অস্মিন্ দেশে কশ্চিৎ ধনী বণিক্ অবসৎ, তস্য চত্বারঃ পুত্রাঃ দ্বে কন্যে চ আসন্। (f) নিদাঘে ভ্রমরাঃ পুষ্পেভ্যঃ মধু সংগৃহ্নন্তি। নিদাঘান্তে চ বৃক্ষশাখাভ্যঃ পত্রাণি পতিতুম্ আরভন্তে। (g) প্রত্যূষে শয্যাং বিহায় বহিরাগত্য চ ইতঃ আগচ্ছন্তং নরমেকং অপশ্যম।

2. (a) While coming with my father from the southern direction, we (two) saw three girls playing in the street. (b) At night the earth is covered with darkness, the moon and the stars appear in the sky to dispel the darkness of the night. (c) One day the sage Bharata

went to take his bath in a river and there he saw a young deer carried away by the stream of that river. (d) This man is blind, he cannot enjoy the beauties of the earth. He is an object of charity. (e) The king Dasaratha had no son. So he performed a sacrifice to have a son. (f) Now it is dawn my boy, gentle breeze is blowing and the birds are chirping sweetly. [1947]

Ans. (a) যদা অহং পিত্রা সহ দক্ষিণতঃ আগচ্ছম্, তদা আবাং তিস্রঃ বালিকাঃ পথি ক্রীড়ন্তীঃ অপশ্যাব। (b) রাত্রৌ পৃথিবী অন্ধকারাচ্ছন্না ভবতি। চন্দ্রঃ নক্ষত্রাণি চ নৈশান্ধকারং দূরীকর্ত্তুং নভসি আবির্ভবন্তি। (c) একদা ঋষিঃ ভরতঃ স্নাতুং নদীমেকামগত্য তৎস্রোতসা নীয়মানং মৃগশাবকমেকং দদর্শ। (d) নরোঽয়ম্ অন্ধঃ। স পার্থিব-সৌন্দর্য্যমনুভবিতুং নালম্। স হি দয়াপাত্রম্। (e) রাজা দশরথঃ অপুত্রকঃ আসীৎ। অতঃ স পুত্রকাম্যন্ যজ্ঞমেকম্ ইয়াজ। (f) বৎস, প্রাতরিদম্। মৃদুঃ পবনঃ প্রবহতি, বিহগাশ্চ মধুরং গায়ন্তি।

3. (a) Sleep quietly, my dear boy and get up early from bed. Sleep invigorates the body and makes you fit for works. To tell a lie is the worst evil ; nobody trusts a liar ; a liar is hated by all and loved by none. (c) Long ago there lived in the Deccan a king named Srutasena who was the ornament of his race and possessed of great learning. (d) The rainy season has set in, the sky is overcast with dark masses of clouds and peacocks are dancing in joy. (e) When the famous harper begins to play, even the beasts of the forest gather round him to his music. (f) Once on a time having gone out on hunting, the king entered a great forest where he was greeted by young hermits. [1948]

Ans. (a) বৎস, তূষ্ণীং স্বপিহি, প্রাতশ্চ শয্যাং ত্যজ। নিদ্রা শরীরং বলবৎ, ত্বাং চ কার্যক্ষমং বিদধাতি। (b) মিথ্যাভাষণং হি নিকৃষ্টতমো দোষঃ। মিথ্যাবাদিনি ন কোঽপি বিশ্বসিতি। মিথ্যাবাদী জনঃ সর্বৈঃ অবজ্ঞায়তে, ন কেনাপি চ আদ্রিয়তে। (c) পুরা দাক্ষিণাত্যে জনপদে শ্রুতসেননামা নৃপঃ অবসৎ। তৎকুলস্য অলঙ্কারভূতঃ সঃ অতীব বিদ্বান্ অসীৎ। (d) বর্ষাঃ সমারব্ধাঃ। নভঃ নীলজলধরপটলৈঃ সমাবৃতম্; শিখিনশ্চ হর্ষেণ নৃত্যন্তি। (e) যদা স প্রখ্যাতঃ বংশীবাদকঃ বংশীং বাদয়তি, তদা বনস্য পশবোঽপি সঙ্গীতশ্রবণায় তং পরিতঃ সমবেতাঃ সঞ্জায়ন্তে। (f) একদা স রাজা মৃগয়াং গতঃ মহাবনম্ একং প্রাবিশৎ। তত্র স নবীনমুনিভিঃ অভ্যর্থিতো বভূব।

4. (a) Be brave, my son you must protect your motherland even at the cost of your life. (b) There is nothing superior to truth ; the world is established on truth ; one should always tell the truth. (c) All men know that a mighty man is feared, but a virtuous man is revered. (d) I have yet to read many books, so I shall not be able to accomapany you today. (e) Not to mention the poor, even rich persons find it difficult to live honouarbly in times of famine. (f) Helping the distressad and feeding the hungry are considered more meritorious than offering sacrifices to gods. [1949]

Ans. (a) বৎস সাহসী ভব। প্রাণব্যয়েনাপি ত্বং নূনং তব মাতৃভূমিং রক্ষেঃ। (b) সত্যাৎ পরং নাস্তি। সত্যে জগৎ প্রতিষ্ঠিতম্। নরঃ সদা সত্যং বদেৎ। (c) বিদিতমেতৎ সর্ব্বেষাং যৎ পরাক্রান্তো জনঃ ভীতিপাত্রম্, ধার্ম্মিকো জনস্তু পূজাস্পদম্। (d) অধুনাপি মে বহূনি পুস্তকানি পঠিতব্যানি। অতোঽহমদ্য ত্বয়া সহ গন্তুং ন শক্ষ্যামি। (e) দরিদ্রাণাং কা কথা, ধনিনোঽপি দুর্ভিক্ষকালে সসম্মানজীবনধারণং

দুষ্করং মন্যন্তে। (f) দুর্গতেভ্যঃ সাহায্যদানং ক্ষুধার্ত্তেভ্যঃ অন্নদানঞ্চ দেবযজনাদপি পুণ্যজনকে।

5. (a) In autumn the sky becomes free from clouds, lotuses grow in the pond and the moon shines in the east. (b) At the close of the night the prince and his companions came down from the tree, got up on the horses and resumed their journey. (c) Rama banished his dear wife Sita for the sake of his subjects. He did not marry again but made a golden image of his queen. (d) There lived in the city of Magadha a great king who had four learned sons and three beautiful daughters, (e) Whem the king died in the battlefield, the queen and her daughters fled into the forest. (f) Next morning she got up before the sun rose and went her daughters to walk in the garden. [1950]

Ans. (a) শরদি নভো মেঘমুক্তং ভবতি। পদ্মানি জায়ন্তে ; চন্দ্রশ্চ পূর্ব্বস্যাং দিশি ভাতি। (b) নিশাবসানে রাজপুত্রঃ তৎসহচরশ্চ বৃক্ষাৎ অবরুহ্য অশ্বমারুহ্য চ পুনঃ প্রতস্থাতে। (c) রামঃ তস্য প্রিয়পত্নীং সীতাং প্রজারঞ্জনার্থং নির্ব্বাসয়ামাস। স পুনর্‌উপযেমে, তৎপত্ন্যাস্তু হিরণ্ময়ীং প্রতিমূর্ত্তিমেকাং চকার। (d) মগধনগর্য্যাং কশ্চিৎ মহারাজ উবাস ; তস্য চত্বারঃ বিদ্বাংসঃ পুত্রাঃ তিস্রঃ সুন্দর্য্যঃ তনয়াশ্চ আসন্। (e) রাজনি সমরক্ষেত্রে মৃতে রাজ্ঞী তস্যাঃ দুহিতরশ্চ বনং পলায়ামাসুঃ। (f) পরেদ্যবি প্রভাতে সা স্বর্যোদয়াৎ প্রাক্ উত্থায় কন্যাভিঃ সহ ভ্রমণায় উদ্যানং জগাম।

6. (a) While walking near the hill in the morning, we saw a tiger coming down from the hill and we fled away with fear. (b) On the bank of the Kaveri I saw three young girls plucking sweet fruits

from beautiful creepers. (c) Then the sun having set, the sage with his one hundred disciples reached the prosperous city and took rest for the night. (d) The lion used to sleep under a tree in the wood which was to the south of the river and it killed all beings mercilessly. (e) Give some food to the poor man and children as they have not taken anything for two days. (f) Father, forgive my first fault as I have done this out of ignorance. I shall not do it again. [1961]

Ans. (a) প্রাতঃ পর্ব্বতসমীপে ভ্রমন্তো বয়ং ব্যাঘ্রমেকং পর্ব্বতাদবরোহন্তম্ আলোক্য ভয়াৎ পলায়িতাঃ। (b) কাবেরীনদীতটে অহং তিস্রঃ কন্যকাঃ সুন্দরলতাঃ মধুরফলানি চিন্বতীঃ অপশ্যম্। (c) রবাবস্তং গতে, মুনিঃ শিষ্যশতপরিবৃতঃ সমৃদ্ধাং নগরীমাসাদ্য নিশি বিশ্রামং চকার। (d) নদ্যাঃ দক্ষিণতঃ বনে কস্যচিদ্ বৃক্ষস্য অধঃ অসৌ সিংহঃ সুষ্বাপ, সর্ব্বান্ প্রাণিনশ্চ নির্দয়ং জঘান। (e) দরিদ্রনরায় শিশুভ্যশ্চ কিঞ্চিৎ খাদ্যং প্রযচ্ছ, যতঃ তে দিবসদ্বয়ং ন কিমপি খাদিতবন্তঃ। (f) পিতঃ প্রথমমপরাধং মে ক্ষমস্ব, যতঃ অয়ম্ অজানতা ময়া কৃতঃ। নাহং পুনরিমং করিষ্যামি।

7. (a) In ancient times there lived in Puspapuri, a king Rajabahana by name. He defeated Kartikeya in beauty. (b) Boy who hears their teacher's advice attentively attain success in the exrminations. (c) Having said this to the king Dusyanta, the ascetic went to the forest to gather fruits and flowers. (d) One day the the sage Bharata went to the river Sarayu and there he saw a dear carried away by the stream of the river. (e) The night being over, the two princes Rama and Laksmana accompanied by Sita started for the forest.

(f) Going to the garden, I plucked some flowers from creepers and gave them to my younger brother. [1952]

Ans. (a) পুরা রাজবাহননামা রাজপুত্রঃ পুষ্পপুরীমধ্যুবাস। স সৌন্দর্য্যেণ কার্ত্তিকেয়ং পরাজিগ্যে। (b) যে বালকাঃ শিক্ষকাণামুপদেশং মনোযোগেন শৃণ্বন্তি, তে পরীক্ষাসু সাফল্যমণ্ডিতাঃ ভবন্তি। (c) নৃপতিং দুষ্যন্তমিদমভিধায় মুনয়ঃ ফলানি পুষ্পাণি চ আহর্তুং বনং জগ্মুঃ। (d) একদা মুনিঃ ভরতঃ সরযূনদ্যাং স্নাতুং গত্বা তত্র নদীস্রোতসা নীয়মানং মৃগমেকং দদর্শ। (e) নিশায়ামতীতায়াম্, দ্বৌ রাজপুত্রৌ রামলক্ষ্মণৌ সীতয়া সহ বনং প্রতস্থাতে। (f) উদ্যানং গত্বা অহং লতাঃ কানিচিৎ পুষ্পাণি চিত্বা মম কনীয়সে ভ্রাত্রে অযচ্ছম্।

8. (a) My friend, what are you in used of? I will do anything for you in this world. Only tell me what I am to do. (b) Be honest by all means. A sly man does not succeed so well as an honest man. (c) The king had four sons and four daughters. All of them are intelligent. They know their duties well. (d) It rained just after the muttering of prayers and people shouted without Hari there is no happiness. (e) Darkness has passed off. The light of the sun is spreading over the earth and once more we can see everything. (f) By order of his eldest brother Laksmana abandoned Sita in a forest infested with wild beasts. [1953]

Ans. (a) সখে, কেন বস্তুনা তব প্রয়োজনম্? ইহ জগতি তবার্থে অহং সর্বমেব করিষ্যামি। ময়া যৎ কর্তব্যং তদেব মাং বদ। (b) সর্ব্বথা সাধুঃ ভব। ধূর্ত্তঃ সজ্জনবৎ সাফল্যং ন লভতে। (c) নরপতেঃ পুত্র-চতুষ্টয়ং দুহিতৃচতুষ্টয়ঞ্চ আস্তাম্। তে সর্ব্বে এব বুদ্ধিমন্তঃ। তে তেষাং কর্তব্যং সুষ্ঠু জানন্তি। (d) জপমনু প্রাবর্ষৎ। নরাশ্চ উচ্চৈরবদন্—

হরিং বিনা সুখং নাস্তীতি। (e) তমঃ অপগতম্। সৌরকিরণো ভূমিং বিতনোতি। পুনরপি বয়ং সর্ব্বমেব দ্রষ্টুমলম্। (f) জ্যেষ্ঠভ্রাতুরাদেশাৎ লক্ষ্মণঃ সীতাং বন্যজন্তুসঙ্কুলে বনে তত্যাজ।

9. (a) A learned man came to my house last night and I had a long talk with him regarding my duties. (b) Night was coming on. The traveller noticed a light in the window of a house. He went to it and stood near the door. (c) Look at the trees and flowers of the garden. How beutiful they are ! Let us sit here for a while. (d) Knowledge is power and we should try to acquire it. But honesty is even more valuable than knowledge. (e) Seek the truth ; speak the truth ; place the truth above everything. Sacrifice everything for the sake of the truth. (f) Modesty is a great virtue. It makes a man dear to everybody. A proud man is disliked by all. [1954]

Ans. (a) কোবিদঃ কশ্চিদ্ হ্যো নক্তং মদ্গৃহমাগচ্ছৎ। মৎ-কর্তব্যবিষয়ে তেন সহ মে মহতী আলোচনা অভবৎ। (b) সন্ধ্যা সমাগতা। পথিকঃ কস্যচিদ্ গৃহস্য গবাক্ষে আলোকমেকম্ অবলোকয়ামাস। স তমুপসৃত্য দ্বারোপান্তে অবতস্থে। (c) উদ্যানস্য পাদপান্ কুসুমানি চ অবলোকয়। অহো রামণীয়কং তেষাম্। ক্ষণমিহ বয়মুপবিশামঃ। (d) জ্ঞানং হি বলম্। বয়ঞ্চ ইদমাহর্ত্তুং যতেমহি। সাধুতা তু জ্ঞানাদপি গরীয়সী। (e) সত্যমনুসন্ধেহি ; সত্যং চ ভাষস্ব। সত্যং সর্ব্বোপরি স্থাপয়। সত্যস্য কৃতে সর্ব্বমুৎসৃজ। (f) বিনয়ো মহান্ গুণঃ। অয়ং নরং সর্ব্বজনপ্রিয়ং বিদধাতি। গর্ব্বিতোজনঃ সর্বৈরবজ্ঞায়তে।

10. (a) Be kind to that poor man. He is blind and has no one to help him in this world. (b) Be honest. Honesty will give you happiness. Dishonesty will make you unhappy. (c) To steel is a sin. A thief is sent to prison. He is hated by all. (d) Who is here? Listen to my words. Take away this wicked fellow. (e) God is all powerful. He is very merciful and forgives the sinner who repents. (f) Parents should always be honoured. During our infancy they took great pains for us. [1954, Supplementary]

Ans. (a) তং দরিদ্রং জনং প্রতি সদয়ো ভব। সোঽন্ধঃ ; অস্যাং পৃথিব্যাং তস্য সাহায্যকরণায় কোঽপি নাস্তি। (b) সাধুর্ভব। সাধুতা তুভ্যং সুখং দাস্যতি। অসাধুতা ত্বামসুখিনং করিষ্যতি। (c) চৌর্য্যং হি পাপম্। চোরঃ কারায়াং প্রেরিতো ভবতি। স তু সর্ব্বৈরবজ্ঞায়তে। (d) অত্র কো বর্ত্ততে ? মম বাক্যমাকর্ণয়। শঠমিমং দূরীকুরু। (e) ঈশ্বরঃ সর্ব্বশক্তিমান্। স তু পরমদয়ালুঃ অনুতপন্তং পাপিনং ক্ষমতে চ। (f) পিতরৌ সদা সম্মাননীয়ৌ। অস্মাকং শৈশবে তাবস্মদর্থমতীব দুঃখং স্বীকৃতবন্তৌ।

11. (i) One day in summer one elephant came to the tank for sporting in its water.

(ii) A king should protect all his subjects for they are like sons to him.

(iii) God has created this world and rule us all by love.

(iv) In the morning Rama left his bed and spoke to his younger bother.

(v) A man without character is but a beast. We must shun the company of such a man.

(vi) When he fell down from the horse, we three were present there.

(vii) Truthfulness is a great virtue. We should try to acquire it by all means.

(vii) Iswarchandra was a great scholar. His devotion to mother inspire us. [1955]

Ans. (i) একদা নিদাঘসময়ে গজঃ কশ্চিৎ ক্রীড়ার্থং তদেব সরঃ সমাজগাম।

(ii) নৃপস্তস্য সর্বা এবঃ প্রজাঃ সংরক্ষেৎ, যতস্তা হি তস্য পুত্রবৎ।

(iii) ঈশ্বরঃ পৃথিবীমিমাম্ অসৃজৎ অস্মান্ সর্বান্ চ প্রেম্ণা প্রতিপালয়তি।

(iv) প্রাতঃ রামঃ শয্যাং পরিত্যজ্য তস্য অনুজমুবাচ।

(v) চরিত্রহীনো নরো হি পশুরেব। বয়ং নূনমেব এতাদৃশজনস্য সংসর্গং ত্যজেম।

(vi) অশ্বাৎ অস্য পতনকালে বয়ং ত্রয় এব তত্র উপস্থিতাঃ আস্ম।

(vii) সত্যবাদিতা হি পরমো ধর্ম্মঃ। বয়ং সর্বথৈব এতদর্জনায় যতেমহি।

(viii) ঈশ্বরচন্দ্রো হি মহান্ কোবিদ্ আসীৎ। তস্য মাতৃভক্তিঃ অস্মান্ উৎসাহয়তি।

12. (a) May the cows give enough milk. May the cloud pour in time. May the earth be rich with all sorts of corns.

(b) You have granted our prayer. This is highly becoming of you, as you have been born in such a noble family.

(c) I hope your father is alive and your mother is

affectionate to you. You are not the only son of your parents.

(d) Away with anxiety. Now you will be released from prison and then you will again be united with your wife and sons.

(e) The path you have taken to is not the one followed by the good. Patience is the root of all penances.

(f) On hearing this, the king's eyes became red with anger and he at once ordered the punishment of his wicked son.

(g) Some have too much, yet still they crave, I little have, yet seek no more.

(h) One thing at a time, and that done well,
Is the best of all rules, as many tell.

[H. S. 1960].

Ans. (a) বহুক্ষীরা ভবন্তু গাবঃ। কালে বর্ষতু পর্জন্যঃ।
সর্ববিধৈঃ শস্যৈঃ ঋদ্ধিম্ অপ্নোতু পৃথ্বী।

(b) ভবতা অস্মাকম্ অভিলাষঃ পূরিতঃ। যুক্তরূপমিদং তব জন্ম যস্য ইদৃশি উচ্চৈঃ কুলে।

(c) জীবিতো জনকস্তব জননী চ স্নিহ্যতি ত্বয়ি ইত্যেবং মমাশা। ন ত্বং পিত্রোরেক এব পুত্রঃ।

(d) অলং চিন্তয়া! ত্বম্ অধুনা কারাগারাদ্ মুক্তো ভবিষ্যসি। তদনন্তরং পুত্রকলত্রৈঃ সহ পুনর্মিলিতো ভবিষ্যসি।

(e) ন ত্বয়া সজ্জনসেবিতো মার্গোঽনুসৃতঃ। ধৈর্যং হি সর্বেষাং তপসাং মূলম্।

(f) শ্রুত্বেদং ক্রোধেনারুণলোচনো রাজা তস্য দুরাত্মনঃ পুত্রস্য সপদি নির্বাসনমাদিশৎ।

(g) ভূয়োঽপি তে জনাঃ কাঙ্ক্ষন্তি যেষামস্তি প্রভূতঃ। মমাস্তি স্বল্পঃ। তথাপি নাধিকাকাঙ্ক্ষা।

(h) একস্মিন্ কালে কেবলং কার্যমেকং, তচ্চ সুষ্ঠু করণীয়ম্। এতৎ শ্রেষ্ঠতমং বিধানম্ ইতি বহূনাং মতম্।

13. (a) Trisanku a king of the solar race, wished to perform a sacrifice, so that he might ascend to heaven with his mortal body.

(b) One should practice virtue as long as one lives. For virtue is the only friend which follows one even in death.

(e) Trees give shade for the benefit of others, while they themselves bear intense heat of the sun. Such is the nature of the good.

(d) All creatures become happy on getting their desired object. For a king, however, his success usually creates one trouble after another.

(e) He had not gone far when he saw an old woman carrying a heavy load. He took pity on her and himself carried her load.

(f) You have done to-day what no man had ever done before. That is why all people are singing in your praise.

(g) Standing at the foot, boys,
Gazing at the sky,
How can you get up, boys,
If you never try !

(h) Early to bed and early to rise,
Make a man healthy, wealthy and wise.

Ans. (a) সূর্যবংশ্যোনৃপতিস্ত্রিশঙ্কু স্তস্য মর্ত্যেনৈব শরীরেণ স্বর্গারোহণায় যষ্টুমিয়েষ।

(b) যাবজ্জীবেৎ তাবদ্ ধর্ম্মমাচরেৎ। এক এব সুহৃদ্ধর্মো নিধনেঽপ্যনুযাতি যঃ।

(c) পরোপকারায় তরবো বিতন্বন্তি ছায়াম্। স্বয়ন্ত পীড্যন্তে প্রখরাতপতাপেন। স্বভাব এব খলু সজ্জনানাম্।

(d) অভীষ্টফললাভেন ভবন্তি সুখিনঃ সকলা জীবাঃ। প্রায়ো হি সাফল্যং নৃপং ক্লেশাৎ ক্লেশান্তরং নয়তি।

(e) কিয়দ্দূরং গতে সতি স গুরুভারং বহন্তীং বৃদ্ধামেকামপশ্যৎ। তস্যানমুকম্পমানঃ স স্বয়ং তদ্ভারমবহৎ।

(f) কৃতং ত্বয়াদ্য তৎ মনুষ্যাণামকৃতপূর্বং যৎ। অতঃ সর্বে লোকাস্ত্বাং প্রশংসন্তি।

(g) ভো বালকাঃ। পাদদেশে তিষ্ঠন্তঃ আকাশে দৃষ্টিং ক্ষিপন্তশ্চ কথমূর্দ্ধমারোঢ়ুং সমর্থা ভবেত যদি কদাপি প্রযত্নং ন কুর্য্যাত।

(h) আশু শয্যায়াং শয়নম্ আশু চ উত্থানং মনুষ্যং সুস্থং ধনিনং জ্ঞানবন্তং চ করোতি।

Exercise

Translate into Sanskrit :—

1. (a) The past is gone. The future is uncertain. Only the present is our own. Now is the time to act.

(b) Knowledge is a blessed thing. Without it a man becomes almost a beast.

(c) These boys and those girls have not eaten anything for the last two days ; give them some food.

(d) Ram renounced his dear wife to please his subjects ; Sita also cheerfully bore all kinds of distress.

(e) Our country is now independent. Its influence is much observed in all other countries.

(f) Maitra is the bravest of all soldiers. He thinks that death is better than disgrace.

(g) Books are the most faithful of friends ; other friend may change or die, but books do not.

(h) It is evening ; night is coming ; we see the moon and the stars in the sky. [1956]

2. (a) How beautiful is this moon-lit night ! Let us go out for a walk in the garden.

(b) From ignorance comes all that is evil. The chief aim of life should therefore be to acquire knowledge.

(c) Be honest in every way. A sly man does not succeed so well as an honest man.

(d) What is the good of wealth to those who do not use it for helping the poor ?

(e) Always try your best to do good to others, and God will surely make you happy.

(f) Bravery is a virtue ; cowardice is a vice. One can overcome danger by facing it bravely.

(g) People feel merry at the advent of a festival ; they become dejected when it is over. [1957]

3. (a) The sages practise penance in the forest, but do not desire any boon other than salvation.

(b) A wise man thinks before he acts. A fool acts without thinking and comes to grief.

(c) The learned man had a devoted wife, three virtuous sons and two beutiful daughters.

(d) The student lived with the teacher for several years and after completion of his study returned home.

(e) Do not boast of your wealth and power. You may lose them at any moment.

(f) It was night when they reached that house. The householder gave them food and shelter.

(g) Love is power. With Love one can win the heart of one's mightiest enemy. [1958

4. (a) There lived at Pataliputra a Brahmana named Gopala. His only son suddenly died and he became mad with grief.

(b) The man entered the water of the pond. After his bath he found his things stolen by an unknown thief.

(c) The five princes reached a dense forest. They felt very thirsty, but nowhere could they find water.

(d) Good men never talk boastfully. They prove their goodness by deeds, not by words.

(e) If you are on the right path, God will be with you, and you will have nothing to fear.

(f) Wealth is certainly a good thing, but it should be acquired by honest means and spent for useful purposes. [1959]

5. (a) A man was going to the town with a gold ring. As he was crossing a river, the ring slipped out of his hand, and fell into the water.

(b) A traveller reached a village in the night. Unable to go further, he approached a householder and asked for shelter.

(c) Noble men always desire to do good to others. They never do what may cause suffering to any one in the world.

(d) Can you say how much water there is in the ocean and how many stars there are in the sky ?

(e) There is no friend like learning, no enemy like disease, and no virtue higher than mercy.

(f) If we defeat you at the game, you shall leave the throne at once and live in the forest for twelve years. [1960]

6. (a) A virtuous man never despises others. He does not harm anybody even for his own gain.

(b) Energy is the root of success every where. Idleness always leads to failure.

(c) Following the teacher's command, the pupil immediately set off for the lonely forest.

(d) The traveller stayed in the village for three days as the guest of a merchant and then left for Benares.

(e) There are many old temples in the forest, and this is the most beautiful of them.

(f) I have done my duty as a friend and I do not look for a reward.

(g) The sun is rising in the east. It is very pleasant now to walk on the riverside. [1961]

7. (a) A wealthy man had three wives, four sons and two daughters. Among them all, the eldest son was the dearest to him.

(b) Dilipa's sacrificial horse was stolen by Indra, the King of the gods. There upon a great battle took place between Indra and Dilipa's young son Raghu.

(c) One day the boy was playing on the road with his friends, when an old man came to him and said, I am your uncle.

(d) Living in the capital happily for some time the king went out with a vast army and defeated all the enemies.

(e) Trees bend down with the advent of fruits ; in the same way, good men are not puffed up with pride even when they are in possession of immense wealth.

(f) A King should govern the kingdom according to law. He should always protect his subjects as his own sons.

(g) Blessed are those who work for the welfare of mankind ; for, to serve men is verily to serve god. [1962]

8. (a) The sun having set in the west, the birds are returning to their nests on large trees for rest at night.

(b) Come, friend come. I was so long thinking of you eagerly, as you alone can save me from this great danger.

(c) Women are naturally affectionate. This is established beyond doubt by our mothers, sisters and daughters.

(d) Be content with what you can earn by honest means. The scriptures say that contentment is the root of happiness.

(e) *Ah!* look! his anger is increasing. It is not possible to pacify him by mere words. Bring him a doll.

(f) Drona asked Yudhisthira whether his son was killed or not; for, his firm conviction was that Yudhisthira would never utter falsehood.

(g) God who sees everything is ever awake in your heart. Just remember this whenever you are tempted to commit a misdeed.

(h) Cowards die many times before their death,
The valiant never taste of death but once.

[H. S. 1962]

উদাহরণ

(খ) Translation from Sanskrit into Bengali and English :

1. (i) গুরোরাদেশঃ সর্বদা পালনীয়ঃ। ছাত্রাণামধ্যয়নং তপঃ। সাধবঃ সদা সুখিনো ভবন্তি। তনূনপাতঃ শিখা কদাচিদধঃ ন গচ্ছতি। সম্পদঃ অশেষাপদং পদম্। কিং বস্তু, বিদ্বন্, গুরবে প্রদেয়ম্ ? তৎ প্রার্থিতানি পুস্তকান্যেব তস্মৈ দেহি।

Beng. Trans. গুরুর আদেশ সর্বদা পালন করিবে। ছাত্রদের অধ্যয়নই তপস্যা। সাধু ব্যক্তিরা সর্বদাই সুখী। আগুণের শিখা

কখনও নিম্নগামী হয় না। সম্পদ বহু বিপদের কারণ। হে বিদ্বান, গুরুকে কি দ্রব্য দিতে হইবে? তাহার প্রার্থিত পুস্তকগুলি তাহাকে দাও।

Eng. Trans. The order of the Preceptor should always be obeyed. Study is the penance of the students. Piousmen are always happy. The flame of fire never goes downwords. Riches are the source of many evils. Oh learned sir, what is to be given the preceptor? Give him such books as he wants.

2. অস্তি কস্মিংশ্চিৎ নগরে হরিদত্তো নাম ব্রাহ্মণঃ। একদা স ব্রাহ্মণঃ স্বক্ষেত্রমধ্যে একং সর্পম্ অপশ্যৎ। স চিন্তয়ামাস নূনম্ এষা ক্ষেত্রদেবতা ময়া কদাচিদপি ন পূজিতা। তেন ইদং মে কৃষিকর্ম বিফলীভবতি। তৎ অহম্ অস্যাঃ পূজাম্ অদ্য করিষ্যামি।

Beng. Trans. কোন একটি নগরে হরিদত্ত নামে এক ব্রাহ্মণ ছিলেন। একদা সেই ব্রাহ্মণ নিজের ক্ষেত্রমধ্যে একটি সর্পকে দেখিলেন। তিনি ভাবিলেন নিশ্চয়ই ইনি ক্ষেত্রদেবতা। আমি ইহাকে কোনদিনই পূজা করি নাই। সেই জন্য আমার কৃষিকাজ নিষ্ফল হইতেছে। অতএব আজ আমি ইহার পূজা করিব।

